মধ্যযুগের ইতিবৃত্ত

কল্যাণ চৌধুরী



ওরিয়েন্টাল বুক কোম্পানী • কলিকাতা

Recommended by the West Bengal Board of Secondary Education as a Text Book on History for Class VII for the academic Session, 1981. vide T.B.No. VII, H/81/75 dated 8.1.81.

মধ্যযুগের ইতিবৃত্ত

(সপ্তম শ্রেণীর জন্য)

কল্যাণ চৌধুরী, এম. এ.
অধ্যাপক, ইতিহাস বিভাগ,
মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজ, কলিকাতা

ওরিয়েণ্টাল বুক কোম্পানী
৫৬ সূর্য সেন স্ট্রীট, কলিকাতা-৭০০ ০০৯

প্রকাশক ঃ
শ্রীকৃপেশচন্দ্র ভট্টাচার্য, বি.এ.
ওরিয়েণ্টাল বুক কোম্পানী
৫৬ সূর্য সেন স্ট্রীট
কলিকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ ঃ ৩০শে মে, ১৯৮০
সংশোধিত দ্বিতীয় সংস্করণ ঃ ডিসেম্বর, ১৯৮০
তৃতীয় সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮২
চতুর্থ সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৩
পঞ্চম সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৪
ষষ্ঠ সংস্করণ ঃ জানুয়ারী, ১৯৮৫

মূল্য ঃ ১০·৫০ টাকা

সরকারী হ্রাসমূল্যের কাগজে মুদ্রিত

মুদ্রাকর ঃ
শ্রীসুব্রত ভট্টাচার্য
শ্রীভূমি মুদ্রণিকা
৫৭ লেনিন সরণী
কলিকাতা-৭০০ ০১৩

SYLLABUS

CLASS—VII.

HISTORY OF MEDIEVAL CIVILISATIONS

1. Meaning of the term 'Medieval':

(a) From overthrow of the last Roman Emperor in 476 A.D. to the rise of new society, new state, new learning, new economic patterns. (b) In India—from the end of the Gupta Era (although 'Feudal' relations had started from the 5th century). (c) Periodisation is arbitrary because of gradual transition, in some respect the old merging into the middle ages. (d) The time period in both cases—roughly 5th century to 15th century A.D. (e) Middle Ages—not the same period everywhere. (f) No single pattern. Unequal and varied developments.

3 Pages, 3 Lessons

2. The Middle Ages in the West:

(a) Advent, pressure of the Huns upon Germanic Tribes —their migration into the western part of the Roman Empire—fall of the Empire (476 A.D.) Survival of Roman Law and Roman idea of imperial unity.

(b) A short reference to Alaric, Atilla, Gaeseric.

(c) Social, political and religious life of the migrants (a brief account only of their settlements) in the imperial territories—mix-up with Roman population. Christian influence upon the settlers.

5 Pages, 3 Lessons

3. The myth of 'dark age' in Europe:

4th to 7th Century—not 'dark'; learning was kept alive in monasteries—eccelesiastical concept of right and wrong functioned as a civilising influence.

3 Pages, 3 Lessons

4. The Byzantine Civilisation:

(a) Constantine founds Constantinople and makes Christianity the official religion of Byzantium.

(b) Justinian's efforts to establish unified empire (without details about wars). Justinian's Law Code, its importance; patronage of architecture and painting.

(c) Importance of Byzantium as a centre of trade and commerce, preserver of Culture (Literature, Philosophy and Science).

7 Pages, 5 Lessons

5. Islam and its impact:

(a) The Arabs—land and people. The Prophet and his teachings : Factors which facilitated the spread of Islam : The Caliphs, the Arab Empire : Cordova ; How Europe reacted to the achievements of Islam ; Arab contributions to culture, arts and sciences, scholarships. Some scholars.

7 Pages, 5 Lessons

6. Western Europe in Medieval Period (800-1200 A.D. approx.):

(a) Charlemagne—revival of the Holy Roman Empire (800 A.D.) Importance of Coronation—relation between State and Church—Court and its patronage of art and literature.
(b) Monasteries—monks and nuns—life centring round monasteries (Benedictine Vows), the role of monasteries in the preservation and dissimination of learning (Freeing the Church from corruption, secularisation and feudalisation).
(c) Investiture issue (reference only).
(d) 11th and 12th centuries : from monastic and cathedral schools Universities—some famous scholars, students and teacher relationship. The growth of studies in Law, Medicine, Theology as well as logic, liberal arts, literature.

10 Pages, 8 Lessons

7. Feudalism in Medieval Europe:

(a) Feudalism : Land—the bond between man and man ; the Feudal hierarchy : private assumption of public authority, the role of the Feudal Castle and mailed horsemen in saving Europe ; Feudalism—a way of life ; Institution of Chivalry—Troubadours.
(b) Manorial System : Manorialism—economic aspects of Feudalism : Manor—the local unit of Feudal Governments, Manorial Court. Economic conditions : Cultivation by labour of village community ; peasants' heavy toil and heavy rent—conditions of peasants' life. Heavy dues to Lord and Church in cash or kind. Manorial life in Castles—Three distinct classes—clergy, nobility and the rest—nobility and peasants at opposite poles. Serf—a chattel of the Lord—obligatory service, hereditary serfdom ; Means of escape—joining a holy order, running away to town for shelter, getting employed in business and industry. Revolt.

16 Pages, 10 Lessons

8. The Crusades:

Motives—Impact upon society and culture—new towns and trade-centres (Italy in particular), cottage industries separated from agriculture (11th and 12th centuries).

9. Growth of Towns :

Role of the Crusades—Guilds in towns—their activities—a short account of life in towns. Town autonomy by royal charter ; origin of the term 'Bourgeois'.

6 Pages, 3 Lessons

10. The Far East in the Middle Ages :

(i) China in Medieval Period : (from early 7th century to 14th century).

(a) The T'ang period (618-907 A.D.) Re-unification of China and recasting the laws : Education, learning, literature (poetry) ; Tea, printing, arts.

Promotion of trade, commerce and agriculture. Buddhism in China. Chinese civilisation spread to Japan, Korea, Annam, China—a model for emulation.

Hiuen Tsang's visit to India and his return—impact.

(b) The Sung period (960-1280 A.D.)—Important experiments—State control of commerce, State loan to farmers, property Tax—Education and Culture.

(c) The Yuan period (1280-1368 A.D.) : The Mongols : Kublai Khan (Tibetan Buddhism), and the account of Marco Polo.

10 Pages, 8 Lessons

(ii) Japan in Medieval period :

(a) Society and Feudal economy in early medieval times Supremacy of Mikado : Close links with China.

Resistance of 'Great Families'.

Mikado combined the office of Shinto High priest and absolute sovereign.

Yet the growing power of hereditary clan families and enrichment of Buddhist orders weakened the central authority. The Shogunate, The Samurai, Japanese Chivalry (Bushido).

6 Pages, 5 Lessons

11. India in Middle Ages :

(a) After the Guptas (5th-7th century) Hun incursions from 458 A.D. (occupation of Persia, Kabul, North-Western India) : historical importance of the Huns.

Break-up of the Gupta Empire : Age of Harshavardhan ; Shrinking of the ideal of imperial unity to only Uttarpathanath : Hiuen Tsang's travels—his account ; Nalanda—main features of the University.

(b) Post-Harshavardhan period (8th to 12th century) : After Harshavardhan—rise of smaller states ; The 'Rajputs' The Feudal Clannish principalities of Rajputana ; Pala, Pratihara, Rashtrakuta contest (reference only)—inability to establish a united empire ; smaller kingdoms and vassals.

(c) Bengal : Sasanka ; Life and Society under the Palas and Senas—Religion and learning (Vikramsila and Uddandapura).
(d) South India—The Chalukyas of Badami and Pallavas of Kanchi—their contributions to Art and Architecture—Maritime activities of the Cholas.

16 Pages, 12 Lessons

12. **India's Foreign Contacts :**
By land—Mahayana Buddhism in Central Asia, thence to China (Khotan ruin, Hiuen Tsang's evidence).
Tibet (Atisa Dipankara).
By sea—settlements and cultural influence in south-east Asia. Subarnabhumi—Yashodharpur and Angkorvat, Angkorthom—Malay, Java—Barobudur.

7 Pages, 4 Lessons

13. **The Sultans of Delhi (1206 to 1526 A.D.) :**
Coming of Turco-Afghans to India (only a brief reference to the motive and manner of their coming).
Man features of political social economic life ; Mutual influence of Hinduism and Islam ; liberal developments in arts and culture, translation of classics, Bhakti cult (the medieval saints)—Sri Chaitanya, Nanak and Kabir.
Bengal—social, cultural and economic conditions in Iliyas Shah and Huasain Shah's periods.
Short account of the general administrative system.

6 Pages, 3 Lessons

14. **Towards the end of the Medieval era (14th and 15th centuries) :**
Fall of Constantinople : its impact on the Renaissance which had already started in the West.
* Features of the Renaissance era—spirit of enquiry and reasoning, widening of frontiers of knowledge. Scientific discoveries based on 'obscured facts', geographical discoveries—its outcome.
* National-States—France, England, Portugal, Spain, Struggle for national freedom (Dutch).
* Expansion of Europe.
* Old order vs. New order—The English revolt.

Topics with asterisks should only be used as reference, as a conclusion to the old era and introduction of a new era.

A book should be limited to 110 pages of content matter and 34 pages of illustrations and exercises : Total 144 Pages The volume should be covered in less than 80 lesson units.



প্রথম অধ্যায়

'মধ্যযুগ' কথাটির অর্থ

(১) **'মধ্যযুগ' বলতে কি বোঝায়?** ঃ মধ্যযুগের ইতিহাস আলোচনার আগে 'মধ্যযুগ' বলতে কি বোঝায় সে সম্পর্কে দু-একটা কথা তোমাদের জানা প্রয়োজন।

প্রাচীন যুগে রোমান সাম্রাজ্যের কথা তোমরা পড়েছ। সেই রোমান সাম্রাজ্য ক্রমে দু'টি অংশে বিভক্ত হয়ে পড়ে। সাম্রাজ্যের পশ্চিম অংশের রাজধানী হয় রোম, আর পূর্ব অংশের রাজধানী কৃষ্ণসাগরের তীরে অবস্থিত কনস্টান্টিনোপল। ৪৭৬ খ্রীস্টাব্দে বর্বর আক্রমণে রোমের পতন হ'লে ইতিহাসের প্রথম অধ্যায়, অর্থাৎ প্রাচীন যুগের পরিসমাপ্তি ঘটে। আর ১৪৫৩ খ্রীস্টাব্দে কনস্টান্টিনোপল-এর পতনের সঙ্গে সঙ্গে শেষ হয় ইতিহাসের দ্বিতীয় অধ্যায়, অর্থাৎ মধ্যযুগ।

রোমের পতন থেকে কনস্টান্টিনোপলের পতন পর্যন্ত—প্রায় এক হাজার বছর সময়কে ইতিহাসের 'মধ্যযুগ' বলা হয়। প্রাচীন যুগে যেমন বড় বড় সাম্রাজ্য গড়ে উঠেছিল মধ্যযুগে তেমন বৃহৎ সাম্রাজ্য আর দেখা যায় না। তার পরিবর্তে সর্বত্র ছোট ছোট রাজ্য গড়ে উঠতে থাকে। রাজ্যের রাজারা দুর্বল হয়ে পড়ায় সামন্ত, অর্থাৎ ভূস্বামী বা জায়গীরদারেরা সর্বেসর্বা হয়ে ওঠেন। বর্বর আক্রমণ, কুসংস্কারাচ্ছন্নতা, ব্যবসা-বাণিজ্য ও সভ্যতা-সংস্কৃতির অবনতি মধ্যযুগে প্রকট হয়ে উঠেছিল। এইসবই হ'ল মধ্যযুগের বৈশিষ্ট্য।

তারপর মধ্যযুগের শেষ দিকে ইওরোপে নবজাগরণ শুরু হয়। অর্থাৎ মানুষ তখন নতুন করে আবার শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞান চর্চা শুরু করে, ধর্মীয়

কুসংস্কার থেকে মুক্তিলাভ করে। ব্যবসা-বাণিজ্যের পুনঃপ্রচলন হওয়ায় অর্থনীতিও এক নতুন রূপ গ্রহণ করে। নতুন সমাজ-ব্যবস্থা জন্ম নেয় এবং এক এক জাতি তাদের নিজ নিজ স্বাধীন রাজ্য গড়ে তোলে। এইসব হ'ল আধুনিক যুগের বৈশিষ্ট্য। সাধারণভাবে বলা হয়, পঞ্চদশ শতাব্দীতে মধ্যযুগের সমাপ্তি ঘটেছে। আর ষোড়শ শতাব্দীতে শুরু হয়েছে এক নতুন যুগ, অর্থাৎ আধুনিক যুগ।

রোমের পতনের সঙ্গে সঙ্গে যেমন ইওরোপে মধ্যযুগ শুরু হয়, তেমনি গুপ্ত সাম্রাজ্যের পতনের পরে ভারতবর্ষেও মধ্যযুগের সূচনা হয়েছিল বলা যেতে পারে। আনুষ্ঠানিকভাবে গুপ্ত সাম্রাজ্যের পতন হয় ষষ্ঠ শতাব্দীর গোড়ার দিকে। কিন্তু পঞ্চম শতাব্দীতেই ভারতবর্ষে সামন্তপ্রভুরা প্রবল হয়ে ওঠায় মধ্যযুগের বৈশিষ্ট্য এদেশেও লক্ষ্য করা যায়। গুপ্ত সাম্রাজ্যের দুর্বলতার সুযোগে সামন্তপ্রভুরা গুপ্ত-শাসনকে উপেক্ষা করে নিজ নিজ এলাকায় কর্তৃত্ব করতে শুরু করেন।

(২) **যুগপরিবর্তনকাল** ঃ রোমের পতন থেকে কনস্টান্টিনোপলের পতন পর্যন্ত সময়কে 'মধ্যযুগ' আখ্যা দেওয়া হয়েছে। আলোচনার সুবিধার জন্য মধ্যযুগের সময়-সীমা ৪৭৬ থেকে ১৪৫৩ খ্রীস্টাব্দ পর্যন্ত নির্দেশ করা হয়। কিন্তু ইতিহাসের কোন যুগ সম্পর্কে এই ধরনের সময়সীমা নির্দেশ করা যুক্তিযুক্ত নয়।

ইতিহাসে এক যুগ থেকে অপর যুগে উত্তরণ একদিনে সম্ভব হয় না। শিশু যেমন একদিনেই যুবকে পরিণত হয় না, তেমনি ইতিহাসে যুগের পরিবর্তনও আকস্মিকভাবে ঘটে না। ইতিহাসে নতুন যুগের সৃষ্টি হয় পূর্ব যুগের বৈশিষ্ট্যকে অনুসরণ করে। ইতিহাসে তাই দেখা যায়, মধ্যযুগে প্রাচীন সমাজ, ধর্ম, সভ্যতা-সংস্কৃতির অনেক পরিবর্তন ঘটেছে—হঠাৎ করে প্রাচীন সবকিছুর অবসান বা বিলুপ্তি হয়নি। মধ্যযুগের সভ্যতা প্রাচীন গ্রীক ও রোমান সভ্যতা থেকে সম্পূর্ণ আলাদা। কিন্তু পার্থক্য থাকা সত্ত্বেও মধ্যযুগের সভ্যতাকে কোনমতেই একেবারে সম্পূর্ণ নতুন বলা যায় না। কারণ, মধ্যযুগের সভ্যতা প্রাচীন সভ্যতাকে ভিত্তি করেই গড়ে উঠেছিল। তবে মধ্যযুগে প্রাচীন সভ্যতার এতই পরিবর্তন ঘটে যে তাকে সম্পূর্ণ নতুন সভ্যতা বলেই মনে হয়েছিল।

মধ্যযুগের সময়সীমা নির্দেশ করা যে যুক্তিযুক্ত নয় তার আরও একটা বড় কারণ হ'ল, মধ্যযুগের স্থায়িত্ব সব দেশে সমান ছিল না। উদাহরণ হিসাবে বলা যেতে পারে যে ভারতবর্ষ ও প্রাচ্যের অন্যান্য দেশগুলোতে মধ্যযুগ ইওরোপীয় দেশগুলোর তুলনায় দীর্ঘদিন স্থায়ী হয়েছিল। ইওরোপে মধ্যযুগ শেষ হয়েছে পঞ্চদশ শতাব্দীতে, কিন্তু প্রাচ্য দেশগুলোতে অষ্টাদশ শতাব্দীর শেষভাগ পর্যন্ত মধ্যযুগ স্থায়িত্বলাভ করেছিল।

(৩) নানা দেশে মধ্যযুগে পরিবর্তনের ধারা নানা রূপ : মধ্যযুগের দীর্ঘ এক হাজার বছর ধরে পৃথিবীর বিভিন্ন দেশে নানা পরিবর্তন ঘটেছিল। এই পরিবর্তন কিন্তু সর্বক্ষেত্রে একই ধারায় অনুষ্ঠিত হয়নি। অর্থাৎ মধ্যযুগ এক এক দেশে এক এক ধরনের পরিবর্তন এনেছিল।

বর্বর আক্রমণের ফলে মধ্যযুগের প্রথম দিকে ইওরোপে এক চরম বিশৃঙ্খলা দেখা দিয়েছিল। কিন্তু ঐ মধ্যযুগেরই শেষার্ধে ইওরোপের মানুষ এক উন্নত সভ্যতা গড়ে তোলে। ব্যবসা-বাণিজ্যের প্রচলন ঘটায় ইওরোপের অর্থনীতিতেও পরিবর্তন দেখা দেয়। নতুন নতুন শহর গড়ে ওঠে। আবার প্রাচ্যের সঙ্গে যোগাযোগের দরুন ইওরোপে জ্ঞান-বিজ্ঞান চর্চার পুনঃপ্রচলন হয়।

প্রাচ্যের দেশগুলোতে মধ্যযুগ ইওরোপ অপেক্ষা দীর্ঘদিন স্থায়ী হয়েছিল। মধ্যযুগে প্রাচ্যে শিল্পকলার চরম উন্নতি পরিলক্ষিত হয়। তাছাড়া প্রাচ্যের বিভিন্ন দেশের লোকেরা পরস্পর মেলামেশার ফলে প্রত্যেক দেশেরই সাংস্কৃতিক উন্নতি ঘটেছিল। মধ্যযুগের দিনগুলোতে আরবীয়রা জ্ঞান-বিজ্ঞান চর্চায় অনেকখানি এগিয়েছিল। এমনকি, আরবীয়দের শিক্ষা-দীক্ষা ইওরোপেও ছড়িয়ে পড়েছিল এবং তার প্রভাবে ইওরোপে জ্ঞান-বিজ্ঞান চর্চা শুরু হয়েছিল।

মধ্যযুগের প্রথম দিকে ভারতবর্ষে রাজনৈতিক অনৈক্য দেখা দেয়। কিন্তু মধ্যযুগের দ্বিতীয়ার্ধে তুর্কী-আফগান মুসলমানদের নেতৃত্বে এদেশে রাজনৈতিক ঐক্য ফিরে আসে। আবার এই মধ্যযুগেই ভারতবর্ষ শিল্প-সংস্কৃতিতে উন্নতির সাক্ষ্য রেখে গেছে। তবে ইওরোপীয় দেশগুলোর তুলনায় এদেশে মধ্যযুগ আরও বেশী দিন স্থায়ী হয়েছিল। বলা বাহুল্য, আধুনিক যুগের বৈশিষ্ট্যগুলো এদেশে অনেক পরে প্রতিভাত হয়।

উপরের আলোচনা থেকে একথা বোঝা মোটেই শক্ত নয় যে মধ্যযুগে বিভিন্ন দেশে যে পরিবর্তনের জোয়ার এসেছিল তার মধ্যে কোন সমতা ছিল না। দেশে দেশে সেই পরিবর্তন ভিন্ন ভিন্ন রূপ গ্রহণ করেছিল।

স্মৃতি-সহায়

১. রোমের পতন থেকে কনস্টান্টিনোপলের পতনের অন্তর্বর্তী সময় ইতিহাসে 'মধ্যযুগ' নামে অভিহিত।

২. মধ্যযুগের বৈশিষ্ট্য হল ছোট ছোট রাজ্য, সামন্তরাজাদের প্রাধান্য, ব্যবসা-বাণিজ্য ও সভ্যতা-সংস্কৃতির অবনমন।

৩. প্রাচীনযুগের সঙ্গে মধ্যযুগের বৈশিষ্ট্যের অনেক পার্থক্য আছে। তাসত্ত্বেও মধ্যযুগের সভ্যতা একেবারে নতুন নয়।

৪. মধ্যযুগে এক এক দেশে পরিবর্তনের ধারা ছিল ভিন্ন ভিন্ন রূপ।

৫. ভারতবর্ষে মধ্যযুগ ইওরোপীয় দেশগুলোর চেয়ে অনেক বেশীদিন স্থায়ী হয়েছিল।

অনুশীলনী

১. 'মধ্যযুগ' বলতে কি বোঝ? মধ্যযুগের বৈশিষ্ট্যগুলো কি কি?

২. 'মধ্যযুগ' কতকাল স্থায়ী হয়েছিল? কোন্ সময় থেকে 'আধুনিক যুগ' শুরু হয়েছে? 'আধুনিক যুগ'-এর বৈশিষ্ট্য কি?

৩. ইওরোপ ও ভারতবর্ষে মধ্যযুগ কি একই সময় শুরু হয়েছিল? যদি উত্তর ইতিবাচক হয় তাহলে যুক্তি দিয়ে বোঝাও।

৪. ইতিহাসের কোনও যুগেরই সময়সীমা নির্দেশ করা যুক্তিযুক্ত নয় কেন?


৫. মধ্যযুগে বিভিন্ন দেশে যে পরিবর্তন ঘটেছিল তা কি একই ধারায় অনুষ্ঠিত হয়েছিল?

৬. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] মধ্যযুগে বৃহৎ সাম্রাজ্য গড়ে উঠেছিল কি? [খ] মধ্যযুগে কা'রা খুব শক্তিশালী হয়ে ওঠেন? [গ] মধ্যযুগের স্থায়িত্ব সব দেশে সমান ছিল কি? [ঘ] মধ্যযুগে ভারতবর্ষে কি পরিবর্তন এনেছিল?

৭. নিম্নলিখিত শূন্যস্থান পূরণ কর :

[ক] রোমের পতনের সঙ্গে সঙ্গে —— এর সূচনা হয়। [খ] মধ্যযুগে ব্যবসা-বাণিজ্যের —— ঘটেছিল। [গ] ভারতবর্ষ ও প্রাচ্যের অন্যান্য দেশে মধ্যযুগ ইওরোপীয় দেশগুলোর তুলনায় —— স্থায়ী হয়েছিল। [ঘ] মধ্যযুগে —— জ্ঞান-বিজ্ঞান চর্চায় অনেকখানি এগিয়েছিল।




দ্বিতীয় অধ্যায় **রোমান সাম্রাজ্যে জার্মান উপজাতি ঃ রোমের পতন**

কনস্টানটাইন-এর পরবর্তী কালে তেমন কোন শক্তিশালী সম্রাট রোমের সিংহাসনে আরোহণ করেন নি। শান্তি ও শৃঙ্খলার দুর্ভেদ্য প্রাচীর দিয়ে যে রোমান সাম্রাজ্য ঘেরা ছিল, কনস্টানটাইনের পরবর্তী সম্রাটদের আমলে সেই প্রাচীর দুর্বল হয়ে ক্রমশঃ ভেঙে পড়তে থাকে। সম্রাটের দুর্বলতা, অভ্যন্তরীণ বিদ্রোহ, অশান্তি ও অন্যান্য কারণে রোমান সাম্রাজ্য দুর্বল হয়ে পড়ে। আর সেই সুযোগে জার্মান উপজাতিরা রোমান সাম্রাজ্যের পশ্চিমাংশ, অর্থাৎ পশ্চিম রোমান সাম্রাজ্য দখল করে নেয়। এবার সেই জার্মান উপজাতিদের কথা আমরা পড়ব।

(১) **পশ্চিম রোমান সাম্রাজ্যে জার্মান উপজাতিদের অভিপ্রয়াণ ঃ** রোমান সাম্রাজ্যের সীমানার বাইরে—উত্তর, পূর্ব ও মধ্য ইওরোপে নানা জাতির মানুষ বসবাস করত। তাদের আদি ইতিহাস সম্পর্কে বিশেষ কিছু জানা যায় না। তবে তারা রোমানদের মত এতটা সভ্য ছিল না। তাদের ভাষা, আচার-ব্যবহার, স্বভাব-চরিত্র সবকিছুই ছিল রোমানদের থেকে আলাদা। রোমানরা এদেরকে 'বারবেরিয়ান' বা বর্বর বলতো। এই বর্বরদের মধ্যে জার্মানরা ছিল বিশেষ গুরুত্বপূর্ণ। জার্মানরা আবার কয়েকটি উপজাতিতে বিভক্ত ছিল ; যেমন ঃ গথ্, ভ্যান্ডাল, লম্বার্ড, অ্যাঙ্গল, ফ্রাঙ্ক প্রভৃতি।

রোমান ঐতিহাসিক টাসিটাস-এর রচনা থেকে জার্মানদের সম্পর্কে অনেক কিছু জানা যায়। জার্মানদের শরীরের গঠন ছিল বলিষ্ঠ, চুল তামাটে ও চোখ নীলাভ। তারা শক্ত কাজ করতে পারত না, কিন্তু যোদ্ধা হিসাবে ছিল দুর্ধর্ষ। তাছাড়া শীত ও ক্ষুধা সহ্য করবার অসাধারণ ক্ষমতা ছিল তাদের।


রোমান সাম্রাজ্যে
বর্বর আক্রমণ
হুন
জার্মান জাতিসমূহ

জার্মানরা আধা-যাযাবরের জীবন যাপন করত। চাষ-আবাদ, শিকার ও মাছ-ধরা তাদের জীবিকা নির্বাহের প্রধান উপায় ছিল।

রাইন ও ড্যানিয়ুব নদী ছিল পশ্চিম রোমান সাম্রাজ্যের উত্তর দিকের সীমানা। নদীর ওপারেই জার্মানরা বসবাস করত। রোমান সম্রাটরা জানতেন, জার্মানরা সুযোগ পেলেই রোমান সাম্রাজ্য আক্রমণ করবে এবং তা দখল করে নেবে। এই আশঙ্কা থেকে সম্রাটরা সীমান্তে কড়া পাহারার ব্যবস্থা করেন। রোমের সীমান্ত-অঞ্চলে সর্বদাই প্রচুর সৈন্য মোতায়েন থাকত এবং তারা লক্ষ্য রাখত যাতে কেউ রোমের সীমানার ভেতর ঢুকে পড়তে না পারে। কিন্তু খ্রীস্টীয় তৃতীয় থেকে পঞ্চম শতাব্দী পর্যন্ত জার্মানরা বারবার পশ্চিম রোমান সাম্রাজ্য আক্রমণ করে রোমের অস্তিত্ব বিপন্ন করে তোলে। শেষ পর্যন্ত তাদেরই আক্রমণে ৪৭৬ খ্রীস্টাব্দে রোমের পতন হয়।

জার্মানদের পশ্চিম রোমান সাম্রাজ্য আক্রমণ ও দখল করার পেছনে নানা কারণ ছিল। রোমের অতুল ঐশ্বর্য ও সম্পদ জার্মানদের রোম দখল করতে প্রলুব্ধ করে। জার্মান উপজাতিদের লোকসংখ্যা ক্রমাগত বাড়তে থাকায় তারা স্বাচ্ছন্দ্যে আগকার জায়গায় আর বসবাস করতে পারছিল না। খাদ্যের অভাবও জার্মানদের অভিপ্রয়াণের অন্যতম কারণ। আবার জার্মান উপজাতিদের মধ্যে সর্বদাই দ্বন্দ্ব-বিগ্রহ লেগে থাকত। শক্তিশালী উপজাতির লোকেরা দুর্বলদের বিতাড়িত করে তাদের বসতি অধিকার করে নিত। এই বিতাড়িত উপজাতির লোকেরা আস্তে আস্তে রোমান সাম্রাজ্যে ঢুকে পড়ত। এইভাবে কিন্তু বেশীদিন চললো না। মধ্য-এশিয়া থেকে আগত হূনরা ইওরোপে ঢুকে যখন সব ছারখার করতে লাগল তখন জার্মানরা বাধ্য হয়ে পশ্চিম রোমান সাম্রাজ্যে ঢুকে পড়ে।

হূনরা ছিল এক দুর্ধর্ষ জাতি। তারা যেখানে গেছে সেখানেই আতঙ্কের সৃষ্টি করেছে। হূনরা বলিষ্ঠ, কিন্তু দেখতে খুবই কুৎসিত—গায়ের রঙ হলদে, নাক চ্যাপটা, মাথার চুল খাড়া। ঘোড়ার পিঠে আধ-সেদ্ধ মাংস খেয়ে তাদের জীবন কাটত। হূনরা ইওরোপে ঢুকে প্রথমে গথদের আক্রমণ করে। জার্মান উপজাতির অন্যতম এই গথদের আবার দু'টো শাখা ছিল—'অস্ট্রগথ্' বা পূর্ব-গথ্ এবং 'ভিসিগথ্' বা পশ্চিমগথ্। অস্ট্রগথরা হূনদের আক্রমণ প্রতিরোধ করতে না পেরে তাদের কাছে আত্মসমর্পণ করে, আর ভিসিগথরা হূনদের তাড়া খেয়ে রোমান সাম্রাজ্যে ঢুকে পড়ে।

(২) পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঃ এলারিক, এ্যাটিলা, গাইসারিক ঃ এলারিক নামে জনৈক নেতার নেতৃত্বে ভিসিগথরা রোমান সাম্রাজ্যে প্রবেশ করে পূর্ব দিকে এগিয়ে এসে ইতালিতে ঢুকে পড়ে। এলারিক ৪১০ খ্রীস্টাব্দে রোম নগরী আক্রমণ করেন। এই সময় রোমের ক্রীতদাসরা নিজেদের

মুক্তির আশার এলারিককে স্বাগত জানিয়েছিল। প্রায় তিন দিন তিন রাত্রি ধরে ভিসিগথরা লুট-পাট চালিয়ে রোম নগরীকে ছারখার করে দেয়। তবে এলারিকের নির্দেশে ভিসিগথরা রোমের গীর্জা, শিশু ও নারীদের আক্রমণ থেকে রেহাই দিয়েছিল।

রোম লুট করবার অল্পদিনের মধ্যেই ভিসিগথরা রোম ছেড়ে চলে যায়। সম্ভবতঃ সেই সময় রোমে খাবারের অভাব-অনটন দেখা দিয়েছিল বলেই এলারিক রোম ছেড়ে চলে যাবার সিদ্ধান্ত নেন। যাই হোক, রোম ছেড়ে চলে যাবার কয়েক সপ্তাহ পরেই এলারিকের মৃত্যু হয়। এরপর ভিসিগথরা ইতালি ছেড়ে গল্-এ (বর্তমান ফ্রান্স) প্রবেশ করেছিল। প্রায় একশো বছর পরে ফ্রাঙ্করা গল্ আক্রমণ করলে ওরা স্পেনে গিয়ে ভিসিগথ রাজ্যের প্রতিষ্ঠা করে।

বর্বরদের মধ্যে হূনরা সবচেয়ে ভয়ঙ্কর ছিল। তাদের কথা তোমাদের আগেও বলেছি। হূনদের নেতা এ্যাটিলাকে লোকেরা 'ভগবানের অভিশাপ' বলত। এ্যাটিলার মত দুর্ধর্ষ ও ভয়ানক ব্যক্তি পৃথিবীতে খুব কমই জন্মেছেন। তিনি এই বলে গর্ব করতেন, তাঁর ঘোড়া যে জায়গার ওপর দিয়ে যাবে সেখানে একটি ঘাসও আর পরে জন্মাবে না।

যাই হোক, খ্রীস্টীয় পঞ্চম শতাব্দীর গোড়ার দিকে এ্যাটিলা পূর্ব রোমান সাম্রাজ্যের নানা জায়গায় লুটতরাজ চালিয়ে পশ্চিম দিকে এগুতে থাকেন। তিনি ইতালিতে রোমান সৈন্যদের কাছে পরাজিত হন। পরের বছর তিনি আবার ইতালিতে এসে রোমের দ্বারপ্রান্তে উপস্থিত হন। সেই সময় রোম নগরীর বাসিন্দাদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়। এমন সময় একটা অদ্ভুত ঘটনা ঘটেছিল। রোমের পোপ প্রথম লিও কয়েকজন খ্রীস্টান পুরোহিতকে নিয়ে এ্যাটিলার সঙ্গে দেখা করতে যান। এ্যাটিলা তাঁদের দেখে বিস্মিত হন। তিনি ভাবতেই পারতেন না, পৃথিবীতে এমন কোন লোক আছে যিনি এ্যাটিলার সঙ্গে নিরস্ত্র অবস্থায় দেখা করতে পারেন। পোপ প্রথম লিও এ্যাটিলাকে রোম আক্রমণ থেকে বিরত থাকার অনুরোধ জানান। এ্যাটিলা যেকোন কারণেই হোক লিও'র সেই অনুরোধ রেখেছিলেন—তিনি সদলবলে ইতালি ছেড়ে চলে যান। ইতালি পরিত্যাগের কিছুদিনের মধ্যেই এ্যাটিলার মৃত্যু হয়। এ্যাটিলার বংশধরদের আমলে ক্রমে হূনদের প্রভাব-প্রতিপত্তি কমতে থাকে।

জার্মান উপজাতিদের অন্যতম ভ্যান্ডালরাও রাইন নদী পেরিয়ে পশ্চিম রোমান সাম্রাজ্যের গল্-এ ঢুকে পড়ে। সেখানে কিছুদিন বসবাসের পর ওরা পশ্চিম দিকে এগিয়ে স্পেনে উপস্থিত হয়। সেখান থেকে ভ্যান্ডালরা তাদের নেতা গাইসারিকের নেতৃত্বে আফ্রিকায় পৌঁছায়। গাইসারিকের প্রধান কৃতিত্ব হ'ল, তিনিই সর্বপ্রথম পশ্চিম রোমান সাম্রাজ্যে ভ্যান্ডাল রাজ্যের প্রতিষ্ঠা করেন। আফ্রিকার উত্তর উপকূলে প্রাচীন কার্থেজে গাইসারিক সেই রাজ্য

স্থাপন করেন। গাইসারিকের মৃত্যুর পরে অবশ্য ভ্যান্ডালরা আর সুখে-শান্তিতে বসবাস করতে পারেনি, তাদের নানা জাতির আক্রমণের সম্মুখীন হতে হয়েছিল।

গথ, ভ্যান্ডাল ও হূন ছাড়া ফ্রাঙ্ক, বার্গাণ্ডিয়ান, লম্বার্ড, স্যাক্সন প্রভৃতি বর্বরও পশ্চিম রোমান সাম্রাজ্যের ওপর আক্রমণ চালিয়েছিল। ফ্রাঙ্করা রাইন নদী পেরিয়ে উত্তর-গল্, আর বার্গাণ্ডিয়ানরা পূর্ব-গল্-এ ঢুকে পড়েছিল। ইতিমধ্যে স্যাক্সনরা ব্রিটেনে বসতি গড়ে তোলে। এইভাবে দীর্ঘদিন ধরে বর্বর-দের আক্রমণের ফলে পশ্চিম-রোমান সাম্রাজ্যের পতন ঘটে এবং সেই সাম্রাজ্যের বিভিন্ন জায়গায় বর্বর জাতিরা বসতি গড়ে তোলে। শেষ পর্যন্ত ৪৭৬ খ্রীস্টাব্দে ওডোয়েকার নামে জনৈক জার্মান নায়ক পশ্চিম রোমান সাম্রাজ্যের অধিকর্তা রমিউলাস অগাস্টিউলাসকে পদচ্যুত করে নিজেকে 'রোমের রাজা' বলে ঘোষণা করেন। এই ঘটনার ফলে রোম তথা ইতালি একটি জার্মান উপজাতীয় রাজ্যে পরিণত হয়।

জার্মান উপজাতিরা তাদের বসতিগুলোতে নিজস্ব রাজনৈতিক, প্রশাসনিক ও আইন-ব্যবস্থা গড়ে তুললেও তারা রোমের ঐতিহ্যগত ঐক্যকে বিসর্জন দেয়নি বা রোমান আইনকে বর্জন করেনি। বরঞ্চ রোমান-ঐক্যের ভাবধারাকে তারা নিজেদের মধ্যে বাঁচিয়ে রেখেছিল এবং রোমান আইনকে আপন করে নিয়েছিল। রোমানদের ঐক্যের ভাবধারা তাদের মধ্যে কতটা প্রভাব বিস্তার করেছিল তার সবচেয়ে বড় প্রমাণ হ'ল, পরবর্তী কালে জার্মানদের মধ্যে রোমের ধাঁচে সাম্রাজ্য-গঠনের প্রচেষ্টা। ফ্রাঙ্কদের রাজা শার্লেম্যান রোমান সম্রাটদের পদাঙ্ক অনুসরণ করেই এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। আবার জার্মানদের মধ্যে যে আইন-কানুন প্রচলিত হয় তারও ভিত্তি ছিল রোমান আইনবিধি।

(৩) জার্মান উপজাতিদের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় জীবন : রোমান জনসমাজের সঙ্গে সংমিশ্রণ : খ্রীস্টধর্মের প্রভাব : জার্মানরা নানা উপ-জাতিতে বিভক্ত হলেও তারা ছিল মূলতঃ একই গোষ্ঠীর মানুষ। সুতরাং তাদের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় জীবনযাত্রা ছিল মোটামুটি একই ধরনের।

জার্মানদের সমাজের মূল ভিত্তি ছিল পরিবার। প্রত্যেক পরিবারের এক টুকরো করে চাষের জমি থাকত। কতকগুলো পরিবার নিয়ে একটা গ্রাম গড়ে উঠত। জার্মান সমাজে নারীদের স্থান ছিল উচ্চে, স্ত্রীলোকেরা সম্মানের আসনে প্রতিষ্ঠিত ছিলেন। গৃহস্থালীর কাজকর্ম মেয়েরাই দেখাশুনা করতেন। আর পুরুষেরা কৃষিকাজ, শিকার ও যুদ্ধ করে বেড়াত। জার্মানদের সমাজ তিনটি শ্রেণীতে বিভক্ত ছিল, যেমন : অভিজাত, স্বাধীন মানুষ ও ক্রীতদাস। অভি-জাত সম্প্রদায় সমাজে নানা ধরনের সুযোগ-সুবিধা ভোগ করত। তবে রাজ-

নৈতিক ব্যাপারে অভিজাত ও স্বাধীন মানুষের সমান অধিকার ছিল। জার্মান দাসদের অবস্থা রোমান ক্রীতদাসদের অপেক্ষা উন্নত ছিল। তাদের চাষের জন্য জমি ও বসবাসের জন্য জায়গা দেওয়া হ'ত। দাস-প্রভুরা দাসদের কাছ থেকে ফসলের এক অংশ আদায় করতেন।

প্রথম দিকে জার্মানদের কোন রাজা ছিল না। প্রত্যেক গোষ্ঠীরই একজন করে নেতা ছিল। নেতার প্রতি আনুগত্য ও বিশ্বস্ততা ছিল জার্মানদের চরিত্রের বৈশিষ্ট্য। নেতার প্রতি তাদের আনুগত্য এতই বেশী ছিল যে প্রয়োজনে তাঁর জন্য জীবন বিসর্জন দিতে যে-কোন জার্মান সর্বদাই প্রস্তুত থাকত। ক্রমে প্রত্যেক উপজাতির লোকেরা তাদের নেতৃত্ব দেবার জন্য একজন সাহসী ও বিচক্ষণ ব্যক্তিকে 'রাজা' নির্বাচিত করতে থাকে। শাসনের ব্যাপারে জার্মানরা গণতান্ত্রিক পদ্ধতি মেনে চলত। স্থানীয় কোন সমস্যা দেখা দিলে স্থানীয় লোকেরাই সভা ডেকে সেই সমস্যার সমাধান করত।

জার্মানরা প্রাকৃতিক শক্তির উপাসক ছিল। প্রাকৃতিক শক্তি যেমন আকাশ, চন্দ্র, সূর্য, সমুদ্র প্রভৃতিকে তারা দেব-দেবী কল্পনা করে পূজা অর্চনা করত। সবচেয়ে মজার ব্যাপার হ'ল, জার্মানরা সূর্যকে দেবী এবং চন্দ্রকে দেবতা হিসাবে পূজা করত। জার্মানদের উপাস্য দেব-দেবীর মধ্যে থর, ওডেন, ফ্রিয়া প্রভৃতি উল্লেখযোগ্য। প্রসঙ্গত উল্লেখ্য, জার্মান দেব-দেবীর নাম থেকেই সপ্তাহের দিনগুলোর ইংরেজী নামকরণ করা হয়েছে। যেমন : সূর্যদেবী 'সুন্না'র নাম থেকে রবিবার 'সান-ডে' ; চন্দ্রদেবতা 'মানি' থেকে সোমবার 'মান-ডে'। তেমনি মঙ্গলবার, দেবতা 'টিউ'র নাম থেকে 'টিউস-ডে' ; দেবতা 'ওডেন' থেকে বুধবার 'ওয়েডনেস্-ডে' ; বজ্রের দেবতা 'থর' থেকে বৃহস্পতিবার 'থার্স-ডে' ; 'ফ্রিগা' দেবীর নাম থেকে শুক্রবার 'ফ্রাই-ডে' ইত্যাদি।

জার্মানদের সঙ্গে রোমানদের কোন ব্যাপারেই মিল ছিল না, বরঞ্চ দুইয়ের মধ্যে প্রভেদই ছিল বেশী। তা সত্ত্বেও দীর্ঘদিন একসঙ্গে বসবাসের ফলে রোমান ও জার্মান পরস্পর পরস্পরের দ্বারা প্রভাবিত হয়। জার্মানদের রাজনৈতিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোতে রোমানরা গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিল। অপরদিকে জার্মানরা রোমানদের সভ্যতা-সংস্কৃতি, রাজনীতি, অর্থনীতি—সবকিছুকেই আপন করে নিয়েছিল। এইভাবে জার্মান-রোমান সংমিশ্রণের মাধ্যমে যে মিশ্র-সভ্যতা গড়ে ওঠে তা-ই আধুনিক ইওরোপীয় সভ্যতার মূল ভিত্তি।

রোমান সাম্রাজ্যে বসতি স্থাপনের পরে ধীরে ধীরে জার্মানরা খ্রীস্টধর্মে দীক্ষিত হয়। অনেক বছর ধরে খ্রীস্টান সাধু-সন্ন্যাসীদের ধর্মপ্রচারের ফলেই ক্রমে জার্মানরা খ্রীস্টধর্মের প্রতি আকৃষ্ট হয়। খ্রীস্টধর্মের দয়া, শান্তি ও ভালবাসার আদর্শ বর্বর জার্মানদের শান্ত ও সভ্য করে তুলতে সাহায্য করেছিল। তাছাড়া খ্রীস্টান সাধু-সন্ন্যাসীদের শৃঙ্খলাপূর্ণ, সংযত জীবন-যাপন এবং মঠ-

গুলোতে তাঁদের বিদ্যাচর্চা জার্মানদের মার্জিত জীবনযাত্রা ও শিক্ষা-দীক্ষায় উৎসাহিত করেছিল।

স্মৃতি-সহায়

১. ৪৭৬ খ্রীস্টাব্দে বর্বর জার্মানদের আক্রমণে রোমান সাম্রাজ্যের পশ্চিমাংশ বিচ্ছিন্ন হয়ে পড়ে। জার্মানরা গথ্, ভ্যান্ডাল, লম্বার্ড প্রভৃতি উপজাতিতে বিভক্ত ছিল।

২. দুর্ধর্ষ হূন জাতির আক্রমণে বাধ্য হয়ে জার্মানরা পশ্চিম রোমান সাম্রাজ্যে ঢুকে পড়েছিল।

৩. এলারিক, এ্যাটিলা ও গাইসারিক যথাক্রমে ছিলেন ভিসিগথ, হূন ও ভ্যান্ডালদের নেতা।

৪. জার্মানরা নানা উপজাতিতে বিভক্ত হলেও তারা মূলতঃ একই গোষ্ঠীর মানুষ। তাদের জীবনযাত্রা ছিল একই ধরনের।

৫. জার্মানদের সমাজ অভিজাত, স্বাধীন মানুষ ও ক্রীতদাস—এই তিন শ্রেণীতে বিভক্ত ছিল।

৫. জার্মান-রোমান মিশ্র সভ্যতাই আধুনিক ইওরোপীয় সমাজের মূল ভিত্তি।

অনুশীলনী

১. 'বর্বর' কাদের বলা হ'ত? তারা কেন পশ্চিম রোমান সাম্রাজ্য আক্রমণ করে?

২. জার্মান উপজাতিদের সম্পর্কে জানবার উপায় কি? তাদের সম্পর্কে যা জান লেখ।

৩. কিভাবে বর্বর ও হূন আক্রমণে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন হয় সে সম্পর্কে একটি নিবন্ধ রচনা কর।

৪. জার্মান উপজাতিদের রাজনৈতিক ও সামাজিক জীবনের পরিচয় দাও।

৫. জার্মানদের ওপর খ্রীস্টধর্ম কি প্রভাব বিস্তার করেছিল?

৬. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :—

[ক] জার্মান উপজাতিদের আদি নিবাস কোথায় ছিল? [খ] 'হূন' কাদের বলা হ'ত? [গ] এলারিক কে ছিলেন? [ঘ] এ্যাটিলা সম্পর্কে কি জান? [ঙ] জার্মান উপজাতিরা রোমানদের ঐক্যের আদর্শ ও রোমান আইনকে বর্জন করেছিল কি? [চ] জার্মানদের ধর্মীয় জীবনের পরিচয় দাও।

৭. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] ভিসিগথরা কাদের দ্বারা আক্রান্ত হয়ে রোম-এ ঢুকে পড়েছিল? [খ] কাকে 'ভগবানের অভিশাপ' বলা হ'ত? [গ] জার্মানদের কোন্ উপজাতি প্রথম রোমান সাম্রাজ্যে রাজ্য প্রতিষ্ঠা করেছিল? [ঘ] কয়েকটি জার্মান উপজাতির নাম কর। [ঙ] জার্মানদের সমাজ কি শ্রেণী-বিভক্ত ছিল? [চ] সপ্তাহের দিনগুলোর ইংরেজী নামকরণ কিভাবে হয়েছে?


৮. নিম্নলিখিত শূন্যস্থানগুলো সঠিক শব্দ বসিয়ে পূরণ কর :

[ক] বর্বররা ——দের মত এতটা সভ্য ছিল না। [খ] রোমান ঐতিহাসিক ——এর রচনা থেকে জার্মান উপজাতিদের সম্পর্কে অনেক কিছু জানা যায়। [গ] ৪৭৬ খ্রীস্টাব্দে ——এর পতন হয়। [ঘ] জার্মানরা —— শক্তির উপাসক ছিল।

৯. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে কোন্‌টি ঠিক এবং কোন্‌টি ভুল যথাক্রমে (√) ও (×) চিহ্ন দিয়ে দেখাও :

[ক] জার্মান উপজাতিরা ব্যবসা-বাণিজ্য করত ( )। [খ] ওডোয়েকার নামে জনৈক জার্মান নায়ক ৪৭৬ খ্রীস্টাব্দে নিজেকে 'রোমের রাজা' বলে ঘোষণা করেন ( )। [গ] জার্মান সমাজের মূল ভিত্তি ছিল পরিবার ( )। [ঘ] জার্মান রোমান মিশ্র-সভ্যতাই আধুনিক ইওরোপীয় সভ্যতার মূল ভিত্তি ( )।

১০. টীকা লেখ : এ্যাটিলা, গাইসারিক, এলরিক।



তৃতীয় অধ্যায়

ইওরোপে তামস যুগ

(১) **তামস যুগ বা অন্ধকারাচ্ছন্ন যুগ** : পশ্চিম রোমান সাম্রাজ্যে বর্বর আক্রমণের ফলে ইওরোপে সাময়িকভাবে সভ্যতার স্তম্ভগুলো খসে পড়ে এবং সভ্যতার মান রোমান যুগের তুলনায় নিম্নস্তরে নেমে আসে। সেইজন্য মধ্যযুগের প্রথম কয়েক শতাব্দী—মোটামুটিভাবে চতুর্থ থেকে সপ্তম শতাব্দী পর্যন্ত সময়কে 'তামস যুগ' বা 'অন্ধকারাচ্ছন্ন যুগ' আখ্যা দেওয়া হয়েছে। সেই সময় ইওরোপে বিভিন্ন অংশের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়, রাস্তাঘাট সংস্কারের অভাবে ধ্বংস হয়। ডাকাতি ও লুটতরাজ বেড়ে যায় এবং ব্যবসা-বাণিজ্য প্রায় বন্ধ হয়ে আসে। আবার শহরগুলোতে লোকসংখ্যা কমতে থাকে, অনেকেই তখন শহর ছেড়ে গ্রামে চলে যায়।

একথা ঠিক, বর্বর আক্রমণের ফলে ইওরোপে সাময়িকভাবে সভ্যতার অগ্রগতি ব্যাহত হয়েছিল। তথাপি মধ্যযুগের প্রথম কয়েক শতাব্দীকে একেবারে 'তামস যুগ' আখ্যা দেওয়া যুক্তিযুক্ত নয়। সম্ভবতঃ পঞ্চদশ শতাব্দীর পণ্ডিত ব্যক্তিরাই সর্বপ্রথম 'তামস যুগ' কথাটি ব্যবহার করেন। তাঁরা সেই সময় প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, জ্ঞান-বিজ্ঞান, দর্শন প্রভৃতি চর্চায় এতই উৎসাহী ছিলেন যে তাঁরা মনে করতেন মধ্যযুগে সেইসবের চর্চা একেবারেই ছিল না। সেই কারণেই তাঁরা মধ্যযুগের গোড়ার দিককে 'তামস যুগ' আখ্যা দিয়েছিলেন। কিন্তু আসলে ব্যাপারটা হ'ল, পঞ্চদশ শতাব্দীর পণ্ডিত ব্যক্তিরা মধ্যযুগ সম্পর্কে জানতে মোটেই আগ্রহী ছিলেন না। মধ্যযুগ সম্পর্কে তাঁদের জ্ঞান ছিল খুবই সীমিত। এই অজ্ঞতার জন্যই তাঁরা মধ্যযুগকে 'তামস যুগ' বলে অভিহিত করেছেন।

বর্তমানে ঐতিহাসিক গবেষণার ফলে আমরা তথাকথিত সেই 'তামস যুগ' সম্পর্কে অনেক কিছু জানতে পেরেছি। আমরা বুঝতে পেরেছি, মধ্যযুগের

গোড়ার দিকে বর্বররা রোমান বা গ্রীক সভ্যতা-সংস্কৃতির প্রতি বিশেষ আকর্ষণ-বোধ না করলেও তারা শিক্ষা-সভ্যতা, ধর্ম, রাজনীতি প্রভৃতি সম্পর্কে যে সম্পূর্ণ উদাসীন ছিল এমন নয়। আইন-কানুন ও শাসন-বর্জিত সভ্যতার ভগ্নদশার যুগেও জনসংখ্যার একটা অংশকে অবলম্বন করে সভ্যতা, আচার-ব্যবহার, শিক্ষা, ঐতিহ্য ও চিন্তাধারা টিঁকে ছিল। এমনকি, বর্বররা প্রাচীন সভ্যতাকে নতুনভাবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করেছিল। উদাহরণ হিসাবে বলা যেতে পারে, সেই সময়কার শ্লোক, কবিতা, গল্প প্রভৃতি পরবর্তী কালে নানা ভাষার বনিয়াদ তৈরী করেছিল। আর সবচেয়ে বড় কথা হ'ল, তথাকথিত 'তামস যুগ'-এ পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন হলেও পূর্ব রোমান সাম্রাজ্য বা বাইজান্টাইন তো ছিল অক্ষত। বাইজান্টাইন সভ্যতা ও সংস্কৃতির অগ্রগতিকে মোটেই তমসাবৃত বলা চলে না। বরঞ্চ ঐ সভ্যতার উজ্জ্বল আলো তামস যুগকে আলোকিত করে রেখেছিল।

(২) **তামস যুগে সাধু-সন্ন্যাসীদের মঠে শিক্ষা-চর্চা** ঃ বর্বর আক্রমণের ফলে ইওরোপে যখন ব্যাপক অরাজকতা ও বিশৃঙ্খলা দেখা দিয়েছিল, মানুষের সামাজিক ও নৈতিক অধঃপতন ঘটেছিল, বিদ্যাচর্চা লুপ্ত হতে বসেছিল, সেই সময় ইওরোপের বিভিন্ন জায়গায় মঠগুলোতে সাধু-সন্ন্যাসীরা বিদ্যাচর্চার মাধ্যমে শিক্ষার দীপ জ্বালিয়ে রেখেছিলেন।

তথাকথিত তামস দিনগুলোতে বর্বর আক্রমণের সময় লোকেরা তাদের বইপত্র ও মূল্যবান সাহিত্যগুলো নিয়ে গীর্জা বা মঠে আশ্রয় নিত। বর্বররা গ্রাম ও বসতিতে লুঠতরাজ চালিয়ে যখন চলে যেত তখন লোকেরা আবার তাদের পুরানো বসতিতে ফিরে আসত। কিন্তু বর্বরদের আক্রমণে নষ্ট হবার ভয়ে মূল্যবান বইপত্র ও সাহিত্য-সৃষ্টিগুলো মঠ থেকে তারা বাড়ী নিয়ে আসত না। এইভাবে মঠ মধ্যযুগের তামস দিনগুলোতে সাধু-সন্ন্যাসীদের শিক্ষা-সংস্কৃতি-চর্চার কেন্দ্র হয়ে উঠেছিল। আর শিক্ষিত ব্যক্তি বলতে বোঝাত মঠের সাধু-সন্ন্যাসীদের এবং এমন এক শ্রেণীর মানুষকে যাঁরা ধর্মচর্চাকে জীবনের একমাত্র ব্রত হিসাবে গ্রহণ করেছিলেন। সেই আমলে মঠ বা গীর্জায় বসে তাঁরা যে পাণ্ডুলিপি, অর্থাৎ হাতে লেখা বই রচনা করেছিলেন তা থেকে সমসাময়িক মানুষের জীবনের বিভিন্ন দিক আমাদের কাছে উন্মুক্ত হয়েছে।

চতুর্থ শতকের তামস দিনগুলোতে যেসব খ্রীস্টান সাধু-সন্ন্যাসীর রচনা সাধারণ মানুষের ওপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল তাঁদের মধ্যে সন্ত বা সেন্ট এ্যামব্রোস-এর নাম বিশেষ উল্লেখযোগ্য। তাঁর ধর্মোপদেশে শত শত নারী-পুরুষ সংসার-জীবন ছেড়ে তপস্বীর জীবন যাপন করতে থাকে। প্রায় একই সময়ে সেন্ট জেরোম গ্রীক ও হিব্রুতে রচিত বহু গ্রন্থের ল্যাটিন অনুবাদ করে খ্যাতিলাভ করেন। এমনকি, জেরোম বাইবেল-এরও ল্যাটিন অনুবাদ

করেছিলেন। সেন্ট অগাস্টাইন নামে জনৈক সন্ন্যাসী রোমে একটি বিদ্যালয় স্থাপন করেন। কেবল তাই নয়, তিনি ধর্ম সম্পর্কে নানা জটিল সমস্যার সমাধান করে গুরুগম্ভীর পান্ডুলিপি রচনা করেন। এ্যামব্রোস, জেরোম, অগাস্টাইন প্রভৃতি সন্ন্যাসীর মত আরও অনেকে সেই আমলে বিদ্যা-চর্চার মাধ্যমে খ্যাতি লাভ করেন এবং সাধারণ মানুষের ওপর প্রভাব বিস্তারে সমর্থ হন।

উপরের আলোচনা থেকে স্পষ্টই বোঝা যায় যে তামস যুগের অজ্ঞতার দিনগুলোতে ইওরোপে বিদ্যাচর্চা যে একেবারে লুপ্ত হয়েছিল তা মোটেই নয়। বরঞ্চ সেই আমলে বহু খ্রীস্টান সাধু-সন্ন্যাসী বিদ্যাচর্চায় যে প্রতিভার পরিচয় দিয়েছিলেন তার প্রভাব পরবর্তী কালেও বিশেষভাবে অনুভূত হয়।

(৩) **খ্রীস্টধর্মের ন্যায়-অন্যায়ের ধারণার প্রভাব :** মধ্যযুগের অন্যতম প্রধান স্তম্ভ ছিল খ্রীস্টান ধর্মপ্রতিষ্ঠান 'চার্চ' বা গীর্জা। মধ্যযুগের সমাজ, অর্থনীতি বা রাজনীতি কোন কিছুই গীর্জার প্রভাব থেকে মুক্ত ছিল না। পঞ্চম শতকের মধ্যেই খ্রীস্টান চার্চ ইওরোপের সর্বাঙ্গীণ জীবনে নিজেকে প্রতিষ্ঠিত করেছিল।

খুব স্বাভাবিকভাবেই মধ্যযুগের প্রথম দিকে ইওরোপীয় সমাজে চার্চ গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করে। খ্রীস্টান যাজক সম্প্রদায়, বিশেষ করে খ্রীস্টান সন্ন্যাসীরা অশিক্ষিত ও সভ্যতাবিহীন বর্বরদের সভ্য করে তুলতে উদ্যোগী হন। কেবল তাই নয়, সেই সময়কার আইন-কানুন বর্জিত অবস্থায় চার্চ মানুষের আচার-আচরণ ও নৈতিকতার মান নির্ধারণ করে উচ্ছৃঙ্খল ব্যক্তিদের যাজকীয় পদ্ধতিতে শাস্তিদানের ব্যবস্থা করতেন। চার্চ সেই সময় সমাজের উচ্ছৃঙ্খল ব্যক্তিদের খ্রীস্টান ধর্মসম্প্রদায় থেকে বহিষ্কার করে বা বহিষ্কার করবার হুমকি দিয়ে তাদের সেই পথ থেকে ফেরাবার চেষ্টা করত।

খ্রীস্টান চার্চের ন্যায়-অন্যায়ের ধারণাও উচ্ছৃঙ্খল বর্বরদের মধ্যে ন্যায়-অন্যায় সম্পর্কে এক নতুন ধারণার সৃষ্টি করে এবং তাদেরকে সভ্য করে তুলতে যথেষ্ট সাহায্য করে। খ্রীস্টান পুরোহিত ও সন্ন্যাসীরা কোন অপরাধ বা অন্যায় কাজকে 'পাপ কাজ' বলে মনে করবার আদর্শ তুলে ধরেন। পাপ কাজ করলে পর কেবল জরিমানা দিলেই সেই পাপ থেকে মুক্ত হওয়া যায় না—তার জন্য অনুশোচনা করতে হয় ; এবং পাপস্খালনের জন্য অনেক ভাল ভাল কাজ করতে হয়—চার্চের এই শিক্ষার ফলে বর্বরদের মধ্যে ক্রমশঃ অপরাধ থেকে বিরত থাকবার প্রবণতা দেখা দেয়। এই ধারণা থেকে অপরাধ যে কেবল মানুষের বিরুদ্ধেই অপরাধ নয়—রাষ্ট্রের বিরুদ্ধেও অপরাধ, এই মনোভাবের সৃষ্টি হতে থাকে।

১. খ্রীস্টীয় চতুর্থ থেকে সপ্তম শতাব্দীর ইওরোপ সাধারণভাবে ইতিহাসে 'অন্ধকারাচ্ছন্ন যুগ' নামে অভিহিত।

২. আধুনিক ঐতিহাসিকদের অভিমত হল, ইওরোপের তামস যুগ সত্যি সত্যিই অন্ধকারাচ্ছন্ন ছিল না।

৩. অন্ধকারাচ্ছন্ন যুগে সাধু-সন্ন্যাসীদের মঠগুলো বিদ্যাচর্চার কেন্দ্র ছিল।

৪. খ্রীস্টান ধর্মপ্রতিষ্ঠান চার্চ তামস যুগে নানা বিধি-নিষেধ আরোপ করে মানুষের নৈতিক মান বজায় রাখত।

৫. তামস যুগে বিদ্যাচর্চার দ্বারা যেসব সন্ন্যাসী খ্যাতি লাভ করেছিলেন তাঁদের মধ্যে এ্যামব্রোস, জেরোম প্রভৃতি উল্লেখযোগ্য।

অনুশীলনী

১. 'তামস যুগ' বলকে কি বোঝ?
২. ইতিহাসের যে সময়কে 'তামস যুগ' বলা হয় তা যুক্তিসঙ্গত কি?
৩. 'তামস যুগ' কথাটি কা'রা প্রথম ব্যবহার করেন এবং কেন?
৪. তামস যুগে বিদ্যাচর্চার প্রচলন ছিল কি?
৫. তামস যুগের কয়েকজন শিক্ষাবিদের নাম কর।
৬. তামস যুগে কিভাবে মূল্যবান বইপত্র ও সাহিত্যসৃষ্টি রক্ষা পেয়েছিল?
৭. খ্রীস্টধর্ম তামস যুগে কি প্রভাব বিস্তার করেছিল?
৮. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাওঃ

[ক] তামস যুগে বর্বর আক্রমণের ফলে মানুষের কি কি অসুবিধে হয়েছিল? [খ] পঞ্চদশ শতাব্দীর পণ্ডিত ব্যক্তিরা কেন মধ্যযুগের প্রথম ভাগকে 'তামস যুগ' আখ্যা দিয়েছেন? [গ] বর্বররা প্রাচীন সভ্যতাকে নতুনভাবে গড়ে তুলতে কিভাবে সাহায্য করেছিল? [ঘ] বর্বর আক্রমণের সময় লোকেরা তাদের মূল্যবান বইপত্র ও সাহিত্যসৃষ্টিগুলো কোথায় নিয়ে যেত? [ঙ] তামসযুগে শিক্ষিত ব্যক্তি বলতে কাদের বোঝাত?

৯. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থান পূরণ করঃ

[ক] তামস যুগে ব্যবসা-বাণিজ্যের —— হয়? [খ] সেণ্ট জেরোম বহু গ্রন্থের —— অনুবাদ করেন। [গ] তামস যুগের অজ্ঞতার দিনগুলোতে ——রা শিক্ষার দীপ জ্বালিয়ে রেখেছিলেন। [ঘ] খ্রীস্টান পুরোহিত ও সন্ন্যাসীরা কোন অন্যায় কাজকে —— বলে মনে করবার আদর্শ তুলে ধরেন।


১০. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে কোন্‌টি সঠিক এবং কোন্‌টি ঠিক নয় তা যথাক্রমে (√) ও (×) চিহ্ন দিয়ে দেখাওঃ

[ক] তামস যুগে ইওরোপে শিক্ষা-চর্চার সম্পূর্ণ বিলুপ্তি হয়েছিল ( )।

[খ] তামস যুগে বাইজাণ্টাইন সভ্যতা নিঃসন্দেহে সভ্যতার দীপ জ্বালিয়ে রেখেছিল ( )।

[গ] তামস যুগে সেণ্ট জেরোম অনেক ল্যাটিন অনুবাদ-গ্রন্থ রচনা করেছিলেন ( )।

——



চতুর্থ অধ্যায় বাইজাণ্টাইন সভ্যতা

অক্টেভিয়ান ছিলেন প্রথম রোমান সম্রাট। সেই সময় থেকে বহু সম্রাট পর পর রোমে রাজত্ব করেন। রোমান সম্রাটদের সকলেই কিন্তু একই ধরনের শাসক ছিলেন না। কোন কোন সম্রাট সুশাসক ছিলেন। তাঁদের আমলে রোমান সাম্রাজ্য সমৃদ্ধিশালী হয়ে উঠেছিল। সম্রাটদের মধ্যে কেউ কেউ আবার অত্যাচারী বা দুর্বল শাসক ছিলেন। এঁদের রাজত্বকালে রোমান সাম্রাজ্যের পতন ঘটেছিল, জনসাধারণের দুঃখ-কষ্ট বেড়েছিল। কনস্টানটাইন ছিলেন রোমের সর্বশেষ শক্তিশালী সম্রাট। কয়েকটি ঘটনার জন্য তাঁর রাজত্বকাল স্মরণীয় হয়ে আছে। এইবার সেই সম্রাট কনস্টানটাইনের কথা তোমাদের বলব।

(১) **রোমান সম্রাট কনস্টানটাইন ঃ কনস্টান্টিনোপল-এ নতুন রাজধানী স্থাপন ঃ** খ্রীস্টান চতুর্থ শতাব্দীর গোড়ার দিকে কনস্টানটাইন নিজেকে 'রোমান সম্রাট' বলে ঘোষণা করেন (৩০৭ খ্রী)। তিনি খুবই ক্ষমতালিপ্সু ছিলেন। ক্ষমতালাভের জন্য যেকোন বাধার সম্মুখীন হতে বা বিপদের ঝুঁকি নিতে তিনি পিছুপা হতেন না। 'মিলভিয়ান ব্রিজ'-এর যুদ্ধে তিনি রোমের সিংহাসনের অপরাপর দাবিদারদের পরাজিত করে নিজের ক্ষমতাকে নিরঙ্কুশ করেন। তারপর তিনি রোমের শাসন-ব্যবস্থা ও সামরিক বাহিনীকে ঢেলে সাজাতে উদ্যোগী হন।

কনস্টানটাইনের নানাবিধ সংস্কারমূলক কাজ সত্ত্বেও তাঁর রাজত্বকালে জনসাধারণের আর্থিক অবস্থার মোটেই উন্নতি হয় নি। অত্যধিক করের বোঝা চাপানোর ফলে সাধরণ মানুষের দুর্দশার সীমা ছিল না। ঠিক সময় কর জমা

দিতে না পারলে শাস্তি পেতে হ'ত। কর না-দেওয়ার অপরাধে মানুষকে চাবুক মারা হ'ত। অনেক সময় চাবুক মারতে মারতে মানুষকে মেরেও ফেলা হ'ত।

কনস্টানটাইনের রাজত্বকালের একটি গুরুত্বপূর্ণ ঘটনা হ'ল, কৃষ্ণসাগরের তীরে বাইজান্টিয়াম-এ রোমান সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন। তাঁর নির্দেশে বসফোরাস্ প্রণালীতে অবস্থিত প্রাচীন গ্রীক উপনিবেশ—বাইজান্টিয়াম-এ একটি নতুন শহর নির্মিত হয়। পরবর্তী কালে কনস্টানটাইনের নাম অনুসারে সেই শহরের নতুন নামকরণ হয় 'কনস্টান্টিনোপল'। রোমান সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী কনস্টান্টিনোপলে বহু সুন্দর সুন্দর প্রাসাদ, সৌধ ও মন্দির নির্মিত হয়, যার ফলে শহরটি খুবই মনোরম হয়ে ওঠে।

কয়েকটি কারণে সম্রাট কনস্টানটাইন কনস্টান্টিনোপলে দ্বিতীয় রাজধানী স্থাপন করেছিলেন। সেই সময় বর্বরদের আক্রমণে রোমান সাম্রাজ্যের পশ্চিমাংশ বিপন্ন হয়ে পড়েছিল। এমনকি, বর্বরদের দ্বারা রোম নগরী আক্রান্ত হওয়ারও আশঙ্কা দেখা দিয়েছিল। বর্বর আক্রমণের পরিপ্রেক্ষিতে দ্বিতীয় রাজধানী কনস্টান্টিনোপল ছিল অনেক বেশী নিরাপদ। কনস্টান্টিনোপল থেকে রোমান সাম্রাজ্যের ইওরোপীয় ও এশীয় অংশ শাসন করাও ছিল সুবিধাজনক। আবার দ্বিতীয় রাজধানী থেকে সাম্রাজ্যের বিভিন্ন জায়গায় সহজেই যাতায়াত করা যেত। তাছাড়া রোমান সাম্রাজ্যের পূর্বাঞ্চলীয় প্রদেশগুলো অর্থনৈতিক ও সাংস্কৃতিক দিক দিয়ে পশ্চিমাংশের চেয়ে অনেক বেশী সমৃদ্ধ ছিল। দীর্ঘদিন ধরে পূর্বাঞ্চলীয় প্রদেশগুলোই রোমান সাম্রাজ্যের সাংস্কৃতিক কেন্দ্রস্থলে পরিণত হয়। প্রধানতঃ এইসব কারণে কনস্টানটাইন কনস্টান্টিনোপলে নতুন রাজধানী প্রতিষ্ঠা করেছিলেন। কোন কোন ঐতিহাসিক অবশ্য এই মত প্রকাশ করেছেন যে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে সম্রাট কনস্টানটাইন কৃষ্ণসাগরের তীরে বসবাসের জন্যই নতুন রাজধানী স্থাপন করেন।


(২) **খ্রীস্টধর্মকে 'রাষ্ট্রধর্ম' হিসাবে স্বীকৃতি দান : রোমান সাম্রাজ্যের বিভাজন :** সম্রাট কনস্টানটাইন-এর রাজত্বকালের অপর একটি উল্লেখযোগ্য ঘটনা হ'ল খ্রীস্টধর্মকে 'রাষ্ট্রধর্ম' হিসাবে স্বীকৃতি দান এবং রোমান সম্রাটের খ্রীস্টধর্মে দীক্ষা গ্রহণ। রোমান সাম্রাজ্যে খ্রীস্টানদের সংখ্যা নিতান্ত কম ছিল না। বিশেষতঃ ক্রীতদাস ও গরীবদের মধ্যে খ্রীস্টধর্মের প্রভাব ছিল সবচেয়ে বেশী। কনস্টানটাইন-এর পূর্বেকার রোমান সম্রাটদের অনেকেই খ্রীস্টানদের ওপর নিদারুণ অত্যাচার চালিয়েছিলেন। খ্রীস্টানরা রোমান সম্রাটদের নানা ধরনের অন্যায় দাবী-দাওয়াকে আমল দিত না বলেই তাদের ওপর অত্যাচার চালান হ'ত। উদাহরণ হিসাবে বলা যেতে পারে, রোমান সাম্রাজ্যের সর্বত্র যে সম্রাট-পূজার রীতি প্রচলিত ছিল খ্রীস্টানরা তা মানতে অস্বীকৃত হয়। খ্রীস্টানরা একমাত্র যীশুখ্রীস্টের উপাসনায় বিশ্বাসী—রোমান সম্রাটকে প্রভু

যীশুখ্রীস্টের সঙ্গে একাসনে বসাতে তারা কিছুতেই রাজী হয়নি। যাই হোক, খ্রীস্টানদের ওপর অত্যাচার সত্বেও রোমান সাম্রাজ্যের সর্বত্র তাদের সংখ্যা ক্রমাগত বেড়েই চলেছিল।

সম্রাট কনস্টানটাইন দূরদৃষ্টিসম্পন্ন শাসক ছিলেন। তিনি উপলব্ধি করেন যে রোমান সাম্রাজ্যের ঐক্য ও সংহতি বজায় রাখতে হলে যীশুখ্রীস্টের অনুগামী হাজার হাজার মানুষের সাহায্য ও সমর্থন একান্ত প্রয়োজন। তিনি বুঝতে পেরেছিলেন যে খ্রীস্টানদের সহযোগিতা পেলে তাঁর পক্ষে বর্বর আক্রমণ প্রতিহত করাও সহজ হবে। কথিত আছে, যখন কনস্টানটাইন তাঁর বিরোধীদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন তার ঠিক আগে এমন একটি ঘটনা ঘটেছিল যা তাঁকে খ্রীস্টানদের প্রতি উদারনীতি অবলম্বনে এবং খ্রীস্টধর্ম গ্রহণে আরও উৎসাহিত করেছিল।

রোমের সিংহাসনের অপর এক দাবিদারের সঙ্গে 'মিলভিয়ান ব্রিজ'-এর যুদ্ধের আগে একদিন তিনি ঈশ্বরের কাছে প্রার্থনা জানান। সেইদিন দুপুরবেলায় আকাশের দিকে তাকিয়ে দেখেন, সূর্যের ঠিক ওপরে যীশুখ্রীস্টের প্রতীক একটি 'ক্রশ' চিহ্ন এবং তার পাশে লেখা—"এই প্রতীকেই তুমি জয় করবে"। এই ঘটনার পরে কনস্টানটাইন মনস্থ করেন যে যুদ্ধে জয়লাভ করলে তিনি খ্রীস্টধর্ম গ্রহণ করবেন। বলা বাহুল্য, সেই যুদ্ধে জয়ী হওয়ায় তিনি খ্রীস্টানদের প্রতি উদারনীতি অবলম্বন করেন। ৩১৩ খ্রীস্টাব্দে 'মিলান ঘোষণা'র দ্বারা তিনি খ্রীস্টধর্মকে রাষ্ট্রধর্ম হিসাবে স্বীকৃতি দান করেন। তাছাড়া কনস্টানটাইন স্বয়ং খ্রীস্টধর্মে দীক্ষা গ্রহণ করেন। তবে কোন্ সময় তিনি দীক্ষিত হন তা সঠিকভাবে বলা যায় না। যাই হোক, খ্রীস্টধর্মকে স্বীকৃতিদানের ফলে কনস্টানটাইন রোমান সাম্রাজ্যের খ্রীস্টধর্মাবলম্বী ও রোমান চার্চের কৃতজ্ঞতাভাজন হয়েছিলেন। রোমান চার্চ কনস্টানটাইনকে 'মহান' আখ্যায় ভূষিত করেছিল। ৩৩৭ খ্রীস্টাব্দে কনস্টানটাইন মৃত্যুমুখে পতিত হন।

কনস্টানটাইনের মৃত্যুর পরে সিংহাসনের অধিকার নিয়ে তাঁর বংশধরদের মধ্যে গৃহযুদ্ধ শুরু হয়। সেই সময় রোমান সাম্রাজ্যের ওপর বর্বর আক্রমণও তীব্র হয়ে ওঠে। এমতাবস্থায় সম্রাট প্রথম থিওডোসিয়াস শেষবারের মত রোমান সাম্রাজ্যের অখণ্ডতা বজায় রাখতে সমর্থ হয়েছিলেন। ৩৯৫ খ্রীস্টাব্দে থিওডোসিয়াস-এর মৃত্যুর পরে তাঁর দুই পুত্র—অন্‌রিয়াস ও আর্কেডিয়াস রোমান সাম্রাজ্যকে নিজেদের মধ্যে ভাগ করে নেন। অন্‌রিয়াস রোম থেকে পশ্চিমাংশ (পশ্চিম রোমান সাম্রাজ্য) এবং আর্কেডিয়াস কনস্টান্টিনোপল থেকে পূর্বাংশ (পূর্ব রোমান সাম্রাজ্য) শাসন করতে থাকেন। পূর্ব রোমান সাম্রাজ্য 'বাইজান্টাইন সাম্রাজ্য' নামেও পরিচিত ছিল। সেই সময় থেকে একদা বিশাল রোমান


রোমান সাম্রাজ্যের বিভাজন
কনস্টান্টিনোপল
রোম
ভেরোনা
গল

সাম্রাজ্য কার্যতঃ দু'ভাগে বিভক্ত হয়ে পড়ে এবং দু'জন সম্রাট দুই অংশে রাজত্ব করতে থাকেন।

(৩) **জাস্টিনিয়ান ঃ ঐক্যবন্ধ সাম্রাজ্য গঠনের প্রচেষ্টা ঃ** ৪৭৬ খ্রীস্টাব্দে বর্বর আক্রমণে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন হয়। কিভাবে পশ্চিম রোমান সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চল এবং রাজধানী রোম জার্মান উপজাতিরা একে একে দখল করে নেয় তা তোমাদের আগেই বলেছি। সেই সময় কিন্তু পূর্ব রোমান সাম্রাজ্য (বা বাইজান্টাইন সাম্রাজ্য) তার অস্তিত্ব বজায় রেখেছিল। মিশর, সিরিয়া, বল্কান ও এশিয়া-মাইনরের সমৃদ্ধিশালী অঞ্চল নিয়ে গঠিত বাইজান্টাইন সাম্রাজ্যের প্রভাব-প্রতিপত্তি আরও এক হাজার বছর টিঁকেছিল।



সম্রাট জাস্টিনিয়ান

বাইজান্টাইন সাম্রাজ্যের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট ছিলেন জাস্টিন-এর ভ্রাতুষ্পুত্র জাস্টিনিয়ান। ৫২৭ খ্রীস্টাব্দে তিনি রাজদণ্ড হাতে নেন। জাস্টিনিয়ানের মত অসাধারণ ব্যক্তিত্বসম্পন্ন পুরুষ মধ্য-যুগে খুব কমই জন্মগ্রহণ করেছেন। সবকিছু জানবার ও বোঝবার এক অসাধারণ আগ্রহ ছিল জাস্টিনিয়ানের। তিনি যে শিক্ষা গ্রহণ করেছিলেন তা ছিল খুবই উঁচু মানের। সামরিক ও বেসামরিক শাসনকাজেও তাঁর অভিজ্ঞতা ছিল।

জাস্টিনিয়ান কাজ করতে খুব ভালবাসতেন—কিবা দিন কিবা রাত্রিতে কাজ ছাড়া কিছুই জানতেন না তিনি। ভোরবেলা তিনি ঘুম থেকে উঠতেন এবং সারা দিন শাসনকার্য পরিচালনার ব্যাপারে ব্যস্ত থাকতেন ; আর রাত্রিতে তিনি পড়াশুনা করতেন। বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে তিনি ঘুম প্রায় ছেড়েই দিয়েছিলেন বলে জানা যায়। কেউ কখনও তাঁকে ঘুমোতে দেখত না। লোকে বলত, হয় জাস্টিনিয়ানের ওপর শয়তান ভর করেছে, না হয় তিনি নিজেই একজন শয়তান। জাস্টিনিয়ানের অসাধারণ কর্মক্ষমতা প্রবাদে পরিণত হয়েছিল এবং সমসাময়িক বাইজান্টিয়ামে তাঁকে নিয়ে নানা গল্প মানুষের মুখে মুখে প্রচলিত ছিল।

রোমান সাম্রাজ্যের লুপ্তগৌরব পুনরুদ্ধার করাই জাস্টিনিয়ানের স্বপ্ন ছিল ; এবং ঐ কাজে তিনি তাঁর মনপ্রাণ ঢেলে দিয়েছিলেন। তিনি বলতেন ঃ অকর্মণ্যতার জন্য রোমানরা যে বিশাল সাম্রাজ্য হারিয়েছে তার পুনরুদ্ধার করা আমার জীবনের ব্রত। ভাগ্যদেবীও জাস্টিনিয়ানের প্রতি সুপ্রসন্ন ছিলেন। সাম্রাজ্য পুনরুদ্ধারের কাজে তিনি বেলিসেরিয়াস নামে একজন দক্ষ সমর-

নায়কের সাহায্য লাভ করেছিলেন। এই বেলিসেরিয়াসের ওপরই জাস্টিনিয়ান পশ্চিম রোমান সাম্রাজ্য থেকে বর্বরদের বিতাড়িত করবার দায়িত্ব অর্পণ করেন।

বর্বরদের মধ্যে ভ্যান্ডালরা ছিল সবচেয়ে দুর্ধর্ষ। জাস্টিনিয়ানের নির্দেশে বেলিসেরিয়াস সর্বপ্রথম উত্তর-আফ্রিকায় ভ্যান্ডালরাজ্য আক্রমণ করেন। ভ্যান্ডালরাজ্য অধিকার করতে বেলিসেরিয়াসকে বিশেষ বেগ পেতে হয়নি। অল্পদিন পরে তিনি অস্ট্রগথদের কাছ থেকে সিসিলি কেড়ে নেন। অনুরূপভাবে ইতালিকেও তিনি অস্ট্রগথদের হাত থেকে মুক্ত করেন। ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে বেলিসেরিয়াসের নেতৃত্বে রোমান সৈন্যেরা স্পেন থেকে ভিসিগথদের বিতাড়িত করে তা দখল করে নেয়। রাজকোষের প্রচুর অর্থ ব্যয় হওয়া সত্ত্বেও জাস্টিনিয়ান তাঁর পশ্চিম রোমান সাম্রাজ্য পুনরুদ্ধার ও রোমান সাম্রাজ্যকে ঐক্যবদ্ধ করবার লক্ষ্য থেকে এতটুকু বিচ্যুত হননি।

জাস্টিনিয়ান দীর্ঘদিন যুদ্ধ-বিগ্রহ করেও পশ্চিম রোমান সাম্রাজ্যের সম্পূর্ণটা পুনরুদ্ধার করতে পারেন নি। তবে জার্মান উপজাতিদের ক্রমাগত আক্রমণ করে তিনি তাদের ওপর প্রতিশোধ নিয়েছিলেন এবং রোমান সাম্রাজ্যের এক বিশাল অংশকে ঐক্যবদ্ধ করেছিলেন।

বাইজান্টাইন সাম্রাজ্যের প্রভাব-প্রতিপত্তি তুর্কীদের আক্রমণে ব্যাহত হয়েছিল। শাসকদের অকর্মণ্যতা এবং দুর্বলতাও বাইজান্টাইন সাম্রাজ্যের পতনের অন্যতম কারণ। ১৪৫৩ খ্রীস্টাব্দে অটোমান তুর্কীদের আক্রমণে বাইজান্টাইন সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল-এর পতন আনুষ্ঠানিকভাবে মধ্যযুগের পরিসমাপ্তি ঘটায়। তুর্কীরা কনস্টান্টিনোপল-এর নতুন নামকরণ করে 'ইস্তানবুল'। ইস্তানবুলই ছিল তুরস্ক সাম্রাজ্যের রাজধানী।

(৪) **জাস্টিনিয়ানের আইন-সংগ্রহ ও তার গুরুত্ব ঃ চারুশিল্পে উৎসাহ দান ঃ** জাস্টিনিয়ান শুধু একজন সুশাসক ও পণ্ডিত ব্যক্তি হিসাবেই ইতিহাসে প্রসিদ্ধি লাভ করেন নি, তিনি তাঁর বিখ্যাত আইন-সংগ্রহের (ইংরেজীতে 'ল্য কোড') জন্য বিশ্ববাসীর কাছে আজও শ্রদ্ধার পাত্র হয়ে আছেন।

দীর্ঘদিন ধরে রোমান সাম্রাজ্যে যেসব আইন-কানুন প্রচলিত ছিল জাস্টিনিয়ান সেইগুলোকে সাজিয়ে-গুছিয়ে 'কার্পাস্ জুরিস সিভিলিস'* নামে একটি গ্রন্থে সংকলন করেন। জাস্টিনিয়ানের আইন-সংগ্রহের তিনটি ভাগ ছিল —কোড, ডাইজেস্ট ও ইন্স্টিটিউট। আইনগ্রন্থের 'কোড' অংশে রোমান সম্রাটদের সৃষ্ট আইনগুলো লিপিবদ্ধ করা হয়। 'ডাইজেস্ট' অংশটি ছিল রোমের ব্যবহারজীবী ও আইন বিশারদদের সৃষ্ট আইনগুলোর সংকলন। আর 'ইন্স্টি-

---

* *Corpus Juris Civilis.*


টিউট'-এ ব্যাখ্যা করা আছে কিভাবে এবং কেন রোমান আইনের সৃষ্টি হয়েছিল।

জাস্টিনিয়ানের আইন-সংগ্রহের গুরুত্ব হ'ল এই যে শত শত বছর ধরে রোমানদের মধ্যে প্রচলিত আইনগুলোকে একটি গ্রন্থে সংকলিত করবার ফলে প্রয়োজনমত যেকোন লোক তা কাজে লাগাতে পারত। ইতালি জয়ের পরে জাস্টিনিয়ানের আইন-সংগ্রহ সেই দেশে প্রচলিত হয়। ক্রমে ইতালি থেকে সেই আইনগুলো পশ্চিমের অন্যান্য দেশ গ্রহণ করে। ধীরে ধীরে জাস্টিনিয়ানের আইন-সংগ্রহ ইওরোপের সর্বত্র ছড়িয়ে পড়তে থাকে। কেবল ছড়িয়ে পড়াই নয়, জাস্টিনিয়ানের আইন-সংগ্রহ বিভিন্ন দেশের আইন-সংকলনে ও আইন-তৈরীতে বিশেষ সাহায্য করেছিল। জাস্টিনিয়ানের আইন-সংগ্রহ যেমন ব্যাপক-ভাবে বর্তমানেও ইওরোপে প্রচলিত তেমনভাবে সম্ভবতঃ আর কোন আইন-গ্রন্থ প্রচলিত নয়।

জাস্টিনিয়ান বহুমুখী প্রতিভার অধিকারী ছিলেন। তিনি কেবল একজন শাসক ও আইন-গ্রন্থের প্রণেতা হিসাবেই নয়, স্থাপত্যশিল্প ও চারুশিল্পের উৎসাহদাতা হিসাবেও খ্যাতি লাভ করেছেন। তাঁর উৎসাহে বাইজাণ্টাইন সাম্রাজ্যের সর্বত্র অসংখ্য সেতু, রাস্তা, বাঁধ, গ্রন্থাগার, প্রাসাদ, গীর্জা প্রভৃতি নির্মিত হয়। কনস্টান্টিনোপল-এর রাজপ্রাসাদ ও দরবারের জাঁকজমক ও সাজসজ্জা সেই আমলের মানুষের আলোচনার বিষয় ছিল। জাস্টিনিয়ানের সবচেয়ে উল্লেখযোগ্য কীর্তি হ'ল কনস্টান্টিনোপল-এ সেণ্ট সোফিয়া গীর্জা নির্মাণ। ঐ গীর্জার কারুকার্য ও নির্মাণ-কৌশল বর্তমানেও দর্শকদের বিস্ময় উৎপাদন করে। সেণ্ট সোফিয়ার গীর্জা ও অন্যত্র যেভাবে নানা রঙের কাচ ও পাথর জোড়া দিয়ে আস্তরণ নির্মাণ করা হয়েছিল তাতে স্পষ্টই বোঝা যায় যে বাইজাণ্টিয়ামের স্থপতি ও কারুশিল্পীরা নিপুণ হাতে কাজ করতেন।

বাইজান্টিয়ামের মঠ ও গীর্জার দেওয়াল-চিত্রগুলো চিত্রশিল্পীদের কৃতিত্বের পরিচয় বহন করে। এল-গ্রেকো ছিলেন সেই আমলের বিখ্যাত চিত্র-কর। বাইজাণ্টিয়ামের চিত্রশিল্পীদের আঁকা রঙীন ছবি পশ্চিম ইওরোপের লোকেরা গীর্জা চিত্রায়নের জন্য কিনে নিয়ে যেত। কেবল তাই নয়, বাইজা-ন্টিয়ামের চিত্রশিল্পীদের সুনাম চারিদিকে এতই ছড়িয়ে পড়েছিল যে দেশ-বিদেশ থেকে তাঁদের আমন্ত্রণ জানান হ'ত।

(৫) বাইজান্টিয়ামের ব্যবসা-বাণিজ্য : বাইজান্টিয়ামে গ্রীক সভ্যতা-সংস্কৃতির সংরক্ষণ : ঐশ্বর্য, বিলাসিতা ও শিল্প-সংস্কৃতি—সবদিক দিয়েই বাইজাণ্টাইন সাম্রাজ্য ছিল সমসাময়িক বিশ্বের সর্বশ্রেষ্ঠ। তার প্রধান কারণ হ'ল, বাইজাণ্টাইনের ব্যাপক ব্যবসা-বাণিজ্য এবং শিল্প ও কৃষিকাজের উন্নতি। নানা রকমের মশলা, সুগন্ধি, মণি-মুক্তা, দামী কাঠ প্রভৃতি বাইজান্টিয়ামের


বাইজানটাইন সাম্রাজ্য
জাস্টিনিয়ানের আমলে
কাস্পিয়ান সাগর
কৃষ্ণ সাগর
পারস্য
বাগদাদ
ব্যাবিলন
সিরিয়া
জেরুজালেম
আলেকজান্ড্রিয়া
মিশর
ভূমধ্য সাগর
মোরাভিয়া
কিয়েভ
থ্রেস
ম্যাসিডোনিয়া
রোম
নেপলস্
প্যালারমো
কার্থেজ
আফ্রিকা
ফ্রাঙ্ক রাজ্য
ভিসিগথ রাজ্য
অ্যাংলো স্যাক্সন রাজ্য

শহরগুলো থেকে পশ্চিমের নানা দেশে রপ্তানী করা হ'ত। ব্যবসা-বাণিজ্যের ফলে বাইজান্টাইনের যেসব শহর সমৃদ্ধিশালী হয়ে উঠেছিল তার মধ্যে কনস্টান্টিনোপল, দামাস্কাস, সালোনিকা প্রভৃতি উল্লেখযোগ্য।

ব্যবসা-বাণিজ্য ব্যতীত নানা ধরনের শিল্পেও বাইজান্টিয়ামের অর্থনৈতিক উন্নতির অন্যতম কারণ। কনস্টান্টিনোপলে সেই আমলে বস্ত্রশিল্প প্রসারলাভ করে। তাছাড়া সেখানে রেশমগুটি থেকে সিল্কও তৈরী হ'ত। বহির্দেশ থেকে রেশমগুটি আমদানী হওয়ায় সিল্কের ব্যবসাও ব্যাপক হারে চলতে থাকে। ধাতুপাত্র, গজদন্তের সৌখিন জিনিসপত্র, গয়না-অলঙ্কার ও নানা ধরনের অস্ত্র-শস্ত্র বাইজান্টিয়ামে প্রচুর পরিমাণে তৈরি হ'ত এবং সেইগুলো বাজারে কেনা-বেচা চলত। বাইজান্টিয়াম কৃষি-উৎপাদনে উন্নত ছিল বলে প্রয়োজনীয় খাদ্যের সরবরাহে কোন সময় অসুবিধে হ'ত না। এইসব কারণেই বাইজান্টিয়ামের ঐশ্বর্য ছিল পর্যাপ্ত। প্রসঙ্গতঃ উল্লেখ্য, বাইজান্টিয়ামের সঙ্গে পশ্চিমের নানা দেশের বাণিজ্যিক সম্পর্ক থাকায় বাইজান্টাইন সভ্যতা ভূমধ্যসাগরীর অঞ্চলের বিভিন্ন দেশে যথেষ্ট প্রভাব বিস্তার করেছিল।

বাইজান্টাইন পণ্ডিত ও বুদ্ধিজীবীদের অন্যতম লক্ষ্য ছিল গ্রীক সভ্যতা-সংস্কৃতির সংরক্ষণ। এই প্রবণতা সমসাময়িক সাহিত্য, দর্শন ও জ্ঞান-বিজ্ঞান চর্চায় বিশেষভাবে পরিলক্ষিত হয়। জাস্টিনিয়ানের আমলেই দেখা যায়, বাইজান্টিয়ামের মানুষ প্রাচীন রোমের প্রচলিত ভাষা 'ল্যাটিন' প্রায় ভুলতে বসেছে। এমনকি, জাস্টিনিয়ানের আইন-সংগ্রহের গ্রীক অনুবাদই বেশী জনপ্রিয় ছিল।

বাইজান্টিয়ামের শিক্ষার্থীরা গ্রীক কবি হোমারের কবিতা, এবং থুকিডিডিস ও হেরোডোটাস-এর রচনা থেকে জ্ঞান অর্জন করত। বাইজান্টিয়ামের জনৈক পিসিদিয়ার জর্জ কাব্যে এবং প্রকোপিয়াস্ সমসাময়িক ইতিহাস রচনা করে খ্যাতিমান হন। আবার বিজ্ঞান, বিশেষতঃ শারীরবিদ্যার ক্ষেত্রে বাইজান্টিয়ামের এইটাস্ ও পল্ প্রাচীন গ্রীসের দু'জন প্রাণিতত্ত্ববিদ্—হিপ্পোক্রেটিস ও গ্যালেন-এর ঐতিহ্যকে বাঁচিয়ে রেখেছিলেন।

বাইজান্টাইন সংস্কৃতিতে গ্রীক প্রভাব নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ। কিন্তু প্রধানতঃ অনুকরণধর্মী হওয়ার দরুন বাইজান্টাইন-সংস্কৃতি ছিল একঘেয়ে এবং তাতে প্রাণের স্পন্দন ছিল খুবই কম।

স্মৃতি-সহায়

১. রেমান সম্রাট কনস্টাণ্টাইন কৃষ্ণসাগরের তীরে কনস্টাণ্টিনোপলে রোমান সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী স্থাপন করেন।

২. সম্রাট কনস্টাণ্টাইন রোমান সাম্রাজ্যের ঐক্য ও সংহতি বজায় রাখবার উদ্দেশ্যে খ্রীস্টধর্মকে রাষ্ট্রীয় ধর্ম হিসাবে স্বীকৃতি দিয়েছিলেন।

৩. সম্রাট থিওডোসিয়াস-এর মৃত্যুর পরে তাঁর দুই পুত্র রোমান সাম্রাজ্যকে দুই ভাগে ভাগ করে এক একটি অঞ্চল শাসন করতে থাকেন।

৪. রোমান সাম্রাজ্যের পূর্বাঞ্চল 'বাইজাণ্টাইন সাম্রাজ্য' বা 'পূর্ব রোমান সাম্রাজ্য' নামে পরিচিত। আর পশ্চিমাঞ্চল 'পশ্চিম রোমান সাম্রাজ্য' নামে অভিহিত হত।

৫. পূর্ব রোমান সাম্রাজ্যের অধিপতি জাস্টিনিয়ান পূর্ব ও পশ্চিমাংশকে ঐক্যবদ্ধ করবার চেষ্টা করেছিলেন।

৬. সম্রাট জাস্টিনিয়ানের অন্যতম প্রধান কীর্তি হল আইন-সংগ্রহ 'কর্পাস জুরিস সিভিলিস' গ্রন্থের সংকলন করা।

৭. জাস্টিনিয়ামের আমলে বাইজাণ্টাইন সাম্রাজ্য সভ্যতা-সংস্কৃতি, অর্থনীতি এবং অন্যান্য দিক দিয়ে চরম উন্নতি করেছিল।

৮. ব্যবসা-বাণিজ্যের দরুন বাইজাণ্টাইন সাম্রাজ্যের অনেক শহর সমৃদ্ধ হয়ে উঠেছিল।

অনুশীলনী

১. রোমান সাম্রাজ্যের দ্বিতীয় রাজধানী কে স্থাপন করেন? তিনি কেন সেই রাজধানী স্থাপন করেছিলেন?

২. কোন্ সম্রাট খ্রীস্টধর্মকে 'রাষ্ট্রধর্ম' হিসাবে স্বীকৃতি দিয়েছিলেন এবং কেন

৩. কিভাবে রোমান সাম্রাজ্য দু'টি ভাগে বিভক্ত হয়ে পড়েছিল?

৪. জাস্টিনিয়ান কিভাবে ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের চেষ্টা করেন? তিনি তাতে সফল হয়েছিলেন কি?

৫. জাস্টিনিয়াম-এর আইন-সংগ্রহ সম্পর্কে যা জান লেখ।

৬. বাইজাণ্টাইন সভ্যতার পরিচয় দাও।

৭. সম্রাট কনস্টানটাইন-এর রাজত্বকালের সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত কর।

৭. সম্রাট জাস্টিনিয়াম-এর কৃতিত্বের পরিচয় দাও।

৯. বাইজাণ্টাইন সাম্রাজ্যের মানুষ কিভাবে গ্রীক সভ্যতা-সংস্কৃতির সংরক্ষণ করেছিল?

১০. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :


[ক] 'কনস্টাণ্টিনোপল' নামটির সৃষ্টি কিভাবে হয়? [খ] কোন্ রোমান সম্রাট খ্রীস্টধর্মকে রাষ্ট্রধর্ম হিসাবে স্বীকৃতি দেন? [গ] কোন্ সময় রোমান সাম্রাজ্য দু'ভাগে বিভক্ত হয়? [ঘ] জাস্টিনিয়ান সম্পর্কে মানুষের মধ্যে কি গল্প প্রচলিত ছিল? [ঙ] জাস্টিনিয়ান রোমান সাম্রাজ্যের সম্পূর্ণ অঞ্চল পুনরুদ্ধার করতে পেরেছিলেন কি? [চ] জাস্টিনিয়ানের আইন-সংগ্রহের কয়টি ভাগ ছিল? ভাগগুলি কি কি? [ছ] জাস্টিনিয়ানের আমলে বাইজাণ্টিয়ামে চারুশিল্পের উন্নতির কথা কি জান? [জ] বাইজাণ্টিয়ামের অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যের কথা সংক্ষেপে লেখ।

১১. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] কনস্টাণ্টিনোপল কোথায় অবস্থিত? [খ] রোমান সম্রাট কনস্টানটাইনের রাজত্বকালের দু'টি গুরুত্বপূর্ণ ঘটনা কি কি? [গ] জাস্টিনিয়ান কে ছিলেন? [ঘ] জাস্টিনিয়ন-এর আইন-সংগ্রহের গুরুত্ব কি? [ঙ] বাইজাণ্টাইন সাম্রাজ্যের কয়েকটি সমৃদ্ধিশালী শহরের নাম বল। [চ] বাইজাণ্টাইন সভ্যতা-সংকৃতির বৈশিষ্ট্য কি ছিল?

১২. বন্ধনী মধ্যে দেওয়া শব্দগুলো থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলো পূরণ কর :

[ক] কনস্টাণ্টাইন '——'-এর যুদ্ধে সিংহাসনের অপরাপর দাবিদারকে পরাজিত করে নিজের ক্ষমতাকে নিরঙ্কুশ করেন (মিলান/মিলভিয়ান ব্রিজ/পীরনীজ)। [খ] সম্রাট —— খ্রীস্টধর্মকে রাষ্ট্রধর্ম হিসাবে স্বীকৃতি দান করেন (জাস্টিন/জাস্টিনিয়ান/কনস্টানটাইন। [গ] সাম্রাজ্য পুনরুদ্ধারের কাজে জাস্টিনিয়ান —— নামে জনৈক দক্ষ সমর-নায়কের সাহায্য লাভ করেন (অন্‌রিয়স/বেলিসেরিয়াস/আর্কেডিয়াস)। [ঘ] সম্রাট জাস্টিনিয়ানের আমলে বিখ্যাত ——র গীর্জা নির্মিত হয় (সেণ্ট সোফিয়া/সেণ্ট পল্‌)।



পঞ্চম অধ্যায়

ইসলামের অভ্যুদয় ও তার প্রভাব

(১) আরব দেশ ও তার অধিবাসীরা ঃ আরব (বর্তমানে সৌদি আরব) এশিয়া মহাদেশের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। এই আরব দেশ এক বিশাল উপদ্বীপ, যার তিন দিকে জল আর এক দিকে স্থল। মরুভূমির দেশ আরব। চারদিকে ধু-ধু করছে কেবল বালি আর বালি। কিছুদিন আগেও আরব দেশে চাষ-আবাদ প্রায় হ'তই না, যেটুকু হ'ত তা যৎসামান্য। আরব দেশের ভূ-প্রাকৃতিক অবস্থা এই রকম ছিল বলে সেই দেশের মানুষের সুবিধে যেমন হয়েছিল, ক্ষতিও তেমনি হয়েছিল অনেক। সুবিধে হয়েছিল এইজন্য যে আশে-পাশের সমৃদ্ধিশালী দেশগুলো আরব দেশ আক্রমণ বা অধিকার করার কোন চেষ্টা করেনি। আর ক্ষতির কারণ হ'ল, পাশাপাশি দেশগুলোর উন্নত সভ্যতা-সংস্কৃতির প্রভাব থেকে আরব দেশের মানুষ বঞ্চিত হয়েছিল। এক কথায় বলতে গেলে, দীর্ঘদিন পর্যন্ত আরব বহির্দেশ থেকে বিচ্ছিন্ন ছিল। অনেকটা সেই কারণেই আরব দেশের মানুষ ছিল স্বাধীনচেতা ও খুব আত্মসচেতন।

আরবের অধিবাসীরা নিশ্চিন্তে ও সুখে-শান্তিতে বসবাস করত। অবশ্য তারা এক জায়গায় স্থায়িভাবে বসবাস করত না—যাযাবরের মত এখানে-সেখানে ঘুরে বেড়াত। যতদিন কোন জায়গায় খাবার পাওয়া যেত ততদিনই সেখানে থাকত। তারপর অন্য জায়গায় চলে যেত। আরব দেশের যাযাবরদের 'বেদুইন' বলা হ'ত। কঠোর পরিশ্রম করে জীবন যাপন করতে হ'ত বলে তারা ছিল সাহসী, কষ্টসহিষ্ণু ও দুর্ধর্ষ। পশুপালন ছিল—তাদের প্রধান উপজীবিকা।

সমুদ্রের কাছাকাছি বা মরূদ্যানে যারা থাকত তারা অবশ্য চাষ-আবাদ করত। তবে আরবের অধিবাসীদের অধিকাংশই ছিল যাযাবর।

বেদুইনদের মধ্যে আবার নানা উপজাতি ছিল ; উপজাতিদের মধ্যে সর্বদাই বিবাদ ও সংঘর্ষ লেগে থাকত। 'বেদুইন'রা যাযাবর ছিল বলে তাদের সমাজের কোন বাঁধনও ছিল না। এক একটি উপজাতির এক একজন করে নেতা থাকত। চুরি-ডাকাতি ও লুট-পাট করা বেদুইনদের সমাজে কোন দোষণীয় ব্যাপার ছিল না।

বেদুইনরা ধর্ম সম্পর্কে খুব সচেতন ছিল। তাদের মধ্যে বহু দেব-দেবীর পূজা প্রচলিত ছিল। গাছ, পাথর, নদী প্রভৃতি ছিল বেদুইনদের উপাস্য দেবতা। বছরের কয়েকটি নির্দিষ্ট মাসে তারা তীর্থ করবার উদ্দেশ্যে মক্কায় সমবেত হ'ত। মক্কায় অবস্থিত 'কাবা'র মন্দিরে সেই সময় পূজা দেবার জন্য ভীড় লেগে যেত। কেবল 'কাবা'র মন্দিরের জন্যই নয়, সেই আমলে ব্যবসা-বাণিজ্যের কেন্দ্র হিসাবেও মক্কা ছিল প্রসিদ্ধ। তীর্থের মাসগুলোতে আরবের নানা জায়গা থেকে বহু লোক মক্কায় আসত। মক্কার মিলনক্ষেত্রে আরবীয়দের মধ্যে সাংস্কৃতিক আদান-প্রদানও চলত। আরবীয় কবিরা সেখানে তাঁদের রচিত কবিতা পাঠ করতেন। হজরৎ মহম্মদের আগে এই ছিল মোটা-মুটিভাবে আরবীয়দের অবস্থা।

(২) **হজরৎ মহম্মদের আবির্ভাব : তাঁর জীবনী ও বাণী :** আজ থেকে প্রায় চৌদ্দশো বছর আগের কথা। ভারতবর্ষে তখন থানেশ্বরকে কেন্দ্র করে পুষ্যভূতি বংশের রাজারা উত্তর-ভারতে সাম্রাজ্য গঠনে উদ্যোগী হয়েছেন। সেই সময় (৫৭০ খ্রীষ্টাব্দ নাগাদ) আরবের মক্কা নগরীতে এক মহাপুরুষের আবির্ভাব ঘটে তাঁর নাম হজরৎ মহম্মদ।

ছেলে বেলা থেকেই হজরৎ মহম্মদ ধর্মপরায়ণ ছিলেন। মেষ ও ছাগল চরাবার জন্যে অন্যান্য সঙ্গীদের সঙ্গে তিনি যখন মাঠে-ময়দানে ঘুরে বেড়াতেন তখন পৃথিবীর সৌন্দর্য তাঁকে মুগ্ধ করত। রঙিন ফুল, নীল আকাশ, প্রভৃতি দেখে বিস্ময়ে এই প্রশ্ন বারবারই তাঁর মনে জাগত—কে এই বিশ্বের সৃষ্টিকর্তা? সেই সৃষ্টিকর্তার অপার মহিমার কথা ভাবতে ভাবতে কখনও তিনি আনন্দে নেচে উঠতেন। আবার কখনও সৃষ্টিকর্তার প্রতি শ্রদ্ধা ও ভাল-বাসায় হজরতের চোখে জল আসত।

পঁচিশ বছর বয়সে হজরতের বিবাহ হয়। তারপরে ক্রমশঃ তিনি সংসারের প্রতি উদাসীন হয়ে পড়েন। সেই সময় স্বদেশবাসীর কুসংস্কার, তাদের বহু দেব-দেবীর পূজা তাঁকে ব্যথিত করে তোলে। সৃষ্টিকর্তার কথা ও দেশবাসীর উন্নতির কথা ভাবতে ভাবতে অনেক সময়ই তিনি তন্ময় হ'য়ে পড়তেন। একদিন রাত্রে ঈশ্বরের চিন্তায় ধ্যানমগ্ন অবস্থায় তিনি দিব্যজ্ঞান লাভ করেন—

আল্লাহ্ এক এবং মহম্মদ তাঁর প্রেরিত দূত বা পয়গম্বর। পৃথিবীর সর্বত্র আল্লাহ্'র বাণী প্রচারের নির্দেশ পান হজরৎ মহম্মদ। এই ঘটনার পরেই মহম্মদ প্রচার করেন ঃ ঈশ্বর বা আল্লাহ্ এক এবং তিনি নিরাকার। সুতরাং নানা দেব-দেবীর মূর্তি গড়ে তাঁদের পূজা করা কোন বিশুদ্ধ ধর্মের অঙ্গ হ'তে পারে না।

আল্লাহ্'র বাণী প্রচার করতে গিয়ে হজরৎ মহম্মদকে নানা বাধাবিঘ্নের সম্মুখীন হ'তে হয়। হজরতের প্রচার মক্কার অধিবাসীদের প্রচলিত ধর্ম-বিশ্বাসকে প্রচণ্ডভাবে আঘাত করে। মক্কাবাসীরা ক্ষুব্ধ হয়ে নবধর্মের বিরোধিতা শুরু করে। কেবল তাই নয়, তারা হজরতের ওপর নানাভাবে অত্যাচার চালাতে থাকে, এমনকি তাঁর জীবন পর্যন্ত বিপন্ন হয়। শেষ পর্যন্ত তিনি মক্কা ছেড়ে চলে যাবার সিদ্ধান্ত নেন। মক্কা সত্য-ধর্ম-প্রচারের অনুকূল জায়গা নয়, বিবেচনা করে তিনি মদিনা যাত্রা করেন (৬২২ খ্রী)। হজরৎ মহম্মদের মক্কা থেকে মদিনা যাত্রা ইসলাম ধর্মের ইতিহাসে একটি বিশেষ স্মরণীয় ঘটনা এবং তা 'হিজরৎ' (পলায়ন) নামে খ্যাত। এই সময় থেকেই 'হিজরী' অব্দের গণনা করা হয়।

মদিনার অধিবাসীরা কিন্তু মহম্মদকে সাদরে গ্রহণ করেছিল। মদিনাবাসীরা দলে দলে গিয়ে তাঁর শিষ্য হয়। কয়েক বছর পরে মহম্মদের অনুগামীরা মক্কা আক্রমণ ও অধিকার করে; তারপর মহম্মদ মক্কায়ও তাঁর ধর্মমতকে সুপ্রতিষ্ঠিত করেন। দীর্ঘ বাইশ বছর ধর্মপ্রচারের পরে হজরৎ মহম্মদ ৬৩২ খ্রীস্টাব্দে দেহত্যাগ করেন।

হজরৎ মহম্মদের প্রচারিত ধর্ম 'ইসলাম ধর্ম' নামে পরিচিত এবং ইসলাম ধর্মাবলম্বীদের 'মুসলমান' বলা হয়। 'ইসলাম' কথাটির অর্থ 'আত্মসমর্পণ'। 'কোরাণ' হ'ল মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ। আল্লাহ্'র কাছ থেকে হজরৎ মহম্মদ যে নির্দেশগুলো পেয়েছিলেন তা-ই 'কোরাণ'-এর বিষয়বস্তু। 'কোরাণ' অনুসারে 'ইসলাম' মহম্মদের প্রবর্তিত নতুন কোন ধর্মমত নয়, মহম্মদের মাধ্যমে আল্লাহ্ ঐ ধর্মকে নিখুঁত করেছেন মাত্র। আল্লাহ্ যুগ যুগ ধরে দেশে দেশে তাঁর পয়গম্বর বা দূত পাঠিয়েছেন, আর হজরৎ মহম্মদ হলেন শেষ পয়গম্বর।

ইসলাম ধর্মে কোন পুরোহিতগোষ্ঠীর স্থান নেই। আল্লাহ্'র প্রতি নির্ভরতাই মানুষের একমাত্র কর্তব্য। মহম্মদ প্রচার করেছেন ঃ মানবের সেবাই আল্লাহ্'র সেবা। বিনয় ও নম্রতা অবলম্বন কর; চিন্তা ও কাজে পবিত্র থাক; বিপদে ধৈর্য ধর; এবং অহঙ্কার ও ক্রোধ থেকে দূরে থাক—এই ছিল মানুষের প্রতি হজরতের বাণী। তিনি বলেছেন, ধনী-দরিদ্র-নির্বিশেষে সব মানুষই আল্লাহ্'র কাছে সমান। জাতি-বর্ণ-পেশা বা বংশমর্যাদা কোন কিছুই মানুষকে

পরস্পর থেকে বিচ্ছিন্ন করতে পারে না—সকলেই সকলের ভাই। হজরৎ মহম্মদের প্রচারিত ধর্মের মাহাত্ম্য উপলব্ধি করে পৃথিবীর অগণিত মানুষ তাঁর অনুগামী হয়ে ওঠে।

(৩) **ইসলামের প্রসারের কারণ :** হজরৎ মহম্মদের মক্কা থেকে মদিনা যাত্রা ইসলাম ধর্মের ইতিহাসে একটি উল্লেখযোগ্য ঘটনা। কারণ সেই সময় থেকে এই ধর্মের দ্রুত প্রসার ঘটেছিল। হজরৎ মহম্মদের মৃত্যুর একশো বছরের মধ্যেই ইসলাম ধর্ম ইওরোপ, এশিয়া ও আফ্রিকার এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ছড়িয়ে পড়েছিল। ইসলাম জগতের ধর্মগুরু 'খলিফা' ও তাঁদের সেনাপতিরা যেদিকে গেছেন সেদিকেই তাঁরা ইসলাম ধর্মকে বহন করে নিয়ে গেছেন। তাঁদের মাধ্যমে ভারতেও সেই ধর্ম এসে পোঁচেছিল। ইসলামের এই দ্রুত প্রসারের পেছনে অবশ্য কতকগুলো কারণ আছে।


ইসলাম ধর্ম প্রসারের অন্যতম প্রধান কারণ হ'ল, মুসলমানদের মধ্যে ধর্ম-প্রচারের উৎসাহ। মুসলমানরা ধর্মপ্রচারের জন্য যেকোন বাধা অতিক্রমে বা দুঃখ-কষ্ট ভোগে কুণ্ঠিত হয়নি। বহির্দেশে ধর্মপ্রচার করতে গিয়ে তাদের শাসক ও জনসাধারণের বিরোধিতা ও প্রতিরোধের সম্মুখীন হতে হয়েছিল। কিন্তু মুসলমানদের মধ্যে ধর্মপ্রচারের উৎসাহ এতই বেশী ছিল যে কোন বাধাই তাদের কাছে বাধা বলে মনে হয়নি—তা সহজেই তারা অতিক্রম করতে পেরেছিল।

আরবীয় মুসলমানদের অর্থনৈতিক অবস্থা ইসলাম ধর্মের দ্রুত প্রসারের আর একটি কাবণ। আরব দেশের মানুষরা ছিল গরীব। তারা সুখে-স্বাচ্ছন্দ্যে ও আরামে বাকী জীবন কাটাবার আশায় আরব ছেড়ে আশপাশের বিত্তশালী দেশগুলোতে ঢুকে পড়ে ; ফলে সেখানে ইসলাম ধর্মের প্রসার ঘটে।

আরবীয়রা ছিল দুর্ধর্ষ যোদ্ধা। আরবের পাশাপাশি দেশগুলোতে সাধারণ মানুষ অত্যাচারী শাসনে অতিষ্ঠ হয়ে উঠেছিল। দুর্ধর্ষ আরবীয়রা যখন সেই সব দেশে আক্রমণ চালায় তখন সেখানকার মানুষ অত্যাচার থেকে মুক্তি লাভের আশায় তাদের স্বাগত জানায় এবং ইসলাম ধর্ম গ্রহণ করে।

সবশেষে বলা যায়, ইসলাম ধর্মের সরলতা এবং সংকীর্ণ পুরোহিত সম্প্রদায়ের নিষ্প্রোজনীয়তা বিভিন্ন দেশের সাধারণ মানুষকে সেই ধর্মের প্রতি আকৃষ্ট করেছিল।

(৪) **খলিফাগণ ও আরব সাম্রাজ্য :** হজরৎ মহম্মদ দেহত্যাগের আগে তাঁর কোন উত্তরাধিকারী মনোনীত করে যান নি। উত্তরাধিকারী কে হবেন তাই নিয়ে সমস্যা দেখা দিয়েছিল। শেষ পর্যন্ত হজরতের পরিবারের বয়োজ্যেষ্ঠ সর্বজনশ্রদ্ধেয় আবু-বকর 'খলিফা' পদে নির্বাচিত হন। 'খলিফা' কথাটির অর্থ


ইসলাম ধর্মের বিস্তৃতি
মক্কা
বাসরা
আর্মেনিয়া
টিফলিস
এন্টিয়োক
দামাস্কাস
প্যালেস্টাইন
আলেকজান্দ্রিয়া
কায়রো
আসোয়ান
কনস্টান্টিনোপল
রোম
প্যারিস
তুর্স
নারবোন
কর্ডোভা
স্পেন
মরক্কো
ট্রিপোলি
ঘাট
সমরকন্দ
বোখারা
খারেজম
মনসুরা
পারস্য
আরব
লোহিত সাগর
আরব সাগর

উত্তরাধিকারী। 'খলিফা' একদিকে ছিলেন মুসলমান জগতের ধর্মগুরু, অপরদিকে তিনিই আবার ছিলেন রাষ্ট্রপ্রধান।

প্রথম চারজন খলিফার* আমলে মদিনা ছিল আরবদের রাজধানী। অর্থাৎ খলিফারা সেখানেই থাকতেন এবং সেখান থেকেই শাসনকার্য পরিচালনা করতেন। ৬৬১ খ্রীস্টাব্দে সিরিয়ার মুসলমান শাসক মুয়াবিয়া'র চক্রান্তে চতুর্থ খলিফা আলী নিহত হন। তারপর মুয়াবিয়া স্বয়ং খলিফা পদ অধিকার করেন। মুয়াবিয়া-প্রতিষ্ঠিত খলিফা-বংশের নাম 'ওমায়্যা'। এই বংশীয় খলিফারা দামাস্কাস থেকে শাসনকার্য পরিচালনা করতেন। ৭৫০ খ্রীস্টাব্দে মহম্মদের পিতৃব্য—'আব্বাস'-এর জনৈক বংশধর খলিফা পদ অধিকার করেন। এই নতুন খলিফা-বংশের নাম 'আব্বাসীয়'। আব্বাসীয়-বংশের সবচেয়ে উল্লেখযোগ্য খলিফার নাম হারুন-অল্-রসিদ। আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল বাগদাদ।

খলিফাদের নেতৃত্বে প্রথমে সমগ্র আরব দেশ ঐক্যবদ্ধ হয়। তারপর আরবীয় মুসলমানরা বিজয়-অভিযান চালিয়ে আফ্রিকা, ইওরোপ ও এশিয়া মহাদেশের এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে বিশাল সাম্রাজ্য গড়ে তোলে। বাইজান্টাইন-সাম্রাজ্যের সিরিয়া ও ঈজিপ্ট (মিশর) আরব সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। অষ্টক শতাব্দীর গোড়ার দিকে আরব সেনাপতিরা সৈন্য-সামন্ত নিয়ে জিব্রাল্টার প্রণালী পেরিয়ে স্পেন-এ ভিসিগথদের উৎখাত করে। পূর্বদিকে আরবীয় মুসলমানরা সিন্ধু-উপত্যকা পর্যন্ত এগিয়েছিল। এইভাবে অষ্টম শতাব্দীর মাঝামাঝি সময় ইসলাম পূর্বে সিন্ধু-উপত্যকা থেকে পশ্চিমে স্পেন পর্যন্ত বিস্তৃত ছিল। আরবরা এমনকি, চীন দেশের দ্বারপ্রান্তেও উপস্থিত হয়। কিন্তু চীনাদের প্রতিরোধের ফলে মুসলমানরা আর বেশীদূর এগোতে পারে নি। ইওরোপে আরবদের অগ্রগতি প্রতিহত হয় দুটি জায়গায় যেমন ঃ কনস্টান্টিনোপল এবং পিরনীজ পর্বত অঞ্চলে। কনস্টাণ্টিনোপল আক্রমণ করেও আরবীয় মুসলমানরা তা দখল করতে পারেনি। আর ফ্রান্সে টুরস্-এর যুদ্ধে (৭৩২ খ্রী) ফ্রাঙ্কদের রাজা চার্লস মার্টেল আরবদের পরাজিত করেন। এই পরাজয়ের ফলেই ইওরোপ আরবদের গ্রাস থেকে রক্ষা পেয়েছিল। পশ্চিম ইওরোপে পিরনীজ পর্বত ছিল ইসলামের বিস্তৃতির সীমারেখা।

(৫) কর্ডোভা ঃ ইসলামের সাফল্য ও ইওরোপে তার প্রতিক্রিয়া। ইসলামের তরবারি সুদূর স্পেন পর্যন্ত প্রসারিত হয়। স্পেন-এ পশ্চিম গথদের শাসনের অবসান ঘটিয়ে আরবের মুসলমানরা এক উন্নত সভ্যতার সূচনা করে। মুসলমানরা স্পেন-এ কৃষিকাজ, শিল্প ও ব্যবসা-বাণিজ্যের উন্নতি ঘটায়।

* প্রথম চারজন খলিফা হলেন : আবু বকর, ওমর, ওস্মান ও আলী।

এমনকি, স্পেনের কর্ডোভা পশ্চিম ইওরোপের সাংস্কৃতিক কেন্দ্রস্থলেও পরিণত হয়।

কর্ডোভার কারিগর শিল্প ইওরোপজোড়া খ্যাতি লাভ করেছিল। কারিগররা চামড়া ও গজদন্তের সুন্দর সুন্দর জিনিসপত্র ও কার্পেট তৈরি করত ; এবং ঐসব জিনিস কর্ডোভার বাজারে বিক্রী হ'ত। কর্ডোভার খলিফা তৃতীয় আবদুর রহমান ও তাঁর পুত্র দ্বিতীয় অল্-হাকাম শিল্প-সাংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। তাঁদের আমলে বিজ্ঞান, গণিত, দর্শন ও চিকিৎসা-বিদ্যায় স্পেনের বিস্ময়কর উন্নতি হয়। সেই আমলে কর্ডোভার রাজসভায় নানা জায়গা থেকে শিক্ষাবিদরা উপস্থিত হতেন। অল্-হাকাম-এর গ্রন্থাগারে নানা বিষয়ের ওপর লেখা প্রায় চার লক্ষ বই ছিল। কর্ডোভার অভিজাত ও ব্যবসায়ীরা বই-সংগ্রহ করা নিয়ে নিজেদের মধ্যে প্রতিযোগিতা করতেন। কর্ডোভার বই-এর বাজারে নানা বিষয়ের ওপর লেখা বই বিক্রী হ'ত। কথিত আছে, বইয়ের চাহিদা মেটানোর জন্য কর্ডোভার লেখকরা বছরে প্রায় সত্তর হাজার পাণ্ডুলিপি রচনা করতেন।

ইসলাম জগতের সঙ্গে ইওরোপের যোগসূত্র স্থাপিত হয় স্পেনের মাধ্যমে। স্পেনের আশপাশের স্বাধীন খ্রীস্টান রাজ্যগুলোর সঙ্গে স্পেনের মুসলমানদের ছোটখাট সংঘর্ষ প্রায়ই লেগে থাকলেও এইসব সংঘর্ষ মুসলমান-খ্রীস্টানদের সঙ্গে মেলামেশার পথে বাধা হয়ে দাঁড়ায়নি। স্পেনের মুসলমান এবং পশ্চিম ইওরোপের খ্রীস্টানরা মিলেমিশে ব্যবসা-বাণিজ্য করত, বিবাহের মাধ্যমে পরস্পরের মধ্যে আত্মীয়তাও হ'ত। ফ্রান্স, ইতালি ও জার্মানি থেকে খ্রীস্টানরা পড়াশুনার জন্য কর্ডোভায় উপস্থিত হতেন। তাছাড়া সেই আমলে কর্ডোভার খলিফার সম্মান ও প্রতিপত্তি এতই বেড়ে গিয়েছিল যে উত্তর-স্পেনের খ্রীস্টান শাসনকর্তারা নিজেদের মধ্যে ঝগড়া-বিবাদ মেটানোর জন্য এবং ব্যক্তিগত সমস্যার সমাধানের জন্য কর্ডোভার রাজসভার দ্বারস্থ হতেন। এই-ভাবে মধ্যযুগে ইওরোপের খ্রীস্টানদের সঙ্গে মুসলিম স্পেনের ঘনিষ্ঠ যোগাযোগের ফলে ইওরোপীয় সভ্যতার ওপর মুসলিম সভ্যতা গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল।

(৬) **শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান ও সভ্যতা-সংস্কৃতিতে আরবীয়দের অবদান : কয়েকজন বিখ্যাত আরবীয় পণ্ডিত :** মানব-সভ্যতার ইতিহাসে আরবদের দান অপরিসীম। সভ্যতা-সংস্কৃতির সব ক'টি শাখাতেই তাদের অবদান রয়েছে। আরবদের শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্য-চর্চা মধ্যযুগের তামস দিনগুলোতে জ্ঞানের দীপ জ্বালিয়ে রেখেছিল, বলা যেতে পারে। আব্বাসীয় খলিফাদের রাজত্বকাল আরব-সংস্কৃতির "সুবর্ণ যুগ"। সেই যুগে ধর্মের ব্যাপারে আরবীয়রা

যেমন উদারনীতি গ্রহণ করেছিল, তেমনি সভ্যতা-সংস্কৃতির ক্ষেত্রে তা'রা অভাবনীয় উন্নতি করেছিল।

আরবী সাহিত্যের একটি বৈশিষ্ট্য হ'ল, অত্যন্ত স্পষ্ট ভাষায় অথচ সংক্ষেপে মনের ভাব ব্যক্ত করা। সেই যুগে আরবী লেখক বুখারী, অল্-তাবারি, অল্-মাসুদী, ইবন খালদুন প্রভৃতি তাঁদের রচনার জন্য খ্যাতি লাভ করেন। আরবী সাহিত্য গ্রীক ও পারসিক সাহিত্যের দ্বারা বিশেষ প্রভাবিত হয়। এই প্রসঙ্গে পারস্যের 'জ্যোতির্বিজ্ঞানী কবি' ওমর খৈয়াম এবং 'গুলিস্তান' ও 'বুস্তান'-এর রচয়িতা শেখ সাদী'র নাম উল্লেখ্য। মুসলিম সাহিত্যে ওমর খৈয়াম-এর 'সহস্র-এক-রজনী'র স্থান শীর্ষে। 'সহস্র-এক-রজনী'র জনপ্রিয়তা আরব দেশের গণ্ডী পেরিয়ে দেশ-বিদেশে ছড়িয়ে পড়ে। 'আলিবাবা ও চল্লিশ চোর', 'নাবিক সিন্দাবাদ' প্রভৃতি 'সহস্র-এক-রজনী'র কয়েকটি খুব জনপ্রিয় গল্প। তোমরা নিশ্চয়ই সেগুলো পড়ে থাকবে।

আরবীয়রা জ্ঞানপিপাসু ছিল। ওরা অন্য দেশের সভ্যতা-সংস্কৃতি থেকে শিক্ষা গ্রহণ করত। একথার অর্থ এই নয় যে ওরা অনুকরণ করত। বরঞ্চ অন্য দেশের প্রভাবকে আত্মস্থ করে আরবীয়রা নিজের মত করে নিত এবং তাকে আরও সমৃদ্ধ করে তুলত। সমসাময়িক বিশ্বে আরবরা ছিল বিজ্ঞান-চর্চায় সবচেয়ে পারদর্শী। আরবীয়দের চিকিৎসাপদ্ধতি 'ইয়ুনানী চিকিৎসা' নামে পরিচিত। চিকিৎসা-বিজ্ঞানীদের মধ্যে অল্-রাজী ও ইবন্-সিন্না বা আভিসেনা বিশেষ উল্লেখযোগ্য।

গণিতশাস্ত্র ও রসায়নে আরবরা যথেষ্ট উন্নতি করেছিল। বীজগণিত, ত্রিকোণমিতি ও রসায়ন সম্পর্কে প্রচলিত জ্ঞানকে আরবীয়রা আরও বৃদ্ধি করেছিল। বীজগণিতের ইংরেজী নাম 'আল্জাবরা' কথাটি আরবীয় শব্দ 'অল্-জবর্' থেকেই এসেছে।

আরবের বিখ্যাত পণ্ডিত অল্-বিরুণী ছিলেন একাধারে দার্শনিক, ঐতিহাসিক, কবি ও বিজ্ঞানী। তাঁর রচিত গ্রন্থ ভারত-ইতিহাসের অমূল্য সম্পদ। চিকিৎসা-বিজ্ঞানী ইবন্-সিন্না একজন দার্শনিকও ছিলেন। তিনি অল্-ফরাবি নামে জনৈক পণ্ডিতের রচিত গ্রন্থের সাহায্যে গ্রীক দার্শনিক অ্যারিস্টট্ল-এর বক্তব্য উপলব্ধি করতে পেরেছিলেন। কথিত আছে, ইবন্-সিন্না তাতে আনন্দিত হয়ে রাজপথে দাঁড়িয়ে বহু লোককে নানাকিছু বিলিয়ে দিয়েছিলেন।

সবশেষে একথা মনে রাখতে হবে যে, পাশ্চাত্যের দেশগুলো আরবের সভ্যতা-সংস্কৃতির কাছে অনেকখানি ঋণী। কারণ আরবীয় উন্নত জ্ঞান-বিজ্ঞানকে ভিত্তি করেই পরবর্তী কালে ইওরোপীয় জ্ঞান-বিজ্ঞান চরম উৎকর্ষ লাভ করেছিল।

স্মৃতি-সহায়

১. আরব দেশের অধিকাংশ মানুষই ছিল যাযাবর 'বেদুইন'। অল্প কিছু মানুষ সমুদ্র বা মরুদ্যানের কাছাকাছি জায়গায় স্থায়ীভাবে বসবাস করত।

২. ইসলাম ধর্মের প্রবর্তক হজরৎ মহম্মদ ৫৭০ খ্রীস্টাব্দ নাগাদ আরবের মক্কা নগরীতে জন্মগ্রহণ করেন।

৩. ইসলাম ধর্মে পুরোহিতদের কোন স্থান নেই। ইসলাম ধর্মের সরলতাও ঐ ধর্মের দ্রুত প্রসারের অন্যতম কারণ।

৪. 'খলিফা'দের আমলে আরবের মানুষ বিজয়-অভিযান চালিয়ে এক বিশাল আরব সাম্রাজ্য গড়ে তুলেছিল।

৫. ইওরোপের স্পেনও আরবদের কবলিত হয়। সেই সময় কর্ডোভা পশ্চিম ইওরোপের সাংস্কৃতিক কেন্দ্রস্থলে পরিণত হয়েছিল।

৬. সভ্যতা-সংস্কৃতির সবকটি শাখায় আরবরা কৃতিত্বের পরিচয় দিয়েছিল। গণিতশাস্ত্র, রসায়ন, চিকিৎসাবিদ্যা, দর্শন, ইতিহাস—সব বিষয়েই আরবদের অবদান রয়েছে।

অনুশীলনী

১. হজরৎ মহম্মদের আবির্ভাবের পূর্বে আরব দেশ ও তার অধিবাসীদের সম্পর্কে যা জান লেখ।

২. হজরৎ মহম্মদ কে ছিলেন? তাঁর জীবনী ও বাণী সংক্ষেপে বিবৃত কর।

৩. পৃথিবীর বিস্তীর্ণ অঞ্চল জুড়ে ইসলাম ধর্মের প্রসারের কারণ কি?

৪. 'খলিফা' কাকে বলে? খলিফাদের আমলে আরব সাম্রাজ্যের কাহিনী লিপিবন্ধ কর।

৫. কর্ডোভা কোথায় অবস্থিত? ইসলামের ইতিহাসে কর্ডোভার গুরুত্ব নিরূপণ কর।

৬. ইসলামের প্রসার ইওরোপে কিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছিল?

৭. শিক্ষা, জ্ঞান-বিজ্ঞান ও সভ্যতা-সংস্কৃতিতে আরবের অবদান কি ছিল?

৮. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] 'বেদুইন' কাদের বলা হ'ত? [খ] হজরৎ মহম্মদের আবির্ভাবের আগে কিভাবে আরবীয়দের মধ্যে সাংস্কৃতিক আদানপ্রদান চলত? [গ]'হিজরৎ' কাকে বলে? [ঘ] হজরৎ মহম্মদ কি প্রচার করেছিলেন? [ঙ] আব্বাসীয় খলিফাদের মধ্যে কার নাম সবচেয়ে উল্লেখযোগ্য? [চ] কর্ডোভা কিসের জন্য প্রসিদ্ধ ছিল?

৯. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে যেটি সঠিক (√) চিহ্ন দিয়ে দেখাও :

[ক] 'বেদুইন'রা যাযাবর ছিল বলে তাদের সমাজের বাঁধন ছিল খুবই শক্ত ( )। [খ] হজরৎ মহম্মদের মক্কা থেকে মদিনা যাত্রার সময় থেকেই 'হিজরী' অব্দের গণনা করা হয় ( )। [গ] কর্ডোভার কারিগরি শিল্প ইওরোপ-জোড়া খ্যাতি লাভ করেছিল ( )। [ঘ] কর্ডোভার মানুষ বিদ্যাচর্চায় উৎসাহী ছিলেন না ( )।

১০. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] 'বেদুইন'রা কিভাবে জীবন যাপন করত? [খ] হজরৎ মহম্মদের আবির্ভাবের পূর্বে আরবীয়রা কিসের পূজা করত? [গ] হজরৎ মহম্মদ কেন মক্কা থেকে মদিনা যাত্রা করেন? [ঘ] ইসলাম ধর্মের বৈশিষ্ট্য কি? [ঙ] ইসলাম ধর্ম কতদূর পর্যন্ত বিস্তার লাভ করেছিল? [চ] ইওরোপীয়দের ওপর আরবীয় সভ্যতা কিরূপ প্রভাব বিস্তার করেছিল?

১১. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলো পূরণ কর ঃ

[ক] '—' হ'ল মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থ। —র কাছ থেকে হজরৎ মহম্মদ যে নির্দেশগুলো পেয়েছিলেন তাই- ঐ গ্রন্থে লিপিবদ্ধ আছে। [খ] আব্বাসীয় খলিফাদের আমলে — ছিল রাজধানী। [গ] ফ্রাংকদের রাজা — আরবীয়দের পরাজিত করেন। [ঘ] — ছিলেন রুবাইয়াং-এর রচয়িতা।

১২. টীকা লেখ ঃ

[ক] কর্ডোভার বইয়ের বাজার, [খ] ইবন্ সিন্না, [গ] অল্-বিরুণী, [ঘ] 'সহস্র এক রজনী'।

১৩. ইসলামের বিস্তৃতি বিশ্বের একটি রেখা-মানচিত্রে মোটা লাইন দিয়ে এঁকে দেখাও।



বর্বর আক্রমণে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতনের (৫৭৬ খ্রী) পরে দীর্ঘদিন পর্যন্ত পশ্চিম ইওরোপে কোন ঐক্যবদ্ধ সাম্রাজ্য গড়ে ওঠেনি। জার্মান উপজাতিরা সেখানে ছোট ছোট রাজ্য গড়ে তুলেছিল। জার্মান উপজাতিদের অন্যতম ফ্রাঙ্করা বর্তমান ফ্রান্স ও জার্মানির কতক অংশ নিয়ে সেই রকম একটি ক্ষুদ্র রাজ্য গড়ে তোলে। ক্রমে এই ফ্রাঙ্করা তাদের একজন শক্তিশালী রাজার নেতৃত্বে সাম্রাজ্য প্রতিষ্ঠা করতে সমর্থ হয়। সেই শক্তিশালী রাজার নাম শার্লেম্যান।

(১) **শার্লেম্যান-এর কথা ঃ** মাত্র পঁচিশ বছর বয়সে শার্লেম্যান* ফ্রাঙ্কদের রাজা হন (৭৬৮ খ্রী)। শার্লেম্যান ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী। শাসক, যোদ্ধা ও শিক্ষা-সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসাবে তিনি কেবল পশ্চিম ইওরোপেই নয়, সারা বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট।

শার্লেম্যানের সমসাময়িক ও তাঁর খুব ঘনিষ্ঠ ইনহার্ড বা এগিনহার্ড নামে জনৈক ব্যক্তি শার্লেম্যানের জীবনী রচনা করেছেন। ইনহার্ডের রচনা থেকে জানা যায়, শার্লেম্যানের শরীরের গঠন ছিল দীর্ঘ ও বলিষ্ঠ। তাঁর শারীরিক শক্তিও ছিল খুব বেশী। লোকেরা বলতো, তিনি এক ঘুষিতে সওয়ার সমেত একটি ঘোড়াকে অনায়াসে ধরাশায়ী করতে পারতেন। শার্লেম্যান অসাধারণ

* 'শার্লেম্যান' কথাটির অর্থ 'মহান চার্লস্'। Charle=Charles (বা চার্লস্) এবং magne=the great (বা মহান)।


পরিশ্রমীও ছিলেন। তাঁর চরিত্রের আরও একটা গুণ হ'ল, তিনি সব রকমের মানুষের সঙ্গে সহজভাবে মেলামেশা করতে পারতেন। প্রজাসাধারণের সুখ-দুঃখ সম্পর্কেও তিনি খোঁজ-খবর রাখতেন।

শার্লেম্যান ছিলেন দিগ্বিজয়ী বীর। দীর্ঘ রাজত্বের অনেকটা সময় তাঁর যুদ্ধ-বিগ্রহেই কেটেছিল। তিনি কমপক্ষে ৫৪টি যুদ্ধ করেন এবং অধিকাংশ যুদ্ধে তিনি জয়লাভ করেন। শার্লেম্যানের সাম্রাজ্য পূর্বে এল্ব নদী থেকে পশ্চিমে এব্রো নদী, এবং উত্তরের সমুদ্র উপকূল থেকে দক্ষিণে ইতালি পর্যন্ত বিস্তৃত ছিল। অবশ্য ইতালির সবটা তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল না। শার্লেম্যান স্পেনীয় মুসলমানদের কাছ থেকে ইওরোপকে নিরাপদ রাখতে উদ্যোগী হন। স্পেনীয় অভিযানে শার্লেম্যানের অন্যতম সেনাপতি, রোল্যান্ড-এর নেতৃত্বে ফ্রাঙ্ক সৈন্যেরা বীরত্বের সঙ্গে লড়াই করেছিল। পীরেনীজ পর্বতের গিরিপথে যুদ্ধ করতে করতে রোল্যান্ড প্রাণ বিসর্জন দেন। রোল্যান্ড-এর বীরত্বের কাহিনী নিয়ে বিখ্যাত ফরাসী মহাকাব্য 'শ্যাঁস দ্য রোঁল্যা' বা 'রোঁল্যার গান' রচিত হয়। ঐ মহাকাব্যে শার্লেম্যানের বীরত্ব সম্পর্কেও অনেক কাহিনীর উল্লেখ আছে।

শার্লেম্যানের বীরত্ব, শক্তি ও প্রভাব-প্রতিপত্তির কথা সারা ইওরোপে ছড়িয়ে পড়ে। সুদূর বাগদাদের খলিফা হারুণ-অল্-রসিদ শার্লেম্যানের সম-সাময়িক ছিলেন। হারুণ-অল্-রসিদ তাঁর রাজসভায় দূত পাঠিয়েছিলেন। সেই দূত সঙ্গে করে অনেক উপহার এনেছিলেন শার্লেম্যানকে দেবার জন্য। ঐগুলোর মধ্যে একটি হাতী ও কলের ঘড়ি বিশেষ উল্লেখযোগ্য।

(২) **রোমান সাম্রাজ্যের পুনরভ্যুদয়ঃ পবিত্র রোমান সম্রাটঃ শার্লে-ম্যানের রাজ্যাভিষেকের গুরুত্বঃ** ৮০০ খ্রীস্টাব্দের মধ্যেই শার্লেম্যান পূর্বে-কার পশ্চিম রোমান সাম্রাজ্যের প্রায় সবটা জায়গা জুড়ে রাজত্ব করছিলেন। সামান্য কিছু এলাকা বাদ দিলে পশ্চিম ইওরোপের খ্রীস্টান-অধ্যুষিত অঞ্চলের সবটাই শার্লেম্যানের সাম্রাজ্যভুক্ত ছিল। উপরন্তু জার্মানিও ছিল তাঁর দখলে। স্বভাবতঃই সমসাময়িক সর্ব মানুষের মনে তখন এই ধারণার সৃষ্টি হয়েছিল যে শার্লেম্যান আগেকার সেই রোমান সাম্রাজ্যের পুনরভ্যুদয় ঘটিয়েছেন; এবং রোমের লুপ্তগৌরব আবার ফিরে এসেছে। অর্থাৎ ৪৭৬ খ্রীস্টাব্দে যে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঘটেছিল শার্লেম্যান তার পুনঃপ্রতিষ্ঠা করেছেন। পশ্চিম ইওরোপের মানুষের মনে তখন এই বিশ্বাসও জন্মেছিল যে শার্লেম্যানই তাদের উপযুক্ত সম্রাট।

শার্লেম্যান যখন প্রতিপত্তির চরম শিখরে, তখন রোমের পোপ ছিলেন তৃতীয় লিও। শার্লেম্যান তাঁকে নানা বিপদ থেকে রক্ষা করেছিলেন। একবার লিও'র বিরুদ্ধে রোমে এক ষড়যন্ত্র শুরু হলে তিনি শার্লেম্যানের শরণাপন্ন


শার্লেম্যানের সাম্রাজ্য
মূল রাজ্য
বিজিত অঞ্চল
কাস্পিয়ান সাগর
কৃষ্ণ সাগর
কনস্টান্টিনোপল
বুলগেরিয়া
সার্বিয়া
উত্তর সাগর
লণ্ডন
প্যারিস
রোম
সার্ডিনিয়া
সিসিলি
কর্সিকা
কর্ডোভা

হন। শার্লেম্যান রোমে এসে ষড়যন্ত্রকারীদের শাস্তি দেন এবং পোপকে বিপদ-মুক্ত করেন। কৃতজ্ঞ পোপ তাঁর কৃতজ্ঞতার চিহ্ন হিসাবে শার্লেম্যানের মাথায় রাজমুকুট পরিয়ে দেন।

৮০০ খ্রীস্টাব্দে যীশুখ্রীস্টের জন্মোৎসবের দিনগুলো শার্লেম্যান রোমে কাটাচ্ছিলেন। ২৫শে ডিসেম্বর যীশুখ্রীস্টের জন্মদিনে তিনি রোমে অবস্থিত সেন্ট পিটার্স গীর্জায় উপাসনার জন্য উপস্থিত হন। উপাসনা শেষ হবার ঠিক পরেই নতজানু শার্লেম্যানকে পোপ তৃতীয় লিও রাজমুকুট পরিয়ে দিয়ে তাঁকে 'রোমানদের সম্রাট' বলে ঘোষণা করেন। এই ঘটনার সঙ্গে সঙ্গে পশ্চিম ইওরোপে আবার রোমান সাম্রাজ্যের উদ্ভব ঘটে। আগেকার রোমান সম্রাটের সঙ্গে শার্লেম্যানের পার্থক্য ছিল এই যে, তিনি একজন রোমান না হয়েও 'রোমান সম্রাট' পদে অভিষিক্ত হন। আবার তিনি ছিলেন 'পবিত্র'; কারণ, খ্রীস্টান জগতের ধর্মগুরু পোপ তাঁকে সেই পদে অভিষিক্ত করেন। শার্লেম্যান নিজেও ছিলেন খ্রীস্টান ধর্মের পৃষ্ঠপোষক। তাঁর রাজ্য যতদূর বিস্তৃত ছিল খ্রীস্টধর্মও ততদূর প্রসারিত হয়। এইভাবে বর্বর আক্রমণে একদা যে পশ্চিম-রোমান সাম্রাজ্যের পতন ঘটেছিল তার ধ্বংসাবশেষের ওপরই গড়ে উঠেছিল "পবিত্র রোমান সাম্রাজ্য"। আর শার্লেম্যান ছিলেন তার প্রতিষ্ঠাতা ও প্রথম "পবিত্র রোমান সম্রাট"।

'রোমান সম্রাট' হিসাবে শার্লেম্যানের অভিষেক মধ্যযুগের ইতিহাসে একটি বিশেষ উল্লেখযোগ্য ঘটনা। শার্লেম্যানের রাজ্যাভিষেকের ফলে সাম্রাজ্যের সর্বত্র বিশৃঙ্খলা, বর্বরতা ও অশান্তির পরিবর্তে শান্তি ও শৃঙ্খলা ফিরে আসে। তাছাড়া শার্লেম্যান খ্রীস্টান জগতের এক বিশাল অংশকে ঐক্যবদ্ধ করে রোমান সাম্রাজ্যের একতার ঐতিহ্যকে ফিরিয়ে আনতে সাহায্য করেছিলেন।

'রোমান সম্রাট' হিসাবে শার্লেম্যানের অভিষেক জার্মান জাতির মর্যাদা বৃদ্ধি করেছিল; এবং তাদের নেতা হিসাবে শার্লেম্যান মর্যাদার উচ্চ শিখরে আরোহণ করেন। তাছাড়া শার্লেম্যানের অভিষেক জার্মান ও রোমান সভ্যতা-সংস্কৃতির সংমিশ্রণের পথ প্রশস্ত করে এবং এই সংমিশ্রণের মাধ্যমে এক নতুন শক্তিশালী সভ্যতা গড়ে ওঠে।

শার্লেম্যানের রাজ্যাভিষেক সাম্রাজ্যের সর্বত্র এক নতুন ও বৈজ্ঞানিক শাসন-ব্যবস্থা প্রবর্তনের পথ সুগম করে তোলে। শার্লেম্যানের প্রবর্তিত সেই শাসন-ব্যবস্থাই পরবর্তী কালে ইওরোপের বিভিন্ন দেশের শাসন-কাঠামোর ভিত্তিস্বরূপ হয়ে দাঁড়ায়।

শার্লেম্যানের অভিষেকের ফলে যে রোমান সাম্রাজ্যের পুনরভ্যুদয় ঘটেছিল তাতে মানুষের মনে আশা ও উদ্দীপনার সৃষ্টি হয় এবং শার্লেম্যানের প্রতি সাম্রাজ্যের অধিবাসীদের আনুগত্যও বৃদ্ধি পায়। আবার শার্লেম্যানের

সুশাসনে সাম্রাজ্যের সর্বত্র যে শান্তি-শৃঙ্খলা বিরাজ করছিল তাতে সাংস্কৃতিক উন্নতির পথও সুগম হয়ে উঠেছিল।

সবশেষে বলা যেতে পারে যে, রোমের পোপ শার্লেম্যানকে 'রোমান সম্রাট' পদে অভিষিক্ত করেন। শার্লেম্যানের পরবর্তী কালে তাই পোপ রোমান সম্রাটের ওপর শ্রেষ্ঠত্বের দাবি জানিয়েছিলেন। কিন্তু সম্রাটরা অনেক ক্ষেত্রে পোপের সেই দাবিকে অস্বীকার করায় পোপের সঙ্গে সম্রাটের তীব্র বিরোধের এক নতুন অধ্যায় সূচিত হয়েছিল।

(৩) **চার্চ ও রাষ্ট্রের মধ্যে পারস্পরিক সম্পর্ক ঃ** শার্লেম্যান ছিলেন শক্তিশালী সম্রাট। পোপ তৃতীয় লিও তাঁর মাথায় রাজমুকুট পরিয়ে 'রোমান সম্রাট' পদে অভিষিক্ত করলেও প্রথম থেকেই শার্লেম্যান চার্চ তথা পোপের ওপর নিজ কর্তৃত্ব বজায় রেখেছিলেন। তিনি পোপকে তাঁর অধীনস্থ একজন উচ্চপদস্থ কর্মচারীর বেশী কিছু মনে করতেন না। শার্লেম্যান চার্চ-সংক্রান্ত সব ব্যাপারেই হস্তক্ষেপ করতেন। তাঁর আমলে চার্চ রাষ্ট্রের কার্যকলাপে নাক গলানো দূরের কথা, বরঞ্চ চার্চ রাষ্ট্রের অধীন হয়ে পড়েছিল। কিন্তু শার্লেম্যানের আমলে চার্চ ও রাষ্ট্রের মধ্যে সম্পর্ক, ক্ষমতা ও অধিকারের সীমা নির্দিষ্ট হয়নি। পরবর্তী কালে তাই রাষ্ট্র ও চার্চের মধ্যে সুদীর্ঘ সংগ্রাম শুরু হয়।

পোপ শার্লেম্যানকে রাজপদে অভিষিক্ত করেছেন—এই ঘটনার জের টেনে পরবর্তীকালে পোপ সম্রাটের ওপর শ্রেষ্ঠত্বের দাবি জানাতে থাকেন। অপরদিকে শার্লেম্যান খ্রীস্টান চার্চ ও পোপের ওপর নিজ কর্তৃত্ব প্রতিষ্ঠা করেছিলেন। শার্লেম্যানের পদাঙ্ক অনুসরণ করে তাই পরবর্তী কালে রোমান সম্রাটরা চার্চ ও পোপের ওপর কর্তৃত্বের দাবি জানান। এইসব কারণে শার্লেম্যানের পরবর্তী কালে চার্চ ও সম্রাট তথা রাষ্ট্রের মধ্যে দ্বন্দ্বের অবধি ছিল না। যখন পোপ শক্তিশালী, আর রাষ্ট্রশক্তি দুর্বল থাকত তখন উভয়ের মধ্যে দ্বন্দ্বের কোন কারণ থাকত না—রাষ্ট্রের ওপর চার্চের ক্ষমতা জাহির করতে কোন অসুবিধে হ'ত না। কিন্তু সম্রাট তথা রাষ্ট্র শক্তিশালী হলেই হ'ত গণ্ডগোল। একজন ব্যক্তিত্বসম্পন্ন ও শক্তিশালী রাষ্ট্রনেতা বা সম্রাট কখনও চাইতেন না চার্চের আজ্ঞাবহ হতে। আবার পোপ চার্চের ওপর রাষ্ট্রের কর্তৃত্বকে বরদাস্ত করতে চাইতেন না। এই সূত্রে শার্লেম্যানের পরবর্তী সম্রাটদের আমলে চার্চ ও রাষ্ট্রের মধ্যে সংগ্রামের এক রক্তাক্ত অধ্যায় সূচিত হয়।

(৪) **শার্লেম্যানের বিদ্যোৎসাহিতা ঃ রাজসভা ঃ সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা ঃ** সম্রাট শার্লেম্যান রোমান সাম্রাজ্যের লুপ্ত সাংস্কৃতিক গৌরব ফিরিয়ে আনতে উদ্যোগী হন। জার্মানির আকেন (আই-লা-স্যাপল) শহরে তিনি নতুন রাজধানী স্থাপন করেন। রাইন নদীর তীরে অবস্থিত এই আকেন

শহরে সুন্দর সুন্দর প্রাসাদ, গীর্জা প্রভৃতি তৈরী করিয়ে শার্লেম্যান তাকে এক মনোরম নগরীতে পরিণত করেন। রাজপ্রাসাদ ও গীর্জাগুলো তৈরী করবার জন্য ইতালির রাভেনা শহর থেকে কারুকার্যশোভিত মার্বেল পাথর আনান হয়েছিল।



সম্রাট শার্লেম্যান

শার্লেম্যান নিজে নিরক্ষর ছিলেন বলে শোনা যায়, তা সত্ত্বেও বিদ্যা ও বিদ্বানের প্রতি তাঁর অপরিসীম শ্রদ্ধা ছিল। শার্লে-ম্যানের বিদ্যোৎসাহিতার নিদর্শন হ'ল আকেন রাজসভাকে সাংস্কৃতিক কেন্দ্রস্থলে পরিণত করা। দেশ-বিদেশের বিখ্যাত পণ্ডিতরা সেই রাজসভা অলঙ্কৃত করতেন। ইংলণ্ডবাসী এ্যালকুইন ছিলেন সমসাময়িক ইওরোপের শ্রেষ্ঠ পণ্ডিত। শার্লেম্যানের আমন্ত্রণে তিনি আকেন শহরে উপস্থিত হন। এ্যালকুইন ছিলেন আকেন-এর রাজ-সভার সভাপণ্ডিত এবং শার্লেম্যানের পরামর্শদাতা। শার্লেম্যানের রাজসভার অপরাপর পণ্ডিতরা হলেন 'লম্বার্ডদের ইতিহাস' প্রণেতা পল, 'শার্লেম্যানের জীবনী' রচয়িতা ইনহার্ড, স্ট্রাবো প্রমুখ।

এ্যালকুইন ও অন্যান্য পণ্ডিতদের সাহায্যে শার্লেম্যান সাম্রাজ্যের সর্বত্র শিক্ষার প্রসার ঘটান। সাম্রাজ্যের বিভিন্ন জায়গায় বিদ্যালয় স্থাপন করে বিদ্যা-চর্চার আয়োজন করা হয়। শার্লেম্যানের বিদ্যানুরাগ এতই বেশী ছিল যে তিনি রাজপ্রাসাদে পর্যন্ত একটি বিদ্যালয় স্থাপন করেন। এই বিদ্যালয়ে রাজ-পরিবার ও রাজকর্মচারীদের ছেলে-মেয়েরা বিদ্যাভ্যাস করত। শার্লেম্যান নিজেও বিদ্যাচর্চা থেকে বিরত ছিলেন না। কথিত আছে, শার্লেম্যানের ঘুমোবার বালিশের তলায় সবসময়ই লেখার সরঞ্জাম থাকত। এমনকি, তিনি আহারের সময় ইতিহাস-পাঠ শুনতেন।

ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠন, সুশাসন প্রবর্তন এবং সভ্যতা-সংস্কৃতির উন্নতি সাধন করে শার্লেম্যান যে কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন সেইজন্যই তিনি ইতি-হাসে 'মহান চার্লস্' নামে খ্যাত। সবচেয়ে বড় কথা হ'ল, শার্লেম্যান অন্ধকার যুগে ইউরোপে শিক্ষা-সংস্কৃতির দীপ জ্বালিয়েছিলেন। শার্লেম্যানের মৃত্যুর পরে পবিত্র রোমান সাম্রাজ্য দুর্বল হয়ে পড়লেও মানুষের মধ্যে বিদ্যা-চর্চার যে প্রেরণা তিনি জাগ্রত করেছিলেন, দীর্ঘদিন পর্যন্ত তা অব্যাহত ছিল।

প্রসঙ্গতঃ উল্লেখ্য, শার্লেম্যানের শিক্ষা-সংস্কৃতির পৃষ্ঠপোষকতার ফলে ইওরোপে সাহিত্য, দর্শন প্রভৃতি ক্ষেত্রে যে নবজাগরণ দেখা দিয়েছিল তা 'ক্যারোলিঞ্জিয়ান রেনেসাঁস' নামে খ্যাত।

(৫) **সাধু-সন্ন্যাসীদের মঠ :** রোমান সাম্রাজ্যের পতনের দিনগুলোতে চারদিকে যখন অরাজকতা ও বিশৃঙ্খলা দেখা দেয়, বর্বর আক্রমণে হানাহানি চলতে থাকে, তখন অনেক মানুষের মনে হতাশা ও জীবন সম্পর্কে বিতৃষ্ণা জন্মায়। তাঁরা তখন সংসার-জীবনের সবকিছু ছেড়ে লোকালয় থেকে বহুদূরে মঠে গিয়ে সন্ন্যাসীর জীবন-যাপন শুরু করেন। আবার এমনও অনেক লোক ছিলেন যাঁরা তাদের ছেলেমেয়েকে ছোটবেলাতেই মঠে পাঠিয়ে দিতেন। তাছাড়া যাজক সম্প্রদায়ের মধ্যেও অনেকে সন্ন্যাসীর জীবন যাপন করতেন এবং মঠে গিয়ে বিদ্যাচর্চা ও ধর্মসাধনায় আত্মনিয়োগ করতেন। এইসব কারণে সাধু-সন্ন্যাসীদের সংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে মধ্যযুগে ইওরোপের বিভিন্ন জায়গায় মঠ গড়ে উঠতে থাকে। সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের মঠ ছিল আলাদা। সন্ন্যাসীদের মঠকে ইংরেজীতে বলা হয় 'মনাস্টারি', আর সন্ন্যাসিনীদের মঠকে বলে 'নানারি'। খ্রীস্টান সাধু-সন্ন্যাসী ও তাঁদের মঠের সঙ্গে আমাদের দেশের বৌদ্ধ ভিক্ষু ও বৌদ্ধ 'বিহার'-এর অনেক মিল আছে। বৌদ্ধ ভিক্ষু বা সন্ন্যাসীরাও খ্রীস্টান সন্ন্যাসীদের মত বৌদ্ধ 'বিহার' বা মঠে বিদ্যাচর্চা ও ধর্মচর্চা করতেন।


খ্রীস্টান সন্ন্যাসী

মঠের জীবনযাত্রা ছিল শৃঙ্খলাপূর্ণ। প্রত্যেক মঠের সন্ন্যাসীদের দারিদ্রের জীবন যাপন, সংযমী হওয়া ও আদেশ মেনে চলার শপথ নিতে হ'ত। প্রত্যেক মঠের একজন করে অধ্যক্ষ থাকতেন এবং সন্ন্যাসীরা তাঁর আদেশ মেনে চলতেন। মঠবাসীদের লেখাপড়া, উপাসনা, গরীবদের সেবা ও নিজেদের কাজ করতে হ'ত। মঠগুলো সাধারণতঃ জনাকীর্ণ অঞ্চল থেকে বহুদূরে কোন শান্ত জায়গা বা পাহাড়ের ওপর এক বিস্তীর্ণ এলাকা জুড়ে গড়ে উঠত। মঠে সাদাসিধে ধরনের কতকগুলো বাড়ী থাকত এবং প্রত্যেকটি বাড়ী এক একটি কাজে ব্যবহৃত হ'ত। যেমন মঠের অধ্যক্ষ ও সন্ন্যাসীদের থাকবার জায়গা, অতিথিশালা, রন্ধনশালা, উপাসনা-গৃহ, চিকিৎসার জন্য হাসপাতাল প্রভৃতি। তাছাড়া খেত-খামার, ফুলের বাগান, পশুপালন প্রভৃতির জন্যও প্রতিটি মঠে অনেক

জায়গা থাকত। মঠগুলো ছিল স্বয়ংসম্পূর্ণ। মঠের সন্ন্যাসীরা নিজেদের প্রয়োজনীয় খাদ্য-শস্য ও তরিতরকারী নিজেরাই উৎপাদন করতেন। এবং বাড়তি ফসল বিক্রী করে অনান্য প্রয়োজনীয় জিনিসপত্র বাজার থেকে কিনে আনতেন।


মধ্যযুগে সন্ন্যাসীদের কয়েকটি সম্প্রদায় গড়ে ওঠে। ঐ সম্প্রদায়গুলোর মধ্যে সন্ত বা সেণ্ট বেনিডিক্ট গোষ্ঠীর সন্ন্যাসীরা ছিলেন সবচেয়ে প্রাচীন ও বিখ্যাত। তাঁদের 'বেনিডিক্টাইন মঙ্ক'* বলা হ'ত। ইতালির নেপলস্-এর কাছে মণ্ট ক্যাসিনোতে সেণ্ট বেনিডিক্ট তাঁর বিখ্যাত মঠ গড়ে তোলেন। তিনি মঠের সন্ন্যাসীদের জন্য অবশ্য-পালনীয় কতকগুলো নিয়মের প্রবর্তন করেন। তাছাড়া ঐ মঠের সন্ন্যাসীদের দারিদ্রের জীবন যাপন, সংযম ও আদেশ মেনে চলা—এই তিনটি শপথ নিতে হ'ত। এই তিনটি শপথকে 'বেনিডিক্টের শপথ' বলা হয়। বেনিডিক্টের প্রবর্তিত মঠের নিয়ম-কানুন ও শপথগুলো ক্রমে অন্যান্য মঠেও গৃহীত হয়।

মধ্যযুগের মঠগুলোর নানা উপকারিতা ছিল। সেই আমলে কোন ছাপাখানা ছিল না, হাতে-লেখা বইয়ের অনুলিপি থেকেই মানুষ পড়াশুনা করত। মঠের সন্ন্যাসীরা দিনের অনেকটা সময় ধরে প্রাচীন গ্রন্থ ও বাইবেল-এর অনুলিপি করতেন, আর তার ফলে বিদ্যাচর্চার সুবিধে হয়েছিল অনেক। মঠগুলোর অন্যান্য উপকারিতা হ'ল, সন্ন্যাসীরা মঠ তৈরী করতে গিয়ে বহু জঙ্গলাকীর্ণ ও অনুপযোগী জমিকে শস্য-শ্যামলা করে তোলেন। তাঁরা যে উন্নত পদ্ধতিতে কৃষিকাজ করতেন আশেপাশের কৃষকরা তা শিখে নিত। মঠগুলো আবার মধ্যযুগের পথিকদের যেন পান্থশালা ছিল। সেই আমলে আজকালকার মত তো আর সরাইখানা ছিল না, তাই ভ্রমণকারীরা মঠেই রাত্রিবাস করতেন। মঠগুলো গরীব, অসুস্থ ব্যক্তি ও অনাথদের নানাভাবে সাহায্য করত।

(৬) **ক্লুনি-মঠের সংস্কার-আন্দোলন**ঃ মধ্যযুগে মঠের সন্নাসীদের সংযম, আত্মত্যাগ ও সেবার আদর্শের কথা আমরা জেনেছি। কিন্তু মধ্যযুগের শেষভাগে সেই সন্ন্যাসীরা আদর্শচ্যুত হন। মঠগুলোর মধ্যে দুর্নীতি দেখা দেয়। যেসব মঠ বিত্তশালী হয়ে উঠেছিল তাদের সন্ন্যাসীরা আরামপ্রিয় ও অলস হয়ে ওঠেন। এমনকি, মঠের অধ্যক্ষরা অনেক ক্ষেত্রে মঠের সম্পদকে নিজের ব্যক্তিগত সম্পত্তি বলে মনে করতে থাকেন। মঠ ও মঠের সন্ন্যাসীদের এই অধঃপতনে বিচলিত হয়ে সেই সময় বার্গাণ্ডি'র 'ক্লুনি'-মঠের সন্ন্যাসীরা মঠগুলোর সংস্কারের জন্য যে আন্দোলন গড়ে তোলেন তা-ই 'ক্লুনি সংস্কার-আন্দোলন' নামে পরিচিত।

---

* সন্ন্যাসীদের ইংরেজীতে 'মঙ্ক' বলা হয়, আর সন্ন্যাসিনীদের ইংরেজী হ'ল 'নান্'।



মধ্যযুগের মঠের একটি নক্সা

ক্লুনি-সংস্কারকদের প্রধান উদ্দেশ্য ছিল, মঠের সন্ন্যাসীদের অধঃপতন রোধ করা। সন্ন্যাসীদের মধ্যে সেই সময় যে স্বার্থপরতা, সংযম ও শৃঙ্খলাবোধের অভাব ও নৈতিক অধঃপতন দেখা দিয়েছিল ক্লুনি-সংস্কারকরা তার বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তোলেন। তাঁরা চাইছিলেন যাতে মঠের সন্ন্যাসীরা আবার আগেকার মত বিশুদ্ধ ও সংযমী জীবন যাপন করেন এবং মঠের আইন-কানুন মেনে চলেন। ক্লুনি-মঠের আন্দোলনের ফলে সাধু-সন্ন্যাসীরা আবার বিশুদ্ধ জীবন যাপন শুরু করেন এবং তাঁদের মধ্যে শৃঙ্খলাবোধ ফিরে আসে। এক কথায় বলতে গেলে, ক্লুনি-মঠের সংস্কার-আন্দোলনের ফলে আদর্শচ্যুত সন্ন্যাসীরা আবার আদর্শের প্রতি অনুগত হয়ে ওঠেন। অল্পদিনের মধ্যেই ঐ সংস্কার-আন্দোলন বার্গান্ডির গণ্ডী পেরিয়ে ফ্রান্স, স্পেন, জার্মানি, ইতালিতে ছড়িয়ে পড়ে।

ক্লুনির সংস্কার-আন্দোলনের আর একটি বৈশিষ্ট্য হ'ল যাজক নয় এমন কোনও প্রভাবশালী ব্যক্তির হস্তক্ষেপ থেকে মঠ বা ধর্ম প্রতিষ্ঠানগুলোকে মুক্ত করা এবং অবাধ নির্বাচনের মাধ্যমে মঠের অধ্যক্ষ বা যাজকদের নিয়োগ করা। ক্লুনি-মঠ প্রথম থেকেই সামন্তদের প্রভাব-মুক্ত একটি প্রতিষ্ঠান ছিল। তাই সেই আমলে ক্লুনি-মঠ স্বাধীনতার প্রতীক হয়ে দাঁড়িয়েছিল। ক্লুনি-সংস্কারকদের এই গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গী সমসাময়িক চার্চের ওপর প্রভাব বিস্তার করে।

ক্লুনি-সংস্কারকদের প্রভাবে যাজক-সম্প্রদায়ের নৈতিক মান উন্নত হয় এবং তাঁরা কৌমার্যব্রত গ্রহণ করেন। সবচেয়ে বড় কথা হ'ল, সেই সময় চার্চ এই দাবি জানাতে থাকে যে কর্মকর্তা নির্বাচনে তারা যাজক নয় এমন কোন লোকের প্রভাব সহ্য করবে না—সেই প্রভাব রাজারই হোক আর সম্রাটেরই হোক। এমনকি, সেই সময় এই দাবিও ওঠে যে যাজকরা তাঁদের অভিষেক গ্রহণের চিহ্নাদি যেমন আংটি, দণ্ড ইত্যাদি কেবল ধর্মীয় ব্যক্তিদের কাছ থেকেই নেবেন —কোন রাজা বা সামন্তপ্রভুদের কাছ থেকে নয়।

(৭) **অভিষেক-সংক্রান্ত দ্বন্দ্ব**ঃ ফ্রাঙ্কদের রাজা শার্লেম্যানকে 'রোমান সম্রাট' পদে অভিষিক্ত করবার ফলে পোপের সঙ্গে, অর্থাৎ খ্রীষ্টান চার্চের সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক ঘনিষ্ঠ হয়ে ওঠে। কিন্তু ক্ষমতা ও অধিকারের সীমা নিয়ে এই দুইয়ের মধ্যে পরবর্তী কালে দীর্ঘদিন পর্যন্ত দ্বন্দ্ব চলেছিল।

শার্লেম্যানের মৃত্যুর পরে চার্চ ক্রমশঃ আরও শক্তিশালী হয়ে ওঠে। সেই সময়ে পোপ দাবি করেন যে চার্চের ওপর রাষ্ট্রের কোন ক্ষমতা নেই—চার্চ সম্পূর্ণ স্বাধীন। চার্চের কর্মচারী নিয়োগের ব্যাপারে যাজক ছাড়া অন্য কোন ব্যক্তির হস্তক্ষেপ করা চলবে না। পোপ সপ্তম গ্রেগরী'র আমলে এইসব ব্যাপার নিয়ে পোপের সঙ্গে রাষ্ট্রের বিরোধ এক চরম পর্যায়ে উপনীত হয়।

পোপ সপ্তম গ্রেগরী ক্লুনি সংস্কার-আন্দোলনের একজন সমর্থক ছিলেন। তিনি চার্চ-এর সর্বপ্রকার দুর্নীতির অবসানকল্পে কতকগুলো ব্যবস্থা অবলম্বন করেন। তিনি চার্চের পুরোহিত বা যাজকদের মধ্যে যাঁরা বিবাহিত তাঁদের অপসারণ করেন এবং চার্চের সর্বশ্রেণীর যাজকদের কৌমার্যব্রত অবলম্বনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। কেবল তাই নয়, তিনি তদানীন্তন জার্মান সম্রাট চতুর্থ হেনরীর কাছে প্রেরিত এক ঘোষণাপত্রে স্পষ্টভাবে বলেন যে ভবিষ্যতে জমিদার, স্থানীয় কর্তা বা যাজক নয় এমন কোন ব্যক্তিকেই বিশপ্, এ্যাবট্ প্রভৃতি নিয়োগ বা তাঁদের অভিষেকের ব্যাপারে হস্তক্ষেপ করতে দেওয়া হবে না। গীর্জা-সংক্রান্ত ব্যাপারে পোপই সর্বেসর্বা বলে তিনি জানান। এই ঘটনাকে কেন্দ্র করে সম্রাটের সঙ্গে পোপের যে দ্বন্দ্ব শুরু হয় তা 'অভিষেক-সংক্রান্ত দ্বন্দ্ব' বা 'ইনভেষ্টিচ্যার কনটেস্ট' নামে পরিচিত।

দীর্ঘদিন এই দ্বন্দ্ব চলবার পর চতুর্থ হেনরী সপ্তম গ্রেগরীর কাছে পরাভব স্বীকার করতে বাধ্য হন। কথিত আছে, সম্রাট চতুর্থ হেনরী অনুতপ্ত বেশে, খালি পায়ে দারুণ শীতের মধ্যে আলপস্ পর্বত পেরিয়ে কনোসা-তে গিয়ে পোপের কাছে ক্ষমা প্রার্থনা করেন (১০৭৭ খ্রী)। কনোসা-র এই ঘটনা পোপের কাছে সম্রাটের চরম অবমাননার জন্য ইতিহাসে খ্যাত। এই ঘটনার পরেও দীর্ঘদিন পর্যন্ত ঐ দ্বন্দ্বের অবসান ঘটেনি। শেষ পর্যন্ত ১১২২ খ্রীস্টাব্দে 'কন্‌করডাট অব্ ওয়ার্মস্' নামে একটি ঘোষণার দ্বারা এই দ্বন্দ্বের পরিসমাপ্তি ঘটানোর চেষ্টা হয়।

(৮) **একাদশ ও দ্বাদশ শতাব্দীতে পশ্চিম ইওরোপে বিদ্যাচর্চা : মধ্যযুগের বিশ্ববিদ্যালয় : বিশ্ববিদ্যালয়গুলির গুরুত্ব :** আমরা আজকে যে যুগে বসবাস করছি তার সঙ্গে মধ্যযুগের কোন মিলই নেই। মধ্যযুগের সমাজ, জীবনযাত্রা, চিন্তাধারা—সবকিছুই আমরা বর্জন করেছি। কিন্তু মধ্যযুগের যে প্রতিষ্ঠানটি বর্তমানেও আমাদের মধ্যে টি'কে আছে তা হ'ল—বিশ্ববিদ্যালয়। তোমরা শুনলে অবাক হবে, আজকের দিনে পৃথিবীর সর্বত্র যে শত শত বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছে তার গোড়াপত্তন হয়েছিল মধ্যযুগেই। মধ্যযুগীয় ইওরোপে, বিশেষতঃ ১১শ, ১২শ, ১৩শ শতকে নানা পেশায় প্রবেশার্থীদের চাহিদা মেটানোর জন্য বিশ্ববিদ্যালয়ের আবির্ভাব ঘটেছিল।

বিশ্ববিদ্যালয়ের আবির্ভাবের আগে মঠ ও গীর্জার বিদ্যালয়গুলোই ছিল বিদ্যাচর্চার কেন্দ্র। যাজকরাই মঠ ও গীর্জার বিদ্যাচর্চা নিয়ন্ত্রণ করতেন। এই বিদ্যালয়গুলোতে যে বিদ্যাভ্যাস করান হ'ত তার প্রধান উদ্দেশ্য ছিল, গীর্জার কাজে যোগদানে ইচ্ছুক ব্যক্তিদের লিখতে, পড়তে ও চিন্তা করতে শেখানো। একাদশ শতাব্দীতে গীর্জা ও সামন্তপ্রভুদের আইনজ্ঞ, প্রশাসক, চিকিৎসক

প্রভৃতির প্রয়োজন হওয়ায় গীর্জা ও মঠের বিদ্যালয়গুলোতে ধর্মনিরপেক্ষ শিক্ষা, যেমন আইনবিদ্যা, চিকিৎসাবিদ্যা প্রভৃতি সম্পর্কেও শিক্ষাদান করা হ'ত। যাই হোক, ক্রমে শিক্ষা-গ্রহণে আগ্রহী ব্যক্তিদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ১২শ শতকে কিছু সংখ্যক গীর্জা ও মঠের বিদ্যালয় স্ফীত হয়ে বিশ্ব-বিদ্যালয়ে পরিণত হয়। সেই সময় আবার নতুন নতুন বিশ্ববিদ্যালয়ও গড়ে ওঠে। এই বিশ্ববিদ্যালয়গুলোই ছিল মধ্যযুগে উচ্চশিক্ষার কেন্দ্র।

'ইউনিভার্সিটি' বা বিশ্ববিদ্যালয় কথাটির অর্থ হ'ল, অধ্যয়নের উদ্দেশ্যে গঠিত শিক্ষক ও ছাত্রদের সংঘ। কোন বিখ্যাত পণ্ডিতের কাছে শিক্ষা গ্রহণের উদ্দেশ্যে দেশ-বিদেশ থেকে ছাত্ররা এসে সমবেত হলেই বিশ্ববিদ্যালয় গড়ে উঠত। পণ্ডিতদের কাছে যেকোন দেশের যেকোন লোক বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করতে পারত। তখনকার বিশ্ববিদ্যালয়ে আজকালকার মত সব বিষয়ে শিক্ষা দেবার ব্যবস্থা থাকত না। তাই যেসব শিক্ষার্থীরা সারা জীবন অধ্যয়নে অতি-বাহিত করতেন তাঁরা এক বিশ্ববিদ্যালয়ে শিক্ষা সমাপ্তির পরে অন্য বিশ্ব-বিদ্যালয়ে চলে যেতেন।

ত্রয়োদশ শতাব্দীর মধ্যে ইউরোপের বিভিন্ন জায়গায় প্রায় উনিশটি বিশ্ব-বিদ্যালয় গড়ে উঠেছিল। ১১৫৮ খ্রীস্টাব্দে ইতালিতে বোলনিয়া বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। ১২০০ খ্রীস্টাব্দ নাগাদ ফ্রান্সের প্যারী শহরে একটি গীর্জা-বিদ্যালয় (Cathedral School) স্ফীত হয়ে প্যারী বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। প্রায় একই সময়ে ইংলণ্ডে অক্সফোর্ড ও কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়, এবং জার্মানিতে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। মধ্যযুগে স্থাপিত এইসব বিশ্ব-বিদ্যালয় বর্তমানে পৃথিবীর শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়গুলির অন্যতম।

মধ্যযুগের বিশ্ববিদ্যালয়গুলিতে যাঁরা অধ্যয়ন-অধ্যাপনা করতেন তাঁদের সংখ্যা খুব বেশী ছিল না। তা সত্ত্বেও সংস্কৃতি-চর্চার কেন্দ্র হিসাবে ঐগুলোর গুরুত্ব ছিল খুবই বেশী। মধ্যযুগের এই বিশ্ববিদ্যালয়গুলোই পরবর্তী কালে সাংস্কৃতিক অগ্রগতির পথ সুগম করে তুলেছিল।

(৯) **মধ্যযুগে ইওরোপের কয়েকজন বিখ্যাত পণ্ডিত : বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষক সম্পর্ক : বিভিন্ন বিষয়ে শিক্ষা : সাহিত্য :** একাদশ ও দ্বাদশ শতাব্দীতে ইওরোপে যে বিদ্যোৎসাহিতা দেখা দিয়েছিল তার মূলে ছিলেন কয়েকজন বিখ্যাত পণ্ডিত। জ্ঞান-বিজ্ঞান, সাহিত্য—সর্বক্ষেত্রেই তাঁরা চরম উৎকর্ষের পরিচয় দিয়েছিলেন। এঁদের মধ্যে পিটার অ্যাবেলার্ড, ইরনেরিয়াস, অ্যালবার্ট, টমাস অ্যাকুইনাস, রোজার বেকন প্রমুখ বিশেষ উল্লেখযোগ্য।

পিটার অ্যাবেলার্ড সবকিছুকে যুক্তির সাহায্যে বুঝতে চেষ্টা করতেন। অ্যাবেলার্ড-এর বক্তৃতা শোনবার জন্য প্যারী বিশ্ববিদ্যালয়ে হাজার হাজার মানুষ উপস্থিত হ'ত। জার্মান পণ্ডিত অ্যালবার্ট তাঁর বুদ্ধিমত্তার জন্য সম-

সাময়িক ইওরোপে এতই সুনাম অর্জন করেছিলেন যে তাঁকে সবাই 'মহান অ্যালবার্ট' বলত। অ্যালবার্ট-এর অন্যতম শিষ্য ছিলেন টমাস অ্যাকুইনাস। তাঁর রচিত বিখ্যাত গ্রন্থের নাম 'সাম্মা থিওলজিকা'। রোজার বেকন ছিলেন ইংলণ্ডের লোক। গণিতশাস্ত্র, পদার্থবিদ্যা, রসায়ন প্রভৃতি বিষয়ে তাঁর জ্ঞান ছিল অপরিসীম। নানা বৈজ্ঞানিক বিষয়ে তাঁর জ্ঞান ছিল বলে রোজার বেকনকে সবাই 'বিস্ময়কর পণ্ডিত' বলত।

মধ্যযুগের বিশ্ববিদ্যালয়গুলোতে নানা জায়গা থেকে শিক্ষার্থীরা বিদ্যাভ্যাস করতে আসতেন। প্রায় সব বিশ্ববিদ্যালয়েই ছাত্রদের থাকবার জন্য ছাত্রাবাস ছিল। প্রত্যেক জায়গা বা দেশের ছাত্ররা একটি করে সংঘ গড়ে তুলত। যেমন লম্বার্ড ছাত্র-সংঘ, বেভেরিয়ার ছাত্র-সংঘ প্রভৃতি। ছাত্রদের সংঘকে এক একটি 'নেশন্' বা জাতি বলা হ'ত। যাই হোক, তখনকার দিনে আজকালকার মত পাঠ্য-পুস্তক তেমন পাওয়া যেত না। ছাত্ররা তাই অধ্যাপকদের বক্তৃতার তর্জমা কাগজে লিখে রাখত এবং দিনান্তে তা থেকেই পড়াশুনা করত।

সেই আমলে শিক্ষকরা যেমন লক্ষ্য রাখতেন ছাত্ররা কেমন পড়াশুনা করছে, তেমনি ছাত্ররাও নজর রাখত যাতে শিক্ষকরা তাদের প্রতি যত্নবান হন। একজন শিক্ষককে নির্ধারিত পাঠ্যসূচীর সবটা পড়িয়ে শেষ করতে হ'ত। ছাত্র-শিক্ষকের মধ্যে পড়াশুনার বিষয় নিয়ে সর্বদাই বিতর্ক চলত। প্রত্যেক ছাত্রই যুক্তি-তর্ক দিয়ে নিজের মত প্রতিষ্ঠা করতে পারত। শিক্ষকরা কোন কারণে শহরের বাইরে গেলে কবে ফিরে আসবেন তা নির্দিষ্টভাবে ছাত্রদের বলে যেতেন।

মধ্যযুগের বিশ্ববিদ্যালয়গুলোতে আইনবিদ্যা, দর্শন, চিকিৎসাশাস্ত্র, ধর্মতত্ত্ব প্রভৃতি বিষয়ে যে চর্চা হ'ত তা পরবর্তী কালে শিক্ষা-সংস্কৃতি উন্নতির পথ সুগম করে তুলেছিল। বোলনিয়া বিশ্ববিদ্যালয় সমসাময়িক ইওরোপের আইনবিদ্যা চর্চার কেন্দ্র হিসাবে খ্যাতিলাভ করে। সালেরনো বিশ্ববিদ্যালয় ছিল চিকিৎসা ও শারীরবিদ্যা-চর্চার প্রধান কেন্দ্র।

মনের উদারতা বৃদ্ধি করে, এমন সাতটি বিষয় (liberal arts) সম্পর্কেও মধ্যযুগে ছাত্রদের শিক্ষা দেওয়া হ'ত। এইগুলি হ'ল—ব্যাকরণ, ন্যায়শাস্ত্র, অলঙ্কারশাস্ত্র, জ্যামিতি, পাটীগণিত, সঙ্গীত ও জ্যোতির্বিদ্যা।

আলোচ্য সময়ে উচ্চশিক্ষিত ব্যক্তিদের মধ্যে ল্যাটিন ভাষা প্রচলিত ছিল। কিন্তু বিশুদ্ধ ল্যাটিন ভাষার সঙ্গে সাধারণ কথ্য ভাষাগুলি মিশে গিয়ে ফরাসী, স্পেনীয়, ইতালিয়ান প্রভৃতি আধুনিক ভাষার সৃষ্টি হয়। ঐসব ভাষায় রচিত লোক-সাহিত্য খুবই জনপ্রিয় হয়ে উঠেছিল। তার পরিচয় পাওয়া যায় ইতালীয় কবি দান্তে বিরচিত, 'ডিভাইন কমেডি', ফরাসী কাব্য 'রোমান্স অব দি রোজ', ইংরেজ কবি চসার-এর 'কেন্টারবেরী টেল্স্' প্রভৃতি গ্রন্থে।

স্মৃতি-সহায়

১. জার্মান উপজাতি ফ্রাঙ্কদের নেতা শার্লেম্যান অষ্টম শতাব্দীতে পশ্চিম ইওরোপে এক ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠন করেছিলেন।

২. তদানীন্তন পোপ তৃতীয় লিও শার্লেম্যানকে রাজমুকুট পরিয়ে দিয়ে 'রোমানদের সম্রাট' হিসাবে অভিবাদন করেন।

৩. পোপ শার্লেম্যানের মাথায় রাজমুকুট পরিয়ে অভিষেক করেছিলেন বলে পরবর্তীকালে পোপরা রাজার ওপর শ্রেষ্ঠত্ব দাবি করেন। এই সূত্রে চার্চ ও রাষ্ট্রের মধ্যে সংঘর্ষ শুরু হয়।

৪. শার্লেম্যান শিক্ষা-সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন। তাঁর আমলে তাই পশ্চিম ইওরোপে শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে এক নবযুগের সূচনা হয়েছিল।

৫. রোমান সাম্রাজ্যের পতনের পরে ইওরোপে যখন অরাজকতা ও বিশৃঙ্খলা দেখা দেয় সেই সময় সাধু-সন্তদের মঠগুলোই বিদ্যাচর্চা, শান্তি ও শৃঙ্খলাপূর্ণ জীবন যাপনের একমাত্র স্থান হয়ে উঠেছিল।

৬. মধ্যযুগের শেষ দিকে সন্ন্যাসীদের মধ্যে যখন দুর্নীতি ও আদর্শচ্যুতি দেখা দেয় তখন ক্লুনি-মঠের সন্ন্যাসীরা সংস্কার-আন্দোলনে নেমেছিলেন।

৭. খ্রীস্টীয় এগারো থেকে তেরো শতকের মধ্যে ইওরোপের বিভিন্ন জায়গায় বহু সংখ্যক বিশ্ববিদ্যালয়ের আবির্ভাব ঘটেছিল। এইগুলোর মধ্যে অক্সফোর্ড, কেম্ব্রিজ, প্যারী, হাইডেলবার্গ প্রভৃতি উল্লেখযোগ্য।

৮. মধ্যযুগে গড়ে ওঠা বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে এক একটি বিশেষ বিশেষ বিষয়ে অধ্যয়নের জন্য খ্যাতিলাভ করেছিল। সেই আমলের পণ্ডিত ব্যক্তিদের মধ্যে পিটার অ্যাবেলার্ড, টমাস এ্যাকুইনাস, রোজার বেকন প্রমুখের নাম বিশেষভাবে স্মরণীয়।

অনুশীলনী

১. শার্লেম্যান কে ছিলেন? তাঁর সম্পর্কে যা জান সংক্ষেপে লেখ।

২. শার্লেম্যান সত্যিই কি রোমান সাম্রাজ্যের পুনরভ্যুদয় ঘটিয়েছিলেন?

৩. কে শার্লেম্যান-এর মাথায় রাজমুকুট পরিয়েছিলেন? শার্লেম্যান-এর রাজ্যাভিষেকের গুরুত্ব কি?

৪. কেন পোপ শার্লেম্যানকে 'রোমান সম্রাট' পদে অভিষিক্ত করেন? শার্লেম্যানের সময় চার্চ ও রাষ্ট্রের মধ্যে কি রকম সম্পর্ক ছিল?

৫. শার্লেম্যানের বিদ্যোৎসাহিতার পরিচয় দাও।

৬. মধ্যযুগে সাধুসন্ন্যাসীদের মঠ গড়ে উঠেছিল কেন? মঠে সাধু-সন্ন্যাসীদের জীবনযাত্রার পরিচয় দাও।

৭. 'বেনিডিক্টের শপথ'গুলো কি কি? মধ্যযুগের মঠগুলির উপকারিতা কি ছিল?

৮. ক্লুনি-মঠ কোথায় অবস্থিত ছিল? ক্লুনি-মঠের সংস্কার-আন্দোলনের কাহিনী সংক্ষেপে বিবৃত কর।

৯. 'অভিষেক-সংক্রান্ত দ্বন্দ্ব' বলতে কি বোঝ তা সংক্ষেপে বিবৃত কর।

১০. কিভাবে মধ্যযুগে বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছিল? বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব কি?

১১. একাদশ ও দ্বাদশ শতাব্দীতে ইওরোপে যে বিদ্যোৎসাহিতা দেখা দিয়েছিল তার পরিচয় দাও।

১২. বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষক সম্পর্ক কিরূপ ছিল? কি কি বিষয়ে ছাত্রদের শিক্ষা দেওয়া হ'ত?

১৩. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও:

[ক] ফ্রাঙ্কদের রাজাদের মধ্যে যিনি সবচেয়ে শক্তিশালী ছিলেন তাঁহার নাম কি? [খ] রোল্যান্ড কে ছিলেন? [গ] ৮০০ খ্রীস্টাব্দে কা'র অভিষেক হয়? তিনি কি পদে অভিষিক্ত হন? [ঘ] কোন্ সময় থেকে চার্চ ও রাষ্ট্রের মধ্যে সংগ্রাম শুরু হয়েছিল? [ঙ] শার্লেম্যান কোথায় তাঁর রাজধানী প্রতিষ্ঠা করেন? বর্তমানে সেই জায়গার নাম কি? [চ] 'শার্লেম্যানের জীবনী'র রচয়িতা কে? [ছ] শার্লেম্যানের রাজসভার সভাপণ্ডিত কে ছিলেন? তিনি কোন্ দেশের মানুষ ছিলেন? [জ] 'মনাস্টারি' ও 'নানারি' কাকে বলে? [ঝ] বেনিডিক্ট কে ছিলেন? [ঞ] ক্লুনি-মঠের সন্ন্যাসীরা কি সংস্কার করতে চেয়েছিলেন? [ট] কনোসা'র ঘটনা কি? [ঠ] মধ্যযুগে ইওরোপের কয়েকটি বিশ্ববিদ্যালয়ের নাম কর। [ড] 'ইউনিভার্সিটি' কথাটির অর্থ কি? [ঢ] মধ্যযুগের কয়েকজন বিখ্যাত পণ্ডিতের নাম বল। [ণ] কাকে 'বিস্ময়কর পণ্ডিত' বলা হ'ত? [ত] 'ডিভাইন কমেডি'র প্রণেতার নাম বল।

১৪. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও:

[ক] ইনহার্ড কে ছিলেন? [খ] বাগদাদের কোন্ খলিফা শার্লেম্যানের রাজসভায় দূত পাঠিয়েছিলেন? সেই দূত কি উপহার সঙ্গে করে এনেছিলেন? [গ] পোপ তৃতীয় লিও কি কারণে শার্লেম্যানের কাছে কৃতজ্ঞ ছিলেন? [ঘ] পোপ কেন রোমান সম্রাটদের ওপর শ্রেষ্ঠত্ব দাবি করেছিলেন? [ঙ] শার্লেম্যান কিভাবে তাঁর রাজধানীর শোভাবর্ধন করেন? [চ] অ্যালকুইন কে ছিলেন? তিনি কি জন্য প্রসিদ্ধ? [ছ] শার্লেম্যানের বিদ্যানুরাগের পরিচয় দাও। [জ] ইওরোপের সাধু-সন্ন্যাসীদের যেমন মঠ ছিল আমাদের দেশে তেমন কিছু ছিল কি? [ঝ] মধ্যযুগের মঠগুলোর দু'টি উপকারিতার কথা উল্লেখ কর। [ঞ] ক্লুনি-মঠের সন্ন্যাসীরা সংস্কার-আন্দোলন শুরু করেছিলেন কেন তা বুঝিয়ে বল। [ট] পোপ সপ্তম গ্রেগরী জার্মানির সম্রাট চতুর্থ হেন্‌রীকে প্রেরিত ঘোষণাপত্রে কি বলেছিলেন? [ড] বিশ্ববিদ্যালয় আবির্ভাবের আগে ইওরোপে কি ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান প্রচলিত ছিল? [ঢ] অ্যাবেলার্ড কে ছিলেন? তাঁর সম্পর্কে কি জান? [ণ] মনের উদারতা বৃদ্ধির জন্য বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের কি শিক্ষা দেওয়া হ'ত? [ত] মধ্যযুগে কোন্ ধরনের সাহিত্য জনপ্রিয় ছিল? [থ] কিভাবে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা পড়াশুনা করত? [দ] বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সঙ্ঘকে কি বলা হ'ত?

১৫. নিম্নলিখিত বক্তব্যগুলোর মধ্যে কোন্‌টি ঠিক এবং কোন্‌টি ঠিক নয় তা যথাক্রমে (√) ও (X) চিহ্ন দিয়ে দেখাও:

[ক] দীর্ঘ রাজত্বের অনেকটা সময় শার্লেম্যান যুদ্ধ-বিগ্রহে কাটিয়েছিলেন ( )।

[খ] শার্লেম্যান পোপের মাথায় রাজমুকুট পরিয়ে দেন ( )।

[গ] শার্লেম্যান নিজে নিরক্ষর ছিলেন এবং বিদ্যাচর্চার প্রতি তাঁর কোনই আগ্রহ ছিল না ( )।

[ঘ] মঠের সাধু-সন্ন্যাসীরাই ছিলেন মধ্যযুগের একমাত্র শিক্ষিত ব্যক্তি ( )।

[ঙ] মধ্যযুগে ভ্রমণকারীরা মঠেই রাত্রিযাপন করতেন ( )।

[চ] সম্রাট চতুর্থ হেন্‌রী পোপের কাছে ক্ষমা প্রার্থনা করেন নি ( )।

[ছ] মধ্যযুগে আজকালকার মত পাঠ্য-পুস্তক তেমন পাওয়া যেত না ( )।

১৬. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর:—

[ক] শার্লেম্যান —— ধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। [খ] —— ছিলেন পবিত্র রোমান সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। [গ] শার্লেম্যানের মৃত্যুর পরবর্তী কালে রাষ্ট্র ও চার্চের মধ্যে সম্পর্ক —— হয়ে ওঠে। [ঘ] 'লম্বার্ডদের ইতিহাস' গ্রন্থের প্রণেতা ——শার্লেম্যানের রাজসভার সদস্য ছিলেন। [ঙ] —— গোষ্ঠীর সন্ন্যাসীরা ছিলেন সবচেয়ে প্রাচীন ও বিখ্যাত। [চ] —— সংস্কারকদের প্রভাবে যাজক সম্প্রদায়ের নৈতিক মান উন্নত হয়। [ছ] মঠ বা গীর্জার স্কুলগুলোই —— হয়ে বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়। [জ] বিখ্যাত 'সাম্মা' গ্রন্থের প্রণেতা ছিলেন ——।



সপ্তম অধ্যায় **মধ্যযুগে ইওরোপের জীবনযাত্রা ঃ সামন্ততন্ত্র**

ইওরোপের ইতিহাসের মধ্যযুগকে মোটামুটিভাবে অরাজকতার যুগ বলা যেতে পারে। বর্বর আক্রমণের ফলে পশ্চিম ইওরোপে তখন চরম বিশৃংখলা চলছিল। আভ্যন্তরীণ দুর্বলতার ফলে শাসন-ব্যবস্থা একেবারে অচল হয়ে পড়েছিল। ফ্রাঙ্ক-নেতা শার্লেম্যানের মত শক্তিশালী সম্রাটের রাজত্বকালে সাময়িকভাবে পশ্চিম ইওরোপে শান্তি-শৃংখলা ফিরে আসে, সুষ্ঠু শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হয়। কিন্তু শার্লেম্যানের পরবর্তী কালে আবার চারদিকে চরম বিশৃংখলা ও অরাজকতা দেখা দেয়। আইন-কানুন ও শাসন-বর্জিত সভ্যতার এই ভগ্নদশার যুগে কিভাবে সুশৃংখল সামন্ততন্ত্রের উদয় হয় তা লক্ষণীয় ব্যাপার।

(১) **সামন্ততন্ত্র ঃ মানুষের সঙ্গে মানুষের পারস্পরিক বন্ধন ঃ** মধ্য-যুগের মাঝামাঝি সময়ে, অথাৎ নবম শতাব্দীতে ইওরোপে বহিঃশত্রুর আক্রমণের ফলে চরম বিশৃংখলা চলতে থাকলে সাধারণ মানুষ, দরিদ্র কৃষক প্রভৃতির পক্ষে নিজেদের প্রাণ ও সম্পত্তি রক্ষা করা কঠিন হয়ে পড়ে। দুর্বল রাজাদের পক্ষে সেই আক্রমণ প্রতিহত করা সম্ভব হয়নি। এই চরম অবস্থায় সাধারণ মানুষ ও অন্যান্যরা নিজেদের প্রাণ ও সম্পত্তি রক্ষার জন্য স্থানীয় শক্তিশালী মানুষের শরণাপন্ন হয়। এই শক্তিশালী মানুষের শাসন তারা মেনে নেয় এবং তাঁকে 'প্রভু' বলে স্বীকার করে। এইসব শক্তিশালী মানুষেরা ছিলেন জমির মালিক। তাঁরা স্বাধীনভাবে নিজ নিজ এলাকায় রাজত্ব করতে থাকেন।

এঁদের বলা হ'ত 'সামন্ত' বা 'সামন্তপ্রভু'। সামন্তপ্রভুরা সেই সময় খুবই শক্তিশালী হয়ে ওঠেন এবং সমাজের প্রধান শক্তিতে পরিণত হন। সেইজন্যই মধ্যযুগের ইওরোপ, বিশেষতঃ নবম থেকে ত্রয়োদশ শতাব্দীকে 'সামন্ততন্ত্রের যুগ' বলা হয়।

'সামন্তপ্রথা' ছিল মধ্যযুগের শাসন, অর্থনীতি ও সমাজ-ব্যবস্থার ভিত্তি। প্রকৃত সামন্ততন্ত্রের বিকাশ পশ্চিম ইওরোপে ঘটলেও এশিয়া মহাদেশের চীন, ভারত প্রভৃতি দেশ এবং ইওরোপের অন্যত্রও সামন্ততন্ত্র বা সামন্তপ্রথা প্রচলিত ছিল। 'সামন্তপ্রথা' (feudalism) গড়ে ওঠে 'ফিউড' (feud), অর্থাৎ সর্তাধীনে জায়গীর প্রদানকে কেন্দ্র করে। 'ফিউড' থেকেই 'ফিউড্যাল' (feudal) শব্দের সৃষ্টি। 'ফিউড্যাল' কথাটির বাংলা অর্থ 'সামন্ত'। সামন্ত-ব্যবস্থায় জমিই ছিল শক্তির উৎস। কারণ ব্যবসা-বাণিজ্যের অভাবে জমিই তখন মানুষের একমাত্র সম্পদ হয়ে দাঁড়ায়।


সামন্তপ্রভুরা তাঁদের জমি ছোট ছোট অংশে উপ-সামন্তদের মধ্যে ভাগ করে দিতেন। জমি বিলি করবার সময় সামন্তপ্রভুরা উপ-সামন্তদের কাছ থেকে আনুগত্য ও বিশ্বস্ততার প্রতিশ্রুতি পেতেন। যেমন, প্রভুর প্রতি অনুগত থাকা, প্রভুর স্বার্থ রক্ষা করা, প্রভুর বিরুদ্ধে কোন ষড়যন্ত্রের আভাস পেলে তা উদ্ঘাটন করা প্রভৃতি। তাছাড়া প্রয়োজন দেখা দিলে প্রভুকে সৈন্য-সামন্ত, এমনকি টাকা-পয়সা পর্যন্ত দিয়ে সাহায্য করতে হ'ত।

এইভাবে সামন্তপ্রথার অন্যতম বৈশিষ্ট্য হ'ল সামন্তপ্রভুর প্রতি অধীনস্থ সামন্ত বা উপ-সামন্তের আনুগত্য। এই আনুগত্য সেই সময় সামাজিক মর্যাদা-হীনতার কারণ ছিল না। কারণ প্রত্যেকেই ছিল তার ওপরতলার সামন্তের আনুগত্যাধীন। সামন্ত ও উপ-সামন্তদের মধ্যে সম্পর্কের মূল ভিত্তিই ছিল এই আনুগত্য ও পারস্পরিক বন্ধন। তাহলে দেখা যাচ্ছে, সামন্তপ্রথায় মানুষ সরকারের প্রতি নয় ব্যক্তির প্রতি অনুগত ছিল।

(২) **সামন্ততন্ত্রী স্তরায়ণ** ঃ মধ্যযুগে ইওরোপের সামন্ততান্ত্রিক ব্যবস্থা ক্রমে ধাপে ধাপে গড়ে উঠে একটি সমাজ-ব্যবস্থায় পরিণত হয়। সামন্ত-সমাজে প্রত্যেকটি লোকেরই একটা নির্দিষ্ট স্থান ছিল।

সামন্ত-সমাজে রাজার স্থান ছিল সবচেয়ে উঁচুতে। আইনতঃ তিনিই ছিলেন সব জমির মালিক। তাঁর কাছ থেকে কতকগুলো সর্তে জায়গীর লাভ করত বেশ কিছু-সংখ্যক 'ডিউক' এবং 'অ্যার্ল'। ডিউক এবং অ্যার্লরা ছিলেন সরাসরিভাবে রাজার অধীন সামন্ত বা জায়গীরদার। ডিউক এবং অ্যার্লরা তাঁদের জায়গীরের একাংশ দিতেন উপ-সামন্তদের। এইসব উপ-সামন্তকে 'ব্যারন' বলা হ'ত। 'নাইট'রা আবার জায়গীর লাভ করতেন 'ব্যারন'দের কাছ থেকে। 'নাইট'রা ছিলেন সবচেয়ে নীচু স্তরের সামন্ত। 'নাইট'-দের অধীনে

কোন জায়গীরদার ছিল না। প্রসঙ্গতঃ উল্লেখ্য, কোন জায়গীরদার বা সামন্ত'র জমির ওপর ব্যক্তিগত মালিকানা ছিল না—তিনি তাঁর ওপর তলার প্রভুর হয়ে জমি ভোগ-দখল করতেন। সামন্তদের প্রত্যেকেই ছিলেন তাঁর ওপর তলার প্রভুর অনুগত এবং তিনি অন্য কারোরই কর্তৃত্ব স্বীকার করতেন না। এইভাবে ইওরোপে সেই যুগে রাজা থেকে শুরু করে 'নাইট' পর্যন্ত এক সামন্ত সম্পর্কের জাল ছেয়ে ফেলেছিল। আর সমাজের সবচেয়ে নীচু ধাপে ছিল কৃষকেরা। সামন্তদের প্রত্যেকেই—সামন্তপ্রভুই হোক, আর উপ-সামন্তই হোক—সবাই কৃষকদের পরিশ্রমের ওপর বেঁচে থাকতেন।



সামন্ততন্ত্রী স্তরায়ন : 1. রাজা 2. ডিউক এবং অ্যার্ল 3. ব্যারন 4. নাইট 5. কৃষক, ভূমিদাস ইত্যাদি

ক্রমে সামন্ত-সমাজ বংশানুক্রমিক হয়ে পড়ে। কোন সামন্তপ্রভুর মৃত্যুর পরে তাঁর জ্যেষ্ঠ পুত্রই সামন্তপ্রভু হতেন। সমাজের সব ক'টি ধাপই বংশানুক্রমিক হয়ে পড়ে। অর্থাৎ 'ডিউক'-এর পুত্র 'ডিউক', 'ব্যারন'-এর পুত্র 'ব্যারণ' আর কৃষকের পুত্র-প্রপৌত্র কৃষক। সমাজের এই কাঠামো থেকে বেরিয়ে আসবার কোন উপায় ছিল না।

সামন্ত সমাজ-ব্যবস্থার এই বৈশিষ্ট্যের সঙ্গে আমাদের দেশে প্রচলিত জাতিভেদ-প্রথার যথেষ্ট মিল আছে। আমাদের দেশে যেমন ব্রাহ্মণের পুত্র

ব্রাহ্মণ বা কায়স্থের পুত্র কায়স্থ হন, তেমনি মধ্যযুগে ইওরোপে একজন **'ব্যারন'**-এর পুত্র 'ব্যারন' এবং 'ডিউক'-এর পুত্র 'ডিউক'ই হতেন।

(৩) **সরকারী ক্ষমতার ব্যক্তিক অধিকরণ ঃ** প্রত্যেক সামন্তপ্রভু তাঁর জমিদারী এলাকা বা জায়গীরের সবচেয়ে ক্ষমতাশালী ব্যক্তি ছিলেন। তাঁর নিজস্ব সৈন্য-সামন্ত থাকত। তাঁর জায়গীরে বসবাসকারী কৃষক ও কারিগরের কাছ থেকে তিনি ফসলের একাংশ ও কর নিয়মিতভাবে আদায় করতেন। তাঁর জায়গীরে বসবাসকারী ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ উঠলে তিনি তার বিচার করতেন এবং দোষী সাব্যস্ত হলে তাকে শাস্তি দিতেন। অর্থাৎ সামন্তপ্রভুরা যে কেবল নিজ নিজ জায়গীরের সর্বময় কর্তাই ছিলেন তা নয়, তাঁরা সরকারী ক্ষমতাকে নিজের হাতে নিয়ে নিয়েছিলেন। কর আদায় করা, সৈন্য-সামন্ত রাখা প্রভৃতি রাজার কর্তব্যকাজগুলো সামন্তপ্রভুরাই সম্পাদন করতে থাকেন। কারণ, সেই সময় অনেক দুর্বল রাজা শাসনের লাগাম আর ধরে রাখতে না পেরে স্বেচ্ছায়ই সামন্তপ্রভু, অর্থাৎ অপর ব্যক্তির ওপর সেই দায়িত্ব অর্পণ করতেন। আবার অনেক ক্ষেত্রে দেখা যেত, কোন অঞ্চলে যখন বহিঃশত্রুর আক্রমণ দেখা দিয়েছে, বিশৃঙ্খলা ও অরাজকতা চলছে তখন কোন কোন সুযোগ সন্ধানী সামন্তপ্রভু স্থানীয় নিরাপত্তার অজুহাতে সরকারী ক্ষমতা হস্তগত করেছেন।

সামন্তপ্রভুরা যেভাবেই সরকারী ক্ষমতা দখল করুন না কেন, এর ফল ছিল সুদূর প্রসারী। সরকারী ক্ষমতা অধিকরণের দরুণ সামন্তপ্রভুদের ক্ষমতা ও প্রভাব-প্রতিপত্তি এতই বেড়ে গিয়েছিল যে তাঁরা রাজাকে অবজ্ঞা করতে থাকে এবং রাজার আদেশ মানতে অস্বীকার করে। আবার সামন্তপ্রভুদের নিজেদের মধ্যেও কোন সহযোগিতা ছিল না। এর পরিণতি হিসাবে ইওরোপে কোন ঐক্যবন্ধ রাজ্য গড়ে উঠতে পারেনি। দেশের শাসন-ব্যবস্থার মধ্যেও কোন সমতা বা একতা ছিল না। ইওরোপের সর্বত্র তখন ঐক্যবন্ধ কেন্দ্রীয় শক্তির পরিবর্তে সামন্তপ্রভুদের নেতৃত্বে দেশ জুড়ে যেন অসংখ্য স্থানীয় সরকারের সৃষ্টি হয়েছিল। অর্থাৎ ব্যক্তিগত সম্পত্তির মত সরকারী ক্ষমতাও যেন সামন্তপ্রভুদের ব্যক্তিগত সম্পত্তিতে পরিণত হয়েছিল।

(৪) **মধ্যযুগের দুর্গ ও বর্মসজ্জিত অশ্বারোহীঃ ইওরোপকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে দুইয়ের ভূমিকা ঃ** তোমাদের আগেই বলেছি যে সামন্ততন্ত্রের উৎপত্তি হয়েছিল নিরাপত্তার অভাব থেকে। অর্থাৎ অসহায় সাধারণ মানুষ, কৃষক, কারিগর প্রভৃতি নিজেদের প্রাণ ও সম্পত্তি রক্ষার জন্য কতকগুলি সর্ত সাপেক্ষে বড় বড় জমিদারের শরণাপন্ন হ'ত; এবং তা থেকেই ক্রমে সামন্ততন্ত্রের উৎপত্তি হয়। অনুরূপভাবে এই নিরাপত্তার অভাব থেকেই মধ্যযুগে সামন্তপ্রভুদের দুর্গ বা 'ক্যাসেল' গড়ে ওঠে।

মধ্যযুগে পশ্চিম ইওরোপে যখন হানাহানি চলছে তখন সামন্তপ্রভুরা ছোট ছোট পাহাড়ের ওপর দুর্গ বানিয়ে বসবাস করতে থাকেন। দুর্গগুলো সাধারণতঃ কোন ছোট নদীর পাশে পাহাড়ের ওপর তৈরী করা হ'ত যাতে কেউ



সামন্তযুগের দুর্গ ('ক্যাসেল')

সহজে তা আক্রমণ করতে না পারে। তাছাড়া দুর্গের চারপাশে পাঁচিল তুলে তাকে আরও সংরক্ষিত করা হ'ত। দুর্গ থেকে বাইরে যেতে হলে একটা ঝোলানো সেতু পার হতে হ'ত। প্রয়োজন হলে সেতুটিকে গুটিয়েও ফেলা যেত। শত্রুর আক্রমণের আঁচ পেলেই সামন্তপ্রভুর সৈন্যেরা অস্ত্র-শস্ত্র নিয়ে প্রস্তুত হয়ে পাঁচিলের ধারে দাঁড়িয়ে পড়ত আক্রমণকারীদের আটকাবে বলে। সামন্তপ্রভু-

দের আবার বর্মসজ্জিত অশ্বারোহী বাহিনী থাকত। অশ্বারোহীদের সর্বদাই যুদ্ধের জন্য তালিম দেওয়া হ'ত এবং তাঁদের নিয়মানুবর্তিতা শেখান হ'ত।

মধ্যযুগের দুর্গগুলো ছিল সামন্তপ্রভুদের শক্তির প্রতীক। 'দুর্গ যেন কৃষকদের সব সময় মনে করিয়ে দিত, তাঁদের প্রভু কত শক্তিশালী ও ভয়ঙ্কর। তাই কৃষকেরা দুর্গের চূড়া থেকে নীচ পর্যন্ত প্রতিটি ইটকে ঘৃণা করত। তবে একথা মানতেই হবে যে মধ্যযুগের দুর্গগুলো বহিঃশত্রুর আক্রমণ থেকে ইও-রোপকে রক্ষা করতে অনেকখানি সাহায্য করেছিল। শ্লাভ, ম্যাগিয়ার প্রভৃতি বহিঃশত্রুর আক্রমণের সময় ঐ দুর্গগুলো ছিল মানুষের আশ্রয়-কেন্দ্র। দুর্ভেদ্য দুর্গগুলোকে আক্রমণকারীরা সহজে ধ্বংস করতে পারত না। আবার তাদের পক্ষে দীর্ঘদিন দুর্গের বাইরে বসে থেকে দুর্গের ভেতরকার মানুষকে হাতে না মেরে ভাতে মারাও সম্ভব ছিল না। এইভাবে মধ্যযুগের দুর্গগুলো মানুষের উপকারে এসেছিল।

বহিঃশত্রুর আক্রমণ ঠেকাতে কেবল মধ্যযুগের দুর্গই নয়, সামন্তপ্রভুদের বর্মসজ্জিত অশ্বারোহীরাও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। ম্যাগিয়ার ও মুসলিম আক্রমণকারীরা ঘোড়ার পিঠে চড়ে সহজেই যাতায়াত করতে পারত, আবার আক্রমণও চালাতে পারত। এমতাবস্থায় সামন্তপ্রভুদের বর্মসজ্জিত অশ্বারোহীরাই কেবল এইসব শত্রুর মোকাবিলা করতে সমর্থ হয়। সংখ্যায় অল্প থাকায় অশ্বারোহীরা সব সময় শত্রুর আক্রমণ প্রতিহত করতে না পারলেও তারা নিঃসন্দেহে আক্রমণকারীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেছিল।

(৫) **সামন্ত যুগের ভাবাদর্শ : সামন্ত-জীবন :** মধ্যযুগে ইউরোপে সামন্ত-ব্যবস্থা যে আদর্শকে ভিত্তি করে গড়ে উঠেছিল তা হ'ল—প্রভুর প্রতি কর্তব্য ও আনুগত্য। এই ব্যবস্থায় সমতা বা স্বাধীনভাবে চিন্তা করার কোন সুযোগই মানুষের ছিল না। চিন্তায়, কাজ-কর্মে ও আচার-আচরণে প্রচলিত রীতি-নীতি মেনে চলাই ছিল নিয়ম। সত্যকে খুঁজে বের করার চেষ্টা, কোন কিছুতে সন্দেহ পোষণ বা তা প্রকাশ করার চেষ্টা ছিল ধর্মদ্রোহিতা ও রীতি-বিরুদ্ধ। যদি কেউ কোন নতুন কথা বলতে চাইত তা হ'লে সবাই মনে করত, তাঁর কোন বদ মতলব আছে, তা না হ'লে সে কেন চলতি জিনিসের বিরোধিতা করছে? এইভাবে মধ্যযুগে সামন্তপ্রথা একটা স্থির, শৃঙ্খলাবদ্ধ ও অপরি-বর্তনীয় জগতের সৃষ্টি করেছিল।

মধ্যযুগীয় ইওরোপে সামন্ত-জীবন বলতে স্বাধীন বংশানুক্রমিক ভূস্বামী-দের জীবনযাত্রা পদ্ধতিই বোঝাত। সামন্তপ্রভু ও তাঁর অনুগত সামন্ত বা উপ-সামন্ত—সবাই ছিলেন এক অভিজাত গোষ্ঠীর মানুষ এবং সমাজের এক বিশিষ্ট শ্রেণী। এই সমাজে যাঁরাই জন্মগ্রহণ করতেন তাঁরাই ছিলেন সাধারণ মানুষ থেকে সম্পূর্ণ পৃথক এক গোষ্ঠী। এই সামন্তগোষ্ঠীই ছিল শাসন-

কার্য পরিচালনা ও সৈন্যবাহিনীর নেতৃত্ব করবার একমাত্র অধিকারী। অবশ্য এইসব কাজের বিনিময়ে তাঁরা করমুক্ত জমি ভোগ-দখল করতেন। গীর্জার উচ্চপদেও এই সামন্তগোষ্ঠীর মানুষ ছাড়া অন্য কাউকে নিয়োগ করা হ'ত না।

সামন্তগোষ্ঠীর মানুষের কাজের মধ্যে ছিল যুদ্ধ-বিগ্রহ করা এবং পানভোজন করা। এইসব ছাড়া খাদ্য-উৎপাদন বা অন্য কোন কাজ করার কথা তারা চিন্তাও করতে পারত না। আমোদ-আহ্লাদ বলতে তারা শিকার করা, নিজেদের মধ্যে ঠাট্টা-বিদ্রূপ করা বা ঘোড়ার পিঠে চড়ে দ্বন্দ্বযুদ্ধ করা বুঝত।

সামন্ত-বংশের যুবকদের অভিজাত হিসাবে উপযুক্ত করে গড়ে তোলার জন্য ছোটবেলা থেকেই তালিম দেওয়া হ'ত। কিভাবে ঘোড়ার পিঠে চড়ে যুদ্ধ করতে হয়, কিভাবে নিম্নশ্রেণীর মানুষকে শাসন করতে হয়, প্রভুর প্রতি কি ধরনের কর্তব্য পালন করতে হয়—এইসব বিষয়ে শিক্ষা দেবার জন্য মধ্যযুগে যে ব্যবস্থা ছিল তা থেকেই 'শিভলারি' বা বীরধর্মের উৎপত্তি।

(৬) **বীরধর্ম (শিভালরি) ঃ চারণ-কবি (ত্রুবেদর) ঃ** সামন্তযুগের অন্যতম প্রধান বৈশিষ্ট্যই হ'ল, বর্মসজ্জিত ঘোড়ার পিঠে চড়ে লড়াই করা। অশ্বারোহী নিজেও বর্মসজ্জিত থাকত। শুনলে অবাক হবে, সেই আমলে



মধ্যযুগের একজন 'নাইট'

অভিজাত সম্প্রদায়ের প্রধান কাজই ছিল লড়াই করা। যখন যুদ্ধ-বিগ্রহ চলত তখন তাঁদের আনন্দ হ'ত লড়াই করবে বলে, আর শান্তির সময় তাঁরা নিজেদের মধ্যে প্রীতিমূলক 'লড়াই বা দ্বন্দ্বযুদ্ধে অবতীর্ণ হ'ত। অভিজাত সম্প্রদায়ের লোকেরাই কেবল ঘোড়ার পিঠে চড়ে লড়াই করত, অন্য কেউ নয়। বর্মসজ্জিত হয়ে ঘোড়ার পিঠে চড়ে যারা লড়াই করত তাঁদের 'নাইট' বলা হ'ত।

'নাইট' হতে গেলে ছেলেবেলা থেকেই কতকগুলো আচার-আচরণ ও নিয়ম-কানুন শিখতে হ'ত। অভিজাত বংশের প্রায় সব ছেলেরাই 'নাইট' হবার জন্য তালিম নিত। সাত বছর বয়স হলেই ছেলেকে কোন না কোন নাম করা সামন্ত-প্রভুর 'ক্যাসেল' বা দুর্গে পাঠিয়ে দেওয়া হ'ত। এইসব 'ক্যাসেল' সেই আমলে যেন শিক্ষানবীশ 'নাইট'দের তালিম দেবার শিক্ষণ-কেন্দ্রে পরিণত হয়েছিল। যাই হোক, সাত থেকে চৌদ্দ বছর বয়স পর্যন্ত বালকটি দুর্গের ভেতরে থেকে ঘোড়ায় চড়া, ঘোড়ার যত্ন নেওয়া প্রভৃতি শিখত। তখন তাঁকে বলা হ'ত 'পেজ' বা বালকভৃত্য। তারপর চৌদ্দ থেকে একুশ বছর পর্যন্ত সে প্রভুর একজন 'নাইট'-এর সঙ্গে সহযোগী হিসাবে যুদ্ধ করতে যেত এবং কিভাবে ঘোড়ায় চড়ে যুদ্ধ করতে হয় তা শিখত। এই সাত বছর তাঁকে বলত 'এস্কোয়ার'। একুশ-বছর বয়সে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে সে 'নাইট' উপাধি লাভ করত। সারা দিন-রাত্রি উপোস থেকে পরের দিন সকালবেলা নতজানু হয়ে সে 'নাইট'-দের কর্তব্য পালনের শপথ নিত এবং তখনই সামন্তপ্রভু 'এস্কোয়ার'কে 'নাইট' উপাধি দান করতেন।

'নাইট'দের খুব উচ্চ আদর্শ ও কতকগুলো নিয়ম-কানুন আবশ্যিকভাবে পালন করতে হ'ত। এই আদর্শগুলো হ'ল ঃ সর্বদা সাহসের সঙ্গে লড়াই করতে হবে—কোন ছল-চাতুরীর দ্বারা যুদ্ধে জয়ী হওয়া থেকে বিরত থাকতে হবে; স্ত্রীলোকের প্রতি সম্মান দেখাতে হবে এবং তাঁদের প্রতি সর্বদা ভদ্র ব্যবহার করতে হবে; প্রয়োজন হলে স্ত্রীলোকের সম্মান রক্ষার জন্য লড়াই করতে হবে প্রভৃতি। 'নাইট'রা কেবল 'নাইট'দের সঙ্গেই লড়াই করবে—অন্য কারো সঙ্গে নয়। সাধারণ মানুষকে 'নাইট'রা আঘাত করতে পারে, কিন্তু তাদের সঙ্গে লড়াই করতে পারত না। এইসব সদ্গুণ ও আদর্শকে এককথায় 'বীরধর্ম' (ইংরেজীতে 'শিভালরি') বলা হয়। আর যিনি এইসব গুণাবলী ও আদর্শ মেনে চলেন তিনি হলেন 'বীরপুরুষ' (ইংরেজীতে 'শিভলরাস্')।

মধ্যযুগ ছিল বীরপূজার যুগ। সেই আমলে 'নাইট'দের বীরত্ব সম্পর্কে চারণ-কবিরা নানা কাল্পনিক কাহিনী ও গান রচনা করতেন। চারণ-কবিরা ফ্রান্সে 'ত্রুবেদর' এবং জার্মানিতে 'মিনেসিংগার' নামে পরিচিত ছিলেন। চারণ কবিরা রাজা আর্থার, রবিন হুড, 'রোলাঁ প্রমুখ বীরের বীরত্ব সম্পর্কে গান ও কবিতা রচনা করে বাজনা সহযোগে ঘুরে ঘুরে গাইতেন। সাধারণ মানুষ এই-

সব গান ও কবিতা আগ্রহভরে শুনত। প্রসঙ্গতঃ উল্লেখ্য, আমাদের দেশে রাজপুত বীরদের সম্পর্কেও অনুরূপ কাহিনী ও গান প্রচলিত ছিল।

ক্রমে চারণ-কবিরা ইওরোপের সর্বত্র জনপ্রিয়তা অর্জন করেন এবং তাঁদের অনেক সম্প্রদায় গড়ে ওঠে। 'ত্রুবেদর'দের রচিত গানের ছড়া ইউরোপের বিভিন্ন দেশে মাতৃভাষা বিকাশের পথ সুগম করে তুলেছিল।

(৭) **সামন্ত অর্থনীতি : ম্যানর বা মৌজা :** সামন্ত অর্থনীতি ছিল কৃষিনির্ভর, গ্রাম ভিত্তিক। মধ্যযুগে জনপদগুলো গড়ে উঠত এক একটি 'ম্যানর' বা মৌজাকে কেন্দ্র করে। প্রত্যেক 'ম্যানর'-এর একজন সামন্তপ্রভু বা ভূস্বামী থাকতেন। ভূস্বামীর এলাকাভুক্ত অঞ্চলকেই 'ম্যানর' বলা হ'ত। ম্যানরের মাঝখানে থাকত ভূস্বামীর বাড়ী বা 'ম্যানর হাউস'। সেখানে তিনি বসবাস করতেন। অনেক সময় একজন ভূস্বামীর অনেকগুলো ম্যানর থাকত, সেই ক্ষেত্রে তিনি এক একটি 'ম্যানর হাউস'-এ এক এক সময় এসে বসবাস করতেন।

'ম্যানর হাউস'-এর চারপাশে ফল, ফুল ও সব্জীর বাগান থাকত। তাছাড়া ম্যানরে গোয়াল, আস্তাবল প্রভৃতি থাকত। এক পাশে কৃষকদের থাকবার ছোট ছোট কুটির, তার কিছু দূরে গোচারণভূমি ; ম্যানরের উত্তর দিকে ছোট ছোট ফালিতে বিভক্ত কৃষিজমি। কৃষকদের এক এক ফালি করে জমি চাষের জন্য দেওয়া হ'ত। কৃষকের জমির সঙ্গে আবার ভূস্বামীর খাস জমিও থাকত। কৃষি জমির সবটা একই সঙ্গে চাষ করা হ'ত না, খানিকটা জমি সব সময়ই পতিত থাকত। সেই সময় মানুষের ধারণা ছিল, খানিকটা জমি পতিত রাখলে চারপাশের চাষের জমিতে ফসল ভাল হয়। সাধারণত চাষের জমিকে তিন ভাগে ভাগ করা হ'ত। এক অংশে শরৎকালে বীজ বপন করা হ'ত, অপর অংশে বসন্তকালে, আর তৃতীয় অংশ থাকত পতিত। ঘুরিয়ে ফিরিয়ে এই তিনটি অংশকে ব্যবহার করা হ'ত। ক্রমে অবশ্য এই পদ্ধতির পরিবর্তন ঘটেছিল।

সামন্ত অর্থনীতি ছিল 'সরল অর্থনীতি'। প্রত্যেকটি ম্যানর ছিল স্বপর্যাপ্ত ও স্বাবলম্বী। ম্যানরে যারা থাকত তাদের প্রয়োজনীয় জিনিস নিজেরাই উৎপন্ন বা তৈরী করত। তবে ধাতুর তৈরী বিশেষ কোন জিনিস, লবণ বা ঐ ধরনের কিছু দরকার হলে ম্যানরের বাইরে থেকে তা কিনে আনতে হ'ত। ম্যানরে বসবাসকারী সবাই—সে ভূস্বামীই হোক আর কৃষকই হোক—বাইরে থেকে আমদানী করা জিনিস খুব কমই ব্যবহার করত। সামন্তযুগে ব্যবসা-বাণিজ্য কম থাকায় টাকার লেন-দেন প্রায় হ'তই না। এই ধরনের অর্থনৈতিক কাঠামোকেই 'সরল অর্থনীতি' বলা হয়।

ম্যানরের সুবিস্তৃত এলাকার মধ্যে ভূস্বামী বা সামন্তপ্রভু একজন সার্বভৌম অধিপতি ছিলেন। সামন্তযুগে ম্যানরগুলি ছিল অনেকটা স্থানীয়


সরকারের মত। কৃষককে সব সময় আজ্ঞাধীন রাখার জন্য ভূস্বামীর সশস্ত্র বাহিনী থাকত। ভূস্বামী নিজেই ছিলেন একাধারে বিচারক ও শাসক। শাসক হিসাবে তিনি ম্যানরের কাজ ঠিকমত চলছে কিনা, কৃষকরা তাঁর খাস-জমি আবাদ করছে কিনা প্রভৃতির ওপর নজর রাখতেন। আবার বিচারক হিসাবে তিনি ম্যানরে বসবাসকারী মানুষের নানা অভিযোগের বিচার করতেন।

প্রত্যেক ম্যানরে একটি করে বিচার-সভা থাকত। 'ম্যানর-হাউস'-এ সেই বিচার-সভা বসত। অনেক সময় আবার গীর্জা বা গাছের নীচে বসেও বিচার-সভা কাজ চালাতো। স্থানীয় নিয়ম অনুসারে কোন্ অপরাধে কি ধরনের শাস্তি দেওয়া হয় তা জেনে নিয়ে অনুরূপ অপরাধের বিচার করা হ'ত। জরিমানা হিসাবে কৃষকের কাছ থেকে যা আদায় করা হ'ত তার সবটুকুই ছিল ম্যানরের মালিকের রোজগার।

ম্যানরে বিচার-সংক্রান্ত নিয়ম-কানুন নথিভুক্ত করবার রীতি প্রচলিত ছিল, যাতে পরবর্তী সময়ে বিচারকার্য নিষ্পন্ন করতে সুবিধে হয়। এইসব নথিপত্র থেকে সমসাময়িক কৃষক জীবনের নানা কথা জানা যায়।

(৮) **কৃষকদের অবস্থা ঃ** সামন্তযুগে কৃষকই ছিল সমাজের প্রধান উৎপাদক শ্রেণী। সেই যুগে সর্বত্র কৃষকরা খুব সাদাসিধে ধরনের জীবন যাপন করত। সেই আমলের কৃষকরা মান্ধাতার আমলের কৃষি-সরঞ্জাম দিয়ে জমি চাষ করত বলে কৃষি-উৎপাদন ছিল খুবই নিম্নস্তরের। টুকরো টুকরো জমিতে চাষ করা ছিল সামন্তযুগের বৈশিষ্ট্য। এই অবস্থায় জমির অপচয় ঘটত, ফসলের পরিমাণও কম হ'ত। কৃষকদের পক্ষে বীজ বোনা বা ফসল কাটা কোনটাই ঠিক সময় করা সম্ভবপর হ'ত না, কারণ তাদের ম্যানরের মালিক, অর্থাৎ সামন্তপ্রভুর খাস জমির কাজ করতে হ'ত বাধ্যতামূলকভাবে। এর জন্য তারা কোন পারিশ্রমিক পেত না। আবার প্রচণ্ড পরিশ্রম করে কৃষক নিজের জমিতে যে ফসল ফলাত তার বেশীভাগটাই চলে যেত মনিবের ঘরে কর বাবদ। যে বছর খুব ভাল ফসল হ'ত তখনও একজন কৃষকের সারা বছরের খাবারের সংস্থান থাকত না, বাড়তি তো দূরের কথা। তাছাড়া অনুন্নত কৃষি-ব্যবস্থার দরুন সামন্তযুগে প্রায়শঃই দুর্ভিক্ষ লেগে থাকত। আবার দুর্ভিক্ষের সঙ্গে মহামারী দেখা দিত ; প্লেগ ও অন্যান্য সংক্রামক রোগে গ্রামের পর গ্রাম উজাড় হয়ে যেত।

সামন্তযুগে কৃষকদের বাধ্যতামূলকভাবে মনিবের জন্য খাটতে হ'ত। একে বলত 'কর্ভি'। 'কর্ভি' বলতে বোঝায় মনিবের খাস জমিতে বিনা পারিশ্রমিকে চাষ করা, মনিবের পশু চরানো, রাস্তাঘাট বা পুল নির্মাণ প্রভৃতি করা। মনিব কৃষকের অপরাধের বিচার করত এবং তার কাছ থেকে জরিমানা আদায় করত। তাছাড়া ফসলের একাংশ তো মনিবের প্রাপ্য ছিলই। আবার বে-আইনী-



'ম্যানর' বা মৌজার একটি নক্সা
1. মানব-হাউজ 2. শরৎকালে চাষের জমি 3. পতিত-জমি 4· বসন্তকালে চাষের জমি 5. কৃষকদের কুটির

ভাবে আদায়ও নিতান্ত কম ছিল না। মনিব যখন সাঙ্গোপাঙ্গ নিয়ে ভ্রমণে বা শিকার করতে বেরুতেন তখন তাঁদের খাবার-দাবারের ব্যবস্থা কৃষকদেরই করতে হ'ত। এমনকি, শিকার করতে গিয়ে কৃষকের ফসল নষ্ট হলেও তাকে চুপ করে তা সহ্য করতে হ'ত, কোন কিছু করবার ছিল না। এক কথায় বলতে গেলে, সামন্তপ্রভু, অর্থাৎ মনিবের অত্যাচারের বিরুদ্ধে কৃষকদের আত্মরক্ষার কোন উপায় ছিল না।

জমিদারকে খুসী করবার পর কৃষকদের আবার খুসী করতে হ'ত পাদ্রী-দের। চার্চ কৃষকদের কাছ থেকে গীর্জার ব্যয়-নির্বাহের জন্য উৎপন্ন ফসলের এক-দশমাংশ আদায় করত। তাছাড়া চার্চের সমস্ত ক্রিয়াকাণ্ড ও অনুষ্ঠানের ব্যয়ভারের অংশও কৃষকদের বহন করতে হ'ত। এইভাবে কৃষকেরা তাদের ফসলের এক বিরাট অংশ ভূস্বামী ও গীর্জার পাদ্রীদের দিয়ে দেবার ফলে নিজেদের ভরণ-পোষণের জন্য যা থাকত তা যৎসামান্য।

প্রত্যেক ম্যানরে কয়েকটি করে গ্রাম থাকত। এক একটি গ্রামে পঞ্চাশ বা ষাটটি কৃষক পরিবার বসবাস করত। গ্রাম্য জীবন ছিল একঘেয়ে এবং গ্রামের মধ্যেই তা সীমাবদ্ধ ছিল। কৃষকদের ঘরগুলোতে ছিল খড়ের চাল, মাটির মেঝে ও দেওয়াল। ঘরের মাঝখানে একটি গর্তে আগুন জ্বালিয়ে ঘরটিকে গরম রাখা হ'ত। সাধারণতঃ সন্ধ্যেবেলা কৃষকেরা শুয়ে পড়ত এবং ভোরে উঠে কাজ করতে যেত। কৃষকদের প্রত্যেকেরই তরিতরকারি ফলাবার জায়গা থাকত। শাক-সব্জি খেয়ে জীবন কাটত, মাছ-মাংস তাদের ভাগ্যে জুটত কমই। কৃষকদের পক্ষে মোরগ বা অন্য কোন পাখীর মাংস অথবা সাদা রুটি খাওয়া একেবারেই চলত না, কারণ এইসব ছিল একমাত্র অভিজাত ভূস্বামীদেরই খাদ্য। এইভাবে সামন্তযুগে কৃষকেরা অত্যন্ত দুঃখপূর্ণ জীবন যাপন করত।

(৯) **'ক্যাসেল' বা সংরক্ষিত দুর্গে জমিদারী জীবন ঃ সামাজিক সম্প্রদায়গুলি ঃ** সামন্তপ্রভুরা সংরক্ষিত দুর্গে বসবাস করতেন। সংরক্ষিত দুর্গকে ইংরেজীতে 'ক্যাসেল' বলা হয়। ক্যাসেল ছিল সামন্তপ্রভুদের বসতবাড়ী ও জমিদারী দপ্তর। সামন্তপ্রভু ও তাঁর কর্মচারীরা ক্যাসেল-এ বসে জমি-দারীর সব কাজকর্ম দেখাশুনা করতেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য, সামন্তপ্রভুদের সবাই যে ক্যাসেল তৈরী করাতেন এমন নয়, কেবল বিত্তশালী সামন্তপ্রভুদেরই 'ক্যাসেল' থাকত, অন্যরা থাকতেন 'ম্যানর-হাউস'-এ।

দুর্গগুলো সাধারণতঃ পাথরের তৈরী হ'ত। ভেতরকার ঘরগুলোর দেওয়ালে নক্সা আঁকা থাকত। কিন্তু ঘরগুলোতে আলো কম ঢুকত বলে সব-সময়ই থাকত একটা অন্ধকার ও থমথমে ভাব। তোমাদের আগেই বলেছি, দুর্গ-গুলো সেই এলাকার সবচেয়ে ভাল এবং সংরক্ষিত এলাকায় নির্মাণ করা হ'ত।

আশেপাশের দরিদ্র কৃষকদের জীর্ণ কুটিরগুলোর পাশে ত্রি-তল বিশিষ্ট ক্যাস্‌ল সামন্তপ্রভুদের ঐশ্বর্য ও বিলাসিতার প্রতীক ছিল।

ক্যাসেল-এর মধ্যে সবাইকে কর্মব্যস্ততার মধ্যে দিন কাটাতে হ'ত। সামন্ত-প্রভুর কর্মচারীরা সর্বদা ব্যস্ত থাকতেন জমিদারী রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কাজ-কর্ম নিয়ে। এমনকি, সামন্তপ্রভুর স্ত্রীকেও দুর্গের ভেতরে নানা কাজে ব্যস্ত থাকতে হ'ত। সেই আমলে ডাক্তার বা শুশ্রূষাকারীর সংখ্যা খুব কম থাকায় সামন্তপ্রভুর স্ত্রী ডাক্তার ও শুশ্রূষাকারিণী, দুইয়েরই কাজ করতেন। তিনি জমিদারী এলাকায় বা মৌজায় কেউ অসুস্থ হয়ে পড়লে তাকে দেখাশুনা করতেন। এইসব কাজ ছাড়া তাঁকে অতিথি-আপ্যায়ন করতে হ'ত।

'ক্যাসেল'-এর ভেতরকার জীবন জাঁকজমক ও আড়ম্বরপূর্ণ না হলেও সেখানে আমোদ-প্রমোদের অভাব ছিল না। খাবার-দাবারের প্রাচুর্য থাকলেও সব সময় ভূরি-ভোজনের ব্যবস্থা হ'ত না। তবে মাঝে মাঝে দুর্গে ভোজের আয়োজন হ'ত তার সঙ্গে চলত হাস্য-কৌতুক, নাচ-গান প্রভৃতি। সেই যুগে পরিষ্কার-পরিচ্ছন্নভাবে খাওয়ার রেওয়াজ ছিল না। সবাই মিলে একসঙ্গে বসে প্রচুর খাবার হাত দিয়ে মেখে খাওয়ার রীতি ছিল। পরবর্তী কালে, অর্থাৎ একাদশ শতাব্দীতে ইওরোপে ছুরি-কাঁটার সাহায্যে খাওয়ার রীতি প্রচলিত হয়।

সামন্তযুগের সমাজ তিনটি সুস্পষ্ট শ্রেণীতে বিভক্ত ছিল যেমন : যাজক সম্প্রদায়, অভিজাত সম্প্রদায় এবং নিম্ন সম্প্রদায়ের মানুষ। যাজক সম্প্রদায় বলতে সেই আমলে কেবল উচ্চ যাজকদেরই বোঝাত। তাঁরা বিলাসপূর্ণ জীবন যাপন করতেন ; এবং তাঁরা সাধারণতঃ বিরাট ধনী, অত্যাচারী ও দুর্নীতি-পরায়ণ হতেন। তবে নিম্নশ্রেণীর যাজকরা সাধারণ মানুষের মত দারিদ্রের জীবন যাপন করতেন এবং সাধারণ মানুষের মতই দুঃখ-কষ্ট ভোগ করতেন। এক কথায় বলতে গেলে, একজন অভিজাত ও কৃষকের মধ্যে যতখানি প্রভেদ ছিল, উচ্চ শ্রেণীর যাজক ও নিম্ন শ্রেণীর যাজকদের মধ্যে ঠিক ততখানি পার্থক্য ছিল।

অভিজাতরা ছিলেন সমাজের দ্বিতীয় শ্রেণীর মানুষ। অভিজাতদের মধ্যেও উপর নীচ ছিল। সম্পত্তির অনুপাতে তাঁদের মর্যাদার তারতম্য ঘটত। সামন্ত-যুগে প্রয়োজনীয় সবকিছুই তৈরী হ'ত জমি থেকে, আর তাই জমিই ছিল সৌভাগ্য অর্জনের উপায়। অভিজাত সম্প্রদায়ের ধন-সম্পদ পরিমাপ করা হ'ত একটিমাত্র মাপকাঠিতে—কতটা জমির মালিক তিনি। স্বভাবতঃই সামন্তদের মধ্যে সব সময়ই লেগে থাকত জমি নিয়ে অবিশ্রাম কাড়াকাড়ি।

যাজক ও অভিজাত সম্প্রদায় ছাড়া বাকী সব ছিল কৃষক। কৃষক এবং অভিজাত—উভয়েই ম্যানরে থাকা সত্ত্বেও তাঁদের মধ্যে কোন সমতার প্রশ্নই

উঠত না। সামাজিক দিক দিয়ে কৃষক ও আভিজাতের মধ্যে পার্থক্য ছিল এক সমুদ্রের। অর্থাৎ দুইয়ের সামাজিক ব্যবধানকে সমুদ্রের সঙ্গে তুলনা করে বলা যায়, সমুদ্রের দুই পাড়ের মধ্যে যত দূরত্ব—একজন কৃষক ও অভিজাতদের মধ্যে ব্যবধান ছিল ঠিক ততটা। অভিজাতদের কাছে কৃষকরা ছিল অচ্ছুৎ। সেই সময় মানুষ বিশ্বাস করত, ভগবানই সমাজে তিনটি সম্প্রদায়ের সৃষ্টি করেছেন। আর তৃতীয় সম্প্রদায়ের কাজ হ'ল যাজক ও অভিজাতরা যাতে ভালভাবে বাঁচতে পারে তার জন্য পরিশ্রম করে যাওয়া। তবে মধ্যযুগীয় এই চিন্তাধারার অবসান ঘটেছে। মধ্যযুগের পরবর্তী কালের ইতিহাসের মূল কথাই হ'ল, সেই তৃতীয় সম্প্রদায়ের উত্থানের ধারাবাহিক কাহিনী।

(১০) **ভূমিদাসদের দুর্দশা ঃ** সামন্তযুগে কৃষকরাই ছিল জনসংখ্যার সবচেয়ে বড় অংশ। কৃষকরা আবার তিনটি ভাগে বিভক্ত ছিল যেমন ঃ স্বাধীন কৃষক, সামন্তপ্রভুর চাকর-বাকর বা 'ভিলিয়েন' এবং ভূমিদাস বা 'সার্ফ'।

স্বাধীন কৃষকরা সামন্তপ্রভুর কাছ থেকে চাষের জন্য জমি পেত এবং নিজেরাই তা ব্যবহার করত। স্বাধীন কৃষককে বাধ্যতামূলকভাবে প্রভুর জমিতে খাটতে হ'ত না। তবে কর বাবদ সে ফসলের একাংশ প্রভুকে দিত এবং বাকীটুকু রাখত সে নিজের ব্যবহারের জন্য। 'ভিলিয়েন' ছিল দ্বিতীয় শ্রেণীর কৃষক। তাঁরা উৎপন্ন ফসলের এক অংশ প্রভুকে দিত এবং নির্দিষ্ট কয়েকটি দিনে প্রভুর খাস জমিতে চাষ করত।

সামন্ত-ব্যবস্থায় সবচেয়ে নীচু স্তরের কৃষক ছিল ভূমিদাস বা 'সার্ফ' (serf)। 'সার্ফ' কথাটি ল্যাটিন 'সার্ভাস'* থেকে উদ্ভূত এবং এর অর্থ হ'ল দাস। মধ্যযুগের ভূমিদাসদের ছিল হীনাবস্থা। প্রাচীন যুগের দাসদের সঙ্গে ভূমিদাসদের পার্থক্য ছিল সামান্যই। আইনতঃ ভূমিদাস ছিল সামন্তপ্রভুর ব্যক্তিগত অস্থাবর সম্পত্তির মত। ভারবাহী পশুকে যেভাবে দেখা হয়, মনিব ভূমিদাসকে সেইভাবে দেখতো। একজন ভূমিদাস তাঁর নিজের ইচ্ছেমত যা-খুসী তা করতে পারত না, ভূমিদাস নিজের ইচ্ছা হলেও ম্যানর ছেড়ে চলে যেতে পারত না। যদি কোন ভূমিদাস ম্যানর ছেড়ে পালিয়ে যেত তাহ'লে তাঁর মনিব তাকে খুঁজে বের করে আবার ম্যানরে ফিরিয়ে আনতে পারতেন। অল্প কথায় বোঝাতে গেলে, একজন ভূমিদাসের জমি, অর্থাৎ ভূমির সঙ্গে সম্পর্ক ছিল অবিচ্ছেদ্য, আর সেইজন্যই সে ছিল 'ভূমিদাস'।

আইনতঃ ভূমিদাস সামন্তপ্রভুর ব্যক্তিগত সম্পত্তি হলেও দীর্ঘদিনের প্রচলিত নিয়ম অনুসারে ভূমিদাস এমন একটা নিরাপত্তা লাভ করেছিল যা প্রাচীন যুগের দাসরা কোন দিনই পায়নি। তাহ'ল ভূমিদাসকে জমি থেকে

---

* ল্যাটিন Servus

উচ্ছেদ করা যেত না। অর্থাৎ ভূমিদাস যেমন ম্যানর ছেড়ে যেতে পারত না, তেমনি তাঁকে জমি থেকে আলাদা করে বেচা যেত না। সামন্তপ্রভু তাঁর জমিদারী এলাকা বা ম্যানর বিক্রী করে দিলে ভূমিদাসের মালিকের পরিবর্তন ঘটত, তবে সেই ভূমিদাস নিজের জমিটুকুতেই থাকত।

সামন্তপ্রভু ভূমিদাসকে বাসস্থান দিতেন, আর দিতেন ব্যবহারের জন্য এক ফালি জমি। এর বদলে ভূমিদাসদের কাছে প্রভুর পাওনা ছিল অনেক। ভূমিদাস প্রভুর খাস জমি বিনা মজুরীতে চাষ করে দিত, অন্য কাজ করত, ফরমাশ খাটত। সামন্তপ্রভুরা মনে করতেন, তাঁদের জন্যই ভূমিদাসদের বেঁচে থাকা প্রয়োজন। উদাহরণ দিয়ে ব্যাপারটা বোঝাতে গেলে—একজন জমিদারের বলদ মারা গেলে বা খোয়া গেলে তিনি যেমন দুশ্চিন্তায় পড়তেন জমি চাষের ব্যাপারে সেই বলদের প্রয়োজনের কথা ভেবে, তেমনি তিনি একজন ভূমিদাস খোয়া গেলেও দুশ্চিন্তাগ্রস্ত হতেন। সামন্তপ্রভু তাঁর কোন কাজের লোককেই হাতছাড়া করতে চাইতেন না। তাই নিয়ম ছিল, কোন ভূমিদাস বা তার সন্তান প্রভুর হুকুম ছাড়া ম্যানরের বাইরে বিয়ে করতে পারবে না।

সামন্তপ্রভুর হুকুম তামিল করা ছিল ভূমিদাসদের কাছে বাধ্যতামূলক। প্রভুর আদেশ মানতে অস্বীকার করলে তাকে শাস্তি পেতে হ'ত অনেক, আর সেই শাস্তি দেবার মালিকও ছিলেন একই ব্যক্তি—সেই সামন্তপ্রভু। সামন্তপ্রভুদের বেলায় যেমন, ভূমিদাসদের ক্ষেত্রেও তেমনি ভূমিদাসদের পুত্র ভূমিদাসই হবে। অর্থাৎ ভূমিদাস-প্রথা ছিল বংশানুক্রমিক। ভূমিদাস তাঁর কন্যাকে সামন্তপ্রভুর ইচ্ছা অনুযায়ী ম্যানরেরই অন্য ভূমিদাস পরিবারের ছেলের সঙ্গে বিয়ে দিত। সামন্তপ্রভুর মর্জির ওপর তাদের বিয়ে নির্ভর করত। প্রভু না চাইলে কোন ছেলে বা মেয়েকে বিয়ে দেওয়া যেত না। এই ছিল মোটামুটিভাবে মধ্যযুগে ভূমিদাসদের অবস্থা।

(১১) ভূমিদাসদের মুক্তিলাভের উপায় : কৃষক-বিদ্রোহ : ভূমিদাসরা যে অসহনীয় অবস্থায় জীবন কাটাত তা থেকে তাদের মুক্তি পাওয়ার কোন উপায় ছিল না। সামন্তপ্রভুদের অত্যাচার সহ্য করতে না পেরে অনেক সময় কোন কোনও ভূমিদাস নতুন নতুন গড়ে ওঠা শহরে পালিয়ে যেত। কিন্তু তাতেও তাঁর রেহাই ছিল না। সামন্তপ্রভু সেই পালিয়ে যাওয়া ভূমিদাসকে ধরে আনার জন্য শহরে লোক পাঠাতেন বা তিনি নিজেই লোকজন সঙ্গে নিয়ে শহরে তাঁকে খুঁজতে আসতেন। তবে মধ্যযুগে একটা রীতি প্রচলিত ছিল যে কোন ভূমিদাসকে যদি এক বছর এক দিন, অর্থাৎ ৩৬৬ দিনের মধ্যে ম্যানরে ধরে নিয়ে আসা না যেত তাহলে সেই পালিয়ে যাওয়া ভূমিদাসের ওপর আর সামন্তপ্রভুর কোন অধিকার থাকত না। ৩৬৬ দিন পরে সেই ভূমিদাস একজন স্বাধীন মানুষে পরিণত হ'ত। প্রসঙ্গতঃ উল্লেখ্য, সামন্ত যুগের শেষ দিকে

'ক্রুসেড' বা ধর্মযুদ্ধের ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটায় ইওরোপের বিভিন্ন জায়গায় শহর গড়ে ওঠে। তাছাড়া শহরগুলোতে ক্রমশঃ শিল্পপ্রতিষ্ঠানও গড়ে উঠতে থাকে। শহরের ব্যবসা-বাণিজ্য ও শিল্পোদ্যোগে মানুষ-জনের অভাব দেখা দিয়েছিল। তাই ম্যানর থেকে পালিয়ে আসা ভূমিদাসদের নগর-বাসীরা স্বাগত জানাত; এবং এর ফলে নগরগুলোতে ভূমিদাসদের সংখ্যা ক্রমাগত বাড়তে থাকে।

ভূমিদাসদের মুক্তিলাভের আরও একটা উপায় ছিল। তা হ'ল গীর্জা বা মঠের কাজে ভূমিদাসদের আত্মসমর্পণ। গীর্জা বা মঠে কর্মরত কেউই ভূমিদাস ছিল না, তাই সেখানে যোগদান করলে ভূমিদাসের মুক্তি হ'ত। ভূমিদাসদের অনেকেই প্রভুদের অনুমতি নিয়ে বা পালিয়ে গীর্জা বা মঠে চলে যেত।

ভূমিদাসদের ওপর ভূস্বামীদেন জুলুম ক্রমাগত বাড়তে থাকায় তাদের কাছে সেই অবস্থা অসহনীয় হয়ে ওঠে। সামন্তযুগে তাই কৃষক-বিদ্রোহের ঘটনা নিতান্ত কম ঘটেনি। ১৩৫৮ সালে ফ্রান্সের রাজধানী প্যারী শহরে যে কৃষক-বিদ্রোহ দেখা দিয়েছিল ইতিহাসে তা 'জেকুয়ারী বিদ্রোহ' নামে পরিচিত। ফরাসী সামন্তপ্রভুরা ভূমিদাস বা কৃষকদের বিদ্রূপ করে বলত 'জ্যাক'। 'জ্যাক' কথাটি থেকেই 'জেকুয়ারী' নামকরণ হয়েছে। এই বিদ্রোহ সাফল্যলাভ করেনি। অনুরূপভাবে ১৩৮১ সালে ওয়াট-টাইলার-এর নেতৃত্বে ইংলন্ডের কৃষকবিদ্রোহও ব্যর্থ হয়। ইংলন্ডের বিদ্রোহী কৃষকদের দাবিগুলো ছিল ঃ ভূমিদাস-প্রথা রহিত করতে হবে, বেগার খাটানো চলবে না, খাজনা কমাতে হবে ইত্যাদি।

কৃষকদের মধ্যে সংগঠনের অভাব, বিদ্রোহের সময় তাঁদের মধ্যে একতার অভাব প্রভৃতি কারণে কৃষক-বিদ্রোহগুলো ব্যর্থ হয়। তাছাড়া বিদ্রোহের পন্থা সম্পর্কে তাঁদের কোন পরিকল্পনা ছিল না। বিদ্রোহের উদ্দেশ্য সম্পর্কেও তাঁদের কোন স্পষ্ট ধারণা ছিল না। সামন্তপ্রভু, ভূ-স্বামী ও বিত্তশালীরা এক-যোগে বিদ্রোহীদের দমন করে তাঁদের ওপর প্রতিশোধ নিয়েছিল। কৃষক-বিদ্রোহ ব্যর্থ হলেও তা নিঃসন্দেহে প্রমাণ করেছিল যে কৃষকরা একটি প্রচণ্ড সামাজিক শক্তি।

স্মৃতি-সহায়

১. সামন্তপ্রথা ছিল মধ্যযুগের শাসন, সমাজ-ব্যবস্থা ও অর্থনীতির ভিত্তি।

২. সামন্তপ্রথার প্রধান বৈশিষ্ট্য হল সামন্তপ্রভুর প্রতি অধীনস্থ সামন্ত বা উপসামন্তের আনুগত্য।

৩. সামন্ত-সমাজের সবচেয়ে উঁচুতে রাজার স্থান। তারপর ডিউক বা আর্ল। ডিউকের পরে ব্যারনদের স্থান। নাইটরা ছিলেন ব্যারনদের নীচে। আর সবার নীচে ভূমিদাস ও কৃষক।

৪. সামন্তপ্রভুরা কেবল জমিদারী এলাকারই সর্বেসর্বা ছিলেন না, তাঁরা সরকারী ক্ষমতাও দখল করে নিয়েছিলেন। এর ফলে সামন্তপ্রভুদের নেতৃত্বে দেশে যেন অসংখ্য ছোট ছোট রাজ্যের সৃষ্টি হয়েছিল—কোন কেন্দ্রীয় শক্তি গড়ে উঠতে পারেনি।

৫. সামন্তপ্রভুরা নিজেদের জমিদারী এলাকায় দুর্গ বা ক্যাসেল বানিয়ে সেখানে বসবাস করতেন। মধ্যযুগে বহিঃশত্রুর আক্রমণ ঠেকাতে দুর্গগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

৬. মধ্যযুগে 'নাইট'রা বর্মসজ্জিত হয়ে ঘোড়ার পিঠে চড়ে লড়াই করত। নাইট হতে গেলে ছোটবেলা থেকে তালিম নিতে হত এবং কর্তব্য পালনের শপথ নিতে হত।

৭. ফ্রান্সের 'ত্রুবেদর' ও জার্মানির 'মিনেসিংগার' চারণ-কবিরা নাইটদের বীরত্ব সম্পর্কে নানা কাহিনী গানের মতো সুর করে গাইতেন।

৮. সামন্তপ্রভুর এলাকাভুক্ত অঞ্চলকে 'ম্যানর' বলা হত। ম্যানরের মধ্যে তাঁর বাড়ীকে বলত 'ম্যানর হাউস'।

৯. সামন্ত-অর্থনীতি ছিল সরল অর্থনীতি। ম্যানরের মধ্যে যারা বসবাস করত তারা নিজেরাই নিজেদের প্রয়োজনীয় সব রকমের জিনিস তৈরী বা উৎপাদন করত।

১০. সামন্তযুগে কৃষকদের কষ্টের মধ্যে জীবন কাটাতে হত। তারা যে ফসল উৎপন্ন করত তার বেশীটাই চলে যেত মনিব, অর্থাৎ সামন্তপ্রভুর ঘরে। তাছাড়া কৃষককে বাধ্যতামূলকভাবে মনিবের জন্য খাটতে হত। বাধ্যতামূলক এই শ্রমদানকে 'কর্ভি' বলত।

১১. সামন্তযুগে সমাজ তিন শ্রেণীতে বিভক্ত ছিল যেমনঃ যাজক, অভিজাত ও নিম্ন সম্প্রদায়ের মানুষ। শেষোক্ত সম্প্রদায় বলতে কৃষকদেরই বোঝাত।

১২. সামন্তযুগে কৃষকদের মধ্যে আবার তিনটি ভাগ ছিল যথাঃ স্বাধীন কৃষক, 'ভিলিয়েন' বা চাকর-বাকর এবং ভূমিদাস বা 'সার্ফ'।

১৩. সামন্তযুগে ভূমিদাসদের ছিল সবচেয়ে দুর্দশাগ্রস্ত অবস্থা। সামন্তপ্রভুর সব রকমের কাজ করা ছিল বাধ্যতামূলক। প্রভুর আদেশ অমান্য করলে তাদের শাস্তি পেতে হত।

১৪. ভূমিদাসরা শহরে পালিয়ে গিয়ে ৩৬৬ দিন থাকতে পারলে অথবা মঠের কাছে আত্মসমর্পণ করলে তারা মুক্তি পেত।

১৫. সামন্তযুগে একাধিক কৃষক-বিদ্রোহের ঘটনা ঘটেছিল যেমনঃ ফ্রান্সের জেকুয়ারী বিদ্রোহ এবং ওয়াট-টাইলার-এর নেতৃত্বে ইংলণ্ডের কৃষক-বিদ্রোহ।

অনুশীলনী

১. ইওরোপের ইতিহাসে কোন্ সময়কে 'সামন্ততন্ত্রের যুগ' বলা হয়?

২. 'সামন্তপ্রথা' বলতে কি বোঝ তা বল। 'সামন্তপ্রথা'র বৈশিষ্ট্য কি?

৩. সামন্ততান্ত্রিক স্তরায়ণের উল্লেখ কর।

৪. কিভাবে সামন্তপ্রভুরা সরকারী ক্ষমতা অধিকার করেছিলেন তা বুঝিয়ে বল।

৫. মধ্যযুগের দুর্গ এবং বর্মসজ্জিত অশ্বারোহীরা কিভাবে ইওরোপকে ধ্বংসের হাত থেকে রক্ষা করেছিল তা সংক্ষেপে বিবৃত কর।

৬. সামন্ত-জীবন সম্পর্কে একটি নিবন্ধ লেখ।

৭. 'বীরধর্ম' বলতে কি বোঝ? কিভাবে একজন অভিজাত বংশীয় যুবক 'নাইট'-এ পরিণত হ'ত?

৮. 'ত্রুবেদর' ও 'মিনেসিংগার' কাঁদের বলা হ'ত?

৯. 'ম্যানর' কাকে বলে? সামন্ত-অর্থনীতি সম্পর্কে যা জান সংক্ষেপে লেখ।

১০. 'ম্যানর'-এর জীবনযাত্রা সংক্ষেপে বিবৃত কর।

১১. সামন্তযুগে কৃষকদের অবস্থা কিরূপ ছিল তা সংক্ষেপে লেখ।

১২. 'ক্যাসেল' কাকে বলে? 'ক্যাসেল' বা দুর্গে জমিদারী জীবনের পরিচয় দাও।

১৩. মধ্যযুগের সামাজিক সম্প্রদায়গুলি সম্পর্কে যা জান সংক্ষেপে লেখ।

১৪. 'ভূমিদাস' কাকে বলা হয়? মধ্যযুগে ভূমিদাসদের দুর্দশার কথা সংক্ষেপে বিবৃত কর।

১৫. ভূমিদাসদের মুক্তিলাভের কি কি উপায় ছিল? সামন্তপ্রভুদের বিরুদ্ধে ভূমিদাসদের বিদ্রোহের কাহিনী লিপিবদ্ধ কর।

১৬. নিম্নলিখিত প্রশ্নগুলোর মৌখিক উত্তর দাও ঃ

[ক] কাদের 'সামন্তপ্রভু' বলা হ'ত? [খ] মধ্যযুগে সামন্ত ও উপ-সামন্তদের মধ্যে সম্পর্কের ভিত্তি কি ছিল? [গ] সামন্ত-সমাজের ধাপগুলো কি কি তা পর পর বল। [ঘ] সামন্তপ্রভুরা কি কি কর্তব্য সম্পাদন করতেন? [ঙ] মধ্যযুগে 'ক্যাসেল' কোথায় গড়ে তোলা হ'ত এবং কেন তা তৈরী করা হয়? [চ] সামন্তগোষ্ঠীর মানুষ কি কি কাজ করতে অভ্যস্ত ছিল? [ছ] 'পেজ' বা বালক-ভৃত্য কাকে বলা হ'ত? [জ] 'নাইট'কে কি কি আদর্শ মেনে চলতে হ'ত? [ঝ] 'ম্যানর-হাউজ' কাকে বলা হ'ত? [ঞ] সামন্তযুগে কিভাবে জমি চাষ করা হ'ত? [ট] মধ্যযুগে কৃষকরা কিভাবে জীবন কাটাত? [ঠ] সামন্তযুগে সমাজ ক'টি ভাগে বিভক্ত ছিল? [ড] একজন ভূমিদাসের সংগে প্রাচীন যুগের একজন ক্রীত-দাসের কি পার্থক্য ছিল? [ঢ] ভূমিদাসকে বাধ্যতামূলকভাবে কি কি কাজ করতে হ'ত? [ণ] একজন ভূমিদাস শহরে এসে কতদিন বসবাস করলে সে স্বাধীন মানুষে পরিণত হ'ত? [ত] মধ্যযুগের শেষভাগে অনুষ্ঠিত কৃষক-বিদ্রোহগুলির ব্যর্থতার কারণ কি?

১৭. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] মধ্যযুগে ইওরোপে সামন্তপ্রভুরা শক্তিশালী হয়ে উঠেছিল কেন? [খ] 'সামন্তপ্রথা' কি কেবল ইওরোপেই প্রচলিত ছিল? [গ] সামন্তপ্রথা অনুসারে মানুষ কার প্রতি অনুগত ছিল—সরকার না ব্যক্তি? [ঘ] সামন্তযুগের সামাজিক কাঠামো থেকে কি বেরিয়ে আসার কোন উপায় ছিল? [ঙ] সামন্ত-সমাজের সংগে আমাদের দেশের সমাজ-ব্যবস্থার কি কোন মিল খুঁজে পাওয়া যায়? [চ] কিভাবে সামন্ত-প্রভুরা সরকারী ক্ষমতাকে নিজেদের হাতে নিয়ে নিয়েছিলেন? [ছ] কিভাবে বীরধর্ম বা 'শিভালরি'র উৎপত্তি হয়? [জ] কিভাবে একজন অভিজাত-সন্তান পুরোপুরি 'নাইট'-এ পরিণত হ'ত? [ঝ] 'ত্রুবেদর'দের রচিত ছড়াগুলোর গুরুত্ব

কি? [ঞ] 'সরল অর্থনীতি' বলতে কি বোঝ? [ট] 'ম্যানর'-এ কে বিচারপতির আসন নিতেন? তিনি কিভাবে বিচার করতেন? [ঠ] 'ম্যানর'এর বিচার-সংক্রান্ত নথিপত্র থেকে কি জানা যায়? [ড] মধ্যযুগের সামন্তপ্রভুরা কৃষকদের ওপর কি ধরনের অত্যাচার চালাতেন? [ঢ] 'ক্যাসেল'-এ সামন্তপ্রভুর পত্নী কি কি কাজ করতেন? [ণ] সামাজিক দিক দিয়ে কৃষকের সঙ্গে অভিজাতদের কতখানি পার্থক্য ছিল? [ত] ভূমিদাস ইচ্ছে করলে কি ম্যানর ছেড়ে চলে যেতে পারত? [থ] 'জেকুয়ারী বিদ্রোহ' সম্পর্কে কি জান?

১৮. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলো পূরণ কর :

[ক] সামন্ত-সমাজে ——র স্থান ছিল সবচেয়ে উঁচুতে। [খ] মধ্যযুগের দুর্গগুলো ছিল সামন্তপ্রভুদের —— প্রতীক। [গ] —— ছিলেন মধ্যযুগে শাসন-কার্য পরিচালনা ও সৈন্যবাহিনীর নেতৃত্ব করবার একমাত্র অধিকারী। [ঘ] 'নাইট'রা কেবল '——'দের সঙ্গেই লড়াই করত, অন্য কারো সঙ্গে নয়। [ঙ] মধ্যযুগে জনপদগুলো গড়ে উঠত এক একটি ——কে কেন্দ্র করে। [চ] '——' ছিল দ্বিতীয় শ্রেণীর কৃষক।

১৯. সামন্ত-সমাজের ক্রমিক স্তরগুলো পর পর একটি ছবি এঁকে দেখাও।

২০. 'ম্যানর'-এর একটি ছবি আঁক। ছবিটির তলায় মধ্যযুগের ম্যানর সম্পর্কে দশ বা কুড়ি লাইন লিখে তোমাদের স্কুল-পত্রিকা বা দেওয়াল-পত্রিকার জন্য জমা দাও।



অষ্টম অধ্যায় ''ক্রুসেড'' বা ধর্মযুদ্ধ ঃ ইওরোপে তার প্রভাব

(১) **"ক্রুসেড" বা ধর্মযুদ্ধ ঃ তার উদ্দেশ্য ঃ** মধ্যযুগে ইউরোপের একটি বিশেষ উল্লেখযোগ্য ঘটনা হ'ল 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধ। 'ক্রুসেড' কথাটি খ্রীস্টানদের পবিত্র 'ক্রুশ' শব্দ থেকে উদ্ভূত। ক্রুসেড-এর সৈনিকদের বুকে একটি করে 'ক্রুশ' চিহ্ন লাগান থাকত। সেলজুক তুর্কীদের কবল থেকে খ্রীস্টানদের পবিত্রভূমি প্যালেস্টাইনকে মুক্ত করবার সূত্রেই ধর্মযুদ্ধের সূচনা হয়। প্যালেস্টাইন খ্রীস্টানদের কাছে 'পবিত্রভূমি'। কারণ প্যালেস্টাইনের বেথ্‌লেহেম যীশু খ্রীস্টের জন্মস্থান, আর জেরুজালেম-এ তাঁকে সমাধিস্থ করা হয়েছে।

যীশু খ্রীস্টের জীবনের সঙ্গে জড়িত প্যালেস্টাইনে হাজার হাজার খ্রীস্টান তীর্থযাত্রী তীর্থ করতে যেত মুক্তির আশায়, পুণ্যের জন্য। সপ্তম শতাব্দীতে সেই প্যালেস্টাইন আরবীয় মুসলমানদের কবলিত হয়। যতদিন প্যালেস্টাইনে আরব-অধিকার প্রতিষ্ঠিত ছিল ততদিন খ্রীস্টান তীর্থযাত্রীদের কোন অসুবিধে হয়নি। আরবরা তীর্থযাত্রীদের কাছ থেকে কর আদায় করত এবং তার বিনিময়ে তীর্থযাত্রীদের অবাধে পবিত্রভূমিতে যাতায়াত করতে দিত। কিন্তু একাদশ শতাব্দীর শেষভাগে তুর্কী মুসলমানরা প্যালেস্টাইন দখল করায় খ্রীস্টান তীর্থযাত্রীদের খুবই অসুবিধে হয়। কারণ তুর্কী মুসলমানরা খ্রীস্টান তীর্থযাত্রীদের 'পবিত্রভূমি'তে ঢুকতে দিত না। যদি কেউ গোপনে যেতে গিয়ে ধরা পড়ত তাহলে তাঁকে ওরা মেরে ফেলত, অন্ধ করে দিত, কখনও বা তাঁকে ক্রীতদাসে পরিণত করত। তুর্কী মুসলমানদের আমলে খ্রীস্টানদের পক্ষে তাই প্যালেস্টাইনে তীর্থযাত্রা প্রায় অসম্ভব হয়ে পড়ে।

সমসাময়িক ইওরোপের খ্রীস্টান রাজা, অভিজাত বা সামন্তপ্রভু এবং বীর, অর্থাৎ 'নাইট'দের কাছে তুর্কী মুসলমানদের এই ব্যবহার অসম্মানজনক বলে মনে হয়েছিল। এঁদের সবাইয়ের মধ্যে ক্রমশঃ এই মনোভাব দেখা দেয় যে নিজেদের মধ্যে সর্বদা লড়াই না ক'রে সকলে যদি মিলিতভাবে প্রাচ্যে যুদ্ধযাত্রা করে তাহলে তুর্কীদের কবল থেকে পবিত্রভূমিকে মুক্ত করা সম্ভব হবে। পোপ দ্বিতীয় আরবান ফ্রান্সের ক্লেয়ারমন শহরে এক সম্মেলনে ইওরোপের সব খ্রীস্টানকে পবিত্রভূমির মুক্তির জন্য ধর্মযুদ্ধে যোগদানের আহ্বান জানান (১০৯৫ খ্রী)। তার পরের বছর, অর্থাৎ ১০৯৬ খ্রীস্টাব্দ থেকে প্রথম ক্রুসেড শুরু হয়।

আপাতদৃষ্টিতে তুর্কী মুসলমানদের কবল থেকে পবিত্রভূমির উদ্ধার ক্রুসেডের একমাত্র কারণ মনে হলেও তার উদ্দেশ্য ছিল আরও ব্যাপক—ধর্মের নামে যুদ্ধযাত্রা ছিল বাইরের একটা আবরণ মাত্র। ইতালির উন্নতিশীল নগরগুলোর বণিকদের উদ্দেশ্য ছিল তুর্কীদের হাত থেকে প্রাচ্যের বাণিজ্য-পথগুলো কেড়ে নেওয়া। ইতালির বণিক সম্প্রদায় এই স্বার্থ থেকেই ক্রুসেড-এ উৎসাহ যুগিয়েছিল; এবং তাঁরাই ছিল ক্রুসেডের প্রধান সংগঠক। ইওরোপের সামন্তপ্রভু ও বীর বা 'নাইট'দের ক্রুসেডে-এ অংশগ্রহণের উদ্দেশ্য ছিল লুণ্ঠন। বিজিত দেশগুলোতে যথেচ্ছভাবে লুণ্ঠনকার্য চালিয়ে ঐশ্বর্য ও সম্পদ হস্তগত করাই ছিল তাঁদের আসল মতলব। এর প্রমাণ হ'ল, সামন্ত-যোদ্ধারা তুর্কী দেশের সঙ্গে সঙ্গে অনেক খ্রীস্টান নগরও লুট-পাট করে নিজেদের বীরত্ব জাহির করেছিলেন। পোপ-এর কাছে ক্রুসেড-এর উদ্দেশ্য ছিল আবার সম্পূর্ণ আলাদা। পোপ চাইছিলেন, ধর্মযুদ্ধের নামে প্রাচ্যের খ্রীস্টানদের ওপর নিজের আধিপত্য বিস্তার করতে। তাই তিনি ইওরোপের খ্রীস্টধর্মাবলম্বীদের ক্রুসেড-এ যোগদান করতে উত্তেজিত করছিলেন। পোপ ঘোষণা করেন: যারা ক্রুসেড-এ অংশ নেবে তাঁদের স্বর্গলাভ হবে, আর যারা তা করবে না তাঁদের স্থান নরকে। তাহলে দেখা যাচ্ছে, 'পবিত্রভূমি' উদ্ধারের সঙ্গে সঙ্গে 'ক্রুসেড'-এর আরও কয়েকটি উদ্দেশ্য ছিল, যেমন: ব্যবসা-বাণিজ্যের জন্য দেশ জয়, লুণ্ঠন এবং প্রাচ্যে পোপের আধিপত্য বিস্তার করা।

(২) প্রথম, তৃতীয় ও চতুর্থ ক্রুসেড: ইওরোপীয় সমাজ-সংস্কৃতির ওপর ক্রুসেড-এর প্রভাব: ১০৯৬ সাল থেকে পরবর্তী দু'শো বছর ধরে ক্রুসেড চলেছিল। এই দীর্ঘ সময়ে আটটি বড় বড় ও অসংখ্য ছোট-খাট ক্রুসেড অনুষ্ঠিত হয়। আটটি বড় ক্রুসেডের মধ্যে আবার প্রথম, তৃতীয় ও চতুর্থ ক্রুসেড বিশেষ গুরুত্বপূর্ণ।

পোপ দ্বিতীয় আরবান ফ্রান্সের ক্লেয়ারমন শহরে আয়োজিত হাজার হাজার মানুষের এক সমাবেশে খ্রীস্টধর্মাবলম্বীদের ক্রুসেড-এ যোগদানের আহ্বান জানান। কেবল তাই নয়, দ্বিতীয় আরবান সমসাময়িক ইওরোপের

খ্রীস্টান রাজা, সামন্তপ্রভু এবং নাইটদের চিঠি লিখে পাঠান যে ধর্মযুদ্ধের সৈনিকেরা যেন যীশু খ্রীস্টের জন্মদিনে কনস্টান্টিনোপল-এ সমবেত হন (২৫ ডিসেম্বর, ১০৯৬)। প্রসঙ্গত উল্লেখ্য, পোপের ঘোষণার কিছু-দিনের মধ্যেই পিটার নামে জনৈক সন্ন্যাসী ফ্রান্সের নানা জায়গা ঘুরে বহু সৈনিক জোগাড় করে তাঁদের নিয়ে কনস্টান্টিনোপল অভিমুখে রওয়ানা হন।

যাই হোক, প্রথম ক্রুসেডের নেতৃত্ব দিয়েছিলেন ইওরোপের কেবল অভি-জাত সম্প্রদায়ের মানুষ ও 'নাইট'রা—কোন রাজা তাতে অংশ গ্রহণ করেন নি। তাঁদের নেতৃত্বে ধর্মযুদ্ধের সৈনিকরা একের পর এক রাজ্য জয় করতে করতে প্যালেস্টাইনে গিয়ে উপস্থিত হয়। ১০৯৯ খ্রীস্টাব্দে ধর্মযুদ্ধের সৈনিকরা জেরুজালেম অধিকার করে তুর্কী মুসলমানদের ওপর আক্রমণ চালায়। প্রথম ক্রুসেড সাফল্যলাভ করেছিল। কারণ, এই ক্রুসেডের ফলে প্যালেস্টাইন আবার আগেকার মত খ্রীস্টান তীর্থযাত্রীদের কাছে উন্মুক্ত হয়।

১১৮৭ খ্রীস্টাব্দে মুসলিম নেতা ও মিশরের সুলতান সালাদিন জেরু-জালেম অধিকার করলে পর তৃতীয় ক্রুসেড-এর সূচনা হয়। এই তৃতীয় ধর্ম-যুদ্ধ ক্রুসেডের ইতিহাসে খুবই গুরুত্বপূর্ণ, কারণ এর নেতৃত্ব দিয়েছিলেন দু'জন রাজা ও একজন সম্রাট যাঁরা বীরত্বের জন্য খ্যাতিমান। ইংলণ্ডের রাজা প্রথম রিচার্ড এই যুদ্ধে অসীম সাহস ও বীরত্বের পরিচয় দিয়েছিলেন বলে তাঁকে 'সিংহ-হৃদয়' আখ্যা দেওয়া হয়। তৃতীয় ক্রুসেডের অপর একজন নেতা ছিলেন পবিত্র রোমান সম্রাট ফ্রেডারিক বারবারোসা। বৃদ্ধ বয়সেও তাঁর উদ্যম দেখে সকলেই বিস্মিত হয়েছিল। ফরাসীরাজ ফিলিপ অগাস্টাস অবশ্য যুদ্ধ চলাকালীন অসুস্থ হয়ে পড়ায় দেশে ফিরে যেতে বাধ্য হন। কিন্তু সুলতান সালাদিন এঁদের কারো থেকে বীরত্বে কম ছিলেন না। সালাদিন ছিলেন এক অসাধারণ চরিত্রের মানুষ। কথিত আছে, এই ধর্মযুদ্ধে 'সিংহ-হৃদয়' রিচার্ড একবার অসুস্থ হয়ে পড়লে প্রতিপক্ষ হয়েও সালাদিন তাঁর কাছে একজন চিকিৎসক এবং খাবার জন্য কিছু ফলমূল পাঠিয়েছিলেন। তৃতীয় ক্রুসেডে খ্রীস্টান সৈনিকরা জয়লাভ করতে পারেনি। তাঁদের পক্ষে সালাদিনের হাত থেকে 'পবিত্রভূমি' উদ্ধার করাও সম্ভবপর হয়নি। তবে সালাদিনের সঙ্গে ইংলণ্ডরাজ প্রথম রিচার্ড একটি চুক্তি সম্পাদন করেছিলেন যার শর্ত অনুসারে খ্রীস্টান তীর্থযাত্রীরা অবাধে প্যালেস্টাইনে যাতায়াতের সুবিধা পেয়েছিল।

১২০৩ খ্রীস্টাব্দে পোপ তৃতীয় ইনওসেন্ট-এর নেতৃত্বে চতুর্থ ক্রুসেডের প্রস্তুতি নেওয়া হয়। কিন্তু ভেনিস-এর বণিক সম্প্রদায়ের উস্কানিতে ধর্ম-যুদ্ধের সৈনিকরা কনস্টান্টিনোপলের গীর্জা, ঘর-বাড়ী পুড়িয়ে ছারখার করে এবং লুঠতরাজ শুরু করে। শেষ পর্যন্ত ধর্মযোদ্ধারা আর প্যালেস্টাইনে পৌঁছাতেই পারে নি। বলা বাহুল্য, চতুর্থ ক্রুসেড ব্যর্থ হয়েছিল। তবে চতুর্থ

ক্রুসেডে ভেনিশীয় বণিকদের লাভ হয়েছিল। কনস্টান্টিনোপল ও তার আশে-পাশে তাঁদের বাণিজ্যিক প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছিল। চতুর্থ ক্রুসেডের পরে আরও অনেক ধর্মযুদ্ধ অনুষ্ঠিত হলেও কোনটিই তেমন উল্লেখযোগ্য নয়।

ইওরোপীয় খ্রীস্টানরা ধর্মযুদ্ধে জয়লাভ করে নি। অর্থাৎ তুর্কী মুসলমানদের কবল থেকে তারা প্যালেস্টাইনকে উদ্ধার করতে পারে নি। তবে দু'শো বছরের ক্রুসেড ইওরোপের সমাজ, সভ্যতা-সংস্কৃতি, অর্থনীতি—সব কিছুকে গভীরভাবে প্রভাবিত করেছিল।

'ক্রুসেড' ইওরোপে দীর্ঘদিনের প্রচলিত সামন্তপ্রথাকে উচ্ছেদ করতে পরোক্ষভাবে সাহায্য করেছিল। ধর্মযুদ্ধের ব্যয়ভার চালাতে গিয়ে সামন্তপ্রভুদের অনেকে তাঁদের জায়গা-জমি, খামার প্রভৃতি বিক্রী করতে বাধ্য হন। সামন্তপ্রভুদের অনেকে আবার ক্রুসেড থেকে নিজের জায়গায় ফিরেই আসেন নি। এইসব যুদ্ধবাজ সামন্তপ্রভুদের শক্তি কমে যাওয়ায় রাজারা আবার শক্তিশালী হয়ে ওঠেন।

ক্রুসেডের ফলে ইওরোপবাসীদের ভৌগোলিক জ্ঞান বৃদ্ধি পায়। নানা ধরনের ম্যাপ ও নাবিকের যন্ত্রের প্রচলন হয়। পরবর্তীকালে তাই ইওরোপের বিভিন্ন দেশের মানুষ দুঃসাহসিক অভিযানে সমুদ্র পাড়ি দেয়।

ক্রুসেডের মাধ্যমে ইওরোপবাসী আরবীয়দের উন্নত সভ্যতা-সংস্কৃতি ও সামাজিক রীতি-নীতির সংস্পর্শে আসে। সেই সময় থেকে ইওরোপবাসীদের মধ্যে সামাজিক ব্যবহারে আদব-কায়দা ও ভদ্রতা মেনে চলার প্রবণতা দেখা দেয়। আরবীয়দের জান-বিজ্ঞান ও শিল্পচর্চা ইওরোপে প্রসার লাভ করে। কেবল তাই নয়, আরবীয়দের কাছ থেকে ইওরোপের মানুষ নানা ধরনের নতুন নতুন ফলমূল খেতে শেখে এবং ওষুধের ব্যবহার করতে জানে। ইওরোপে আরবীয় প্রভাবের অন্যতম প্রমাণ হ'ল 'ব জার', 'সুগার' (চিনি) জিরো (শূন্য) প্রভৃতি আরবীয় শব্দের ইংরেজীকরণ। অর্থাৎ এইসব ইংরেজী শব্দ আরবীয় শব্দ থেকেই গৃহীত হয়েছে।

(৩) **ইতালি ও অন্যান্য অঞ্চলের শহর ও নগর-বন্দর: কৃষিকাজ থেকে কুটির শিল্পের পৃথকীকরণ:** ক্রুসেডের সময়ে ও তার পরবর্তী বেশ কয়েক বছর ধরে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটায় ইওরোপের বিভিন্ন জায়গায় নতুন নতুন নগর-বন্দর ও শহর গড়ে উঠতে থাকে। তোমাদের মনে এখন এই প্রশ্ন স্বাভাবিকভাবেই জাগতে পারে, ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটল কেন? ব্যাপারটা হ'ল, ক্রুসেডের ফলে ইওরোপের অভিজাতরা প্রাচ্যের বিলাসী জীবনযাত্রার সঙ্গে পরিচিত হয়। আর তার ফলে তাঁদের রুচিরও পরিবর্তন ঘটে। প্রাচ্যদেশগুলো থেকে আমদানি করা দামী দামী কাপড়, সুগন্ধি, মণি-মুক্তা প্রভৃতি ব্যবহার করতে শেখবার দরুণ ইওরোপে এইসবের চাহিদা বেড়ে যায়। ইওরোপে এইসব

জিনিস-পত্রের চাহিদা মেটানোর জন্য তখন বাইরে থেকে ঐগুলো আমদানি করতে হ'ত। স্বভাবতঃই এর ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। আবার ব্যবসা-বাণিজ্য প্রসারের সূত্রেই নগর-বন্দর ও শহরের উৎপত্তি হয়।

মধ্যযুগে ইওরোপের বিভিন্ন জায়গায় যেসব শহর ও নগর-বন্দর গড়ে ওঠে তার সবকটিই কোন-না-কোন বড় নদী, সাগর, সমুদ্রতীর অথবা বাণিজ্য-পথে অবস্থিত ছিল। অর্থাৎ যেসব জায়গা থেকে যাতায়াত ও যোগাযোগ করা সহজ সেইসব জায়গায়ই শহর ও বাণিজ্যকেন্দ্র গড়ে উঠেছিল। উদাহরণ হিসাবে বলা যেতে পারে, ইতালির ভেনিস ও জেনোয়া ছিল সমুদ্র-বন্দর, আবার মিলান ও পিসা শহর দুটি বাণিজ্য-পথে অবস্থিত।

ক্রুসেডের ফলে সবচেয়ে বেশী লাভবান হয়েছিল ইতালি। ঐ সময় ইতালির শহরগুলো কেবল সমৃদ্ধিশালীই হয়ে ওঠেনি, সেখানে অনেক নতুন নতুন বাণিজ্য-কেন্দ্র ও শহর গড়ে উঠেছিল। ইতালির ভৌগোলিক অবস্থানের জন্য ধর্মযুদ্ধ থেকে ফেরবার পথে লুটের মাল সব ইতালির শহর ও বন্দরগুলোতে এসে জড় হ'ত। তারপর সেখান থেকে সব জিনিস-পত্র সমুদ্র-পথে বা বাণিজ্য-পথে ইওরোপের নানা জায়গায় ছড়িয়ে পড়ত। তবে কেবল ইতালিই নয়, ইও-রোপের সর্বত্রই তখন ব্যবসা-বাণিজ্যের জোয়ার এসেছিল।

একাদশ শতাব্দীর আগে ইওরোপে শিল্পের তেমন বিকাশ ঘটেনি। শিল্প বলতে সেই সময় কেবল হস্তশিল্প বা কুটিরশিল্পই বোঝাত। মৃৎশিল্পী, কুমোর, তাঁতী প্রভৃতি সেই আমলে থাকলেও তখন কৃষিকাজ থেকে এইসব কুটিরশিল্প আলাদা হয়নি। অর্থাৎ যে কৃষিকাজ করত, সে হস্ত বা কুটির-শিল্পের কাজও করত। কিন্তু ক্রমে এই অবস্থার পরিবর্তন হয়।

একাদশ শতাব্দী থেকে, বিশেষতঃ ক্রুসেডের সময় প্রাচ্যের মূল্যবান জিনিস-পত্র ও কাঁচামাল আমদানি হতে থাকায় এবং উন্নত যন্ত্রপাতি ব্যবহারের ফলে নতুন নতুন শিল্প গড়ে ওঠার সুযোগ উপস্থিত হয়। আগে একজন কৃষক সামন্তপ্রভুর বাড়ীতে বসে বা 'ম্যানর'-এ থেকেই শিল্পদ্রব্য তৈরী করত, কিন্তু এখন একটা নতুন শ্রেণীই গড়ে উঠল যারা হস্তশিল্পে বিশেষজ্ঞ।

এইভাবে কৃষিকাজ থেকে হস্তশিল্প পৃথক হবার ফলে শ্রমবিভাগ দেখা দেয়। অর্থাৎ কৃষক কেবল কৃষিকাজ করে এবং কারিগর কেবল শিল্পোৎপাদন করে। এই শ্রমবিভাগ মানব-সমাজের বিকাশে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

স্মৃতি-সহায়

১. খ্রীস্টানদের পবিত্রভূমি প্যালেস্টাইনকে তুর্কী মুসলমানদের হাত থেকে উদ্ধার করবার জন্য এগারো শতকে ইওরোপে 'ক্রুসেড' বা ধর্মযুদ্ধ শুরু হয়।

২. পবিত্রভূমি উদ্ধার ব্যতীত ধর্মযুদ্ধের অন্যান্য উদ্দেশ্যও ছিল : ব্যবসা-

বাণিজ্যের জন্য দেশ জয়, ঐশ্বর্য ও সম্পদ লুট করা এবং প্রাচ্যে পোপের আধিপত্য বিস্তার করা।

৩. মোট আটটি ধর্মযুদ্ধ অনুষ্ঠিত হয়। তার মধ্যে প্রথম, তৃতীয় ও চতুর্থ ক্রুসেড সবচেয়ে গুরুত্বপূর্ণ।

৪. ক্রুসেড-এর ফলে ইওরোপবাসীদের ভৌগোলিক জ্ঞান বৃদ্ধি পেয়েছিল। ক্রুসেড পরোক্ষভাবে সামন্তপ্রথাকে উচ্ছেদ করতে সাহায্য করেছিল। ক্রুসেডের মাধ্যমে আরবদের উন্নত সভ্যতা-সংস্কৃতির সঙ্গে ইওরোপবাসী পরিচিত হয়েছিল।

৫. ক্রুসেডের পরবর্তীকালে ইওরোপে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পায়। নতুন নতুন শহর ও বাণিজ্যকেন্দ্র গড়ে ওঠে।

৬. একাদশ শতাব্দীতে কৃষিকাজ থেকে হস্তশিল্প পৃথক হয়ে যায়। তখন কৃষক কেবল কৃষিকাজই করত, আর কারিগর করত শিল্পোৎপাদন।

অনুশীলনী

১. 'ক্রুসেড' বলতে কি বোঝ? কি কারণে 'ক্রুসেড' শুরু হয়েছিল?

২. মুসলমানদের কবল থেকে পবিত্রভূমি উদ্ধার করাই কি ক্রুসেডের একমাত্র কারণ ছিল?

৩. 'প্রথম ক্রুসেড' কিভাবে শুরু হয়েছিল? এই ক্রুসেড সাফল্য লাভ করেছিল কি?

৪. কেন তৃতীয় ক্রুসেড শুরু হয়? এই ক্রুসেড গুরুত্বপূর্ণ কেন?

৫. চতুর্থ ক্রুসেডের পরিণতি কি হয়েছিল?

৬. ইওরোপীয় সমাজ ও সভ্যতার ওপর ক্রুসেডের প্রভাব কি?

৭. ক্রুসেডের ফলে ইতালির শহরগুলো সবচেয়ে বেশী লাভবান হয়েছিল কেন?

৮. কোন্ সময় থেকে এবং কেন কৃষিকাজ থেকে কুটির শিল্প পৃথক হয়ে পড়ে?

৯. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] খ্রীস্টানদের কাছে 'পবিত্রভূমি' কোন্‌টি? [খ] কা'রা খ্রীস্টান তীর্থযাত্রীদের পবিত্রভূমিতে যেতে দিত না? [গ] কে প্রথম ক্রুসেডের আহ্বান জানান? [ঘ] ইওরোপীয় সামন্তপ্রভুদের কাছে ক্রুসেডের উদ্দেশ্য কি ছিল? [ঙ] ধর্মযুদ্ধের পেছনে পোপের প্রকৃত উদ্দেশ্য কি ছিল? [চ] কা'রা প্রথম ক্রুসেডের নেতৃত্ব দিয়েছিলেন? [ছ] কোন্ তিনজন প্রধান ব্যক্তি তৃতীয় ক্রুসেডের নেতৃত্ব দেন? [জ] খ্রীস্টানরা ধর্মযুদ্ধে জয়লাভ করেছিল কি?

১০. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] "ক্রুসেডের প্রকৃত উদ্দেশ্য ছিল তিনটি"—এই তিনটি উদ্দেশ্য কি কি? [খ] ক্রুসেড শুরু হবার আগে পোপ দ্বিতীয় আরবান কি ঘোষণা করেছিলেন? [গ] প্রথম ক্রুসেড সাফল্য লাভ করেছিল কি? [ঘ] কাকে 'সিংহ-হৃদয়' বলা হয় এবং কেন? [ঙ] সালাদিনের উদার হৃদয়ের পরিচয় দাও। [চ] চতুর্থ ক্রুসেডে কাদের লাভ হয়েছিল সবচেয়ে বেশী? [ছ] ক্রুসেড পরবর্তীকালের দুঃসাহসিক অভিযানে উৎসাহ যুগিয়েছিল কিভাবে? [জ] ক্রুসেডের ফলে ব্যবসা-বাণিজ্য

বৃদ্ধি পেয়েছিল কেন? [ঝ] ক্রুসেডের ফলে ইতালি কিভাবে লাভবান হয়েছিল তা বল।

১১. নিম্নলিখিত শূন্যস্থানগুলো সঠিক শব্দ বসিয়ে পূরণ কর ঃ

[ক] একাদশ শতাব্দীর শেষভাগে —— —— প্যালেস্টাইন অধিকার করায় খ্রীস্টান তীর্থযাত্রীদের খুবই অসুবিধে হয়েছিল। [খ] —— ইওরোপের সব খ্রীস্টানকে ধর্মযুদ্ধে যোগদানের আহ্বান জানান। [গ] ইংলন্ডের রাজা প্রথম রিচার্ডকে '——' বলা হয়। [ঘ] ইওরোপীয় খ্রীস্টানরা ধর্মযুদ্ধে —— করেনি।

১২. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে তুমি যেগুলোকে সঠিক বলে মনে কর (√) চিহ্ন দিয়ে দেখাও ঃ

[ক] প্যালেস্টাইনে যখন আরব-অধিকার প্রতিষ্ঠিত হয় তখন থেকেই খ্রীস্টান তীর্থযাত্রীদের দুর্ভোগ শুরু হয়েছিল।

[খ] তুর্কী মুসলমানদের কবল থেকে 'পবিত্রভূমি' উদ্ধার করাই ক্রুসেডের একমাত্র উদ্দেশ্য ছিল।

[গ] চতুর্থ ক্রুসেডের ধর্মযোদ্ধারা প্যালেস্টাইনে গিয়ে পেঁাছাতেই পারেনি।

[ঘ] ইওরোপের মানুষ আরবীয়দের কাছ থেকে অনেক নতুন নতুন ফল খেতে শিখেছিল।



নবম অধ্যায়

শহরের উৎপত্তি

(১) শহরের উৎপত্তি ঃ 'ক্রুসেড'-এর ভূমিকা ঃ 'ক্রুসেড'-এর ফলে ইওরোপের সর্বত্র যে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটেছিল সেকথা তোমাদের নিশ্চয়ই মনে আছে। এই ব্যবসা-বাণিজ্য প্রসারের সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি ফল হ'ল শহর বা নগরের শ্রীবৃদ্ধি। এর আগেও এক ধরনের শহর ছিল, যেগুলোকে গ্রাম্য শহর বলা যেতে পারে। সেখানে রাজা বা সামন্তপ্রভুর আদালত বসত, আর ঘটত অনেক লোকের আনাগোনা। ব্যবসা-বাণিজ্য প্রসারের সঙ্গে সঙ্গে নতুন নতুন শহর যেমন গড়ে ওঠে, পুরানো শহরগুলো তেমনি এক নবজীবন লাভ করে। তাছাড়া কুটিরশিল্প কৃষিকাজ থেকে পৃথক হবার ফলে নতুন এক শ্রেণীর কারিগর বিশেষজ্ঞের সৃষ্টি হয়েছিল। এইসব কারিগরেরা যেসব জায়গায় শিল্পোৎপাদন শুরু করে, সেইসব জায়গাও যথার্থ শহরে পরিণত হয়।

'ক্রুসেড'-এর সময় থেকে প্রাচ্যের দেশগুলোর সঙ্গে ইওরোপের ঘনিষ্ঠ যোগাযোগের দরুণ ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে। প্রাচ্যের দেশগুলো থেকে আমদানী করা পণ্য-সামগ্রী ইওরোপের বাজার ছেয়ে যায়। আর ব্যবসা-বাণিজ্য যেখানে দ্রুত বেড়ে উঠেছে সেইখানেই গড়ে উঠেছে শহর। মধ্যযুগে তাই ইতালীতে ভেনিস, জেনোয়া, পিসা, ফ্লোরেন্স ও আরও অনেক শহর গড়ে ওঠে। রোম-এর কথা অবশ্য আলাদা। প্রাচীনকাল থেকেই রোম একটি শহর হিসাবে গড়ে উঠেছে। তাছাড়া হল্যাণ্ড, বেলজিয়াম, ইংলণ্ড, ফ্রান্স ও জার্মানির বিভিন্ন জায়গায়ও ব্যবসা-বাণিজ্যের সূত্রে অনেক নতুন নতুন শহর গড়ে উঠেছিল।

ব্যবসা-বাণিজ্য যতই ফুলে ফেঁপে উঠতে লাগল ততই ব্যবসায়ী ও অন্যান্য লোকজনের আনাগোনা বেড়ে যায়। এইসব লোকেরা গীর্জা, মঠ বা সামন্ত-প্রভুদের সুরক্ষিত এলাকায় অবস্থান করত এবং স্থানীয় বাজারে অন্য জায়গায় তৈরী পণ্যসামগ্রী বিক্রী করত। ধীরে ধীরে বণিকরা স্থায়ীভাবে এইসব জায়গায় বসবাস করতে লাগলে এইগুলোই শহরের রূপ নেয়।


কর্মচঞ্চল ও বাণিজ্য এলাকাগুলোতেই হস্তশিল্পীদের জিনিসের চাহিদা বেশী। সেই কারণে হস্তশিল্পী বা কারিগর বিশেষজ্ঞরাও ম্যানরভুক্ত গ্রাম ছেড়ে ব্যবসায়ীদের কাছাকাছি সেই সুরক্ষিত অঞ্চলে এসে বসবাস করতে থাকে এবং ছোট ছোট কারখানা খুলে বসে। এইভাবেই গীর্জা, মঠ বা সামন্ত-প্রভুদের সুরক্ষিত এলাকার আশপাশগুলি যথার্থ শহরে পরিণত হয়। ব্যবসা-বাণিজ্য ছাড়া মধ্যযুগের শহরগুলোর অন্যতম বৈশিষ্ট্য ছিল হস্ত বা কুটির-শিল্প।

(২) শহরের জীবনযাত্রা ঃ বণিক ও কারিগরদের সংঘ ও তাদের কার্য-কলাপ ঃ মধ্যযুগে শহরের জীবনযাত্রার মান গ্রাম অপেক্ষা উঁচু হলেও শহর-জীবন মোটেই সুখপ্রদ ছিল না। শহরগুলোর রাস্তা ছিল সরুগলির মত। তাছাড়া জল-নিকাশের ব্যবস্থা না থাকায় শহরগুলি খুবই নোঙরা হ'ত। এর ফলে শহরাঞ্চলে প্রায়শঃই নানা ধরনের রোগ মহামারীরূপে দেখা দিত। এই সূত্রে ইংলণ্ডের 'ব্ল্যাক প্লেগ' রোগের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। এই রোগে আক্রান্ত হয়ে ইংলণ্ডের জন-সংখ্যার এক-তৃতীয়াংশ মৃত্যুমুখে পতিত হয়।

শহরাঞ্চলের বাড়ীগুলো প্রথমে কাঠ দিয়ে তৈরী হ'ত। পরবর্তী কালে অবশ্য পোঁড়া ইঁটের সাহায্যে বাড়ী তৈরী হতে থাকে। শহরবাসীরা সুন্দর সুন্দর আসবাবপত্র ব্যবহার করতেন। শহরের বাজারে নানা ধরনের বিলাস-দ্রব্য পাওয়া যেত। বাজারে কেনা-বেচা সাধারণতঃ দিনের বেলাতেই হ'ত। রাত্রিবেলা পারতপক্ষে কেউ বাড়ীর বাইরে বের হ'ত না। শহরবাসীরা তাস, দাবা, হকি, ফুটবল এবং টেনিস খেলতে ভালবাসত। অন্যান্য আমোদ-প্রমোদের সুযোগও নিতান্ত কম ছিল না।

শহরাঞ্চলের বিত্তশালী বণিকরা সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করতেন। তাঁদের উদ্যোগে সুন্দর সুন্দর দালান, গীর্জা প্রভৃতি নির্মিত হ'ত। দালানের চারপাশ বাগান ও ফোয়ারা দিয়ে সাজানো থাকত। ধনী ব্যক্তিরা তাঁদের ছেলেমেয়েকে পড়াশুনার জন্য স্কুলে পাঠাতেন। অনেক সময় আবার তাঁরা স্কুল প্রতিষ্ঠা করে মঠের সাধু-সন্ন্যাসীকে অধ্যাপনার জন্য আমন্ত্রণ জানাতেন।

ব্যবসা-বাণিজ্য ও শিল্পের প্রসার ঘটতে থাকলে শহরের বণিক ও কারি-গররা তাঁদের স্বার্থ রক্ষার জন্য নিজ নিজ সংঘ গড়ে তোলেন। মধ্যযুগের শহর-জীবনে বণিক ও কারিগরদের 'সংঘ' (ইংরেজীতে 'গিল্ড') খুবই গুরুত্ব-


মধ্যযুগের প্রধান নগরসমূহ
মস্কো
কিয়েভ
ক্রাকো
ভিয়েনা
বেলগ্রেড
ওডেসা
কৃষ্ণ সাগর
কনস্টান্টিনোপল
বেইরুট
বাগদাদ
কাস্পিয়ান সাগর
স্টকহল্‌ম
কোলন
আন্টওয়ার্প
প্যারিস
লণ্ডন
মিলান
ভেনিস
জেনোয়া
পিসা
রোম
নেপল্‌স
সাইরাকিউজ
টিউনিস
ত্রিপোলি
ভূমধ্য সাগর
বার্সিলোনা
লিসবন

পূর্ণ হয়ে ওঠে। শহরের বণিক সম্প্রদায়ই প্রথম 'সঙ্ঘ' গড়ে তোলেন। এইসব সঙ্ঘকে 'বণিক-সঙ্ঘ' বলা হ'ত। ইংলণ্ডেই সর্বপ্রথম 'বণিক-সঙ্ঘে'র আবির্ভাব হয়। ক্রমে ইওরোপের বিভিন্ন শহরে ঐ ধরনের সঙ্ঘ গড়ে উঠতে থাকে।

মধ্যযুগে সামন্তপ্রভু, অভিজাত বা যাজক সম্প্রদায়ের লোকেরা বণিকদের সুনজরে দেখিতেন না। শহরের বণিকরা তাই 'সঙ্ঘ' গঠন করে নিজেদের স্বার্থ-রক্ষা করতএবং সমাজে প্রতিষ্ঠা লাভ করতে চাইত। বণিকদের সঙ্ঘবদ্ধ হবার আরও একটা বড় কারণ হ'ল, রাস্তায় দস্যুদের উপদ্রব ঠেকানো। সঙ্ঘের লোকেরা বাণিজ্য-যাত্রার সময় তাঁদের সঙ্গে ভাড়াটে রক্ষীবাহিনী নিত। যেকোন বণিক বা উৎপাদনকারী 'বণিক-সঙ্ঘ'র সদস্য হতে পারত। তবে সদস্য হবার আগে তাঁকে কয়েকটি নিয়ম মেনে চলবার শপথ নিতে হ'ত।

'বণিক-সঙ্ঘ'গুলো ব্যবসায়ীদের মধ্যে প্রতিযোগিতা বন্ধের ওপর নজর রাখত। এই উদ্দেশ্যে সঙ্ঘ জিনিসপত্রের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নির্ধারণ করত এবং সদস্যদের ন্যায্যমূল্যে তা বিক্রী করতে বাধ্য করত। 'বণিক-সঙ্ঘ'গুলোর অপরাপর কার্যকলাপ হ'লঃ সদস্যদের প্রয়োজনের সময় সাহায্য করা, সামন্ত-প্রভুদের সঙ্গে আলাপ-আলোচনা করে শুল্কের হার নির্ধারণ করা প্রভৃতি। বণিকদের ব্যক্তিগত ও সামাজিক জীবনেও সঙ্ঘগুলোর প্রভাব ছিল যথেষ্ট।

বণিকদের মত শহরাঞ্চলের কারিগররাও ক্রমে সঙ্ঘবদ্ধ হতে থাকে। ইওরোপে ইতালির শহরগুলোতেই সর্বপ্রথম 'কারিগর-সঙ্ঘ' গড়ে ওঠে। এক একটি শিল্পে নিয়োজিত কারিগরদের নিয়ে এক একটি 'সঙ্ঘ' গড়ে উঠত। যেমন, স্বর্ণকার, ছুতোর, চর্মশিল্পী এবং অন্যান্যদের প্রত্যেকেরই আলাদা আলাদা সঙ্ঘ ছিল। কারিগর ও শিল্পের সংখ্যা যতই বাড়তে থাকে 'কারিগর-সঙ্ঘ'র সংখ্যাও ততই বৃদ্ধি পায়।

প্রত্যেক 'কারিগর-সঙ্ঘ'র সদস্যদের কতকগুলি নিয়ম-কানুন মেনে চলতে হ'ত। সঙ্ঘের মাধ্যমে সব কারিগরই সমান সুযোগ পেত। 'কারিগর-সঙ্ঘ'-গুলো তাদের সদস্যদের কাজের সময় নির্দিষ্ট করে দিত। তাছাড়া সদস্যরা যাতে নির্দিষ্ট দামে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে জিনিসপত্র বিক্রী করে সেদিকে ল য রাখত।

বণিক-সঙ্ঘের মত কারিগর-সঙ্ঘও অনেক সামাজিক দায়িত্ব পালন করত। কোন সদস্য অসুবিধায় পড়লে সঙ্ঘ তাঁকে সাহায্য করত। তাছাড়া বিভিন্ন সময় অনুষ্ঠানের আয়োজন করত কারিগরদের বিনোদনের জন্য। স্কুল, হাস-পাতাল নির্মাণ, রাস্তাঘাট তৈরী প্রভৃতি জনহিতকর কার্যকলাপেও কারিগর-সঙ্ঘ অংশ নিত। প্রসঙ্গতঃ উল্লেখ্য, 'কারিগর-সঙ্ঘ'গুলো কেবল স্বাধীন কারি-গরদেরই স্বার্থ রক্ষা করত, শিক্ষানবীশ কারিগরদের স্বার্থ ও অধিকারের ওপর ততটা নজর দিত না।

(৩) **শহরবাসীর স্বায়ত্তশাসনাধিকার লাভ ঃ 'বুর্জোয়া' কথাটির সৃষ্টি ঃ** মধ্যযুগে একটা প্রচলিত কথা ছিল ঃ 'জমিদার ছাড়া জমি নেই'। কথাটির অর্থ হ'ল, সব জমিরই একজন করে প্রভু আছেন, সেই প্রভু রাজাই হোক আর ডিউক, ব্যারন বা অন্য কেউ হোক। স্বভাবতঃই মধ্যযুগে নগরগুলো গড়ে উঠত রাজা বা সামন্তপ্রভুর জমিদারীতে। সামন্তপ্রভু আর তাঁর কর্মচারীরা নগরবাসীর কাছ থেকে নিয়মিতভাবে কর আদায় করত, তাঁদের ওপর জরিমানা ধার্য করত, তাঁদের অপরাধেরও বিচার করত। শিল্প ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে শহরবাসীরা যেহেতু ছিল এক বিত্তশালী সম্প্রদায় সেইহেতু সামন্তপ্রভু তাঁদের কাছ থেকে নিয়মমাফিক আদায় ছাড়াও মাঝে মাঝে জোর করে অর্থ আদায় করতেন। এমনকি, সামন্তপ্রভুদের ঠ্যাঙাড়ে বাহিনী প্রায়শঃই নগর আক্রমণ করে নগরবাসীর ধনসম্পত্তি লুট-পাঠ করত। এইসব অত্যাচারের ফলে শহরের শিল্প ও ব্যবসা-বাণিজ্য যে ক্ষতিগ্রস্ত হ'ত তা বলাই বাহুল্য।

নগরবাসীরা সামন্তপ্রভুদের অত্যাচার থেকে মুক্তি চেয়েছিল। ব্যবসা-বাণিজ্য এবং শিল্পের প্রসারের জন্য সামন্তপ্রভুদের কবল থেকে মুক্তিলাভ করা একান্ত প্রয়োজনও ছিল। একাদশ শতাব্দীতে তাই দেখা যায়, ইওরোপের বিভিন্ন শহরের মানুষ সামন্তপ্রভুদের অন্যায় দাবি-দাওয়ার বিরোধিতা করছে, তাঁদের বিরুদ্ধে সংগ্রাম করছে। সেই সময় সামন্তপ্রভুদের কর আদায়কারী কর্মচারী বা ঠ্যাঙাড়ে বাহিনীকে নগরবাসীরা হয় নগরে ঢুকতেই দিত না, নয়তো তাদের জোর করে আটকাত। এইভাবে দীর্ঘদিন সংগ্রামের পরে নগরবাসীরা জয়ী হয়েছিল—তাঁরা সামন্তপ্রভু, রাজা অথবা সম্রাটের কাছ থেকে অনেক সুযোগ-সুবিধা ও অধিকার আদায় করতে পেরেছিল।

নগরবাসীরা অনেক ক্ষেত্রে সামন্তপ্রভু, রাজা বা সম্রাটের কাছ থেকে জোর করে বা অর্থের বিনিময়ে সনদ আদায় করত। অনেক সময় আবার সামন্তপ্রভু বা অন্যান্যরা নিজে থেকেই শহরবাসীদের সনদ দিতেন। এইসব সনদে নগরবাসীদের নানা রকমের সুযোগ-সুবিধাও অধিকারের কথা লেখা থাকত। সেই সময় থেকে নগরবাসীরা ধীরে ধীরে নিজেদের শাসন-ব্যবস্থা ও বিচারকার্য নিজেরাই সম্পাদন করতে থাকে, নগরের নিরাপত্তার জন্য দুর্গ নির্মাণ করতে থাকে। এইভাবেই নগরবাসীরা স্বায়ত্তশাসনাধিকার লাভ করে, অর্থাৎ নিজেদের শাসন-ব্যবস্থা নিজেরাই পরিচালনা করতে থাকে।

মধ্যযুগে ভূমিদাসদের ওপর সামন্তপ্রভুদের অত্যাচারের পাশাপাশি শহরবাসীর স্বাধীনতা মরুভূমির মাঝখানে মরূদ্যানের মতই মনে হয়। সেই আমলে একটা প্রবাদ ছিল ঃ 'শহরের হাওয়া মানুষকে মুক্ত করে'। সামন্ততন্ত্রের বন্ধনমুক্ত শহরগুলো সত্যিই মধ্যযুগে মানুষের মুক্তির প্রতীক হয়ে উঠেছিল। 'ম্যানর' থেকে পালিয়ে আসা হাজার হাজার ভূমিদাস ক্রমে এইসব শহরে আশ্রয়

নিতে থাকে। বাস্তবিকপক্ষে সামন্ততন্ত্রের ধ্বংসের অন্যতম প্রধান কারণ ছিল শহরবাসীর স্বাধীনতা ও শহরের মুক্তির পরিবেশ।

'বুর্জোয়া কথাটির উৎস ঃ সামন্তপ্রভুরা নর্মম্যান, ম্যাগিয়ার প্রভৃতি বহিঃশত্রুর আক্রমণ থেকে তাঁদের জমিদারীকে রক্ষা করবার জন্য জমিদারী এলাকার চারপাশ বেড়া দিয়ে ঘিরে রাখতেন। অনেক সময় মঠ বা গীর্জার চারপাশও ঐ রকম বেড়া দিয়ে ঘিরে রাখা হ'ত। সমসাময়িক ইওরোপে এই ধরনের সংরক্ষিত জায়গাকে বলত 'বুর্গ'*। ব্যবসায়ী, দোকানদার প্রভৃতি 'বুর্গ'-এর আশেপাশে জড়ো হতেন যাতে গোলমালের সময় সেখানে আশ্রয় নেওয়া যায়। দেখতে দেখতে বহু ব্যবসায়ী, দোকানদার, কারিগর প্রভৃতি জড়ো হতে লাগলে সেখানে একটা ফোউবুর্গ'* অর্থাৎ 'বুর্গের বাইরের দিক'-এর সৃষ্টি হয়। ফোউবুর্গ'-এর লোকেরা তাঁদের নিরাপত্তার তাগিদে 'বুর্গ'-এর পুরানো পাঁচিলের চারপাশে আরও একটা রক্ষাপ্রাচীর তুললেন। এই 'ফোউবুর্গ' এলাকার বাসিন্দারা নতুন নামে অভিহিত হতেন—তাঁদের 'বার্গারস্'* বলা হ'ত। 'বার্গারস্' শব্দটি থেকেই 'বুর্জোয়া' কথাটির সৃষ্টি। 'বার্গারস্'দের থেকে যে নতুন সামাজিক সম্প্রদায়—মধ্যবিত্ত বা তৃতীয় সম্প্রদায় গড়ে উঠেছিল তারাই 'বুর্জোয়া'।

স্মৃতি-সহায়

১. ক্রুসেডের সময় থেকে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটেছিল। আর এই ব্যবসা-বাণিজ্যের সূত্রেই মধ্যযুগের শেষদিকে ইওরোপে শহর গড়ে উঠেছিল।

২. ব্যবসা-বাণিজ্য জোর কদমে চলতে থাকায় ব্যবসায়ীরা গীর্জা, মঠ বা সামন্ত-প্রভুদের সুরক্ষিত এলাকায় আশ্রয় নিত। ক্রমে এইসব জায়গাই শহরের রূপ নেয়।

৩. মধ্যযুগের শহরাঞ্চলে জীবনযাত্রা তেমন সুখপ্রদ ছিল না। শহরের সরু সরু রাস্তাগুলো খুবই অপরিচ্ছন্ন থাকত।

৪. ব্যবসা-বাণিজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে শহরাঞ্চলের বণিকরা নিজেদের স্বার্থ রক্ষার জন্য 'বণিক-সঙ্ঘ' এবং কারিগররা 'কারিগর-সঙ্ঘ' গড়ে তোলে।

৫. নগরবাসীরা ব্যবসায়ী ও কারিগরদের তেমন ভাল চোখে দেখত না। ব্যবসায়ীদের ওপর সামন্তপ্রভুদের অত্যাচার চরম পর্যায়ে পেঁৗছেছিল।

৬. সামন্তপ্রভু ও শহরবাসীদের মধ্যে দীর্ঘদিন সংগ্রামের পরে শেষ পর্যন্ত জয়ী হয়েছিল শহরবাসী। নগরবাসীরা স্বায়ত্তশাসনাধিকার লাভ করেছিল। অর্থাৎ নিজেদের শাসন নিজেরাই পরিচালনা করতে শুরু করেছিল।

৭. 'বার্গারস্' থেকে 'বুর্জোয়া' কথাটির উৎপত্তি। 'বুর্জোয়া' বলতে ব্যবসায়ী, দোকানদার প্রভৃতি নিয়ে গঠিত মধ্যবিত্ত সম্প্রদায়কে বোঝায়।

---

* বুর্গ (burg) ; ফোউবুর্গ (faubourg) ; বার্গারস্ (burghers) ; 'বুর্জোয়া' (bourgeois, bourgeoisie)।

অনুশীলনী

১. মধ্যযুগে নগর গড়ে ওঠার পেছনে ক্রুসেডের ভূমিকা কি ছিল?
২. শহরের জীবনযাত্রা সম্পর্কে যা জান সংক্ষেপে লেখ।
৩. শহরগুলোর বণিকরা 'সঙ্ঘ' গড়ে তুলেছিলেন কেন?
৪. বণিক-সঙ্ঘগুলোর কার্যকলাপ সংক্ষপে বিবৃত কর।
৫. 'কারিগর সঙ্ঘ' প্রথম কোথায় গড়ে উঠেছিল? কারিগর সঙ্ঘগুলির কার্য-কলাপ সম্পর্কে যা জান সংক্ষেপে লেখ।
৬. নগরবাসী কিভাবে স্বায়ত্তশাসনাধিকার লাভ করেছিল তা বল।
৭. 'বুর্জোয়া' কথাটির উৎস কি?
৮. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাওঃ

[ক] মধ্যযুগে ইওরোপের কয়েকটি নগরের নাম কর। [খ] মধ্যযুগে কোন্ কোন্ জায়গায় শহর গড়ে উঠেছিল? [গ] ব্যবসা-বাণিজ্য ছাড়া মধ্যযুগের শহরগুলোর অন্যান্য বৈশিষ্ট্য কি ছিল? [ঘ] শহরাঞ্চলের বিত্তশালী বণিকরা সাহিত্য-সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করতেন কি? [ঙ]ইওরোপের কোথায় প্রথম 'বণিক-সঙ্ঘ'র আবির্ভাব হয়? [চ] মধ্যযুগে ইওরোপের কোন্ শহরে প্রথম 'কারিগর-সঙ্ঘ' প্রতিষ্ঠিত হয়? [ছ] 'বুর্গ' কাকে বলে?

৯. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] মধ্যযুগে কোন্ কোন্ অঞ্চল যথার্থ শহরে পরিণত হয়? [খ] শহরাঞ্চলে প্রায়শঃই মহামারী দেখা দিত কেন? [গ] শহরাঞ্চলের লোকেরা কি ধরনের আমোদ-প্রমোদে অভ্যস্ত ছিল? [ঘ] কেন বণিকরা নিজেদের সঙ্ঘ গড়ে তুলেছিল তার একটি কারণ বল। [ঙ] বণিক-সঙ্ঘগুলোর উপকারিতা কি ছিল? [চ] কারিগর-সঙ্ঘগুলো কি সামাজিক দায়িত্ব পালন করত? [ছ] মধ্যযুগে প্রচলিত "জমিদার ছাড়া জমি নাই" কথাটির অর্থ কি? [জ] নগরবাসীরা কেন সামন্ত-প্রভুদের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হয়েছিল? [ঝ] "শহরের হাওয়া মানুষকে মুক্ত করে" কথাটির তাৎপর্য কি?

১০. বন্ধনীর মধ্যে দেওয়া শব্দগুলো থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে নিম্ন-লিখিত শূন্যস্থানগুলো পূরণ করঃ

[ক] মধ্যযুগে ইওরোপের যেসব অঞ্চলে ব্যবসা-বাণিজ্যের দ্রুত প্রসার ঘটেছিল সেখানেই —— গড়ে ওঠে (দুর্গ/নগর/ম্যানর)।

[খ] শহরাঞ্চলের —— সম্প্রদায়ই প্রথম সঙ্ঘ গড়ে তোলেন (কারিগর/বণিক/সামন্তপ্রভু)।

[গ] ——গুলো তাদের সদস্যদের কাজের সময় নির্দিষ্ট করে দিত (বণিক সঙ্ঘ/কারিগর-সঙ্ঘ)।

[ঘ] সামন্তপ্রভুরা ——'র কাছ থেকে নানা অজুহাতে টাকা আদায় করতেন (কারিগর-সঙ্ঘ/নগরবাসী/বণিক-সঙ্ঘ)।

[ঙ] মধ্যযুগের —— মানুষের মুক্তির প্রতীক হয়ে উঠেছিল (ম্যানর/দুর্গ/নগর)।

১১. ইওরোপের একটি রেখা-মানচিত্রে মধ্যযুগে ইওরোপের কোন্ কোন্ অঞ্চলে নগরের উৎপত্তি হয়েছিল তা দেখাও।

১২. মধ্যযুগের একটি শহরের ছবি তুমি নিজে আঁক বা জোগাড় কর। একটি সাদা কাগজে 'শহরের উৎপত্তি' এই শিরোনামে পরিষ্কার করে ২০/২৫ লাইনের একটি নিবন্ধ লেখ। তারপর সেই কাগজটির মাথার ওপর আঁকা বা জোগাড় করা ছবিটি লাগিয়ে দাও।



দশম অধ্যায়

মধ্যযুগে সুদূর-প্রাচ্য*

ক. (১) **মধ্যযুগে চীন ঃ** খ্রীস্টীয় তৃতীয় শতাব্দীতে হান (বা হ্যান) সাম্রাজ্যের পতনের পরে দীর্ঘদিন পর্যন্ত চীনদেশে কোন রাজনৈতিক একতা ছিল না। দেশের সর্বত্র তখন অরাজকতা ও বিশৃঙ্খলা চলছিল। সেই সময়কার চীনদেশের সঙ্গে ইওরোপের তামস যুগ-এর (বা অন্ধকারাচ্ছন্ন যুগ) তুলনা চলতে পারে। বর্বর আক্রমণে ইওরোপের চারিদিকে যেমন এক অরাজক অবস্থার সৃষ্টি হয়, রোমান সাম্রাজ্য ভেঙ্গে পড়ে, তেমনি বহিঃশত্রুর আক্রমণে চীনদেশের সর্বত্র বিশৃঙ্খলা দেখা দেয়, হান সাম্রাজ্য বিচ্ছিন্ন হয়ে যায়। অনৈক্য, অরাজকতা ও যুদ্ধ-বিগ্রহই ছিল হান সাম্রাজ্যের পতনের পরবর্তী কালে চীনদেশের রাজনৈতিক ইতিহাসের মূল কথা।

রাজনৈতিক দিক দিয়ে ইওরোপের তামস যুগের সঙ্গে চীনদেশের মিল থাকলেও সাংস্কৃতিক ক্ষেত্রে উভয়ের মধ্যে অমিলই ছিল বেশী। অন্ধকারাচ্ছন্ন যুগে ইওরোপে সভ্যতা-সংস্কৃতিরও অধঃপতন ঘটেছিল। চীনদেশে কিন্তু তেমনটি হয়নি। রাজনৈতিক অরাজকতার যুগেও চীনদেশের সাংস্কৃতিক ধারাটি একেবারে ম্লান হয়ে যায় নি। সেই যুগেও চীনের মানুষ তাদের নিজস্ব শিক্ষা-সংস্কৃতিকে সযত্নে বাঁচিয়ে রেখেছিল।

যাই হোক, ষষ্ঠ শতাব্দীর শেষভাগে সুই-বংশীয় রাজারা প্রচলিত

---

* 'সুদূর-প্রাচ্য' বলতে মোটামুটিভাবে এশিয়া মহাদেশের পূর্বপ্রান্তে অবস্থিত চীন, জাপান ও তার পার্শ্ববর্তী অঞ্চলকে বোঝায়।

বিশৃঙ্খলার অবসান ঘটিয়ে চীনদেশকে আবার ঐক্যবদ্ধ করেন এবং শান্তি-শৃঙ্খলা ফিরিয়ে আনেন। কিন্তু অল্পদিনের মধ্যেই সুই রাজাদের বিলাসিতা ও দুর্ব্যবহার চীনের সাধারণ মানুষের অসন্তোষের কারণ হয়ে দাঁড়ায়। এই অসন্তোষ ক্রমে বিদ্রোহের রূপ ধারণ করায় সুই বংশের পতন হয়।

সুই রাজাদের আমলে চীনের সর্বত্র যে বিদ্রোহের আগুন জ্বলে উঠেছিল তার মধ্য দিয়েই তাঙ্ বংশের অভ্যুদয় ঘটে (৬১৮ খ্রী)। কেবল ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনই নয়, শিল্প-বাণিজ্য, সাহিত্য-সংস্কৃতি—সর্বদিক দিয়ে চীন-দেশ তাঙ্ বংশীয় রাজাদের আমলে অসাধারণ উন্নতি করেছিল। তাঙ্ রাজবংশ চীনে প্রায় তিনশো বছর রাজত্ব করেছিল।

(২) **তাঙ্ যুগে চীন : শিক্ষা ও সাহিত্য :** তাঙ্ বংশীয় রাজারা চীন সাম্রাজ্যকে কেবল ঐক্যবদ্ধই করেন নি, নতুন নতুন রাজ্য জয় করে তার পরিধিকে আরও বিস্তৃত করেছিলেন। বহিঃশত্রুর আক্রমণে চীন সাম্রাজ্যের যেসব অঞ্চল বিচ্ছিন্ন হয়ে পড়েছিল তাঙ্ রাজারা প্রথমে সেইগুলোর পুনরুদ্ধার করেন। তারপর একে একে কোরিয়া, মাঞ্চুরিয়া, মোঙ্গোলিয়া প্রভৃতি দখল করে নেন। এইভাবে অষ্টম শতাব্দীর মাঝামাঝি সময় পশ্চিমে কাস্পিয়ান সাগর পর্যন্ত এক বিস্তীর্ণ অঞ্চল জুড়ে তাঙ্ রাজাদের আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

প্রথম যুগের তাঙ্ রাজারা শাসনকার্য পরিচালনায়ও দক্ষতার পরিচয় দেন। তাঙ্ রাজাদের সুদক্ষ শাসনে সাম্রাজ্যের সর্বত্র শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়। তবে তাঙ্ রাজারা শাসন-ব্যবস্থার কোন বৈপ্লবিক পরিবর্তন করেন নি। সুই রাজাদের প্রবর্তিত বিধি-ব্যবস্থাকেই সংস্কারের মাধ্যমে আরও শক্তিশালী ও কার্যকরী করে তোলা হয়েছিল। সুই রাজারা প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে রাজকর্মচারী নিয়োগ করতেন। তাঙ্ আমলেও একইভাবে রাজকর্মচারী নিয়োগ করা হ'ত এবং তাঁদের ওপরই দেশ-শাসনের ভার ন্যস্ত ছিল। বলা বাহুল্য, পরীক্ষা-ব্যবস্থার ফলে কেবল যোগ্য ব্যক্তিরাই রাজকর্মচারীপদে নিযুক্ত হতেন। তাছাড়া এতে অভিজাতদের প্রভাব-প্রতিপত্তি অনেক কমে যায় এবং রাজকার্যে তাঁদের আধিপত্যের অবসান ঘটে। জনসাধারণের অসন্তোষের দরুন যে বিদ্রোহ দেখা দিয়েছিল তার ফলেই সুই বংশের পতন হয়—এইকথা মনে রেখে তাঙ্ রাজারা চীনদেশে প্রচলিত নানাবিধ আইনেরও সংস্কার সাধনে উদ্যোগী হন।

তাঙ্ রাজাদের আমলে চীনদেশে বিদ্যা-চর্চার বহুল প্রসার ঘটে। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে রাজকর্মচারী নিয়োগের ফলে চীনা যুবকদের মধ্যে যে পড়াশুনার আগ্রহ অনেক বেড়ে গিয়েছিল তাতে কোন সন্দেহ নেই। রাজধানী চাং-আন নগরীর শিক্ষায়তনে পরীক্ষায় অংশ গ্রহণে আগ্রহী প্রায় ৮০০০ ছাত্রকে ইতিহাস, আইনশাস্ত্র, গণিত প্রভৃতি বিষয়ে শিক্ষাদান করা হ'ত।

চীনা সাহিত্যের উন্নতির জন্যও তাঙ্ যুগ-প্রসিদ্ধ। তাঙ্ যুগের তিন শতাব্দীকে 'কাব্যের সুবর্ণ যুগ' বলা হয়। সাহিত্য-ক্ষেত্রে পদ্য রচনাই ছিল সেই আমলের বৈশিষ্ট্য। বহু সংখ্যক কবি অনেক অনেক কবিতা রচনা করেছিলেন। অষ্টাদশ শতাব্দীতে মাঞ্চু সম্রাট ক্যাং-সি একটি কাব্যগ্রন্থে তাঙ্ যুগের কবিতা সংকলন করেন। বইটির নাম 'চুয়ান তাঙ্ সি'। এতে ৪২০০ জন কবির রচিত প্রায় আটচল্লিশ হাজার কবিতা আছে। লি-পো ও তু-ফু ছিলেন সমসাময়িক চীনের দুজন শ্রেষ্ঠ কবি। আধুনিককালে কবি লি-পো'র অনেক কবিতাই ইংরেজীতে অনুবাদ করা হয়েছে।

(৩) **তাঙ্ শিল্পকলা : মুদ্রণশিল্প : চা :** তাঙ্ যুগে যে শিল্পের সবচেয়ে বেশী উন্নতি হয়েছিল তা হ'ল চিত্রকলা। অনেকের মতে, সেই আমলেই চীনদেশের সর্বশ্রেষ্ঠ চিত্রশিল্পীদের আবির্ভাব ঘটেছিল। সামাজিক মর্যাদার দিক দিয়ে চীনা কবিদের পরেই ছিল চিত্রকরদের স্থান। তাঙ্ যুগের শ্রেষ্ঠ চিত্রকর ছিলেন উ তাও-জু। সেই আমলে চিত্রকররা কেবল ধর্ম-সংক্রান্ত ছবিই আঁকতেন না, নানা প্রাকৃতিক দৃশ্যকে তুলির মাধ্যমে ফুটিয়ে তুলতেও তাঁরা সিদ্ধহস্ত ছিলেন। চিত্রকরদের মধ্যে কেউ কেউ আবার অশ্বের জীবন্ত চিত্রায়ণে পারদর্শী হয়ে ওঠেন। তাঙ্ যুগে চিত্রাঙ্কনও জনপ্রিয় হয়ে উঠেছিল। অনেক বিশিষ্ট পণ্ডিত, এমনকি সম্রাটরাও চিত্রাঙ্কন-বিদ্যা অনুশীলন করতেন।

তাঙ্ যুগের মৃৎশিল্পীরাও শিল্প-সৃষ্টিতে পিছিয়ে ছিলেন না। সমাধি গর্ভে আবিষ্কৃত নানা ধরনের মাটির মূর্তির নমুনা থেকে স্পষ্টই বোঝা যায় যে, মৃৎশিল্পীরা মৃন্ময় মূর্তিকে জীবন্ত রূপ দান করতেন। সম্ভবতঃ তাঙ্-যুগেই 'পর্সিলেন' বা চীনামাটির আবির্ভাব হয়। তবে এই শিল্পের বিকাশ হতে আরও অনেক সময় লেগেছিল।

তাঙ্ যুগে চীনাদের অন্যতম প্রধান কীর্তি হল মুদ্রণশিল্পের ব্যবহার। চীনের তুন্-হুয়াং গুহায় বিশ্বের প্রাচীনতম ছাপা-গ্রন্থ আবিষ্কৃত হয়েছে। চীন দেশে মুদ্রণ কখন আরম্ভ হয়েছিল তা সঠিকভাবে বলা যায় না, তবে সুই বা তাঙ্ যুগ থেকেই মুদ্রণশিল্পের প্রচলন এরূপ অনুমিত হয়। ইওরোপে যেমন, চীন দেশেও তেমনি মুদ্রণের প্রচলন হয় ধর্মপ্রচারের উদ্দেশ্যে। তাঙ্-যুগে সর্বপ্রথম বৌদ্ধধর্ম সংক্রান্ত একটি বই ছাপা হয়। কাঠের ব্লক দিয়ে এই বইটি ছাপা হয়েছিল। পরবর্তী কালে অবশ্য মুদ্রণ-পদ্ধতির আরও উন্নতি হয়। ক্রমে ধর্মগ্রন্থ ছাড়া অন্যান্য গ্রন্থও মুদ্রিত হতে থাকে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, খেলার তাস সর্বপ্রথম চীনদেশেই ছাপানো হয়।

'চা' শব্দটি চীন দেশেরই সৃষ্টি। তাঙ্ যুগের অপর একটি অবদান হ'ল, চা-পানের অভ্যাস। চীন দেশে চা-পান দীর্ঘদিন ধরে প্রচলিত থাকলেও তাঙ্ যুগে তা চীনাদের মধ্যে বিশেষ জনপ্রিয় হয়ে ওঠে। সবচেয়ে মজার ব্যাপার

হ'ল, সেই আমলে চীনা কবিরা চা-পানের মাহাত্ম্য বর্ণনা করে অনেক কবিতা রচনা করেছিলেন। ৭৮০ খ্রীস্টাব্দে জনৈক লেখক 'চা-সাহিত্য' নামক গ্রন্থে চা-পান সম্পর্কে লিখেছেন ঃ "সবচেয়ে ভাল চা-পাতার ভাঁজ তাতার অশ্বারোহীর বুট জুতোর ভাঁজের মত নরম···"।

(৪) **তাঙ্‌যুগের অর্থনীতি ঃ কৃষি ও ব্যবসা-বাণিজ্য ঃ** তাঙ্‌ বংশীয় রাজাদের আমলে চীন দেশের অগ্রগতির অন্যতম প্রধান কারণ হ'ল, কৃষিকাজ ও ব্যবসা-বাণিজ্যের উন্নতি।

সুই রাজাদের আমলে কৃষকদের দুরবস্থার জন্য তাঁরা বিদ্রোহী হয়ে উঠেছিল। তাঙ্‌ রাজারা একথা মনে রেখে কৃষকদের অবস্থার উন্নতি ঘটাতে উদ্যোগী হন। প্রথম যুগের তাঙ্‌ রাজারা কৃষকদের মধ্যে জমি বিলি করেছিলেন। কৃষকদের কাছ থেকে কর আদায় করবার নিয়মাবলী তৈরী করেছিলেন। নতুন নিয়ম অনুসারে, কৃষকদের কাছ থেকে একটা নির্দিষ্ট হারেই কর আদায় করা হ'ত, তার অতিরিক্ত কোন কর নয়। কৃষি মরসুমে কৃষকদের যাতে অন্য কোন কাজে নিয়োগ না করা হয় সেদিকে সর্বদাই রাজকর্মচারীরা সতর্ক দৃষ্টি রাখতেন। এইসব ব্যবস্থার ফলে কৃষকদের অবস্থার যেমন উন্নতি হয়, তেমনি কৃষি-উৎপাদনের পরিমাণও বৃদ্ধি পায়। কৃষকরা কৃত্রিম খাল খনন করে কৃষি-ব্যবস্থার উন্নতি ঘটাতে সাহায্য করত। পশুপালনেও কৃষকরা যথেষ্ট আগ্রহী ছিল।

কৃষিকাজের উন্নতির সঙ্গে সঙ্গে তাঙ্‌যুগে শিল্পেরও প্রসার ঘটেছিল। চীন দেশের শিল্পজাত দ্রব্যের মধ্যে রেশম ছিল সর্বপ্রধান। সেই আমলে চীনের বিভিন্ন শহরের রেশম-কারখানাগুলোতে লক্ষ লক্ষ শ্রমিক কাজ করত। তা থেকে অনুমান করা কঠিন নয় যে, চীনদেশে রেশমশিল্পের প্রসার ঘটেছিল। দেশ-বিদেশে রেশমের প্রচুর চাহিদার ফলে রেশম ছিল রপ্তানীরও প্রধান সামগ্রী।

তাঙ্‌যুগে চীন দেশ অভ্যন্তরীণ ব্যবসার সঙ্গে সঙ্গে বৈদেশিক বাণিজ্যেও উন্নতি করেছিল। তাঙ্‌ রাজত্বকালে চীনের সঙ্গে বিভিন্ন দেশের ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপিত হওয়ায় বৈদেশিক বাণিজ্য আগেকার তুলনায় অনেক বেড়ে গিয়েছিল। তবে চীন দেশের মানুষ নিজেরা ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে বিদেশ-যাত্রা করত খুব কমই। চীনে নানা-দেশ থেকে যে বিদেশীরা উপস্থিত হতেন তাঁদের মাধ্যমেই প্রধানতঃ বৈদেশিক বাণিজ্য চলত। তাঙ্‌ রাজধানী চাং-আন ও ক্যান্টন ছিল আমদানী-রপ্তানী-বাণিজ্যের দুইটি প্রধান কেন্দ্র। ক্যান্টন শহরে তাঙ্‌ যুগে অনেক ভারতীয় ব্যবসায়ী বসবাস করতেন।

(৫) **চীনদেশে বৌদ্ধধর্মের প্রসার ঃ বিভিন্ন দেশে চীন-সভ্যতার প্রভাব ঃ** চীনে ঠিক কোন সময় ও কিভাবে বৌদ্ধধর্ম প্রবেশ করে তা সঠিকভাবে

আমাদের জানা নেই। তবে একথা নিশ্চিতভাবে বলা যায় যে, খ্রীস্টীয় প্রথম শতাব্দীতে ভারতের সঙ্গে চীন দেশের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়। সেই সময় বৌদ্ধধর্মাবলম্বী কুষাণরা উত্তর-ভারতে রাজত্ব করছিলেন। এই কুষাণ রাজাদের মাধ্যমেই চীনদেশের মানুষ বৌদ্ধধর্মের সঙ্গে পরিচিত হয়। ৬৫ খ্রীস্টাব্দে প্রথম বৌদ্ধ প্রচারকরা চীনদেশে উপস্থিত হন।

এইভাবে চীনারা বৌদ্ধধর্মের সঙ্গে পরিচিত হবার পরে ক্রমে সেই ধর্ম চীনের সর্বত্র প্রসার লাভ করে। ৩৭৯ খ্রীস্টাব্দে চীনদেশে বৌদ্ধধর্মকে রাষ্ট্রীয় ধর্ম বলে ঘোষণা করা হয়। তাঙ্ সম্রাটরাও বৌদ্ধধর্মের প্রতি শ্রদ্ধাবান ছিলেন। তাঁদের উৎসাহে সেই আমলে বৌদ্ধধর্ম শ্রেষ্ঠ ধর্ম হিসাবে চীনদেশে প্রতিষ্ঠালাভ করেছিল।

বৌদ্ধধর্ম চীনাদের মধ্যে যে জনপ্রিয়তা অর্জন করেছিল তার পেছনে অবশ্য কয়েকটি কারণ আছে। বৌদ্ধধর্মের সমতার আদর্শ শিক্ষিত ও অশিক্ষিতদের সমানভাবে আকর্ষণ করেছিল। তাছাড়া ভগবান বুদ্ধের ত্যাগ ও অহিংসার আদর্শ জনসাধারণের চিত্তকে অভিভূত করেছিল। এক কথায় বলতে গেলে, বৌদ্ধধর্মের সর্বজনীন আবেদন ঐ ধর্মের জনপ্রিয়তার প্রধান কারণ।

চীনদেশে বৌদ্ধধর্মের প্রসার ও অসংখ্য বৌদ্ধ ধর্মগ্রন্থের চীনা অনুবাদ চীনা সভ্যতা-সংস্কৃতির উপর গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল। চীনা সাহিত্য, জ্ঞান-বিজ্ঞান ও শিল্পকলা—সবকিছুই ভারতীয় প্রভাবে আরও পরিপুষ্ট হয়ে উঠেছিল।

চীনদেশের উন্নত সভ্যতা-সংস্কৃতি ও বৌদ্ধধর্ম কোরিয়া, জাপান, আন্নাম প্রভৃতি প্রতিবেশী দেশগুলোর রীতি-নীতি ও সভ্যতা-সংস্কৃতিকে প্রভাবিত করেছিল। এইসব দেশের ব্যবসায়ী, শিক্ষার্থী ও অন্যান্যরা চীনদেশে আসতেন। তাঁদের মাধ্যমে ঐসব দেশের মানুষ চীনের উন্নত সভ্যতা-সংস্কৃতির সঙ্গে পরিচিত হয়। জাপানে চীনা ভাষা ও লিখন-পদ্ধতি প্রচলিত হয়। তাছাড়া চীনদেশীয় রীতি-নীতি ও সঙ্গীত জাপানীদের মধ্যে দীর্ঘদিন পর্যন্ত টিকেছিল। চীনদেশের ভাস্কর্য ও চিত্রকলার অনুকরণে জাপান, কোরিয়া, আন্নাম প্রভৃতি দেশের শিল্পীরা সুন্দর সুন্দর মূর্তি গড়তেন ও চিত্রাঙ্কন করতেন। এক কথায় বলতে গেলে, তাঙ্ যুগে চীন সমগ্র এশিয়া মহাদেশের সাংস্কৃতিক কেন্দ্রস্থলে পরিণত হয়। আর প্রতিবেশী দেশগুলো চীনদেশের সভ্যতা-সংস্কৃতির আদর্শে নিজেদের সাংস্কৃতিক উন্নতি সাধনে উদ্যোগী হয়।

(৬) **হিউয়েন সাঙ্-এর ভারত-ভ্রমণ ও চীনদেশে তার প্রভাব ঃ** তাঙ্ বংশের রাজত্বকালে বহু চীনা ভিক্ষু ও পণ্ডিত ভারতবর্ষে এসেছিলেন। চীনা পরিব্রাজকদের অনেকে ভারতেই শেষ জীবন যাপন করেন। অনেকে আবার

স্বদেশে প্রত্যাবর্তন করেছিলেন নানা বিচিত্র অভিজ্ঞতা নিয়ে। শেষোক্ত ব্যক্তিদের মধ্যে হিউয়েন সাঙ্-এর নাম সর্বাগ্রে উল্লেখ্য।


হিউয়েন সাঙ্ চীনের হো-নান প্রদেশের অন্তর্ভুক্ত ছেন-পাও-কু গ্রামে (আনুমানিক ৬০০ খ্রীস্টাব্দে) জন্মগ্রহণ করেন। অগ্রজের দৃষ্টান্তে তিনি বৌদ্ধধর্মের প্রতি আকৃষ্ট হন। স্বদেশেই তিনি সংস্কৃত ভাষা ও বৌদ্ধশাস্ত্র অধ্যয়ন করেন। কিন্তু বৌদ্ধশাস্ত্রের চীনা অনুবাদ হিউয়েন সাঙ্কে সন্তুষ্ট করতে পারে নি। বৌদ্ধধর্ম সম্পর্কে গভীর জ্ঞান অর্জন ও ভারতের খ্যাতনামা পণ্ডিতদের কাছে শিক্ষালাভের উদ্দেশ্যে তিনি ভারত-অভিমুখে যাত্রা করেন।


হিউয়েন সাঙ্

৬২৯ খ্রীস্টাব্দে হিউয়েন সাঙ্ ভারতে পোঁছাবার দৃঢ় সংকল্প নিয়ে চীনদেশ থেকে বেরিয়ে পড়েন। মধ্য-এশিয়ার দুর্গম পথে তুরফান, কুচি প্রভৃতি পরিদর্শন করে তিনি তাসখন্দ, সমরকন্দ প্রভৃতি দেশের মধ্য দিয়ে বাহ্লীক-এ উপস্থিত হন। হিন্দুকুশ পর্বতের উত্তরে অবস্থিত বাহ্লীক দেশ সেই সময় বৌদ্ধধর্মের এক বিরাট কেন্দ্র ছিল। সেখানে কিছুদিন অতিবাহিত করে হিউয়েন সাঙ্ হিন্দুকুশ পর্বত পার হয়ে কাবুল নদীর ধার বেয়ে উত্তর-ভারতের গান্ধার রাজ্যে উপস্থিত হন।

হিউয়েন সাঙ্ প্রায় চৌদ্দ বছর ভারতে অবস্থান করেন। এই দীর্ঘ সময়ে তিনি উত্তর ও দক্ষিণ-ভারতের নানা স্থান পরিভ্রমণ করেন। ভারতের বিভিন্ন বৌদ্ধবিহারে দীর্ঘকাল কাটিয়ে তিনি প্রথিতযশা পণ্ডিতদের সংস্পর্শে এসেছিলেন। সম্রাট হর্ষবর্ধনের সঙ্গে তাঁর বন্ধুত্ব হয়েছিল।

৬৪৫ খ্রীস্টাব্দে হিউয়েন সাঙ্ মধ্য-এশিয়ার পথে কাশগড়, খোটান, নিয়া


হিউয়েন সাং-এর ভারত আগমন ও প্রত্যাবর্তন পথ
চাং-আন
সা-চু
তুরফান
কাশগড়
খোটান
সমরখন্দ
বলখ
কাবুল
গজনী
পেশোয়ার (গান্ধার)
মগধ
বোধগয়া

সেন-সেন প্রভৃতি দেশের মধ্য দিয়ে স্বদেশে প্রত্যাবর্তন করেন। প্রত্যাবর্তন-কালে তিনি স্বর্ণ, রৌপ্য ও চন্দনকাঠের তৈরী বৌদ্ধমূর্তি এবং বেশ কিছু সংখ্যক বৌদ্ধ-শাস্ত্রগ্রন্থের পাণ্ডুলিপি সঙ্গে করে নিয়ে যান। স্বদেশে-উপনীত হ'লে তিনি চীনবাসী ও চীন সম্রাটের কাছে বিপুল সম্বর্ধনা লাভ করেন।

হিউয়েন সাঙ্-এর ভারত-ভ্রমণের ফলে চীন-ভারত সম্পর্ক ঘনিষ্ঠতর হয়েছিল এবং চীনা সংস্কৃতির ওপর ভারতীয় প্রভাব পড়েছিল। তাঁর ভ্রমণ চীন-দেশে বৌদ্ধ ধর্মশাস্ত্র ও বৌদ্ধ-সাহিত্য সম্পর্কে আলোচনার পথ সুগম করে তোলে। বৌদ্ধ মন্দিরের দেওয়াল চিত্রায়ণের জন্য ভারতীয় শিল্পীদের চীন-দেশে আমন্ত্রণ জানান হয়। তাছাড়া চীনদেশের সঙ্গীত, চিকিৎসাশাস্ত্র ও জ্যোতির্বিদ্যার ক্ষেত্রেও ভারতীয় প্রভাব পড়েছিল। চীনারা সেই সময় ভারতীয় সভ্যতা-সংস্কৃতিকে শ্রদ্ধার চোখে দেখত।

(৭) সুঙ্ যুগে চীন : ওয়াং আন-সি'র নববিধান : তাঙ্ বংশের পতন ও সুঙ্ বংশের উত্থানের মধ্যবর্তী প্রায় পঞ্চাশ বৎসর চীন দেশে কোন রাজ-নৈতিক ঐক্য ছিল না। সেই সময় চীনের বিভিন্ন অঞ্চলে পাঁচটি রাজবংশ রাজত্ব করছিল। এইরূপ বিশৃঙ্খল অবস্থার মধ্য থেকেই সুঙ্ বংশের অভ্যুদয় হয়।

সুঙ্ বংশের প্রতিষ্ঠাতা চাও কুয়াং-ইন (বা তা'ই জু) একজন সেনাপতি ছিলেন। সৈন্যরাই তাঁকে সম্রাটপদে বরণ করেছিল (৯৬০ খ্রী)। সুঙ্ বংশ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে আবার দেশ ঐক্যবদ্ধ হয় এবং সর্বত্র শান্তি-শৃঙ্খলা ফিরে আসে। সুঙ্ রাজারা তিনশো বৎসর রাজত্ব করেছিলেন। এই দীর্ঘ সময়ে চীনারা সভ্যতা-সংস্কৃতি, বাণিজ্য, অর্থনীতি, রাজনীতি—সবদিক দিয়ে যে উন্নতির পরিচয় দিয়েছিল চীনা ইতিহাসের আর কোন পর্যায়ে তা লক্ষ্য করা যায় না। সুঙ্ যুগে চীনাদের কৃতিত্ব তাঙ্ যুগকেও অতিক্রম করেছিল।

সেন-সুঙ্ ছিলেন সুঙ্ নৃপতিদের মধ্যে শ্রেষ্ঠ। সিংহাসনারোহণের পরে তিনি ব্যাপক সংস্কারকার্যে উদ্যোগী হন। অবশ্য চীনদেশে সেই সময় বিদ্রোহী কৃষকদের শান্ত করবার জন্য সংস্কারের প্রবর্তন একান্ত প্রয়োজনও হয়ে পড়েছিল। সেন-সুঙ্, ওয়াং আন-সি নামে জনৈক অভিজ্ঞ ব্যক্তিকে প্রধানমন্ত্রী পদে নিযুক্ত করেন। ওয়াং আন-সি চীনের অর্থনৈতিক পুনরুজ্জীবনের জন্য 'নববিধান'-এর প্রবর্তন করে ইতিহাসে খ্যাতিলাভ করেছেন। আর এই সংস্কার-মূলক কাজের জন্যই সেন-সুঙ্'এর রাজত্বকালকে 'বৈপ্লবিক শাসন' বলে আখ্যা দেওয়া হয়েছে।

ওয়াং আন-সি যে 'নববিধান'-এর প্রবর্তন করেন তার বৈশিষ্ট্যগুলি হল : ব্যবসা-বাণিজ্যের রাষ্ট্রীকরণ, কৃষকদের ঋণদানের ব্যবস্থা, জমি-জরিপ ও সম্পত্তির ওপর কর ধার্যকরণ প্রভৃতি।

বড় বড় ব্যবসায়ীরা যাতে খাদ্য-শস্য ও অন্যান্য পণ্য-সামগ্রীর দর ইচ্ছামত

বাড়াতে না পারে সেইজন্য নতুন আইনের সাহায্যে ওয়াং আন-সি ব্যবসা-বাণিজ্যকে সরকারী নিয়ন্ত্রণে আনেন। এতে সরকারের আয় যেমন বৃদ্ধি পেয়েছিল সাধারণ মানুষেরও তেমনি উপকার হয়েছিল। তাছাড়া সেচ-ব্যবস্থার প্রবর্তন ও পতিত-জমি উদ্ধারের ফলে ফসল উৎপাদন যথেষ্ট পরিমাণ বেড়ে গিয়েছিল।

সুদখোর মহাজনের হাত থেকে কৃষকদের রক্ষা করবার জন্য সরকারী ঋণ-দানের ব্যবস্থা করা হয়। কৃষকরা কৃষি মরসুমে সরকারের কাছ থেকে অল্প-সুদে টাকা ধার নিত, আর ফসল ওঠার সময় সেই টাকা ফেরৎ দিত। এই ব্যবস্থায় কৃষকরা যে উপকৃত হয়েছিল তা বলাই বাহুল্য।

জমিদার বা অন্য কেউ যাতে জমি লুকিয়ে না রাখতে পারে সেইজন্য ওয়াং আন-সি জমি-জরিপের ব্যবস্থা করেন। জমির উর্বরতা ও ফসলের পরিমাণ বিবেচনা করে তবেই জমির ওপর কর ধার্য হত। নতুন ব্যবস্থায় জমিদার, রাজকর্মচারী, কৃষক—সকলের কাছ থেকেই কর আদায় করা হ'ত, কেউ তা থেকে রেহাই পেত না।

ওয়াং আন-সি প্রবর্তিত 'নববিধান'-এর উদ্দেশ্য ছিল কৃষি-উৎপাদন ও সরকারী আয়ের পরিমাণ বৃদ্ধি, এবং ব্যবসায়ীদের মুনাফার পরিমাণ নিয়ন্ত্রণ করে জিনিস-পত্র ও খাদ্য-শস্যের দাম কমিয়ে আনা। প্রসঙ্গতঃ উল্লেখ্য, 'নববিধান'-এর মূল বৈশিষ্ট্যগুলি আধুনিক কালে অধিকাংশ রাষ্ট্রই গ্রহণ করেছে।

প্রভাবশালী চীনা অভিজাত, জমিদার ও ব্যবসায়ীরা প্রথম থেকেই 'নব-বিধান'-এর বিরোধিতা করছিলেন। সেন-সুঙ্'এর মৃত্যুর পরে এই বিরোধিতা তীব্র আকার ধারণ করায় পরবর্তী সম্রাট 'নববিধান' প্রত্যাহার করে নিতে বাধ্য হন। তাসত্ত্বেও দরিদ্র ও ঋণগ্রস্ত কৃষক এবং সাধারণ মানুষের কল্যাণ সাধনের জন্য ওয়াং আন-সি'র প্রচেষ্টা প্রশংসার দাবী রাখে। অর্থনৈতিক সংস্কারক হিসাবে তিনি নিঃসন্দেহে একজন খ্যাতিমান পুরুষ।

আগেই বলা হয়েছে, সুঙ্ রাজত্বকালের শিক্ষা-সংস্কৃতি তাঙ্ যুগকে অতিক্রম করেছিল। ইতিহাস-রচনা ও সাহিত্য-সৃষ্টি তো বটেই, জ্ঞান-বিজ্ঞান ও গণিতচর্চায়ও চীনারা সুঙ্ আমলে চরম উৎকর্ষের পরিচয় দিয়েছিল। সেই সময় থেকে চীনা সাহিত্যিকরা জনসাধারণের বোধ্য কথ্য ভাষায় লিখতে শুরু করেন। সু-তুং-পো ছিলেন সেই আমলের বিখ্যাত কবি। সুঙ্ বংশীয় নৃপতিরা বিদ্যাচর্চার পৃষ্ঠপোষক ছিলেন। তাঁদের উদ্যোগেই চীন রাজবংশের সুবৃহৎ ইতিহাসগুলি মুদ্রিত হয়। তাছাড়া সরকারী উদ্যোগে বিভিন্ন বিষয়ের ওপর যে গ্রন্থ রচিত ও মুদ্রিত হয় তা জনসাধারণের মধ্যে শিক্ষাবিস্তারে যথেষ্ট সাহায্য করেছিল এবং চীনা সংস্কৃতিকে জগতে অতুলনীয় করে তুলেছিল।

(৮) ইউয়ান বংশের রাজত্বকাল ঃ মোংগলজাতি ঃ কুবলাই খাঁ ঃ সুঙ্ রাজত্বের শেষ দিকে উত্তর-পশ্চিম দিক থেকে নানা বৈদেশিক জাতি চীনদেশের ওপর সর্বদা আক্রমণ চালাতে থাকে। এইসব আক্রমণকারীদের মধ্যে মোঙ্গলরাই ছিল সামরিক দিক দিয়ে সবচেয়ে শক্তিশালী। সুঙ্ রাজারা দীর্ঘদিন ধরে মোঙ্গলদের সঙ্গে লড়াই চালিয়েছিলেন। শেষ পর্যন্ত এই লড়াইয়ের নিষ্পত্তি হয়েছিল সুঙ্দের পরাজয়ের মাধ্যমে। মোঙ্গলশ্রেষ্ঠ কুবলাই খাঁ (বা কুবিলাই খাঁ) চীনের একচ্ছত্র অধিপতি হিসাবে যে নতুন রাজবংশের প্রতিষ্ঠা করেন তার নাম—ইউয়ান বংশ (১২৭৯—১৩৬৮ খ্রী)।

মোঙ্গলিয়া, মাঞ্চুরিয়া ও পূর্ব সাইবেরিয়ার আরগুন নদীর অববাহিকায় ছিল যাযাবর মোঙ্গল জাতির আদি নিবাস। অনুর্বর ও তরুহীন প্রান্তরে যাযাবর জীবনযাপন করে মোঙ্গলরা এক দুর্ধর্ষ ও কষ্টসহিষ্ণু জাতিতে পরিণত হয়। প্রথমে মোঙ্গলরা ক্ষুদ্র ক্ষুদ্র উপজাতিতে বিভক্ত ছিল। তামুজিন নামে জনৈক মোঙ্গল নেতা মোঙ্গলদের ঐক্যবদ্ধ করে এক পরাক্রান্ত জাতিতে পরিণত করেন। তামুজিন ইতিহাসে 'চেঙ্গিজ খাঁ' নামে পরিচিত। 'চেঙ্গিজ খাঁ' কথাটির অর্থ 'ঈশ্বর-পুত্র' বা সম্পূর্ণ বীর*। চেঙ্গিজ খাঁয়ের নেতৃত্বে মোঙ্গলরা একের পর এক রাজ্য জয় করে কিভাবে বিশাল মোঙ্গল-সাম্রাজ্য গড়ে তুলেছিল তা সত্যিই বিস্ময়কর।


চেঙ্গিজ খাঁয়ের প্রপৌত্র কুবলাই খাঁ ছিলেন মোঙ্গল-নেতাদের মধ্যে শ্রেষ্ঠ। তিনিই চীনের সুঙ্ বংশের উচ্ছেদ করেন। তিনি সুদূর কারাকোরাম থেকে মোঙ্গল সাম্রাজ্যের রাজধানী পিকিং-এ (বর্তমান বেজিং) স্থানান্তরিত করেন। পিকিং নগরীর পরিকল্পনা ও নির্মাণ তিনিই করেছিলেন। সেইজন্য মোঙ্গলরা পিকিং নগরীকে বলত 'খান-বালিগ', অর্থাৎ 'খাঁয়ের শহর'।

কুবলাই খাঁ-এর আমলে মোঙ্গল সাম্রাজ্য এক বিস্তীর্ণ এলাকা জুড়ে ছড়িয়ে পড়েছিল। জাপানের বিরুদ্ধে তাঁর অভিযান শোচনীয়ভাবে ব্যর্থ হয়। কুবলাই খাঁ'র তিব্বত-অভিযান অবশ্য আংশিকভাবে সফল হয়েছিল। কুবলাই তিব্বতে প্রচলিত 'লামাবাদ'কে সমর্থন করতেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য, তিব্বতে বৌদ্ধধর্ম এক বিশিষ্ট রূপ গ্রহণ করেছিল। তিব্বতে বৌদ্ধ সন্ন্যাসীদের 'লামা' বলা হ'ত। লামা সম্প্রদায় নিজেদের জাদুবিদ্যার উপর আস্থাশীল ছিলেন। 'দালাইলামা' ছিলেন একাধারে তিব্বতের রাষ্ট্রপ্রধান ও ধর্মগুরু। তিনি তিব্বতের রাজধানী লাসা থেকে দেশের শাসনকার্য পরিচালনা করতেন।

কুবলাই খাঁয়ের রাজসভায় মার্কো পোলো নামে জনৈক ইতালীয় উপস্থিত হন। মার্কো পোলো'র বিবরণী থেকে কুবলাই খাঁ সম্পর্কে অনেক তথ্য জানা যায়।

---

* ভারতকোষ (তৃতীয় খণ্ড) : বঙ্গীয় সাহিত্য পরিষৎ : চেঙ্গিজ খাঁ, জগদীশনারায়ণ সরকার।


কুবলাই খাঁ-এর সাম্রাজ্য
মার্কোপোলোর ভ্রমণ-পথ
ভেনিস
কনস্টান্টিনোপল
ত্রিবিজোন্দ
জেরুজালেম
ইথিওপিয়া
আরব
অরমুজ
আরব সাগর
আফগানিস্তান
বোখারা
সমরকন্দ
কাশ্মীর
ইয়ারকন্দ
খোটান
ভারত
ভারত মহাসাগর
জাপান
চম্পা
দক্ষিণ চীন সাগর

কুবলাই খাঁ পরধর্মসহিষ্ণু ছিলেন। বিদেশীদের প্রতিও তিনি সহানুভূতিশীল ছিলেন। তাঁর রাজত্বকালে ব্যবসা-বাণিজ্য, বৈদেশিক যোগাযোগ, শিল্প-সংস্কৃতি —সবদিক দিয়েই মোঙ্গলরা চরম উন্নতি করেছিল। সেইজন্যই কুবলাই-খাঁ-এর রাজত্বকালকে মোঙ্গল শাসনের 'সুবর্ণ যুগ' বলা হয়।

কুবলাই খাঁ-এর মৃত্যুর (১২৯৪ খ্রী) পরে আরও ৭৪ বছর মোঙ্গল সাম্রাজ্য টিকে ছিল। সর্বশেষ মোঙ্গল সম্রাট সুন-তি'র অকর্মণ্যতার দরুন দেশের সর্বত্র বিদ্রোহের আগুন জ্বলে ওঠে। বিদ্রোহীদের নেতৃত্ব দান করেছিলেন চু-ইউয়ান-চ্যাং নামে জনৈক দরিদ্র চীনা কৃষক। তিনিই চীনদেশ থেকে ইউয়ান বংশের উচ্ছেদ করে সুপ্রসিদ্ধ চীনা রাজবংশ—মিং বংশের প্রতিষ্ঠা করেন (১৩৬৮ খ্রী)।



কুবলাই খাঁ

(৯) মার্কো পোলো'র ভ্রমণ-বৃত্তান্ত : কুবলাই খাঁয়ের রাজসভায় মার্কো পোলো নামে জনৈক ইতালীয় (ভেনিস-এর) পর্যটক উপস্থিত হন। মার্কো পোলোর ভ্রমণ-বৃত্তান্ত থেকে কেবল চীনদেশই নয়, সমগ্র সুদূর-প্রাচ্য সম্পর্কে অনেক তথ্য জানা যায়।

মার্কো পোলোর আসবার আগে তাঁর পিতা নিকোলো এবং পিতৃব্য মাফিও —দুই ভাই একবার চীনদেশে আসেন। কুবলাই খাঁ-এর অনুরোধে তাঁরা দ্বিতীয় বার চীনদেশে এসেছিলেন। এই সময় তাঁরা যুবক মার্কো পোলোকে সঙ্গে নিয়ে আসেন। মার্কো পোলো অল্প সময়ের মধ্যেই কুবলাই খাঁয়ের খুব ঘনিষ্ঠ হয়ে ওঠেন। এমনকি, কুবলাই খাঁ তাঁকে কিছুদিনের জন্য হ্যাং-চৌ প্রদেশের শাসনকর্তা নিয়োগ করেছিলেন।

পোলো বংশীয় তিনজন ভেনিস থেকে রওয়ানা হয়ে আর্মেনিয়া ও পারস্যের মধ্য দিয়ে এসে গোবি মরুভূমি পার হয়ে চীনদেশে পেঁছান। দীর্ঘ সতেরো বৎসর চীনদেশে কাটিয়ে তাঁরা আবার ভেনিস-এর পথে ফিরে যান। যাবার সময় তাঁরা দক্ষিণ চীন থেকে নৌকো করে আরব-সাগরের মধ্য দিয়ে পারস্য-উপসাগরে আসেন। সেখান থেকে স্থলপথে গিয়ে ভূমধ্যসাগরে পেঁছান। তারপর ভূমধ্যসাগরের মধ্য দিয়ে ভেনিস-এ (১২৯৫ খ্রীস্টাব্দে) প্রত্যাবর্তন করেন (মার্কো পোলোর ভ্রমণ-পথটি ৯৮ পৃষ্ঠার ম্যাপে লক্ষ্য কর)।

'মার্কো পোলোর ভ্রমণ-কাহিনী' গ্রন্থটি থেকে কুবলাই খাঁয়ের সাম্রাজ্য ও

সুদূর-প্রাচ্যের দেশগুলো সম্পর্কে অনেক কিছু জানা যায়। কথিত আছে, বইখানি মার্কো পোলো নিজে লেখেন নি। এক বন্ধুর কাছে মার্কো পোলো তাঁর বিচিত্র অভিজ্ঞতার কথা বলেন। রাস্টিসেলো (Rustichello)* নামে সেই বন্ধুটিই মার্কো পোলোর ভ্রমণ-বৃত্তান্ত লিপিবদ্ধ করেন। যাই হোক, বইটি কিন্তু নিছক ভ্রমণ-কাহিনী নয়, তার ঐতিহাসিক মূল্যও আছে। ঐ বই থেকে ইওরোপবাসী সুদূর-প্রাচ্যের দেশগুলোর সমৃদ্ধির কথা সর্বপ্রথম বিস্তারিত-ভাবে জানতে পারে। মার্কো পোলোর ভ্রমণ-কাহিনী ইওরোপবাসীদের মনে এশিয়া মহাদেশ সম্পর্কে দারুণ উৎসাহের সঞ্চার করেছিল। পরবর্তীকালে তাই ইউরোপীয় নাবিক, ব্যবসায়ী ও ধর্মপ্রচারকরা নানা উদ্দেশ্য নিয়ে চীন, ভারত ইন্দো-চীন ও প্রাচ্যের অন্যান্য দেশে এসে হাজির হয়।

মার্কো পোলো তাঁর ভ্রমণ-বৃত্তান্তে বলেছেন, হ্যাং-চৌ-এর রাস্তাগুলো বাঁধানো ছিল। সেখানকার মানুষের রুচি ছিল চমৎকার এবং ব্যবহার অতুলনীয়। তিনি ঐ শহরকে ইওরোপের যেকোন শহর অপেক্ষা শ্রেষ্ঠ বলে বর্ণনা করেছেন। রাজধানী 'খানবালিগ' (বর্তমানে বেজিং) ও কুবলাই-এর রাজসভার জাঁকজমক মার্কোপোলোকে মুগ্ধ করেছিল। তিনি অকপটে স্বীকার করেছেন যে, এত মনোরম ও সমৃদ্ধ নগরী এবং এত শক্তিশালী নৃপতি তিনি ইতিপূর্বে আর দেখেন নি। ব্রহ্মদেশ ভ্রমণকালে তিনি সেখানকার বিশাল সৈন্যবাহিনী ও হস্তীবাহিনী দেখে বিস্মিত হন। মার্কো পোলোর ভ্রমণ-কাহিনীতে জাপানের ঐশ্বর্য ও সম্পদের উল্লেখ আছে। তাছাড়া তাঁর বর্ণনায় আছে ভারতীয় যোগীদের কথা এবং দক্ষিণ-ভারতের এক শক্তিশালী রাণীর বিষয়।

খ. (১) মধ্যযুগের আদিপর্বে জাপানের সমাজ ও অর্থনীতি : মধ্য-যুগের আদিপর্বে, মোটামুটিভাবে সপ্তম শতাব্দী পর্যন্ত জাপানে গোষ্ঠীতন্ত্র প্রচলিত ছিল। সেই সময় বিভিন্ন গোষ্ঠীপতি বা গোষ্ঠীপ্রধানই ছিলেন এক একটি অঞ্চলের শাসনকর্তা। প্রত্যেক গোষ্ঠীপতির অধীন জায়গা-জমি ছিল, আর ছিল কিছু শ্রমজীবী মানুষ। শ্রমজীবী মানুষেরা বংশানুক্রমিকভাবে এক এক ধরনের কাজ করত। সমাজে এদের স্থান ছিল গোষ্ঠীপতিদের পরিবার-পরিজনের নীচে। সমাজের পরবর্তী স্তরে ছিল দাস শ্রেণীর মানুষ। এইসব নিয়েই ছিল এক একটি গোষ্ঠী।

বিভিন্ন গোষ্ঠীর মানুষ কিন্তু একই দেবতার পূজা করত এবং নিজেদের একই পিতৃপুরুষের বংশধর বলে মনে করত। তাছাড়া গোষ্ঠীপতিরা একটি বিশেষ গোষ্ঠীকে তাঁদের 'প্রধান' বলে মানত। সেই পরিবারই ছিল জাপানের সম্রাট-বংশ।

'সম্রাট'কে জাপানীরা বলত 'মিকাডো'। তবে সম্রাট বলতে সাধারণভাবে যা বোঝায় মধ্যযুগের গোড়ার দিকে অন্ততঃ মিকাডো তা ছিলেন না। 'সম্রাট'

* Imperial China : Raymond Dawson : p 233.

বলতে আমরা বুঝি দেশের একচ্ছত্র অধিপতি। জাপানের মিকাডো কিন্তু অপরাপর গোষ্ঠীপতিদের মতই ছিলেন একটি গোষ্ঠীর প্রধান। তবে অন্যান্য গোষ্ঠীর ওপর তাঁর খানিকটা আধিপত্য ছিল। গোষ্ঠীপতিরা সকলেই ছিলেন স্বাধীন। যখন শক্তিশালী কোন লোক 'মিকাডো' হতেন তখন গোষ্ঠীপতিরা তাঁর প্রাধান্য মানতেন। তবে কোন সময়েই গোষ্ঠীগুলির স্বাধীনতা বিপন্ন হ'ত না।

মধ্য-জাপানের 'ইয়ামাতো' গোষ্ঠী ছিল অপরাপর গোষ্ঠীর মধ্যে সর্বপ্রধান এবং এই গোষ্ঠীর প্রধানই সম্রাটের মর্যাদা লাভ করেন। জাপানীদের মধ্যে প্রচলিত কাহিনী অনুসারে, সূর্য-দেবীর বংশধর জিম্মু-তেন্নো ছিলেন ইয়ামাতো-গোষ্ঠীর প্রতিষ্ঠাতা। ক্রমে জিম্মু-তেন্নো'র বংশধররা, অর্থাৎ ইয়ামাতো-গোষ্ঠী জাপানের অপরাপর গোষ্ঠীর ওপর প্রাধান্য স্থাপন করে। এইভাবে বলা যায়, মধ্যযুগের আদিপর্বে জাপানে কোন কেন্দ্রীভূত রাজতন্ত্র গড়ে ওঠে নি। সেই আমলে জাপান এমন একটি রাষ্ট্রে পরিণত হয় যেখানে গোষ্ঠী-পতিরাই ছিলেন দেশের প্রধান শাসকশ্রেণী।

মধ্যযুগে ইওরোপে যেমন জমিই ছিল সম্পদ, জাপানে তেমনি কৃষি-উৎপাদন ছিল সম্পদের একমাত্র উৎস। কৃষি-উৎপাদনের মধ্যে ধান ছিল প্রধান। অন্যান্য ধরনের কাজ করেও মানুষ জীবিকা অর্জন করত। বস্ত্র-উৎপাদন ও মৃৎশিল্প ব্যতীত শিকার ও মাছ-ধরা মানুষের পেশা ছিল।

(২) চীনদেশের সংগে জাপানের ঘনিষ্ঠতা : মিকাডো'র প্রাধান্য : চীন জাপানের নিকটবর্তী দেশ্। প্রাচীনকাল থেকে এই দুই দেশের মধ্যে যোগাযোগ ছিল। তবে স্থই ও তাঙ্ যুগে চীন যখন উন্নতির চরম শিখরে পেঁছায় তখন জাপানের সঙ্গে তার যোগাযোগ ঘনিষ্ঠতর হয়। এর ফলে চীনের উন্নত সভ্যতা-সংস্কৃতি, ধর্ম ও রাজনীতি—সবকিছু জাপান ও জাপানী-দের প্রভাবিত করে। জাপানীরা চীন-সভ্যতার গুণাগুণ ও মাহাত্ম্য উপলব্ধি করে তাকে আপন করে নিতে উদ্যোগী হয়। চীন দেশের অনুকরণে জাপানী জীবনযাত্রা পদ্ধতির রূপান্তরই হ'ল ষষ্ঠ থেকে অষ্টম শতাব্দী পর্যন্ত জাপানী ইতিহাসের মূল কথা।

ষষ্ঠ শতাব্দীতে জাপানীরা চীনদেশের মাধ্যমে বৌদ্ধধর্মের সঙ্গে পরিচিত হয়। অনেক জাপানী সেই সময় বৌদ্ধধর্মে দীক্ষা নিয়ে চীনদেশে শিক্ষালাভের উদ্দেশ্যে যাত্রা করে। এইসব লোকেরা জাপানে চীনা-সংস্কৃতির প্রধান সমর্থক ও প্রচারক হয়ে ওঠেন। কেবল ধর্মই নয়, চীনের সঙ্গে যোগাযোগের মাধ্যমে ক্রমে জাপানের সাংস্কৃতিক ও রাজনৈতিক রূপান্তর ঘটেছিল। আবার চীনা ভাষা ও সাহিত্যের প্রভাবে জাপানী লিখন-পদ্ধতি, ভাষা, সাহিত্য এক নতুন জীবন লাভ করে। তবে চীন-জাপান ঘনিষ্ঠতার সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাব পড়েছিল জাপানের রাজনীতির ওপর।

সপ্তম শতাব্দীর গোড়ার দিকে তদানীন্তন জাপানী যুবরাজ সোটোকু তাইসী'র সময় থেকে নানাবিধ শাসন-সংস্কারের মাধ্যমে চীনদেশের অনুকরণে জাপানের রাষ্ট্র-ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়। এই শাসন-সংস্কারের উদ্দেশ্য ছিল, জাপানীদের মধ্যে সম্রাট, অর্থাৎ 'মিকাডো'র প্রতি আনুগত্য সৃষ্টি, আইনের শাসন প্রতিষ্ঠা, সুযোগ্য ব্যক্তিদের মাধ্যমে শাসন-ব্যবস্থা পরিচালনা ইত্যাদি।

'তাইকোয়া' (বা মহান সংস্কার), 'তাইহো' (বা মহান সম্পদ) প্রভৃতি সংস্কার-বিধির মাধ্যমে চীনের তাঙ্ শাসন-ব্যবস্থার অনুকরণে জাপানে কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থা প্রবর্তিত হয়। সামরিক ও বেসামরিক কাজকর্মকে পৃথক করা হয়। সামরিক কর্মচারীরা আগেকার মতন আর শাসন-দায়িত্ব পালন করতেন না। তাছাড়া আইনতঃ তখন থেকে দেশের সব জমিরই মালিক হন সম্রাট।

জাপানে চীনা-পদ্ধতিতে শাসন-সংস্কারের সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হল, 'মিকাডো'র ক্ষমতা বৃদ্ধি। প্রসঙ্গতঃ উল্লেখ্য, জাপানীদের প্রচলিত ধর্ম-বিশ্বাস—'সিন্টোবাদ' অনুসারে 'মিকাডো' ছিলেন সরাসরিভাবে সূর্যদেবীর বংশধর এবং সেইজন্য তিনি জাপানীদের সর্বপ্রধান পুরোহিত বা ধর্মগুরু। শাসন-সংস্কারের ফলে 'মিকাডো' আবার রাজনৈতিক প্রাধান্যও লাভ করেন। এইভাবে 'মিকাডো' একাধারে ধর্মপ্রধান ও রাষ্ট্রপ্রধানে পরিণত হন।

(৩) প্রভাবশালী পরিবারের বিরোধিতা : কেন্দ্রীয় শক্তির দুর্বলতা : জাপানে সামন্ততন্ত্রের বিকাশ : চীনদেশের ধাঁচে জাপানে যে কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থা প্রবর্তনের চেষ্টা হয় কার্যক্ষেত্রে তা কিন্তু সফল হয় নি। সত্যি কথা বলতে কি, চীন ও জাপানের মধ্যে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক—সর্বদিক দিয়েই বিস্তর প্রভেদ ছিল। এই কারণে চীনদেশের শাসন-ব্যবস্থার হুবহু অনুকরণ করা কোন সময়ই সম্ভব হয় নি। উদাহরণ হিসাবে বলা যায়, কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থা প্রবর্তনের চেষ্টা সত্ত্বেও জাপানে আগেকার গোষ্ঠীপতিদের প্রভাবকে একেবারে নির্মূল করা যায় নি।

শাসন-সংস্কারের সময় প্রভাবশালী পরিবারের লোকজনই বেশী সুযোগ-সুবিধা পেয়েছিল। গোষ্ঠীপ্রধানদের পরিবারের লোককেই দেশের সর্বত্র উচ্চ সরকারী পদে নিয়োগ করা হয়। চীনদেশের মতো প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে যোগ্য ব্যক্তিকে নিয়োগ করা যায় নি। সরকারী পদগুলো তাঁরা বংশানুক্রমিকভাবে দখল করে রাখে। আবার এঁদেরকে পারিশ্রমিক হিসাবে কর-মুক্ত আবাদযোগ্য জমিও দেওয়া হ'ত।

দেশের সর্বত্র অসংখ্য সরকারী কর্মচারীকে কর-মুক্ত জমি দান করবার ফলে সরকারী ব্যয় সংকুলানের জন্য কৃষকদের কাছ থেকে উচ্চ হারে কর আদায় করা হতে থাকে। কৃষকরা তাই অনেক সময় ঐ করের বোঝা বইতে না

পেরে সরকারী কর্মচারীদের হাতে জমি তুলে দিত। এতে কৃষকদের সুবিধে হ'ল এই যে, তাদের আর সরকারকে কর দিতে হত না। এইভাবে সরকারী কর্মচারীরা এক একজন ভূস্বামী হয়ে ওঠেন। এইসব ভূস্বামীর কাছ থেকে ফসলের একাংশ পেয়েই কৃষকরা খুশী থাকত। আবার সরকারী কর্মচারীদের অধীন সব জমিই ছিল করমুক্ত। এর ফলে সম্রাট ও তাঁর কেন্দ্রীয় শাসন হয়ে পড়েছিল কপর্দকশূন্য ও দুর্বল। অপর দিকে সরকারী কর্মচারীরা এক একজন শক্তিশালী ও বিত্তশালী ভূস্বামীতে পরিণত হয়।

কেন্দ্রীয় শাসনের দুর্বলতার আরও একটা বড় কারণ হ'ল, সরকারী পৃষ্ঠপোষকতায় বৌদ্ধ যাজক-সম্প্রদায়ের ক্ষমতাবৃদ্ধি বৌদ্ধ যাজক-সম্প্রদায়ের সাহায্য ও সমর্থন লাভের আশায় সরকারী অর্থের সাহায্যে বৌদ্ধ মন্দিরগুলোকে জাঁকজমকপূর্ণ করে তোলা হয়। কেবল তাই নয়, সরকার উদার হাতে বৌদ্ধ যাজকদের জায়গা-জমি উপহার দেওয়ায় তাঁরাও এক শক্তিশালী ভূস্বামী সম্প্রদায়ে পরিণত হয়।

এইভাবে শাসন-সংস্কারের ফলে জাপানের সর্বত্র মধ্যযুগীয় ইওরোপের মতো কেন্দ্রীয় শক্তি ও সম্রাট দুর্বল হয়ে পড়েন, আর ভূস্বামী বা সামন্তরা হয়ে ওঠেন প্রতিপত্তিশালী। বলা বাহুল্য, ইওরোপের মতো জাপানেও শুরু হয় সামন্ততন্ত্রের যুগ।

(৪) **'সোগান' ও 'সামুরাই'** ঃ জাপানে প্রচলিত গোষ্ঠীপতি শাসিত সমাজে চীনের কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থা প্রবর্তন করবার চেষ্টা থেকেই সেখানে সামন্ততন্ত্রের উৎপত্তি হয়েছিল। এই সামন্ততান্ত্রিক সংগঠন দু'ধরনের শাসকগোষ্ঠী নিয়ে গঠিত ছিল—প্রথম, বেসামরিক শাসক সম্প্রদায় এবং দ্বিতীয়, সামরিক অভিজাত সম্প্রদায়। বেসামরিক শাসক সম্প্রদায় বলতে প্রধান সামন্তপ্রভু বা 'সোগান' এবং 'দাইমিও' বা অন্যান্য সামন্তদের বোঝাত। এঁরা জাপানের সম্রাট এবং কেন্দ্রীয় শাসন-ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করতেন। আর সামরিক অভিজাতরা নিয়ন্ত্রণ করতেন প্রাদেশিক শাসন-ব্যবস্থা। তাঁদের বলা হ'ত 'সামুরাই'।

দ্বাদশ শতাব্দীর শেষ ভাগেই জাপানের প্রকৃত শাসন-ক্ষমতা সামন্ত বা 'দাইমিও'দের হাতে চলে যায়। ১১৯২ খ্রীস্টাব্দে জাপানের সম্রাট সামন্তদের মধ্যে যিনি সবচেয়ে শক্তিশালী, অর্থাৎ প্রধান সামন্ত'র হাতের পুতুলে পরিণত হন। প্রধান সামন্ত সম্রাটের কাছ থেকে 'সোগান' উপাধি আদায় করতেন ; এবং সম্রাটকে যবনিকার অন্তরালে ঠেলে দিয়ে তিনিই দেশের শাসনকার্য পরিচালনা করতেন। ১১৯২ থেকে ১৮৬৮ খ্রীস্টাব্দ পর্যন্ত কয়েকটি সামন্তবংশ জাপানের সম্রাটের ক্ষমতাকে কুক্ষিগত করে কেন্দ্রীয় ক্ষমতা দখল করে রেখেছিল। সেইজন্য ঐ সময়কার জাপানের ইতিহাসকে 'সোগানদের যুগ', ইংরেজীতে 'সোগানেট' বলা হয়। 'সোগান' কথাটির অর্থ 'প্রধান'।

মিনামাতো ওরিতোমো সর্বপ্রথম জাপানের সর্বময় কর্তা হিসাবে 'সোগান' উপাধি গ্রহণ করেন (১১৯২ খ্রী)। ওরিতোমো প্রতিষ্ঠিত সোগান বংশ বা 'সোগানেট' কামাকুরা থেকে শাসনকার্য পরিচালনা করতেন। দ্বিতীয় সোগান বংশের নাম 'আসিকাগা'। তবে 'টকুগাওয়া' সোগানরা ছিলেন সোগান যুগের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য। ঐ বংশ ১৬০৩ থেকে প্রায় ২৫০ বছর ধরে জাপানের শাসন-ক্ষমতায় অধিষ্ঠিত ছিল। ১৮৬৮ খ্রীস্টাব্দে শেষ টকুগাওয়া সোগান স্বেচ্ছায় পদত্যাগ করলে জাপান-সম্রাট সোগানদের প্রভাবমুক্ত হন এবং তিনি তাঁর হৃত ক্ষমতা ফিরে পান।

সোগানরা নিজেদের পরিবারের লোকজন এবং তাঁদের অনুগতদের মধ্যে জমি বিলি করতেন। সামাজিক দিক দিয়ে 'সোগান'-এর পরেই ছিল এইসব সামন্ত বা 'দাইমিও'দের স্থান। 'দাইমিও'রা ইওরোপের সামন্তপ্রভুদের মতো এক একটি অঞ্চলের সর্বময় কর্তা ছিলেন। 'দাইমিও'দের ক্ষমতা ও মর্যাদা আবার নির্ভর করত 'সামুরাই' নামে এক শ্রেণীর সামরিক অভিজাতদের ওপর। 'সামুরাই' কথাটির শব্দগত অর্থ "যারা কর্তব্য পালন করে"।

জাপানের 'সামুরাই'কে ইওরোপের 'নাইট'দের সঙ্গে তুলনা করা যেতে পারে। 'নাইট' যেমন তাঁর ওপর তলার সামন্তপ্রভুর অনুগত ছিল, তেমনি 'সামুরাই'ও 'দাইমিও'দের আনুগত্যাধীন ছিল। প্রথমদিকে জাপানে লোকবল কম থাকায় যেকোন শক্তিমান পুরুষেরই সামুরাই সম্প্রদায়ভুক্ত হতে বাধা ছিল না। কিন্তু ক্রমে এই সম্প্রদায় বংশানুক্রমিক হয়ে পড়ায় যেকোন লোকের পক্ষে আর সেই সম্প্রদায়ে যোগদানের সুযোগ ছিল না। 'সামুরাই' সম্প্রদায়কে কতকগুলো নৈতিক আচরণ মেনে চলতে হ'ত। এই নৈতিক আচরণবিধি 'বুসিডো' নামে পরিচিত।

(৫) **বুসিডো:** জাপানের সামরিক সম্প্রদায়ের নৈতিক আচরণবিধি —'বুসিডো' মধ্যযুগে ইওরোপে প্রচলিত বীরধর্ম বা 'শিভালরি'র কথা মনে করিয়ে দেয়। তা বলে অবশ্য একথা মনে করবার কোন কারণ নেই যে, 'বুসিডো' ইওরোপের 'শিভালরি'র দ্বারা প্রভাবিত হয়েছিল। 'বুসিডো' ছিল জাপানীদের একান্ত নিজস্ব ব্যাপার এবং দীর্ঘদিন ধরে তা বিকাশলাভ করেছিল।

'বুসিডো'র মূল কথা হল আনুগত্য। একজন সামুরাই যোদ্ধা তার প্রভুর প্রতি সর্বদা অনুগত থাকবে। কেবল তাই নয়, প্রয়োজনবোধে সামুরাই তাঁর প্রভুর জন্য নিজের জীবন তো বটেই, এমনকি, তার পরিবার-পরিজনকে পর্যন্ত উৎসর্গ করতে সর্বদাই প্রস্তুত থাকবে—এই ছিল 'বুসিডো'র শিক্ষা।

সামুরাই যোদ্ধা সাদাসিধে জীবন-যাপন করবে, ঐশ্বর্যের প্রতি উদাসীন থাকবে, নিজের সম্মান ও মর্যাদা বজায় রাখবে—এইসব হল 'বুসিডো'র অপরাপর বৈশিষ্ট্য। 'বুসিডো'র শিক্ষানুসারে, একজন সামুরাই শত দুশ্চিন্তা ও দুঃখ-যন্ত্রণার মধ্যেও নিজেকে সংযত রাখত। তাছাড়া ব্যক্তিগত সম্মানকে সে

নিজের জীবন অপেক্ষাও মূল্যবান বলে মনে করত; এবং সেই সম্মান রক্ষার জন্য জীবন বিসর্জন দেওয়াকে সঠিক কাজ বলে বিবেচনা করত।

'বুসিডো' আচরণ-বিধি অনুসারে, কোন অন্যায়ের প্রতিবাদে আত্মহননও সামুরাইদের মধ্যে প্রচলিত ছিল। সামন্তপ্রভু কোন অন্যায় কাজ করলে সামুরাই বীর আত্মহত্যা করে তার প্রতিবাদ জানাতো। সামুরাইদের আত্মঘাতী হবার একটা স্বীকৃত পদ্ধতি ছিল—নিজের পেট কেটে নাড়ীভুঁড়ি বের করা। একে 'হরা-কিরি' বলা হ'ত। প্রত্যেক সামুরাইকে খুব শান্তভাবে এবং বিন্দুমাত্র বিচলিত না হয়ে পেট কেটে কিভাবে নিজের নাড়ীভুঁড়ি বের করতে হয়, অর্থাৎ 'হরা-কিরি' করতে হয় সে সম্পর্কে শিক্ষা নিতে হ'ত।

সামুরাইদের স্ত্রীরাও 'বুসিডো'র দ্বারা প্রভাবিত হন। নানা দুঃখ-কষ্ট সত্ত্বেও বিচলিত না হওয়া, প্রয়োজনবোধে আত্মহত্যা করা প্রভৃতি বিষয়ে তাঁদের শিক্ষা দেওয়া হত।

স্মৃতি-সহায়

১. সপ্তম শতাব্দীর গোড়ার দিকে চীনদেশে তাঙ্ রাজাদের শাসন শুরু হয়। তাঙ্ রাজাদের আমলে চীনদেশ সবদিক দিয়ে উন্নতি করেছিল।

২. সেই সময় প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে রাজকর্মচারী নিয়োগ করা হত। এতে স্বাভাবিকভাবেই যোগ্য ব্যক্তিরা শাসনকার্য পরিচালনার দায়িত্ব পেতেন।

৩. তাঙ্ রাজাদের আমলে বিদ্যাচর্চার বহুল প্রসার ঘটেছিল। শিল্পকলার উন্নতির ক্ষেত্রেও সেই আমল বিশেষভাবে স্মরণীয়। সেই সময় চীন গোটা এশিয়ার সাংস্কৃতিক কেন্দ্রস্থলে পরিণত হয়।

৪. তাঙ্‌যুগের একটি স্মরণীয় ঘটনা হল মুদ্রণশিল্পের বিকাশ।

৫. তাঙ্ রাজাদের সময় থেকেই চীনদেশে চা-পান জনপ্রিয় হয়ে ওঠে। 'চা' কথাটি চীনদেশেরই সৃষ্টি।

৭. ভারতে কুষাণ রাজাদের রাজত্বকালে চীনদেশে বৌদ্ধধর্ম প্রচারিত হয়। চীনদেশের ধর্ম ও সভ্যতা-সংস্কৃতিতে বৌদ্ধধর্মের প্রভাব অনেকখানি। জাপান, কোরিয়া, আন্নাম প্রভৃতি দেশের মানুষ চীনা রীতি-নীতি, ধর্ম ও সভ্যতা-সংস্কৃতির সংস্পর্শে এসে বিশেষভাবে প্রভাবিত হয়।

৮. চীনদেশের বিখ্যাত পণ্ডিত হিউয়েন সাঙ্ হর্ষবর্ধনের রাজত্বকালে ভারতবর্ষে এসেছিলেন। তাঁর আগমনে চীন-ভারত সম্পর্ক ঘনিষ্ঠ হয়েছিল।

৯. দশম শতাব্দীতে সুঙ্ বংশের রাজত্বকালে চীনদেশের মানুষ বাণিজ্য, অর্থনীতি, রাজনীতি ও সভ্যতা-সংস্কৃতিতে চরম উন্নতির পরিচয় দিয়েছিল।

১০. সুঙ্ বংশীয় রাজা সেন-সুঙের রাজত্বকালে তাঁর প্রধানমন্ত্রী ওয়াং আন-সি 'নববিধান' নামে এক বৈপ্লবিক কর্মপন্থার প্রবর্তন করেন।

১১. খ্রীস্টীয় ত্রয়োদশ শতাব্দীর শেষভাগে মোঙ্গলনেতা কুবলাই খাঁ চীনদেশের একচ্ছত্র অধিপতি হন। তাঁর প্রতিষ্ঠিত বংশের নাম ইউয়ান বংশ।

১২. কুবলাই খাঁয়ের রাজত্বকালে মার্কোপোলো নামে জনৈক ইতালীয় পর্যটক চীনদেশে উপনীত হন। 'মার্কোপোলোর ভ্রমণ-কাহিনী' থেকে চীনদেশ সম্পর্কে অনেক তথ্য জানা যায়।

১৩. জাপানীরা তাদের সম্রাটকে 'মিকাডো' বলত। তবে মধ্যযুগে জাপানে সম্রাটের তেমন ক্ষমতা ছিল না। বিভিন্ন গোষ্ঠীপ্রধানরা সর্বেসর্বা হয়ে উঠেছিলেন।

১৪. ষষ্ঠ ও সপ্তম শতাব্দীতে চীন-জাপান ঘনিষ্ঠতার সূত্রে চীনদেশের অনুকরণে জাপানের রাষ্ট্র-ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়েছিল। এই সময় মিকাডোর ক্ষমতাও বৃদ্ধি পেয়েছিল।

১৫. জাপানে চীনদেশের অনুকরণে কেন্দ্রীভূত শাসন-ব্যবস্থা প্রবর্তনের চেষ্টা থেকেই সেখানে সামন্ততন্ত্রের উৎপত্তি হয়। 'সোগান' ও 'সামুরাই' নামে দুই শ্রেণীর সামন্তরা মিকাডোকে কব্জা করে দেশের শাসন-ব্যবস্থা নিয়ন্ত্রণ করতে থাকে।

১৬. 'সামুরাই'রা ছিল জাপানের সামরিক অভিজাত সম্প্রদায়। সামুরাইরা 'বুসিডো', অর্থাৎ কতকগুলি নৈতিক আচরণবিধি মেনে চলত।

অনুশীলনী

১. মধ্যযুগের আদিপর্বে চীনদেশের ইতিহাস বিবৃত কর।

২. কোন্ সময় থেকে তাঙ্ রাজারা চীনদেশে রাজত্ব শুরু করেন? কিভাবে তাঙ্ রাজারা চীনদেশে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠা করেন?

৩. তাঙ্ যুগে চীনদেশের সাংস্কৃতিক উন্নতির পরিচয় দাও।

৪. তাঙ্ রাজাদের আমলে চীনদেশের অর্থনৈতিক উন্নতির কথা সংক্ষেপে বিবৃত কর।

৫. কিভাবে চীনদেশের মানুষ বৌদ্ধধর্মের সঙ্গে পরিচিত হয়? চীনের নিকটবর্তী দেশসমূহে চীন-সভ্যতার প্রভাব নিরূপণ কর।

৬. হিউয়েন সাঙ্ কে ছিলেন? তিনি কিভাবে এদেশে এসেছিলেন? হিউয়েন সাঙ্-এর ভারত-ভ্রমণ কিভাবে চীনদেশের মানুষকে প্রভাবিত করেছিল?

৭. সুঙ্ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? সেন-সুঙ্-এর রাজত্বকালকে 'বৈপ্লবিক শাসন' আখ্যা দেওয়া হয় কেন?

৮. চীনদেশে কে ইউয়ান বংশের প্রতিষ্ঠা করেন? তাঁর সম্পর্কে যা জান সংক্ষেপে বিবৃত কর।

৯. মার্কো পোলো কে ছিলেন? তাঁর ভ্রমণ-বৃত্তান্ত থেকে কি জানা যায়?

১০. মধ্যযুগের আদিপর্বে জাপান-এর সমাজ ও অর্থনীতির পরিচয় দাও।

১১. চীনদেশ জাপানের শাসন-ব্যবস্থাকে কিভাবে প্রভাবিত করেছিল? এর ফল কি হয়েছিল তা সংক্ষেপে বল।

১২. কিভাবে জাপানে সামন্ততন্ত্রের বিকাশ হয়?

১৩. 'সামুরাই' কাদের বলা হ'ত? সামুরাইদের সম্পর্কে যা জান লেখ।

১৪. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] 'সুদূর-প্রাচ্য' বলতে কি বোঝ? [খ] কোন্ সময় তাঙ্ বংশের অভ্যুদয় হয়? [গ] তাঙ্ আমলে কি পদ্ধতিতে রাজকর্মচারী নিয়োগ করা হ'ত? [ঘ] তাঙ্ আমলে চীনদেশের রাজধানীর নাম কি ছিল? [ঙ] কোন্ সময়কে চীনা কাব্যের 'সুবর্ণ যুগ' বলা হয়? [চ] তাঙ্ যুগের শ্রেষ্ঠ চিত্রকরের নাম কি? [ছ] বিশ্বের প্রাচীনতম মুদ্রিত-গ্রন্থ কোথায় আবিষ্কৃত হয়েছে? [জ] 'চা' শব্দটির সৃষ্টি কোন্ দেশে? [ঝ] চীনদেশের উন্নত সভ্যতা-সংস্কৃতি কোন্ কোন্ দেশে বিস্তার লাভ করেছিল? [ঞ] হিউয়েন সাঙ্ চীনদেশে প্রত্যাবর্তনের সময় এদেশ থেকে কি কি জিনিস নিয়ে যান? [ট] ওয়াং আন্-সি কিজন্য খ্যাত? [ঠ] 'নববিধান'-এর উদ্দেশ্য কি ছিল? [ড] কুবলাই খাঁ কে ছিলেন? [ঢ] মার্কোপোলোর ভ্রমণ-বৃত্তান্তের নাম কি? [ণ] জাপানীরা কাকে 'মিকাডো' বলে? [ত] 'সোগান' কাকে বলে? [থ] 'দাইমিও' কাদের বলা হ'ত? [দ] 'সামুরাই' কথাটির অর্থ কি?

১৫. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] চীনা ইতিহাসের কোন্ সময়কে ইওরোপের তামস যুগের সঙ্গে তুলনা করা যায়? [খ] তাঙ্ যুগে কেন চীনা যুবকদের মধ্যে শিক্ষার আগ্রহ বৃদ্ধি পায়? [গ] তাঙ্ যুগের দু'জন শ্রেষ্ঠ চীনা কবির নাম কর। [ঘ] তাঙ্ যুগে চিত্র-শিল্পের উন্নতির কথা কি জান বল। [ঙ] তাঙ্ যুগ-এর 'চা-সাহিত্য' সম্পর্কে কি জান? [চ] তাঙ্ যুগে কোন্ শিল্পের প্রসার ঘটেছিল? [ছ] চীনদেশে বৌদ্ধধর্মের জনপ্রিয়তার কারণ কি? [জ] হিউয়েন সাঙ্-এর ভারত-ভ্রমণ চীনাদের ওপর কি প্রভাব বিস্তার করেছিল? [ঝ] ওয়াং আন-সি'র প্রবর্তিত 'নববিধান'-এর বৈশিষ্ট্য কি? [ঞ] কা'রা 'নববিধান'-এর বিরোধিতা করেছিল? [ট] মোঙ্গলদের পরিচয় দাও। [ঠ] মোঙ্গলরা পিকিং শহরকে কি বলত? [ড] তিব্বতে 'দালাই লামা' কে ছিলেন? [ঢ] মার্কো পোলোর ভ্রমণ-বৃত্তান্তের ঐতিহাসিক গুরুত্ব কি? [ণ] জাপানে বৌদ্ধ যাজকরা কিভাবে শক্তিশালী হয়ে ওঠেন? [ত] কিভাবে জাপানে সামন্তযুগের বিকাশ ঘটে? [থ] 'বুসিডো' বলতে কি বোঝ? [দ] 'হরা-কিরি' কাকে বলে?

১৬. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলো পূরণ কর ঃ

[ক] — রাজাদের আমলে চীনের সর্বত্র যে বিদ্রোহের আগুন জ্বলে ওঠে তার মধ্য দিয়েই — বংশের অভ্যুদয় হয়। [খ] তাঙ্ যুগে — নগরীর শিক্ষায়তনে প্রায় ৮০০০ শিক্ষার্থীকে নানা বিষয়ে শিক্ষাদান করা হ'ত। [গ] মাঞ্চু সম্রাটদের আমলে যে চীনা কাব্যগ্রন্থ সংকলন করা হয় তার নাম —। [ঘ] — গুহায় বিশ্বের প্রাচীনতম মুদ্রিত বই পাওয়া গেছে। [ঙ] চীনে — বংশীয় রাজাদের আমলে হিউ-য়েন সাঙ্ ভারতবর্ষে এসেছিলেন। [চ] —— ছিলেন সুঙ্ বংশের প্রতিষ্ঠাতা। [ছ] 'নববিধান' অনুসারে ব্যবসা-বাণিজ্যকে — নিয়ন্ত্রণে আনা হয়। [জ] '—' কথাটির অর্থ ঈশ্বরের পুত্র। [ঝ] —— পিকিং নগরীর পরিকল্পনা করেন। [ঞ] মার্কো পোলো — দেশের লোক ছিলেন। [ট] — কে জাপানীরা 'মিকাডো' বলে। [ঠ] — গোষ্ঠী ছিল জাপানে অপরাপর গোষ্ঠীর মধ্যে সর্বপ্রধান [ড] — দেশের অনুকরণে জাপানের রাষ্ট্র-ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়। [ঢ] — সর্বপ্রথম জাপানের সর্বময় কর্তা হিসাবে 'সোগান' উপাধি লাভ করেন।

১৭. সঠিক বক্তব্যগুলি (√)-চিহ্ন দিয়ে নির্দেশ কর :

[ক] তাঙ্ বংশীয় রাজাদের আমলে চীনদেশ কেবল বৈদেশিক বাণিজ্যেই অসাধারণ উন্নতি করেছিল ( )।

[খ] তাঙ্ যুগে চীনামাটি-শিল্পের যথেষ্ট উন্নতি হয় ( )।

[গ] প্রথম যুগের তাঙ্ রাজারা কৃষকদের মধ্যে জমি বিলি করেছিলেন ( )।


[ঘ] হিউয়েন সাঙ্ ভারতে জন্মেছিলেন ( )।

[ঙ] প্রভাবশালী চীনা অভিজাতরা ওয়াং আন-সি'র নববিধানের বিরোধিতা করেছিলেন ( )।

[চ] তিব্বতে যে 'লামাবাদ' প্রচলিত ছিল, কুবলাই খাঁ তার বিরোধী ছিলেন ( )।

[ছ] জাপানে বিভিন্ন গোষ্ঠীর মানুষ নানা দেব-দেবীর পূজা করত ( )।

[জ] 'আসিকাগা' সোগানরা ছিল সোগান যুগের মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য ( )।



একাদশ অধ্যায়

মধ্যযুগে ভারত

(১) ভারতবর্ষে হূন আক্রমণ ঃ হূন আক্রমণের গুরুত্ব ঃ গুপ্তযুগ ভারত-ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। গুপ্তসম্রাটরা ভারতে এক বিশাল সাম্রাজ্য গড়ে তুলেছিলেন কেবল সেইজন্যই নয়, সেই আমলে শিল্প, বাণিজ্য, সভ্যতা-সংস্কৃতি—সবদিক দিয়েই ভারতের অভাবনীয় উন্নতি হয়েছিল। গুপ্ত-বংশের সৌভাগ্য ও গরিমার দিন অবশ্য দীর্ঘস্থায়ী হয় নি। অভ্যন্তরীণ বিশৃঙ্খলা, সম্রাটদের দুর্বলতা এবং সর্বোপরি বহিরাগত জাতির আক্রমণে গুপ্তসাম্রাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে পড়ে।

গুপ্তরাজ প্রথম কুমারগুপ্ত'র আমল থেকেই গুপ্তসাম্রাজ্য বহিঃশত্রুর দ্বারা আক্রান্ত হয়। এই বৈদেশিক আক্রমণকারীরা হল 'হূন' জাতি। মধ্য-এশিয়ার প্রান্তরভূমি থেকে উদ্ভূত যাযাবর হূনরা ক্রমে দু'টি দলে বিভক্ত হয়ে পড়ে। পঞ্চম শতাব্দীতে একটি দল রোমান সাম্রাজ্য অভিমুখে এবং অপরটি পারস্য ও ভারত অভিমুখে রওয়ানা হয়। হূনদের এই দ্বিতীয় দলটি 'শ্বেত হূন' নামে অভিহিত।

অক্ষু নদীর উপত্যকা থেকে 'শ্বেত হূন'রা হিন্দুকুশ পর্বত অতিক্রম করে ভারতে প্রবেশ করে। প্রথমবারে হূনরা গুপ্তরাজ স্কন্দগুপ্তের কাছে পরাজিত (আনুমানিক ৪৫৮ খ্রী) হয়ে পারস্যে চলে যায়। পারস্যরাজ ফিরোজ হূনদের আক্রমণ প্রতিহত করতে পারেন নি। হূনদের সঙ্গে যুদ্ধে তিনি পরাজিত ও নিহত হন। তারপর হূনরা পারস্য ও কাবুল অধিকার করে সেখানে

একটি হূন রাজ্যের পত্তন করে। রাজ্য প্রতিষ্ঠা করবার ফলে হূনদের শক্তি স্বাভাবিকভাবেই আরও বেড়ে গিয়েছিল।

স্কন্দগুপ্তের পরবর্তী কালে ভারতবর্ষে হূন অভিযানের দ্বিতীয় পর্যায় শুরু হয়। এই অভিযানে হূনদের নেতৃত্ব দিয়েছিলেন তোরমান। স্কন্দগুপ্তের মৃত্যুর পরে গুপ্ত সাম্রাজ্য আরও দুর্বল হয়ে পড়ায় হূনদের সুবিধে হয়েছিল। হূন-নেতা তোরমান গুপ্ত সাম্রাজ্যের এক বিশাল অংশ জয় করে নেন। তোর-মান অবশ্য গুপ্তরাজ ভানুগুপ্তের কাছে বাধা পেয়েছিলেন।

তোরমান-এর পুত্র মিহিরকুল (বা মিহিরগুল) পিতার পদাঙ্ক অনুসরণ করে নতুন উদ্যমে ভারত-অভিযানে উদ্যোগী হন। মিহিরকুল অত্যাচারী ও নৃশংস ধরনের মানুষ ছিলেন। হিউয়েন সাঙ্-এর বর্ণনায় মিহিরকুলের অত্যাচারের ইতিবৃত্ত পাওয়া যায়। মিহিরকুল কোন রাজ্য আক্রমণ করবার পরে সেখানকার নিরীহ সাধারণ মানুষের ওপরও নৃশংস অত্যাচার চালাতে দ্বিধাবোধ করতেন না। রোমান সাম্রাজ্য আক্রমণে হূন-নেতা এ্যাটিলা যে নৃশংসতার পরিচয় দিয়েছিলেন ভারতে মিহিরকুলের অত্যাচার তা থেকে কোন অংশে কম ছিল না। সেইজন্য মিহিরকুলকে এ্যাটিলার সঙ্গে তুলনা করে 'ভারতের এ্যাটিলা' বলা হয়। উত্তর-ভারতের সর্বত্র মিহিরকুল এক আতঙ্কের সৃষ্টি করেছিলেন। তাঁর আমলে সাকল (বর্তমান শিয়ালকোট) ছিল হূনদের রাজধানী।

মিহিরকুলের শক্তি ও প্রভাব-প্রতিপত্তি দীর্ঘদিন স্থায়ী হয় নি। সম-সাময়িক ভারতের দু'জন শক্তিশালী রাজার কাছে তাঁকে শেষ পর্যন্ত পরাজিত হতে হয়েছিল। এই দু'জন রাজা হলেন যশোধর্মন্ ও নরসিংহগুপ্ত বালাদিত্য।

মান্দোসার-এর রাজা যশোধর্মনই সর্বপ্রথম মিহিরকুলের আক্রমণকে প্রতিহত করেন। তবে ভারতবাসীকে হূন-আতঙ্ক থেকে সম্পূর্ণ মুক্ত করবার কৃতিত্ব গুপ্তরাজ নরসিংহগুপ্ত বালাদিত্যের প্রাপ্য। মিহিরকুল মগধ আক্রমণ করলে পর নরসিংহগুপ্ত তাঁকে পরাজিত ও বন্দী করেন। মিহিরকুলের মৃত্যুর সঙ্গে সঙ্গেই ভারতে হূন-শাসনের অবসান ঘটেছিল।

হূন-আক্রমণ উত্তর-ভারতের রাজনৈতিক ও সামাজিক জীবনে এক নতুন অধ্যায়ের সূচনা করেছিল। এই আক্রমণের ফলে ঐক্যবদ্ধ গুপ্ত সাম্রাজ্যের অবসান ঘটে; এবং তা'র পরিবর্তে উত্তর ও পশ্চিম ভারতে অনেকগুলো নতুন রাজ্য গড়ে ওঠে। হূন-আক্রমণের সামাজিক প্রভাব হ'ল, হিন্দু সমাজে বিদেশী-দের অন্তর্ভুক্তি। হূন এবং তাদের সঙ্গে অন্যান্য যেসব বিদেশীরা এদেশে এসেছিল তারা ভারতীয় ভাষা, ধর্ম, আচার-ব্যবহার প্রভৃতি গ্রহণ করে হিন্দু সমাজে মিশে গিয়েছিল। হূন ও অন্যান্য বৈদেশিক জাতির সংমিশ্রণেই 'রাজ-পুত' গোষ্ঠীর সৃষ্টি হয়। ভারতে হূন-আক্রমণ ঐতিহাসিক দিক দিয়েও কম

গুরুত্বপূর্ণ নয়। হূনদের আক্রমণের আগে মৌর্য, কুষাণ ও গুপ্ত রাজবংশ সম্পর্কে যেসব কাহিনী-কিংবদন্তী মানুষের মুখে মুখে প্রচলিত ছিল, আক্রমণের পরবর্তী কালে সেইসব কাহিনী আর মানুষের মুখে শোনা যেত না। ঐতিহাসিকদের পক্ষে তাই মৌর্য, কুষাণ ও গুপ্তযুগের ইতিহাস রচনা কষ্টকর হয়েছিল।

(২) **গুপ্ত সাম্রাজ্যে ভাঙ্গন ঃ** গুপ্ত সাম্রাজ্যে রাজতন্ত্র প্রতিষ্ঠিত ছিল। অর্থাৎ গুপ্তরাজই ছিলেন দেশের সর্বক্ষমতার অধিকারী। রাজতন্ত্রের প্রধান ত্রুটি হ'ল, শক্তিশালী রাজার অবর্তমানে দেশের শাসন-ব্যবস্থা দুর্বল হয়ে পড়ে এবং রাজ্যের পতন অবশ্যম্ভাবী হয়ে ওঠে। গুপ্ত সাম্রাজ্যের ক্ষেত্রেও এই নিয়মের কোন ব্যতিক্রম ঘটেনি।


চন্দ্রগুপ্ত, সমুদ্রগুপ্ত প্রভৃতি সুযোগ্য ও শক্তিশালী সম্রাটদের আমলে গুপ্ত সাম্রাজ্য উন্নতির চরম শিখরে আরোহণ করেছিল। কিন্তু স্কন্দগুপ্তের পরবর্তী কালে যেসব গুপ্তরাজ সিংহাসনে আসীন হয়েছিলেন তাঁদের কেউই আর তেমন যোগ্যতার পরিচয় দিতে পারেন নি। তাঁদের আমলে তাই সাম্রাজ্যের শাসন-ব্যবস্থা দুর্বল হয়ে পড়েছিল, অভ্যন্তরীণ দুর্বলতা দেখা দিয়েছিল। সেই সুযোগে প্রাদেশিক শাসনকর্তা ও সামন্তরাজারা নিজ নিজ এলাকায় স্বাধীন হয়ে ওঠেন।

মান্দোসার-এর যশোধর্মন্ স্বাধীনতা ঘোষণা করে গুপ্ত সাম্রাজ্যের ওপর চরম আঘাত হেনেছিলেন। যশোধর্মন্-এর পদাঙ্ক অনুসরণ করে একে একে অন্যান্য প্রাদেশিক শাসনকর্তা ও সামন্তরাজরা স্বাধীন হয়ে ওঠেন। মৌখরীরা বিহার ও উত্তরপ্রদেশ অঞ্চলে প্রবল হয়ে ওঠেন। বল্‌ভী'র শাসনকর্তা মৈত্রকরা গুজরাট অঞ্চলে নিজেদের প্রাধান্য প্রতিষ্ঠা করেন। থানেশ্বর-এর সামন্তরাজরা বর্তমান হরিয়ানা অঞ্চলে স্বাধীনভাবে রাজত্ব করতে থাকেন। এইভাবেই ঐক্যবদ্ধ গুপ্ত সাম্রাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল।

গুপ্ত সাম্রাজ্যের পতনের আরও একটা বড় কারণ হল বহিঃশত্রুর আক্রমণ। গুপ্তরাজদের প্রতিরোধ সত্ত্বেও হূনরা গুপ্ত সাম্রাজ্যের একাংশ দখল করে নেয়। অশ্বারোহণে পারদর্শী হূন সৈন্যেরা সহজেই এদেশে সাফল্য অর্জন করেছিল। তাছাড়া বৈদেশিক শত্রুর আক্রমণের সময় দুর্বল গুপ্ত সম্রাটদের দুর্বলতা আরও প্রকট হয়ে উঠেছিল। বলা বাহুল্য, হূন-আক্রমণ গুপ্ত সাম্রাজ্যের ভিত্তিকে দুর্বল করে দেয় এবং এর পরিণতি হিসাবে তার ভাঙ্গন অবশ্যম্ভাবী হয়ে পড়ে।

(৩) **হর্ষবর্ধন-এর রাজত্বকাল ঃ সাম্রাজ্যিক ঐক্যের ধারণার সংকোচন ঃ** গুপ্ত সাম্রাজ্যের পতনের পর থেকে হর্ষবর্ধনের উত্থান পর্যন্ত—প্রায় একশো বৎসর উত্তর ও পশ্চিম ভারতে কোন ঐক্যবদ্ধ শক্তিশালী সাম্রাজ্য গড়ে উঠতে

পারে নি। সেই সময়কার রাজনৈতিক চিত্রটি ছিল, অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র সামন্ত-রাজ্যের মধ্যে পরস্পর বিবাদ ও সংঘর্ষ। পূর্ব পাঞ্জাবে থানেশ্বরে এই ধরনের একটি রাজ্য ক্রমে শক্তিশালী হয়ে ওঠে এবং অপরাপর সামন্তরাজ্যের ওপর প্রাধান্য বিস্তারে সমর্থ হয়। রাজা হর্ষবর্ধন-এর আমলেই থানেশ্বর উত্তর-ভারতে প্রাধান্য অর্জন করেছিল।



পুষ্যভূতি বংশের প্রভাকরবর্ধন-এর পুত্র হর্ষবর্ধন ৬০৬ সালে থানেশ্বরের অধিপতি হন। তাঁর রাজত্বকাল সম্পর্কে জানতে হ'লে আমাদের নির্ভর করতে হয় দু'টি উপাদানের ওপর যেমন ঃ বাণভট্ট'র 'হর্ষচরিত' এবং হিউয়েন সাঙ্-এর বিবরণী। বাণভট্ট ছিলেন হর্ষবর্ধনের সভাকবি, আর চৈনিক পরিব্রাজক হিউয়েন সাঙ্ হর্ষবর্ধনের আমলেই ভারত-ভ্রমণে এসেছিলেন।

বিজেতা হিসাবে হর্ষবর্ধন একজন খ্যাতিমান রাজা ছিলেন। সারা ভারত জুড়ে এক বিশাল সাম্রাজ্য গঠন করতে না পারলেও হর্ষবর্ধন উত্তর-ভারতের এক বিস্তীর্ণ অঞ্চলে তাঁর প্রাধান্য সুপ্রতিষ্ঠিত করেন। রাজস্থান, পাঞ্জাব, বিহার, উড়িষ্যা সরাসরিভাবে হর্ষবর্ধনের সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। তাছাড়া আশে-পাশের অনেক সামন্তরাজও হর্ষবর্ধনের অধীনতা মেনে চলতেন। হর্ষবর্ধনের

দাক্ষিণাত্য-অভিযান অবশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়। দক্ষিণ-ভারতে বাদামীর চালুক্য-রাজ দ্বিতীয় পুলকেশীর কাছে পরাজিত হওয়ায় হর্ষবর্ধনের সৈন্যবাহিনী নর্মদা নদী পেরিয়ে দক্ষিণ দিকে আর এগুতে পারে নি। হর্ষবর্ধনের মৃত্যুর সময় (৬৪৭ খ্রী) তাঁর রাজ্য উত্তরে হিমালয় থেকে দক্ষিণে নর্মদা নদী এবং পূর্বে বঙ্গদেশ থেকে পশ্চিমে পাঞ্জাব পর্যন্ত বিস্তৃত ছিল।

হর্ষবর্ধন বর্তমান কানপুরের অনতিদূরে কনৌজ-এ রাজধানী প্রতিষ্ঠা করেন। কনৌজ-এর প্রাচীন নাম কান্যকুব্জ। প্রাচীন যুগে মৌর্য ও গুপ্ত সম্রাটদের আমলে পাটলিপুত্র ছিল উত্তর-ভারতের প্রধান নগরী, বাণিজ্য-কেন্দ্র ও রাজধানী। কিন্তু মধ্যযুগে ব্যবসা-বাণিজ্যের অবনতি ঘটায় পাটলিপুত্র তার প্রাচীন গৌরব হারিয়েছিল। অপরদিকে কনৌজ ছিল ভৌগোলিক দিক দিয়ে একটি সংরক্ষিত জায়গা এবং দুর্গ নির্মাণের পক্ষে উৎকৃষ্ট স্থান। কনৌজ থেকে শাসনকার্য পরিচালনা করাও ছিল সহজ। এইসব কারণে হর্ষবর্ধন পাটলিপুত্রের পরিবর্তে কনৌজেই রাজধানী স্থাপন করা যুক্তিযুক্ত মনে করেন।



হর্ষবর্ধন

হর্ষবর্ধন কেবল যোদ্ধা হিসাবেই শ্রেষ্ঠ ছিলেন না, একজন সুশাসক এবং বিদ্যোৎসাহী রাজা হিসাবেও তিনি খ্যাতিমান। রাজ্যের কোথায় কি ঘটছে, রাজকর্মচারীরা তাঁদের দায়িত্ব পালন করছেন কি না তা জানবার জন্য এবং প্রজাসাধারণের সঙ্গে মেলামেশার উদ্দেশ্যে হর্ষবর্ধন সর্বদাই রাজ্যের সর্বত্র ঘুরে বেড়াতেন। শাসন-সংক্রান্ত কাজকর্মের সঙ্গে সঙ্গে তিনি সাহিত্য-চর্চাও করতেন। সংস্কৃত ভাষায় তিনি স্বয়ং অন্ততঃ তিনটি নাটক রচনা করেছিলেন। পণ্ডিত ব্যক্তিদের প্রতি তাঁর অসীম শ্রদ্ধা ছিল। হর্ষবর্ধনের রাজসভায় বাণভট্ট ব্যতীত আরও অনেক কবি ও সাহিত্যিক সমাদৃত হতেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ের জন্য তিনি অকাতরে অর্থ ব্যয় করতেন।

হর্ষবর্ধনের আমলে ভারতবর্ষের সঙ্গে চীনদেশের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়। হিউয়েন সাঙ্-এর ভারত-আগমনের আগে থেকেই চীনের তাঙ্-বংশীয় রাজাদের সঙ্গে হর্ষবর্ধনের যোগাযোগ ছিল। তবে হিউয়েন সাঙ্ এদেশে আসবার ফলে ভারত-চীন ঘনিষ্ঠতা আরও বৃদ্ধি পেয়েছিল। হর্ষবর্ধনের আমলে চীনের সঙ্গে ভারতের একাধিকবার দূত-বিনিময় হয়।

হর্ষবর্ধন পরধর্মসহিষ্ণু ছিলেন। তিনি শিবের উপাসক ছিলেন। তবে জীবনের শেষ দিকে তিনি বৌদ্ধধর্মানুরাগী হয়ে ওঠেন। তিনি প্রতি পাঁচ

বৎসর অন্তর প্রয়াগ-এ (বর্তমান এলাহাবাদ) মেলার আয়োজন করতেন। প্রয়াগ-এর মেলায় ধনি-দরিদ্র-নির্বিশেষে হাজার হাজার মানুষ এবং অনেক সামন্ত-রাজা সমবেত হতেন। মেলার শেষ দিনে হর্ষবর্ধন সবাইকে প্রচুর পরিমাণ অর্থ ও নানা জিনিসপত্র দান করতেন। হর্ষবর্ধন ৬৪৭ খ্রীস্টাব্দে মৃত্যুমুখে পতিত হন।

ঐক্যবদ্ধ সাম্রাজ্যের পরিবর্তে ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের সৃষ্টিই ছিল মধ্যযুগের রাজনৈতিক বৈশিষ্ট্য। রোমান সাম্রাজ্যের মতো বিশাল সাম্রাজ্যের অস্তিত্ব মধ্যযুগের ইওরোপে ছিল না। ভারতবর্ষেও এই নিয়মের ব্যতিক্রম ঘটে নি। প্রাচীন যুগে মৌর্য বা গুপ্ত সম্রাটরা ভারতের যে বিস্তীর্ণ অঞ্চল জুড়ে রাজত্ব করতেন, মধ্যযুগের হর্ষবর্ধন মোটেই তা করতেন না। হর্ষবর্ধন ছিলেন 'উত্তরপথনাথ' অর্থাৎ 'উত্তর-ভারতের অধিপতি'। আবার উত্তর-ভারতের অনেক সামন্তরাজা তাঁর অনুগত হলেও কার্যতঃ তাঁরা ছিলেন স্বাধীন। আর দক্ষিণ-ভারতে সেই সময় তো একাধিক শক্তিশালী রাজ্য ছিলই। দাক্ষিণাত্যের চালুক্যরাজ পুলকেশীর কাছে হর্ষবর্ধন পরাজিত হয়েছিলেন। এইভাবে লক্ষ্য করা যায়, মধ্যযুগের রাজারা রাজ্য জয় করলেও সেই সময় তাঁরা বিশাল সাম্রাজ্য গঠনের কথা চিন্তা করতেন না। হর্ষবর্ধনের ক্ষেত্রেও তাই তাঁর সাম্রাজ্য উত্তর-ভারতের গণ্ডী পেরিয়ে বেশীদূর প্রসারিত হয় নি।

(৪) **হিউয়েন সাঙ্-এর ভ্রমণ-বৃত্তান্ত**ঃ হর্ষবর্ধনের রাজত্বকালের একটি উল্লেখযোগ্য ঘটনা হ'ল, সুদূর চীনদেশ থেকে হিউয়েন সাঙ্-এর ভারত আগমন। ৬২৯ সালে মধ্য-এশিয়ার দুর্গম পথ অতিক্রম করে তিনি কিভাবে ভারতে প্রবেশ করেন তা ইতিপূর্বেই আলোচিত হয়েছে।

হিউয়েন সাঙ্ এদেশে প্রায় চৌদ্দ বৎসর অবস্থান করেন। এই দীর্ঘ সময়ের মধ্যে তিনি উত্তর ও দক্ষিণ-ভারতের বিভিন্ন স্থান পরিদর্শন করেন। তাঁর মতো পুঙ্খানুপুঙ্খভাবে আর কোন পর্যটকই এদেশ ভ্রমণ করেন নি। হিউয়েন সাঙ্ হর্ষবর্ধনের রাজসভায় দীর্ঘদিন অবস্থানের পরে স্বদেশ প্রত্যাবর্তন করেন। দেশে ফিরে গিয়ে তিনি অনেকগুলো গ্রন্থ রচনা করেছিলেন। ঐগুলোর মধ্যে 'সি-যু-কি' গ্রন্থখানি বিশেষ উল্লেখযোগ্য। কারণ, এই গ্রন্থে তিনি তাঁর ভারত-ভ্রমণের অভিজ্ঞতা লিপিবদ্ধ করেছেন। 'সি-যু-কি' থেকে সমসাময়িক ভারত ও ভারতবাসী সম্পর্কে নানা তথ্য জানা যায়। কেবল তাই নয়, তাঁর বর্ণনার ভিত্তিতে আধুনিককালে অনেক প্রাচীন 'বৌদ্ধবিহার' ও তীর্থস্থানের ভৌগোলিক অবস্থান নির্ণয় করা সম্ভব হয়েছে।

হিউয়েন সাঙ্-এর বর্ণনায় আছে, সেই আমলে ব্রাহ্মণ ও ক্ষত্রিয়রা সাধারণ জীবন যাপন করত। তবে পুরোহিত সম্প্রদায় ও অভিজাত ব্যক্তিরা আড়ম্বরপূর্ণ জীবন যাপনে অভ্যস্ত ছিল। 'শূদ্র'দের তিনি কৃষক বলে বর্ণনা করেছেন।

(অস্পৃশ্য ব্যক্তিরা গ্রামের বাইরে থাকত। শহরে প্রবেশের আগে তাঁরা চীৎকার করে বা কোন শব্দ করে তাঁদের উপস্থিতি ঘোষণা করত, যাতে করে অন্য লোকেরা সরে যায়। কারণ সেই যুগে অস্পৃশ্য লোককে ছুঁলে জাতিভ্রষ্ট হবার রীতি সমাজে প্রচলিত ছিল। ভাবতে অবাক লাগে, আজকের দিনেও আমরা এই সামাজিক অন্যায় ও নিষ্ঠুরতা থেকে মুক্ত নয়।)

ভারতবাসীর আচার-আচরণ ও চরিত্র বর্ণনা প্রসঙ্গে হিউয়েন সাঙ্ বলেছেন, ভারতীয়রা সত্যবাদী, ধার্মিক ও সরল প্রকৃতির ছিল। প্রতিশ্রুতি পালনের জন্য একজন ভারতীয় তাঁর জীবন পর্যন্ত বিসর্জন দিতে কুণ্ঠিত হ'ত না। দেশে সাধারণভাবে আইন-শৃঙ্খলা বিরাজ করলেও সেই সময়ে রাস্তা-ঘাট মোটেই নিরাপদ ছিল না। হিউয়েন সাঙ্ স্বয়ং একাধিকবার দস্যুর হাতে নিগৃহীত হয়েছিলেন।

হিউয়েন সাঙ্-এর বর্ণনা থেকে জানা যায়, সেই সময় পাটলিপুত্র নগরীর প্রাচীন গৌরবের অবসান ঘটেছিল। অপরদিকে হর্ষের রাজধানী কনৌজ এবং প্রয়াগ—নগরী দু'টি প্রাধান্য লাভ করেছিল। হিউয়েন সাঙ্ নালন্দা বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছর অতিবাহিত করেন। বিদ্যা-চর্চায় ভারতবাসীর উৎসাহ দেখে তিনি মুগ্ধ হয়েছিলেন।


হর্ষবর্ধন হিউয়েন সাঙ্-এর সম্মানার্থে কনৌজে একটি বিশেষ রাজসভার আয়োজন করেন। প্রায় এক মাস ধরে প্রতিদিনই সেই সভা অনুষ্ঠিত হয়। চৈনিক পরিব্রাজককে সঙ্গে নিয়ে হর্ষবর্ধন প্রয়াগের মেলায়ও উপস্থিত হন। হিউয়েন সাঙ্-এর বর্ণনায় আছে, প্রয়াগের সেই মেলায় যোগদান করে উপহার গ্রহণের জন্য হর্ষবর্ধন বিভিন্ন ধর্মের মানুষ, গরীব ও অনাথদের আমন্ত্রণ জানাতেন। প্রয়াগের মেলা শেষ হবার অল্পদিনের মধ্যেই হিউয়েন সাঙ্ স্বদেশ প্রত্যাবর্তন করেন। স্বয়ং হর্ষবর্ধন তাঁর নিরাপদ যাত্রার সব রকমের ব্যবস্থা করে দিয়েছিলেন।

৬৪৫ খ্রীস্টাব্দে হিউয়েন সাঙ্ স্বদেশে উপনীত হলে দেশবাসী তাঁকে বিপুল সম্বর্ধনা জানায়। হিউয়েন সাঙ্-এর উদ্যোগে ভারত ও চীনের মধ্যে দূত বিনিময় হয়েছিল।

(৫) **নালন্দা বিশ্ববিদ্যালয়ঃ** নালন্দা বিশ্ববিদ্যালয়ের নাম সকলেরই জানা আছে। বর্তমান পাটনা জেলায় রাজগীর-এর অনতিদূরে নালন্দা বিশ্ববিদ্যালয় অবস্থিত ছিল। শুনলে অবাক হতে হয় যে, এই নালন্দা বিশ্ববিদ্যালয় একদিন কেবল ভারতবর্ষই নয়, সমগ্র এশিয়ার শিক্ষাকেন্দ্র ছিল। নালন্দার গৌরবের দিনে এই বিশ্ববিদ্যালয়ের উপাধি ব্যতীত কোন মানুষ শিক্ষিত জগতে সমাদৃত হতেন না।

চৈনিক পরিব্রাজক হিউয়েন সাঙ্-এর বর্ণনায় নালন্দার একটি মনোরম

চিত্র পাওয়া যায়। তিনি বলেছেন, এই বিশ্ববিদ্যালয়ে এশিয়ার বিভিন্ন জায়গা থেকে হাজার হাজার ছাত্র অধ্যয়নের জন্য সমবেত হতেন। পড়াশুনার জন্য এখানে ছাত্রদের কোন ব্যয়ভার বহন করতে হ'ত না। নালন্দা বিশ্ববিদ্যালয়ের ব্যয়ভার বহন করতেন দেশের রাজা স্বয়ং। প্রায় একশোটি গ্রাম থেকে যা আয় হ'ত তা দিয়েই বিশ্ববিদ্যালয়ের খরচ-খরচা চলত। তাছাড়া নালন্দার উন্নতির জন্য রাজা অকাতরে অর্থব্যয় করতেন। অধ্যয়নরত ছাত্রদের জামা-কাপড়, ওষুধ-পত্র, বিছানা বা অন্যান্য প্রয়োজনীয় জিনিসের কোন অভাব হ'ত না। চাইবার আগেই ছাত্ররা তা পেয়ে যেত।



নালন্দা বিশ্ববিদ্যালয়

শিক্ষা বিষয়ে বৈচিত্র্য ছিল নালন্দা বিশ্ববিদ্যালয়ের বৈশিষ্ট্য। ব্যাকরণ, শিল্পকলা, আয়ুর্বেদ, নীতিশাস্ত্র ও দর্শন—এই পাঁচটি বিষয়ে ছাত্রদের শিক্ষা দেওয়া হ'ত। নালন্দার শিক্ষার পরিবেশ দেখে হিউয়েন সাঙ্ মুগ্ধ হয়েছিলেন। তিনি বলেছেন, শিক্ষা বিষয়ে আলোচনার জন্য কোন নির্দিষ্ট সময় ছিল না—দিন বা রাত্রি যেকোন সময়ই তা চলতে পারত। গভীর রাত পর্যন্তও অনেক সময় ছাত্র-শিক্ষকদের মধ্যে কোন কোন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা চলত।

নালন্দা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শেষ করতে একজন ছাত্রের প্রায় ত্রিশ বছর সময় লাগত। মেধাবী ও উন্নত মানের ছাত্ররাই কেবল এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষা-লাভের সুযোগ পেতেন। বিশ্ববিদ্যালয়ে ভর্তির আগে তাঁদের একটি প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হতে হ'ত। এখানে যেসব শিক্ষক অধ্যাপনাকার্যে নিযুক্ত ছিলেন তাঁদের প্রত্যেকেই সেই আমলের এক একজন নামকরা পণ্ডিত ছিলেন। হিউয়েন সাঙ্-এর অনুসরণে অল্পদিনের মধ্যেই প্রায় এগারোজন পণ্ডিত চীন

ও কোরিয়া থেকে নালন্দা বিশ্ববিদ্যালয় পরিদর্শনে এসেছিলেন। হর্ষবর্ধনের মৃত্যুর পরেও দীর্ঘদিন পর্যন্ত নালন্দার খ্যাতি অক্ষুণ্ণ ছিল।

(৬) **হর্ষবর্ধনের পরবর্তী কালে ভারত : অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যের উৎপত্তি :** আগেই বলা হয়েছে যে, হর্ষবর্ধন উত্তর-ভারতের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে এক বিশাল রাজ্য গঠন করেছিলেন। তাঁর মৃত্যুর পরে সেই রাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে পড়ে। সেই সময় থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত, অর্থাৎ ভারতে মহম্মদ ঘুরীর আগমন পর্যন্ত উত্তর-ভারতে অনেকগুলি রাজ্য আত্মপ্রকাশ করেছিল। এইসব রাজ্যের কোন নির্দিষ্ট রাজ্য-সীমা ছিল না, কখনও তা বাড়ত কখনও বা কমত। যেমন : কোন শক্তিশালী রাজা সিংহাসনে আসীন হ'লে তিনি আশপাশের রাজ্যগুলি জয় করে নিতেন, আবার দুর্বল রাজার আমলে সেইগুলো স্বাধীন হয়ে যেত। এইসব রাজ্যের রাজাদের মধ্যে কোন সদ্ভাবও ছিল না। সর্বদাই তাঁরা নিজেদের মধ্যে ঝগড়া-বিবাদে লিপ্ত থাকতেন। হর্ষের মৃত্যুর পরে এই ছিল মোটামুটিভাবে উত্তর-ভারতের রাজনৈতিক চিত্র।

উত্তর-ভারতের ছোট ছোট রাজ্যগুলোর মধ্যে বাংলার পাল ও পশ্চিম-ভারতের প্রতিহার বংশ বিশেষ উল্লেখযোগ্য। বাংলা ও বিহারের এক বিশাল এলাকা জুড়ে পালরাজারা রাজত্ব করতেন। প্রতিহারবংশীয় রাজারা পশ্চিম-ভারতে শক্তিশালী হয়ে উঠেছিলেন। 'প্রতিহার' শব্দের অর্থ 'দ্বার-রক্ষী'। তা থেকে অনেকে অনুমান করেন যে, প্রতিহারবংশীয় রাজারা প্রথমে কোন শক্তি-শালী রাজার প্রাসাদ-কর্মচারী ছিলেন। পরে তাঁরা স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করেন।

উত্তর-ভারতে সেই রাজনৈতিক অনৈক্যের যুগে অপরাপর যেসব ছোট ছোট স্বাধীন রাজ্যের সৃষ্টি হয় তা হ'ল—নেপাল, কামরূপ (আসাম), কাশ্মীর, উৎকল (উড়িষ্যা) প্রভৃতি। তাছাড়া হিমালয়ের পাদদেশে চম্পক, কুমায়ুন, গাড়ওয়াল, কুলুত (বর্তমান কুলু) প্রভৃতি স্বাধীন পার্বত্য রাজ্য গড়ে ওঠে। এইসব পার্বত্য রাজ্যের রাজারা নিজেদের মধ্যে কলহে লিপ্ত থাকলেও দীর্ঘদিন পর্যন্ত তাঁরা নিজেদের পৃথক অস্তিত্ব বজায় রাখতে সমর্থ হয়েছিলেন।

উত্তর-ভারতের মতন দক্ষিণ-ভারতেও সেই আমলে অনেক স্বাধীন রাজ্যের সৃষ্টি হয়েছিল। চোল, পল্লব, রাষ্ট্রকূট, চালুক্য, পাণ্ড্য, হোয়সল প্রভৃতি রাজ্যের নৃপতিরা সর্বদাই নিজেদের মধ্যে বিবাদ-বিসংবাদে লিপ্ত থাকতেন।

ওপরের আলোচনা থেকে বোঝা মোটেই শক্ত নয় যে, হর্ষবর্ধনের পরবর্তী কালে কোন কেন্দ্রীয় শক্তির অবর্তমানে উত্তর ও দক্ষিণ-ভারতে অসংখ্য স্বাধীন রাজ্যের সৃষ্টি হয়। মধ্যযুগে ইউরোপে কেন্দ্রীয় শক্তির অবর্তমানে সামন্ত-

রাজারা প্রতিপত্তিশালী হয়ে ওঠায় সামন্ততন্ত্রের বিকাশ ঘটেছিল। অনুরূপ-ভাবে সপ্তম শতাব্দীর পরবর্তী কালে ভারতের সর্বত্র—উত্তর ও দক্ষিণ ভারতে সামন্তরাজারা অনেকগুলি ছোট ছোট রাজ্য স্থাপন করে। তবে অর্থ-নৈতিক ও অন্যান্য বিষয়ে অবশ্য ভারতবর্ষের সামন্ততন্ত্রের সঙ্গে ইউরোপের সামন্ততন্ত্রের অনেক প্রভেদ ছিল।

কেন্দ্রীয় সরকারের শাসনমুক্ত ছোট ছোট রাজ্যগুলো নিজেদের সাহিত্য-সংস্কৃতির উন্নতিসাধনে যথেষ্ট আগ্রহী ছিল। প্রত্যেক রাজাই নিজ রাজ-সভার মর্যাদা বৃদ্ধির উদ্দেশ্যে কবি ও সাহিত্যিকদের পৃষ্ঠপোষকতা করতেন। সেই আমলে তাই আঞ্চলিক ভাষা ও সাহিত্য সমৃদ্ধিলাভ করেছিল। তাছাড়া রাজারা আবার নিজস্ব কারিগরদের দিয়ে সুন্দর সুন্দর মন্দিরও নির্মাণ করাতেন। এইভাবে স্বাধীন রাজ্যগুলোর সৃষ্টি আঞ্চলিক উন্নতির পথ সুগম করে তুলেছিল।

(৭) **'রাজপুত'রা ঃ রাজপুতানায় সামন্ততান্ত্রিক রাজ্যের সৃষ্টি ঃ** হর্ষবর্ধনের মৃত্যুর পর থেকে মুসলমানদের ভারত-বিজয় পর্যন্ত উত্তর-ভারতে 'রাজপুত' নামে এক গোষ্ঠীর মানুষ খুবই শক্তিশালী হয়ে ওঠে। এই 'রাজ-পুত'রা উত্তর ও পশ্চিম-ভারতে বেশ কয়েকটি শক্তিশালী রাজ্য গড়ে তোলে। কেবল তাই নয়, 'রাজপুত'রা ভারতে মুসলমান-আক্রমণ প্রতিহত করতে যে তেজস্বিতা ও বীরত্ব দেখিয়েছিল তেমনটি আর কেউ দেখাতে পারে নি।

'রাজপুত'দের আদি পরিচয় সঠিকভাবে জানা যায় নি। পৌরাণিক কাহিনী অনুসারে, তাঁরা সূর্যবংশ বা চন্দ্রবংশ সম্ভূত। কিন্তু আধুনিক ঐতিহাসিক-দের মতে রাজপুতরা সম্ভবতঃ বিদেশী। হূন এবং হূন-আক্রমণের সময় যেসব বিভিন্ন উপজাতির লোক ভারতবর্ষে এসে উত্তর ও পশ্চিম-ভারতে বসতি স্থাপন করে, রাজপুতরা তাদেরই বংশধর। ক্রমে রাজপুতরা ঐসব অঞ্চলের ভারতীয়দের সঙ্গে মিশে যায় এবং হিন্দুসমাজের অঙ্গীভূত হয়ে পড়ে। রাজপুতরা রণনিপুণ ও তেজস্বী ছিল বলে তারা হিন্দুসমাজে 'ক্ষত্রিয়' হিসাবে স্থান পেয়েছিল। ক্রমে এইসব ক্ষত্রিয় 'রাজপুত', অর্থাৎ 'রাজার পুত্র' বা রাজবংশের সন্তান বলে অভিহিত হয়।

নবম ও দশম শতাব্দীতে রাজপুতরা উত্তর-ভারতে রাজনৈতিক প্রাধান্য লাভ করে। সেই সময় তারা কয়েকটি দল বা গোষ্ঠীতে বিভক্ত ছিল। গোষ্ঠী-গুলোর মধ্যে পরিহার, চৌহান, চৌলুক্য* ও সোলাংকী—এই চারটি ছিল

* রাজপুতদের 'চৌলুক্য' গোষ্ঠীর সঙ্গে দক্ষিণ-ভারতের 'চালুক্য'দের কোনই সম্পর্ক নেই। নামের সাদৃশ্য থাকলেও দুটি সম্পূর্ণ আলাদা।

প্রধান। তারা রাজপুতনার † বিভিন্ন জায়গায় স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করে। তাছাড়া রাজপুতদের অপরাপর গোষ্ঠী যেমনঃ চন্দেল্ল, কলচুরি, তোমর প্রভৃতি পশ্চিম ও মধ্য-ভারতের বিভিন্ন জায়গায় স্বাধীন রাজপুত রাজ্য গড়ে তোলে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, রাজপুতদের 'তোমর' গোষ্ঠী 'ধিল্লিক' (বর্তমান দিল্লী) নগরীর প্রতিষ্ঠা করেছিল (৭৩৬ খ্রী)। রাজপুত গোষ্ঠী-প্রধান বা দল-নেতাদের অধিকাংশই ছিল প্রতিহার বংশীয় রাজাদের অধীন এক একজন সামন্ত বা জায়গীরদার। তাঁরা বেতনের পরিবর্তে রাজার কাছ থেকে জায়গীর লাভ করত এবং প্রয়োজনের সময় প্রতিহার রাজাদের সৈন্য-সামন্ত দিয়ে সাহায্য করত। ক্রমে প্রতিহার বংশের দুর্বলতার সুযোগে এইসব রাজপুত সামন্তরা নিজ নিজ এলাকায় স্বাধীন হয়ে ওঠে এবং ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্য স্থাপন করে।

রাজপুতদের বিভিন্ন গোষ্ঠী নিজ নিজ রাজ্যে যে ধরনের শাসন-ব্যবস্থা প্রবর্তন করেছিল তার সঙ্গে ইওরোপে প্রচলিত সামন্ততন্ত্রের যথেষ্ট মিল আছে। রাজপুত গোষ্ঠী-প্রধান বা রাজা তাঁর অধীন সামন্তদের জায়গা-জমি বা গ্রাম বিলি করতেন। সামন্তরা আবার এক একজন রাজপুত বীর বা যোদ্ধাকে তাঁর পরিবারের ভরণ-পোষণ ও ঘোড়ার ব্যয়ভারের জন্য জমি বিলি করতেন। এইভাবে রাজপুতদের মধ্যে সামন্তপ্রথা প্রচলিত হয়।

রাজপুতদের কাছে যুদ্ধ-বিগ্রহ ছিল অনেকটা আনন্দোৎসবের মতন। রাজপুত বীর ইওরোপীয় 'নাইট'-এর মতো লড়াই করে দিন কাটাত এবং নিজের বীরত্ব জাহির করত। 'দশহরা' উৎসবের পরে যে রাজা সৈন্য-সামন্ত নিয়ে আশ-পাশের রাজ্য আক্রমণ করতেন তাঁকেই রাজপুতরা 'শ্রেষ্ঠ রাজা' বলে মনে করত। এই 'যুদ্ধং দেহি' মনোভাবের দরুন রাজপুত রাজারা সর্বদাই পরস্পরের মধ্যে যুদ্ধবিগ্রহে লিপ্ত থাকতেন। বলা বাহুল্য, এতে সর্বদাই দেশে অশান্তি লেগে থাকত এবং জনসাধারণের দুঃখ-কষ্টের সীমা থাকত না।

(৮) পাল, রাষ্ট্রকূট ও প্রতিহার—ত্রি-পাক্ষিক দ্বন্দ্ব ঃ ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনে ব্যর্থতা ঃ হর্ষবর্ধন কনৌজ-এ রাজধানী প্রতিষ্ঠা করেন। সেই সময় থেকে কনৌজ নগরী গুরুত্বপূর্ণ হয়ে ওঠে এবং উত্তর-ভারতের রাজনৈতিক কেন্দ্রস্থলে পরিণত হয়।

হর্ষবর্ধনের আমল থেকেই কনৌজ উত্তর-ভারতের রাজনৈতিক শক্তির প্রতীক হয়ে উঠেছিল। অর্থাৎ কনৌজ যে রাজার দখলে থাকবে তিনিই হবেন উত্তর-ভারতের একচ্ছত্র অধিপতি। সেই কারণে হর্ষের পরবর্তী কালে ভারতীয়

† 'রাজপুতানা' বলতে মোটামুটিভাবে বর্তমান রাজস্থান অঞ্চলকে বোঝায়। সেই আমলে ভারতের উত্তর-পশ্চিমাংশই 'রাজপুতানা' নামে পরিচিত ছিল। মধ্যযুগে রাজপুতরা সেখানে রাজনৈতিক প্রাধান্য বিস্তার করেছিল বলেই ঐ নামকরণ হয়।

নৃপতিদের প্রধান লক্ষ্যই ছিল কনৌজ অধিকার করা। এইভাবে কনৌজকে কেন্দ্র করে ভারতীয় নৃপতিদের মধ্যে কলহের সূত্রপাত হয়।

কনৌজ-এর ওপর আধিপত্য বিস্তার করা নিয়ে ভারতের তিনটি প্রধান শক্তির মধ্যে প্রায় দুশো বছর ধরে প্রতিদ্বন্দ্বিতা চলেছিল। এই তিনটি শক্তি হল—বাংলার পাল, পশ্চিম-ভারতের প্রতিহার এবং দাক্ষিণাত্যের রাষ্ট্রকূট।

পাল বংশের শ্রেষ্ঠ নৃপতিদ্বয়—ধর্মপাল ও দেবপাল কনৌজ অধিকারের উদ্দেশ্যে প্রতিহার ও রাষ্ট্রকূটদের সঙ্গে সংঘর্ষে অবতীর্ণ হন। বৎসরাজ, দ্বিতীয় নাগভট্ট এবং ভোজ প্রভৃতি রাজার নেতৃত্বে প্রতিহার বংশ কনৌজ দখল করবার জন্য ত্রি-মুখী সংঘর্ষে অংশ গ্রহণ করে। পাল ও প্রতিহার ব্যতীত তৃতীয় যে শক্তি ঐ প্রতিদ্বন্দ্বিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে সেই বংশের নাম রাষ্ট্রকূট। দাক্ষিণাত্যের রাষ্ট্রকূটরা উত্তর-ভারতে তাঁদের প্রভাব বিস্তার করতে গিয়েই কনৌজ দখলে উদ্যোগী হয়।

কনৌজ অধিকার করতে গিয়ে তিনটি শক্তির মধ্যে দীর্ঘদিন ধরে যে সংগ্রাম চলেছিল তার ফল কারো পক্ষেই শুভ হয়নি। দীর্ঘদিন ধরে যুদ্ধ চলবার ফলে তিনটি শক্তিই সমানভাবে আর্থিক ও সামরিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হয়। কেবল তাই নয়, কনৌজ দখলের লড়াইয়ে মত্ত থাকবার ফলে নৃপতিরা নিজ নিজ রাজ্যের শাসনকার্য পরিচালনায় অবহেলা করেছিলেন। এইসবের পরিণতি হিসাবে প্রত্যেক রাজ্যের সামন্তরা শক্তি অর্জন করতে থাকে এবং এক সময় তারা নিজেদের 'স্বাধীন' বলে ঘোষণা করে। স্বভাবতঃই হর্ষের মৃত্যুর পরে পাল এবং প্রতিহার বংশের নেতৃত্বে উত্তর-ভারতের যেটুকু অঞ্চল ঐক্যবদ্ধ হয়েছিল পুনরায় তা বিচ্ছিন্ন হয়ে পড়ে এবং ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের আশা চিরতরে লুপ্ত হয়। কনৌজ দখলের লড়াই রাষ্ট্রকূটদেরও দুর্বল করে দিয়েছিল। এই দুর্বলতার সুযোগে রাষ্ট্রকূট রাজাদের অধীনস্থ সামন্তরা নিজেদের স্বাধীন বলে ঘোষণা করে।

(৯) **গৌড়-এর উত্থান ঃ শশাঙ্ক ঃ** গুপ্ত সম্রাটদের দুর্বলতার সুযোগে উত্তর ও পূর্ব-ভারতে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র স্বাধীন রাজ্যের সৃষ্টি হয়। ঐগুলোর মধ্যে বাংলার 'গৌড়' রাজ্য ছিল অন্যতম প্রধান। পশ্চিমবঙ্গের বর্তমান মালদহ-মুর্শিদাবাদ অঞ্চলে প্রাচীন গৌড় রাজ্য অবস্থিত ছিল। সম্ভবতঃ এখানে প্রচুর পরিমাণ গুড় উৎপন্ন হ'ত বলেই 'গৌড়' নামের সৃষ্টি। *

হর্ষবর্ধন যখন কনৌজকে কেন্দ্র করে উত্তর-ভারতে একটি সাম্রাজ্য গঠনে উদ্যোগী হন তখন শশাঙ্ক নামে জনৈক ব্যক্তি বাংলাদেশে গৌড় রাজ্যের প্রতিষ্ঠা করেন। পরবর্তী কালে পাল বংশের অধীন এই গৌড় এক শক্তিশালী রাজ্যে পরিণত হয়।

---

* ভারতকোষ (২য় খণ্ড) : গৌড় : দীনেশচন্দ্র সরকার ঃ বঙ্গীয় সাহিত্য পরিষৎ।

শশাঙ্ক'র প্রথম জীবন সম্পর্কে সঠিকভাবে এখনও কিছু জানা যায় নি। সম্ভবতঃ তিনি প্রথম জীবনে গুপ্তরাজাদের অধীন একজন সামন্ত ছিলেন। পরবর্তী সময়ে গুপ্ত সাম্রাজ্যের অধঃপতনের সুযোগে তিনি গৌড়ে স্বাধীনভাবে রাজত্ব করতে থাকেন। মুর্শিদাবাদ জেলায় বহরমপুরের অনতিদূরে রাঙামাটি অঞ্চলে তিনি রাজধানী প্রতিষ্ঠা করেন। শশাঙ্কের আমলে গৌড়-এর রাজধানীর নাম ছিল কর্ণসুবর্ণ।

শশাঙ্ক একজন বীর যোদ্ধা ছিলেন। তিনি বাংলার বিভিন্ন অঞ্চল গৌড় রাজ্যের অন্তর্ভুক্ত করেন। কিন্তু এতে তাঁর রাজ্যজয়ের স্পৃহা নিবৃত্ত হয় নি। তিনি তারপর মগধ, উৎকল, গঞ্জাম জেলার কঙ্গোদ প্রভৃতি জয় করেন। কনৌজের হর্ষবর্ধন-এর সঙ্গে শশাঙ্ক এক দীর্ঘস্থায়ী সংগ্রামে লিপ্ত হন। অবশ্য শশাঙ্কের জীবদ্দশায় হর্ষবর্ধন গৌড় রাজ্যের কোন ক্ষতিসাধন করতে পারেন নি।

শশাঙ্ক শিবের উপাসক ছিলেন। অপরাপর ধর্মের প্রতি শশাঙ্ক কোন বিদ্বেষ পোষণ করতেন না। তাঁর রাজত্বকালে বাংলার সর্বত্র বৌদ্ধধর্ম বিশেষ প্রসার লাভ করেছিল। তা সত্ত্বেও হিউয়েন সাঙ্ তাঁর বিবরণীতে শশাঙ্ককে বৌদ্ধধর্মের একজন প্রধান শত্রু বলে বর্ণনা করেছেন। ঐতিহাসিকদের অনেকেই অবশ্য হিউয়েন সাঙ-এর এই উক্তির সত্যতা সম্পর্কে সন্দেহ পোষণ করেন।

বাংলা তথা ভারতের ইতিহাসে শশাঙ্ক একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছেন। তিনিই প্রথম বাঙালীর সাম্রাজ্য গঠনের স্বপ্ন দেখেছিলেন এবং আংশিকভাবে তা কার্যে রূপায়িতও করেছিলেন। শশাঙ্ক যে গৌড় রাজ্যের প্রতিষ্ঠা করেন পরবর্তী কালে তার ভিত্তির উপরই বিশাল ও শক্তিশালী পাল রাজ্য গড়ে উঠেছিল।

(১০) **পাল ও সেন যুগ : বাঙালীর জীবনযাত্রা ও সমাজ :** শশাঙ্কের মৃত্যুর পরে দীর্ঘদিন পর্যন্ত বাংলাদেশে বিশৃঙ্খলা চলছিল। বহিঃশত্রুর আক্রমণের সঙ্গে সঙ্গে অভ্যন্তরীণ দুর্বলতা আরও স্পষ্ট হয়ে উঠলে বাংলার মানুষের দুঃখ-দুর্দশার আর অন্ত ছিল না। সেই সময়কার এই বিশৃঙ্খল ও অরাজক অবস্থাকে বাংলাদেশের 'মাৎস্যন্যায়' বলা হয়। বাংলার মানুষ শেষ পর্যন্ত গোপাল নামে জনৈক ব্যক্তিকে রাজপদে প্রতিষ্ঠা করে এই দুঃসময়ের অবসান ঘটায়। ধর্মপাল ও দেবপালের আমলে পাল বংশ উত্তর-ভারতের প্রধান শক্তিতে পরিণত হয়। পালবংশীয় রাজা মদনপালের রাজত্বকালে, বাংলাদেশে সেন রাজারা আধিপত্য স্থাপন করেন। বিজয়সেন ও বল্লালসেন ছিলেন বাংলার দুইজন উল্লেখযোগ্য নৃপতি। লক্ষ্মণসেনের রাজত্বকালেই বাংলায় মুসলমান অধিকার প্রতিষ্ঠিত হয়।

পাল ও সেন যুগে বাঙালীর জীবনযাত্রা সম্পর্কে বিস্তৃতভাবে জানবার কোন উপায় নেই। প্রাচীন লিপি, শিল্প-নিদর্শন ও বৈদেশিক ভ্রমণকারীদের

বিবরণী থেকে যে তথ্য জানা যায় তার ভিত্তিতে পাল ও সেন যুগে বাঙালীর জীবনযাত্রা সম্পর্কে মোটামুটি একটা ধারণা করা যেতে পারে মাত্র।

বাংলার অধিকাংশ মানুষই তখন গ্রামে থাকত। তবে সমৃদ্ধিশালী শহরেরও অভাব ছিল না। নগরবাসীরা গ্রামবাসীদের তুলনায় বেশীমাত্রায় উচ্ছৃঙ্খল ও বিলাসী ছিল। কৃষিকার্যই ছিল বাঙালীর প্রধান উপজীবিকা। শহরাঞ্চলের মানুষ ব্যবসা-বাণিজ্যকে জীবিকা হিসাবে গ্রহণ করত। বাংলার পণ্য-সামগ্রী সেই আমলে এশিয়ার বিভিন্ন দেশে রপ্তানী হ'ত।

ভাত, মাছ, শাক-সব্জী, ফলমূল ও দুধ বাঙালীর প্রধান খাদ্য ছিল। সুরাপান সকলের পক্ষেই নিষিদ্ধ ছিল। এখনকার মতো সেই আমলেও ছেলেরা ধুতি এবং মেয়েরা শাড়ী পরত। আমোদ-প্রমোদের উপকরণ হিসাবে দাবা-খেলা, নাচ-গান-অভিনয় প্রভৃতির প্রচলন ছিল।

পাল ও সেন যুগে বিদ্যা-চর্চায় আগ্রহী বাঙালী ছাত্ররা সুদূর কাশ্মীর পর্যন্ত যেতে পিছুপা হ'ত না। তবে বাঙালী ছাত্রদের কিছু দুর্নামও ছিল। সহজেই তারা উত্তেজিত হয়ে উঠত। গৌড়ের লোকেরা বিবাদ-প্রিয় বলেও কোন কোন প্রাচীন লেখক মন্তব্য করেছেন।

জাতিভেদ আর্যদের সমাজ-ব্যবস্থার বৈশিষ্ট্য। আর্যরা বাংলাদেশে বসবাস করবার ফলে এখানেও সেই প্রথার প্রবর্তন হয়। পালযুগে বাঙালী সমাজ চার-ভাগে বিভক্ত ছিল যেমন: ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। সমাজে জাতিভেদ থাকা সত্ত্বেও এক সম্প্রদায়ের সঙ্গে অপর সম্প্রদায়ের আত্মীয়তা স্থাপনে বাধা ছিল না। সেনযুগেও বাঙালী সমাজ পালযুগের অনুরূপ ছিল। তবে বল্লাল-সেনের সময় থেকে বাঙালী সমাজে জাতিভেদের কঠোরতা বৃদ্ধি পেয়েছিল।

(১১) **পাল ও সেনযুগে বাঙালীর ধর্মমত ও শিক্ষা-চর্চা: বিক্রমশীল ও ওদন্তপুর:** পাল ও সেনযুগে বাঙালী বৌদ্ধ, জৈন, ব্রাহ্মণ্য, শৈব, বৈষ্ণব প্রভৃতি ধর্মীয় সম্প্রদায়ে বিভক্ত ছিল। নানা সম্প্রদায়ে বিভক্ত হলেও বাঙালী-দের পরস্পরের মধ্যে কোন বিদ্বেষ ছিল না, বরঞ্চ পরস্পরের মধ্যে যথেষ্ট সদ্ভাব ছিল।

সেই আমলে রাজার ধর্মমত জনসাধারণের ধর্মমতকে প্রভাবিত করত। অর্থাৎ রাজা যে ধর্মমতে বিশ্বাসী হতেন তাঁর রাজত্বকালে সেই ধর্ম প্রসার লাভ করত। পালরাজারা বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন, তাই তাঁদের রাজত্বকালে বাংলা-দেশে বৌদ্ধধর্মের প্রভাব যথেষ্ট বৃদ্ধি পেয়েছিল। সেনরাজদের মধ্যে কেউ ছিলেন শৈব, আবার কেউ ছিলেন বৈষ্ণব। তাঁদের আমলে সেই সেই ধর্ম প্রসার লাভ করেছিল।

বাংলার নগরে নগরে যে হিন্দু মন্দির ও বৌদ্ধবিহার বা মঠ ছিল সেই-গুলোই মানুষের ধর্মজীবনকে নিয়ন্ত্রণ করত। বৌদ্ধভিক্ষু ও ব্রাহ্মণ পণ্ডিতরা সাধারণ মানুষের চরিত্র ও ধর্মমত গঠনে সহায়তা করতেন।

পাল ও সেনযুগে বাঙালীর মধ্যে বিদ্যা-চর্চার অদম্য আগ্রহ ছিল। হাজার বছর পরে বর্তমানেও বাঙালীর সেই বৈশিষ্ট্য বিদ্যমান। পালযুগে বাংলার শিক্ষাকেন্দ্র ছিল বৌদ্ধ 'বিহার' বা মঠগুলো। পালরাজদের উদ্যোগে অনেক বৌদ্ধ 'বিহার' নির্মিত হয়। এই বিহারগুলোতে বৌদ্ধ ধর্মশাস্ত্র ব্যতীত জ্ঞান-বিজ্ঞান ও সাহিত্য-চর্চা হ'ত। এক কথায় বলতে গেলে, সেই আমলে বাংলার বৌদ্ধ বিহারগুলি ভারতের শিক্ষাকেন্দ্রে পরিণত হয়। এই সূত্রে ওদন্তপুর এবং বিক্রমশীল মহাবিহার দুইটির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

বিহার প্রদেশে অবস্থিত ওদন্তপুর-এর বৌদ্ধ বিহারটি নালন্দা বা অন্যান্য বৌদ্ধ বিহারের মতই প্রসিদ্ধ ছিল। পালরাজ ধর্মপাল যে পঞ্চাশটি শিক্ষাকেন্দ্র স্থাপন করেছিলেন ওদন্তপুর (বা ওদন্তপুরী) ঐগুলোর অন্যতম। ওদন্তপুর বিহারটির প্রতিষ্ঠা সম্পর্কে অপর একটি কাহিনীও প্রচলিত আছে। সেই কাহিনী অনুসারে, জনৈক বৌদ্ধধর্মাবলম্বী অলৌকিক উপায়ে স্বর্ণ সংগ্রহ করে ওদন্তপুর বিহারটি নির্মাণ করান। যাই হোক, বিখ্যাত পণ্ডিত শীলরক্ষিত এই বিহারের আচার্য ছিলেন। বিক্রমপুরের রাজপুত্র চন্দ্রগর্ভ তাঁর কাছে দীক্ষা গ্রহণ করেন। দীক্ষান্তে শীলরক্ষিত চন্দ্রগর্ভ'র নতুন নাম দেন 'দীপঙ্কর শ্রীজ্ঞান'। এই নামেই তিনি সমধিক প্রসিদ্ধ। দ্বাদশ শতাব্দীতে বহিঃশত্রুর আক্রমণে পূর্ব-ভারতের অন্যান্য বিহারগুলির সঙ্গে ওদন্তপুর বিহারটিও ধ্বংস হয়ে যায়।


বর্তমান ভাগলপুর-এর সন্নিকটে পাথরঘাট পর্বতের ওপর বিক্রমশীল (বা বিক্রমশীলা) বৌদ্ধ 'বিহার' অবস্থিত। এই বিহারেরও প্রতিষ্ঠাতা ছিলেন ধর্মপাল। এই বিহারটিতে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে শিক্ষাদান করা হ'ত। কমপক্ষে একশো আটজন পণ্ডিত বিক্রমশীল বিহারে অধ্যাপনার কাজ করতেন। বিক্রমশীল বিহারের খ্যাতি দেশ-বিদেশে ছড়িয়ে পড়ে। এই মঠে অধ্যয়নের জন্য সুদূর তিব্বত থেকে শিক্ষার্থীরা এসে সমবেত হতেন। রাহুলভদ্র, জিনরক্ষিত, দীপঙ্কর শ্রীজ্ঞান প্রমুখ ছিলেন এই বিহারের কয়েকজন খ্যাতনামা অধ্যাপক।

(১২) **দক্ষিণ-ভারত : চালুক্য ও পল্লব শিল্পকলা : চোলদের সামুদ্রিক কার্যকলাপ :** উত্তর-ভারতের রাজনৈতিক পটে যে সময় থেকে ছোট ছোট রাজ্যের উৎপত্তি লক্ষ্য করা যায় তার অনেক আগেই দক্ষিণ-ভারতে কয়েকটি ছোট অথচ শক্তিশালী রাজ্য গড়ে ওঠে। এইসব রাজ্যের রাজারা নিজেদের মধ্যে সর্বদাই বিবাদ-বিসম্বাদে লিপ্ত থাকতেন। কখনও আবার একটি রাজ্য অপরটিকে সম্পূর্ণ গ্রাস করে ফেলত। মোটামুটিভাবে এই ছিল দক্ষিণ-ভারতের রাজনৈতিক অবস্থা।

ষষ্ঠ শতাব্দীর মধ্যভাগে দক্ষিণ-ভারতে তিনটি শক্তি প্রবল হয়ে ওঠে যেমন : কর্ণাটক অঞ্চলে বাদামীর চালুক্য, মাদ্রাজের অনতিদূরে কাঞ্চিপুরম্-

এর পল্লব এবং মাদুরায় পাণ্ড্য। প্রায় তিনশো বছর ধরে নিজেদের মধ্যে যুদ্ধ-বিগ্রহ করে এই তিনটি শক্তিই দুর্বল হয়ে পড়ে। তারপর দশম শতাব্দীতে চোল রাজারা দাক্ষিণাত্যে প্রাধান্য অর্জন করেন।

দাক্ষিণাত্যের এইসব রাজ্যের মধ্যে বিরোধের কাহিনী থেকেও ঐগুলোর শিল্প ও সাংস্কৃতিক উন্নতি অনেক বেশী গুরুত্বপূর্ণ। সেই আমলে দক্ষিণ-ভারতে বড় বড় পাহাড় কেটে মন্দির নির্মাণ পদ্ধতি প্রচলিত হয়। অইহোল ও ও বাদামীর (বর্তমানে বোম্বাই প্রদেশের অন্তর্ভুক্ত) মন্দিরের ধ্বংসস্তূপ থেকে চালুক্য স্থপতিদের কৃতিত্বের পরিচয় পাওয়া যায়। মাদ্রাজের কাছে সমুদ্রতীরে মহাবলীপুরম এবং কাঞ্চী'র (কাঞ্চিভরম) মন্দিরগুলো পল্লবযুগের স্থাপত্য-শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন। মহাবলীপুরম-এর 'সপ্তরথ মন্দির', অর্থাৎ সাতটি মন্দিরের প্রত্যেকটি এক একটি বড় বড় পাথর কেটে তৈরী করা হয়েছিল।



সপ্তরথ মন্দির (মহাবলীপুরম)

চোল রাজাদের আমলেও স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের অভাবনীয় উন্নতি হয়েছিল। তবে তা থেকেও গুরুত্বপূর্ণ হ'ল চোল আমলে দক্ষিণ-ভারতের সামুদ্রিক কার্যকলাপ। চোল ব্যবসায়ীরা দেশ-বিদেশে ব্যবসা-বাণিজ্যের ওপর বিশেষ নজর দিতেন। সেই আমলে ভারতীয় পণ্য-সামগ্রী যেমন ঃ বস্ত্র, ওষুধ, হাতীর দাঁত, দামী পাথর প্রভৃতি চীনদেশে রপ্তানী হত। চোলরাজ কুলোত্তুঙ্গ ১০৭৭ খ্রীস্টাব্দে চীনদেশে ভারতীয় ব্যবসায়ীদের এক প্রতিনিধিদল প্রেরণ করেছিলেন। চোল আমলে দক্ষিণ-ভারতীয় ব্যবসায়ীরা আরবদের কাছ থেকে ঘোড়া কিনতেন এবং এদেশে সেইগুলো বিক্রী করে প্রচুর অর্থ উপার্জন করতেন। মহাবলীপুরম, কাবেরীপত্তনম, শালিয়ুর, কুইলন প্রভৃতি ছিল চোল যুগে বহির্বাণিজ্যের কয়েকটি প্রধান কেন্দ্র।

স্মৃতি-সহায়

১. ভারতবর্ষে গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটেছিল হূন আক্রমণের ফলে। পরবর্তী গুপ্তরাজদের দুর্বলতার সুযোগে হূন-নেতা মিহিরকুল এদেশে সাফল্য লাভ করেছিলেন।

২. ভারতবর্ষে হূন-আক্রমণ ঐতিহাসিক ও সামাজিক দিক দিয়ে খুবই গুরুত্বপূর্ণ।

৩. গুপ্তসাম্রাজ্যের পতনের প্রায় একশো বছর পরে থানেশ্বরের নেতৃত্বে উত্তর-ভারতে আবার একটি ঐক্যবদ্ধ সাম্রাজ্য প্রতিষ্ঠিত হয়।

৪. হর্ষবর্ধন বীর যোদ্ধা, সুশাসক ও বিদ্যোৎসাহী রাজা হিসাবে ভারত-ইতিহাসে খ্যাতিলাভ করেছেন।

৫. চীনদেশীয় বৌদ্ধ ভিক্ষু হিউয়েন সাঙ্ প্রণীত 'সি-যু-কি' গ্রন্থ থেকে সমসাময়িক ভারত ও ভারতবাসী সম্পর্কে অনেক কিছু জানা যায়। তিনি হর্ষবর্ধনের আমলে প্রায় চৌদ্দ বছর ভারতে উপস্থিত ছিলেন।

৬. হিউয়েন সাঙ্-এর বর্ণনায় নালন্দা বিশ্ববিদ্যালয়ের একটি মনোরম চিত্র পাওয়া যায়। এই বিশ্ববিদ্যালয়ে এশিয়ার বিভিন্ন জায়গা থেকে ছাত্ররা অধ্যয়ন করতে আসত। এখানে বিশিষ্ট পণ্ডিতরা ছাত্রদের নানা বিষয়ে শিক্ষা দিতেন।

৭. হর্ষবর্ধনের পরবর্তীকালে ভারতে ঐক্যবদ্ধ সাম্রাজ্য গড়ে ওঠে নি। উত্তর ও দক্ষিণ-ভারতে তখন পরস্পর বিবদমান অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য গড়ে উঠেছিল।

৮. বহিরাগত জাতির সঙ্গে ভারতীয়দের সংমিশ্রণের ফলে রাজপুত গোষ্ঠীর সৃষ্টি। উত্তর-ভারতের বিভিন্ন জায়গায় রাজপুতরা ছোট ছোট স্বাধীন রাজ্য গড়ে তুলেছিল।

৯. হর্ষবর্ধনের পরবর্তীকালে কনৌজের অধিকার নিয়ে উত্তর-ভারতের তিনটি শক্তির মধ্যে প্রায় দুশো বছর ধরে প্রতিদ্বন্দ্বিতা চলেছিল। এই তিনটি শক্তি ঃ পাল, রাষ্ট্রকূট ও প্রতিহার।

১০. গুপ্তসম্রাটদের অধীন জনৈক সামন্তরাজা শশাঙ্ক গুপ্তসাম্রাজ্যের দুর্বলতার সুযোগে বাংলায় স্বাধীন গৌড় রাজ্যের প্রতিষ্ঠা করেন।

১১. পালবংশের প্রতিষ্ঠাতা গোপাল বাংলা দেশে বিশৃঙ্খল অবস্থার অবসান ঘটিয়েছিলেন। পাল ও সেন বংশীয় রাজাদের রাজত্বকালে বাংলা দেশ বিদ্যাচর্চার ক্ষেত্রে প্রভূত উন্নতি করেছিল।

১২. দক্ষিণ-ভারতে চালুক্য ও পল্লব রাজাদের আমলে স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের অভাবনীয় উন্নতি লক্ষ্য করা যায়। চোলরাজারা সামুদ্রিক কার্যকলাপে কৃতিত্ব দেখিয়েছিলেন।

অনুশীলনী

১. 'হূন' কাদের বলা হয়? ভারতে হূন আক্রমণের কাহিনী বিবৃত কর।

২. হূন নেতাদের মধ্যে সবচেয়ে নৃশংস কে ছিলেন? কিভাবে ভারতে হূন-শাসনের অবসান ঘটেছিল?

৩. ভারতে হূন-আক্রমণের ফলাফল ও ঐ আক্রমণের ঐতিহাসিক গুরুত্ব নিরূপণ কর।

৪. গুপ্ত সাম্রাজ্যের ভাঙনের কাহিনী সংক্ষেপে লেখ।

৫. হর্ষবর্ধনের রাজত্বকাল সম্পর্কে সংক্ষেপে যা জান লেখ।

৬. হর্ষবর্ধনের আমলে কোন্ পরিব্রাজক ভারত-ভ্রমণে এসেছিলেন? সুশাসক ও ধর্মনিরপেক্ষ রাজা হিসাবে হর্ষবর্ধনের পরিচয় দাও।

৭. হর্ষবর্ধনের রাজ্য কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল? সেই আমলে ভারতবর্ষে সাম্রাজ্যিক ঐক্যের ধারণা কি ছিল?

৮. হিউয়েন সাঙ্ কে ছিলেন? তাঁর ভারত-ভ্রমণ সম্পর্কে যা জান লেখ।

৯. হিউয়েন সাঙ্ ভারতীয়দের চরিত্র ও ভারতীয় সমাজ সম্পর্কে কি উল্লেখ করেছেন?

১০. হিউয়েন সাঙ্ হর্ষবর্ধনের সঙ্গে কোন্ মেলায় উপস্থিত ছিলেন? সেই মেলা সম্পর্কে তিনি কি বলেছেন?

১১. নালন্দা বিশ্ববিদ্যালয় বিখ্যাত কেন? এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ও শিক্ষার মান সম্পর্কে যা জান লেখ।

১২. হর্ষবর্ধনের পরবর্তীকালে ভারতের রাজনৈতিক অবস্থা কিরূপ ছিল?

১৩. হর্ষবর্ধনের পরবর্তীকালে ভারতীয় রাজনীতির বৈশিষ্ট্য কি ছিল?

১৪. 'রাজপুত' কাদের বলা হয়? তাদের আদি পরিচয় কি?

১৫ কোন্ অঞ্চলটিকে 'রাজপুতানা' বলা হয়? এই নামকরণের কারণ কি? রাজপুতানা অঞ্চলের রাজপুত রাজ্যগুলোর পরিচয় দাও।

১৬. রাজপুত রাজ্যগুলোর শাসন-ব্যবস্থার সঙ্গে ইওরোপে প্রচলিত সামন্ত-তন্ত্রের মিল আছে—কথাটি বলবার কারণ কি?

১৭. হর্ষবর্ধনের পরবর্তীকালে কেন এবং কোন্ কোন্ শক্তির মধ্যে ত্রি-পাক্ষিক প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়? ঐ দ্বন্দ্বের পরিণাম কি হয়েছিল?

১৮. শশাঙ্ক'র আমলে গৌড়'এর উত্থানের কাহিনী বিবৃত কর।

১৯. বাংলার পাল ও সেন যুগের সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত কর।

২০. পাল ও সেন আমলে বাঙালীর জীবনযাত্রা ও সমাজ কিরূপ ছিল?

২১. পাল ও সেন বংশের রাজত্বকালে বাংলায় বিদ্যাচর্চার পরিচয় দাও।

২২. ওদন্তপুর ও বিক্রমশীল বিহার দু'টি সম্পর্কে যা জান লেখ।

২৩. দক্ষিণ-ভারতে চালুক্য ও পল্লবদের শিল্পোন্নতির পরিচয় দাও।

২৪. চোল রাজাদের আমলে দক্ষিণ-ভারতের সামুদ্রিক কার্যকলাপের উল্লেখ কর।

২৫. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] 'শ্বেত হূন' কাদের বলা হ'ত? [খ] কাকে 'ভারতের এ্যাটিলা' বলা হ'ত [গ] কোন্ বহিঃশত্রুর আক্রমণ গুপ্তসাম্রাজ্যের পতনকে ত্বরান্বিত করেছিল? [ঘ] হর্ষবর্ধনের রাজত্বকাল সম্পর্কে জানবার উপায় কি? [ঙ] হর্ষবর্ধনের রাজধানীর নাম কি? [চ] হিউয়েন সাঙ্-এর রচিত কোন্ বই থেকে আমরা ভারত সম্পর্কে জানতে পারি? [ছ] নালন্দা বিশ্ববিদ্যালয়ে কি কি বিষয়ে পড়ানো হ'ত? [জ] 'রাজপুত' জাতির সৃষ্টি সম্পর্কে আধুনিক ঐতিহাসিকদের মতামত কি? [ঝ] রাজপুতদের কোন্ গোষ্ঠী দিল্লী নগরীর প্রতিষ্ঠা করে? তখন দিল্লীর নাম কি ছিল? [ঞ] শশাঙ্কের রাজধানীর নাম কি? [ট] শীলরক্ষিত কে ছিলেন?

[ঠ] বিক্রমশীল বিহার-এর কয়েকজন খ্যাতনামা পণ্ডিতের নাম বল। [ড] পল্লব-যুগের দু'টি স্থাপত্য-নিদর্শনের নাম কর। [ঢ] চোল রাজাদের আমলে ভারতের দু'টি বহির্বাণিজ্য-কেন্দ্রের নাম কর।

২৬. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

[ক] ভারতে হূন আক্রমণের ঐতিহাসিক গুরুত্ব কি? [খ] হূন-আক্রমণের সামাজিক প্রভাব কি? [গ] গুপ্ত সাম্রাজ্যের পতনের জন্য দায়ী এমন দু'টি কারণের উল্লেখ কর। [ঘ] হর্ষবর্ধনের আমলে চীনদেশের সঙ্গে ভারতের যোগাযোগ ছিল কি? [ঙ] হর্ষবর্ধন নিজেকে 'ভারতের সম্রাট' বলতেন কি? [চ] হিউয়েন সাঙ্ ভারতীয় সমাজ সম্পর্কে কি বলেছেন? [ছ] হর্ষবর্ধনের পরবর্তীকালে ভারতের যে আঞ্চলিক ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্য গড়ে উঠেছিল সেইগুলোর উন্নতির কারণ কি? [জ] রাজপুত জাতির পরিচয় দাও। [ঝ] পাল, রাষ্ট্রকূট ও প্রতিহার—তিনটি রাজ্য কিসের জন্য পরস্পর প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়? [ঞ] 'গৌড়' শব্দটির সৃষ্টি কি থেকে? [ট] 'মাৎস্যন্যায়' কাকে বলে? [ঠ] বিক্রমশীল খ্যাতি লাভ করেছিল কেন? [ড] চালুক্যদের কৃতিত্বের পরিচয় দাও? [ঢ] সামুদ্রিক বাণিজ্যে চোলদের কৃতিত্ব কি?

২৭. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :

[ক] ভারতে ——এর অত্যাচার ইওরোপে অনুষ্ঠিত এ্যাটিলার অত্যাচার থেকে কোন অংশে কম ছিল না।

[খ] —— ছিলেন 'হর্ষচরিত'-এর প্রণেতা।

[গ] হর্ষবর্ধনের আমলে পাটলিপুত্রের পরিবর্তে —— রাজধানীর মর্যাদা লাভ করে।

[ঘ] হর্ষবর্ধন ছিলেন '——' অর্থাৎ উত্তর-ভারতের অধিপতি।

[ঙ] —— ও —— থেকে এগারোজন পণ্ডিত নালন্দা বিশ্ববিদ্যালয় পরিদর্শনে এসেছিলেন।


[চ] রাজপুতেরা —— অঞ্চলে প্রবল হয়ে উঠেছিল।

[ছ] পাল ও সেন যুগে বাঙালী সমাজ —— বিভক্ত ছিল।

[জ] চন্দ্রগর্ভ '——' নামে সর্বাধিক প্রসিদ্ধ।

১৮. নিম্নলিখিত বিষয় সম্পর্কে টীকা লেখ :

[ক] তোরমান [খ] মিহিরকুল [গ] 'সি-য্যু-কি' [ঘ] নালন্দা বিশ্ববিদ্যালয় [ঙ] রাজপুত [চ] শশাঙ্ক [ছ] কনৌজ নগরী [জ] বিক্রমশীল (ঝ) ওদন্তপুর (ঞ) পল্লব-শিল্প [ট] চালুক্য-শিল্প [ঠ] চোলদের সামুদ্রিক কার্যকলাপ।



দ্বাদশ অধ্যায়

বহির্দেশের সঙ্গে ভারতের যোগাযোগ

আমাদের দেশের শাস্ত্রকাররা বলতেন, সমুদ্রযাত্রা মহাপাপ—সমুদ্রযাত্রা করলে ধর্মচ্যুত হতে হয়। কেবল সমুদ্রযাত্রাই নয়, বিদেশযাত্রাও ছিল তাঁদের কাছে একটা পাপকাজের মতন। ধর্মের এই অনুশাসন কিন্তু ভারতকে বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন করে রাখতে পারে নি। প্রাচীন যুগে যেমন, মধ্যযুগেও তেমনি ভারতীয়রা নানা দেশে যাতায়াত করতে থাকে এবং সেই সূত্রে বহির্দেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে ওঠে।

প্রাচীনকাল থেকেই ব্যবসা-বাণিজ্যের সূত্রে বহির্দেশের সঙ্গে ভারতের যোগাযোগ ছিল। ক্রমে সেই যোগাযোগ ঘনিষ্ঠতায় পরিণত হয় এবং ভারতীয় ধর্ম ও সভ্যতা-সংস্কৃতি বহু দূরদেশে ছড়িয়ে পড়ে। স্থলপথে মধ্য-এশিয়া তিব্বত, চীন প্রভৃতি দেশে ভারতীয় প্রভাব বিস্তৃত হয়। আর সমুদ্রপথে ভারতীয় ধর্ম ও সভ্যতার ধারা শ্যাম (থাইল্যাণ্ড), কাম্বোডিয়া (বর্তমান কাম্পুচিয়া) এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার দ্বীপপুঞ্জে গিয়ে পেঁাছেছিল।

(১) মধ্য-এশিয়ায় 'মহাযান' বৌদ্ধধর্ম : ভারতীয় সভ্যতা-সংস্কৃতির প্রভাব : কাশগড়, ইয়ারকন্দ, কুচি, নিয়া প্রভৃতি ছিল মধ্য-এশিয়ার সভ্যতার কয়েকটি প্রধান কেন্দ্র। সেকালে ভারত থেকে মধ্য-এশিয়ার এইসব জায়গায় যাবার সবচেয়ে প্রশস্ত পথ ছিল পুরুষপুর (বর্তমান পেশোয়ার) থেকে কুভা (বর্তমান কাবুল) নদীর তীর ধরে। এই পথে যেতে হলে বর্তমানে যে দেশকে আমরা আফগানিস্তান বলি সেই দেশ অতিক্রম করতে হ'ত।

খ্রীস্টীয় প্রথম শতাব্দীতে কুষান রাজারা ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে

রাজত্ব করছিলেন। কুষান রাজাদের রাজধানী ছিল পুরুষপুর। এই কুষানদের মাধ্যমেই মধ্য-এশিয়ার নানা জাতি ও দেশের সঙ্গে ভারতের পরিচয় হয়।

কুষান আমলে মধ্য-এশিয়ার দেশগুলোর সঙ্গে ভারতীয় বণিকদের পরিচয় হয় এবং উভয়ের মধ্যে ব্যবসা-বাণিজ্য দ্রুতগতিতে চলতে থাকে। ব্যবসা-বাণিজ্যের মাধ্যমেই বৌদ্ধধর্ম বহির্ভারতে প্রসার লাভ করে। আবার এই বৌদ্ধধর্মই মধ্য-এশিয়ার বিভিন্ন দেশে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি ছড়িয়ে দেয়। মধ্য-এশিয়ায় বৌদ্ধধর্ম প্রসারের একটা বড় কারণ হল বৌদ্ধধর্মে 'মহাযান-পন্থা'র সৃষ্টি।

গৌতম বুদ্ধের দেহাবসানের পরবর্তী কালে তাঁর অনুগামীরা ক্রমে প্রধান দুইটি সম্প্রদায়ে বিভক্ত হয়ে পড়েন, যেমন ঃ হীনযান ও মহাযান। 'হীনযান-পন্থী'রা গৌতম বুদ্ধের নির্দেশ মেনে মূর্তিপূজা বা ধর্মের আচার-অনুষ্ঠানের পরিবর্তে মানুষের সৎ-কাজ করা ও সৎ-জীবন যাপনের ওপর গুরুত্ব আরোপ করে। আর 'মহাযানপন্থী'রা গৌতম বুদ্ধের মূর্তিপূজা ও নানাবিধ আচার-অনুষ্ঠানের ওপর গুরুত্ব দেন। 'মহাযানপন্থা' অনুসারে, গৌতম বুদ্ধের সুন্দর সুন্দর মূর্তি তৈরী হয়। ধনী ব্যবসায়ী ও ক্ষমতাশালী শাসকের উদ্যোগে বৌদ্ধ মন্দির, গুহা প্রভৃতি নির্মিত হতে থাকে। মধ্য-এশিয়া, চীন, জাপান, তিব্বত প্রভৃতি দেশের মানুষকে বৌদ্ধধর্মের মহাযানপন্থাই বেশী আকৃষ্ট করেছিল।

মধ্য-এশিয়ার ধনী ব্যবসায়ী ও শাসকরা পুণ্যের লোভে মরুদ্যান ও বাণিজ্যকেন্দ্রে বৌদ্ধমঠ, গুহা-মন্দির প্রভৃতি নির্মাণ করান। এইসব ধর্ম-প্রতিষ্ঠান বৌদ্ধধর্ম প্রচারের প্রধান কেন্দ্র হয়ে ওঠে। ক্রমে ব্যবসায়ীদের দেখা-দেখি বৌদ্ধ প্রচারকরা মধ্য-এশিয়ায় এসে উপস্থিত হন। এইভাবে বৌদ্ধধর্ম মধ্য-এশিয়ায় প্রসার লাভ করেছিল।

কাশগড়, খোটান, নিয়া, ইয়ারকন্দ প্রভৃতি জায়গায় বৌদ্ধধর্মের সঙ্গে সঙ্গে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি যে কতটা প্রভাব বিস্তার করেছিল তার প্রমাণ পাওয়া যায় ঐসব জায়গায় আবিষ্কৃত নিদর্শনগুলি থেকে। সেখানকার মানুষ ভারতীয় লিপি ব্যবহার করত। ভারতে প্রচলিত খরোষ্ঠী লিপিতে-লেখা অনেক পুঁথি-পত্র মধ্য-এশিয়ার বিভিন্ন জায়গায় পাওয়া গিয়েছে। মধ্য-এশিয়ার সভ্যতার কেন্দ্রগুলিতে যে বৌদ্ধ মন্দির ও মঠের ধ্বংসাবশেষ আবিষ্কৃত হয়েছে তাতে ভারতীয় শিল্পের প্রভাব লক্ষ্য করা যায়। প্রসঙ্গতঃ উল্লেখ্য কুচি রাজ্যে বিখ্যাত ভারতীয় বৌদ্ধ পণ্ডিত কুমারজীব বসবাস করতেন। জীবনের শেষ ত্রিশ বছর অবশ্য তিনি চীনদেশেই কাটিয়েছিলেন।

খোটান ছিল মধ্য-এশিয়ার সবচেয়ে সমৃদ্ধিশালী ও জনবহুল রাজ্য। খোটানের বৌদ্ধ বিহারগুলোর মধ্যে 'গোমতী বিহার' ছিল প্রসিদ্ধ। গোমতী

বিহার সেকালের সবচেয়ে বড় বৌদ্ধ-শিক্ষাকেন্দ্র ছিল। হিউয়েন সাঙ্ তাঁর বিবরণীতে গোমতী বিহার ও খোটানের সমৃদ্ধির কথা উল্লেখ করেছেন। তিনি স্বদেশ প্রত্যাবর্তনের সময় খোটানে গিয়েছিলেন। সেখানে তিনি প্রায় একশো বৌদ্ধ বিহার ও প্রায় পাঁচ হাজার বৌদ্ধভিক্ষু দেখেছিলেন।

(২) চীনদেশের সঙ্গে ভারতের যোগাযোগ ঃ মধ্য-এশিয়া থেকেই বৌদ্ধধর্ম চীনদেশে গিয়ে পেঁছায়। ভারতের কুষান রাজারা চীন সম্রাটের কাছে ধর্মরত্ন ও কাশ্যপ-মাতঙ্গ নামে দুজন দূত পাঠিয়েছিলেন। তাঁরা সঙ্গে করে উপহার হিসাবে কিছু বৌদ্ধধর্ম-সংক্রান্ত পুঁথি নিয়ে গিয়েছিলেন। কথিত আছে, একটি সাদা ঘোড়ার পিঠে বোঝাই করে পুঁথিপত্রগুলো নিয়ে যাওয়া হয়। যাই হোক, চীন সম্রাট সসম্মানে দূতদ্বয়কে রাজধানীতে স্থান দেন এবং ৬৮ খ্রীস্টাব্দে প্রথম চীনদেশের 'লো-ইয়াং'-এ বৌদ্ধ মন্দির স্থাপিত হয়। পুঁথিবাহী সেই সাদা ঘোড়ার স্মৃতিরক্ষার্থে ঐ মন্দিরের নাম হয়—'পো-মা-স', অর্থাৎ 'শ্বেত-অশ্ব-বিহার'। এইভাবেই চীনদেশের মানুষ বৌদ্ধধর্মের সঙ্গে পরিচিত হয়। তারপর ক্রমে ভারত থেকে আরও অনেক বৌদ্ধ প্রচারক চীন-দেশে যাতায়াত শুরু করেন। আবার অনেক চীনা পণ্ডিত বৌদ্ধ ধর্মশাস্ত্র সম্পর্কে অধ্যয়নের জন্য ভারতে এসে উপস্থিত হন। পঞ্চম থেকে অষ্টম শতাব্দীর মধ্যে যেসব চীনা বৌদ্ধ ভারতে এসেছিলেন তাঁদের মধ্যে ফা-হিয়েন, ঈৎসিঙ্, হিউয়েন সাঙ্ প্রমুখ উল্লেখযোগ্য।

বৌদ্ধধর্মের মাধ্যমে ভারতীয় সভ্যতা-সংস্কৃতির ধারাও চীনে গিয়ে পেঁছেছিল। চীনদেশে সংস্কৃত ভাষা-শিক্ষার ব্যবস্থা ছিল। বৌদ্ধ মন্দির ও গুহা নির্মাণের জন্য ভারতীয় শিল্পীরা চীনদেশে আমন্ত্রিত হন। এই প্রসঙ্গে চীনদেশের 'হাজার বুদ্ধের গুহা' বিশেষভাবে উল্লেখযোগ্য। ঐ গুহাগুলোর দেওয়াল-চিত্রে ভারতীয় প্রভাবের সুস্পষ্ট প্রমাণ পাওয়া যায়। শিল্পকলা ব্যতীত চীনদেশের সঙ্গীত, চিকিৎসাশাস্ত্র ও জ্যোতির্বিদ্যার ক্ষেত্রেও ভারতীয় প্রভাব লক্ষ্য করা যায়। ভারতবর্ষও চীনা প্রভাব থেকে মুক্ত ছিল না। চীন-ভারত সম্পর্ক ঘনিষ্ঠ হওয়ায় এদেশে অনেক চীনা জিনিস-পত্র ব্যবহৃত হতে থাকে। এদেশে ঐগুলোর নামকরণ হয়েছিল চীনা নামের অনুকরণে। চীনা কাপড়কে সেই আমলে ভারতীয়রা 'চীনাপট্ট' বলত।

(৩) তিব্বত-এর সঙ্গে ভারতের ঘনিষ্ঠতা ঃ তিব্বতে অতীশ দীপঙ্কর ঃ খ্রীস্টীয় সপ্তম শতাব্দীর মধ্যভাগে তিব্বতের সঙ্গে ভারতের প্রথম যোগসূত্র স্থাপিত হয়। সেই আমলে তিব্বতের পথে ভারতীয়দের যাতায়াত সহজসাধ্য না হলেও অনেক বৌদ্ধ প্রচারক তিব্বতের মধ্য দিয়ে চীনদেশে যে উপস্থিত হয়েছিলেন তার প্রমাণ চীনা সাহিত্যেই আছে।

সপ্তম শতাব্দীতে স্রং-সান্-গাম্পো নামে জনৈক শক্তিশালী রাজা তিব্বতে


রাজত্ব করছিলেন। তাঁর আমলেই বৌদ্ধধর্ম তিব্বতে প্রসার লাভ করে। তিনি নিজে বৌদ্ধধর্ম গ্রহণ করেন এবং তাঁরই পৃষ্ঠপোষকতায় তিব্বতের সর্বত্র বৌদ্ধ বিহার ও মন্দির নির্মিত হয়। শোনা যায়, তিনি ভারতবর্ষ ও চীনদেশ থেকে কয়েকটি বৌদ্ধ মূর্তি নিজ দেশে আনিয়েছিলেন। ধর্মের সঙ্গে সঙ্গে ভারতীয় সভ্যতা-সংস্কৃতিও তিব্বতে প্রভাব বিস্তার করেছিল। গাম্পো'র রাজত্বকালের একটি উল্লেখযোগ্য ঘটনা হল, তিব্বতে সংস্কৃত ভাষার প্রবর্তন। সেই সময় তিব্বতে ভারতীয় লিখন-পদ্ধতিরও প্রচলন হয়। এইভাবে তিব্বত ভারতীয় সভ্যতার অন্যতম কেন্দ্রে পরিণত হয়েছিল।

একাদশ শতাব্দীতে তিব্বতীয় রাজার আমন্ত্রণে মগধের দীপঙ্কর শ্রীজ্ঞান এবং আরও অনেক বৌদ্ধ পণ্ডিত তিব্বতে উপস্থিত হন। দীপঙ্কর শ্রীজ্ঞান সেই আমলের শ্রেষ্ঠ বৌদ্ধ পণ্ডিত ছিলেন। নেপালের মধ্য দিয়ে তিব্বত সীমান্তে উপনীত হলে দীপঙ্কর শ্রীজ্ঞানকে তিব্বতীরা বিপুল সম্বর্ধনা জানায়। দীপঙ্কর শ্রীজ্ঞান তিব্বতে 'অতীশ' বা 'অতীশ দীপঙ্কর' নামে পরিচিত হন। তিনি তিব্বতের বিভিন্ন স্থানে বিশুদ্ধ হীনযান বৌদ্ধধর্ম প্রচার করেন। প্রায় তেরো বছর তিব্বতে থেকে অতীশ দীপঙ্কর প্রায় দু'শো বৌদ্ধ-গ্রন্থ রচনা করেন। প্রসঙ্গতঃ উল্লেখ্য, অতীশ দীপঙ্কর তিব্বতে গৌতম বুদ্ধের অবতাররূপে পূজিত হন। তিব্বতের রাজধানী লাসার অনতিদূরে তাঁর সমাধিস্থান তিব্বতী বৌদ্ধদের একটি পবিত্র তীর্থস্থান।

(৪) **দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশ : ভারতীয় ধর্ম ও সভ্যতা-সংস্কৃতির প্রসার :** সুপ্রাচীনকাল থেকেই ভারতীয় বণিকরা ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন স্থানে যাতায়াত করতেন। দক্ষিণ-পূর্ব এশিয়া বলতে মোটামুটিভাবে ব্রহ্মদেশ, শ্যাম (থাইল্যাণ্ড), কাম্বোডিয়া (বর্তমান কাম্পুচিয়া), ভিয়েৎনাম, বোর্ণিও, সুমাত্রা প্রভৃতি অঞ্চলকে বোঝায়। প্রাচীন সংস্কৃত, বৌদ্ধ ও অন্যান্য গ্রন্থে এইসব অঞ্চলে ভারতীয়দের সমুদ্রযাত্রার নানা কাহিনী বর্ণিত আছে। ভারতীয় বণিকরা সেকালে 'সুবর্ণভূমি'তে ব্যবসা-বাণিজ্য করতে যেতেন। মালয় উপদ্বীপ ও তার পাশাপাশি এলাকাই তাঁদের কাছে 'সুবর্ণভূমি' নামে পরিচিত ছিল।

ব্যবসা-বাণিজ্যের উদ্দেশ্যে যেসব ভারতীয় বণিক দক্ষিণ-পূর্ব এশিয়ায় গিয়েছিলেন তাঁদের মধ্যে কেউ কেউ বিভিন্ন জায়গায় স্থায়ীভাবে বসবাস করতে থাকেন। ক্রমে সেইসব জায়গায় একাধিক স্বাধীন রাজ্য গড়ে ওঠে। এইসব রাজ্যের প্রতিষ্ঠাতারা ভারতীয় ছিলেন। রাজ্যগুলির নামকরণও হয়েছিল নানা ভারতীয় নামে। তাছাড়া সেখানে ভারতীয় হিন্দুধর্ম ও বৌদ্ধধর্ম জনপ্রিয় হয়ে ওঠে, সংস্কৃত ভাষা প্রচলিত হয়। এইসব রাজ্যের স্থাপত্য ও ভাস্কর্য নিদর্শনেও ভারতীয় প্রভাব লক্ষ্য করা যায়।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় গড়ে ওঠা স্বাধীন রাজ্যগুলোর ওপর ভারতীয় প্রভাব এতই বেশী ছিল যে ঐগুলোর ইতিহাস পড়লে যেকোন লোকেরই রাজ্যগুলিকে ভারতেরই অংশ বলে মনে হবে। কিন্তু আসল ব্যাপারটা হল, দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় প্রভাব ভারতের সাংস্কৃতিক বিজয়েরই একটি ঘটনামাত্র। ভারতের উন্নত সভ্যতা-সংস্কৃতি দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষের মন জয় করেছিল। এই জয় ছিল শান্তিপূর্ণ—এর জন্য কোন সৈন্য-সামন্ত প্রেরণের দরকার হয় নি।



দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশ


কম্বোজ (কাম্বোডিয়া), চম্পা (আন্নাম) ও শ্রীবিজয় (দক্ষিণ-মালয় ও সুমাত্রা) ছিল মধ্যযুগে দক্ষিণ-পূর্ব এশিয়ার তিনটি প্রধান রাজ্য। কথিত আছে, কৌণ্ডিণ্য নামে জনৈক ভারতীয় ব্রাহ্মণ কম্বোজ রাজ্যের প্রতিষ্ঠা করেন। দ্বিতীয় জয়বর্মণ, যশোবর্মণ প্রমুখ ছিলেন ঐ রাজ্যের কয়েকজন নৃপতি। এঁদের আমলে যশোধরপুর ছিল কম্বোজ রাজ্যের রাজধানী। যশোধরপুর-এরই আধুনিক নাম 'আঙ্কর-টোম'। আঙ্কর-টোম সেকালে দক্ষিণ-পূর্ব এশিয়ার একটি মনোরম নগরী ছিল।

'আঙ্কর-টোম'এর এক মাইল দক্ষিণে অবস্থিত 'আঙ্কর-ভাট' কম্বোজ-দেশের স্থাপত্যের শ্রেষ্ঠ নিদর্শন। রাজা দ্বিতীয় সূর্যবর্মণের আমলে এটি নির্মিত হয়। 'আঙ্কর-ভাট' মন্দিরের স্থাপত্যরীতিতে ভারতীয় প্রভাব পরিলক্ষিত

হয়। মন্দিরের দেওয়ালে রামায়ণ, মহাভারত ও অন্যান্য ভারতীয় কাহিনী অবলম্বনে অনেক ছবি আঁকা আছে।

ভারতীয় ঔপনিবেশিকরা চম্পা (আন্নাম, বর্তমান ভিয়েৎনাম) নামে একটি রাজ্য স্থাপন করেন। চম্পা রাজ্যে শম্ভু বর্মণ, ইন্দ্র বর্মণ প্রভৃতি পরাক্রান্ত হিন্দু রাজারা রাজত্ব করতেন। এই রাজ্যে সংস্কৃত ভাষা প্রচলিত ছিল। সেই আমলে চম্পা ছিল দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম প্রধান শিক্ষাকেন্দ্র।

মালয় উপদ্বীপ, জাভা, সুমাত্রা প্রভৃতি অঞ্চলেও ভারতীয়রা রাজ্য স্থাপন করেছিলেন। অষ্টম শতাব্দীতে সুমাত্রার শ্রীবিজয় রাজ্য শক্তিশালী হয়ে ওঠে। ঐ সময়ে শ্রীবিজয়ের শৈলেন্দ্র বংশীয় রাজারা মালয়, জাভা, বোর্ণিও, বলিদ্বীপ প্রভৃতি অধিকার করে এক বিশাল শৈলেন্দ্র সাম্রাজ্য গড়ে তোলেন। শৈলেন্দ্র



বরবুদুর-এর মন্দির

বংশীয় রাজাদের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। বালপুত্রদেব নামে জনৈক শৈলেন্দ্র বংশীয় রাজা ভারতের নালন্দায় একটি বৌদ্ধমঠ নির্মাণ করিয়েছিলেন। ভারতের সামাজিক রীতিনীতি সুমাত্রা, জাভা, মালয় প্রভৃতি অঞ্চলের মানুষকে বিশেষভাবে প্রভাবিত করেছিল।

শৈলেন্দ্র রাজাদের উদ্যোগে জাভা বা যবদ্বীপে বিখ্যাত বরবুদুর-এর মন্দির নির্মিত হয়। বরবুদুরে মন্দিরটি ভারতের সাংস্কৃতিক জয়যাত্রার একটি অপূর্ব নিদর্শন। কথিত আছে, এই মন্দিরটি ভারতীয় শিল্পীরাই তৈরী করেছিলেন।

স্মৃতি-সহায়

১. ভারতে কুষাণ রাজাদের রাজত্বকালে মধ্য-এশিয়ার কাশগড়, ইয়ারকন্দ, কুচি প্রভৃতি দেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপিত হয়।

২. ব্যবসা-বাণিজ্যের সূত্রে ভারতীয় বৌদ্ধধর্ম মধ্য-এশিয়ায় বিস্তার লাভ করেছিল। ভারতীয় সভ্যতা-সংস্কৃতির প্রভাবও সেখানে নিতান্ত কম ছিল না।

৩. মধ্য-এশিয়া থেকে বৌদ্ধধর্ম চীনদেশে পৌঁছেছিল। ভারতীয় সভ্যতা-সংস্কৃতি চীনদেশকে গভীরভাবে প্রভাবিত করেছিল।

৪. বৌদ্ধধর্ম তিব্বতে প্রসার লাভ করলে সেখানে অনেক বৌদ্ধ বিহার ও মন্দির স্থাপিত হয়। ভারতের অনেক পণ্ডিত তিব্বতে গিয়েছিলেন বৌদ্ধধর্ম সম্পর্কে শিক্ষাদানের উদ্দেশ্যে।

৫. দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। ঐসব দেশের সভ্যতা-সংস্কৃতি ও শিল্পকলায় ভারতীয় প্রভাবের সুস্পষ্ট প্রমাণ আছে।

৬. সুমাত্রা, জাভা, মালয় প্রভৃতি দেশে ভারতীয় রাজারা রাজ্যও স্থাপন করেছিলেন। শৈলেন্দ্র রাজারা এইসব অঞ্চল নিয়ে শৈলেন্দ্র সাম্রাজ্য গড়ে তুলেছিলেন।

অনুশীলনী

১. কিভাবে বহির্দেশের সঙ্গে ভারতের যোগসূত্র স্থাপিত হয়?

২. মধ্য-এশিয়ায় কোন্ ধর্ম কিভাবে প্রসার লাভ করেছিল?

৩. 'মহাযান' বৌদ্ধপন্থা কাকে বলে?

৪. মধ্য-এশিয়ার কোন্ কোন্ অঞ্চলে ভারতীয় সভ্যতা বিস্তার লাভ করেছিল? ঐসব জায়গায় ভারতীয় সভ্যতা বিস্তৃতির প্রমাণ কি?

৫. কিভাবে চীনদেশের সঙ্গে ভারতের যোগাযোগ হয়? এই যোগাযোগ কিভাবে পরস্পরকে প্রভাবিত করেছিল?

৬. কোন্ সময় থেকে এবং কিভাবে তিব্বতের সঙ্গে ভারতের ঘনিষ্ঠতা হয়?

৭. কিভাবে ভারতীয় সভ্যতা-সংস্কৃতি দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিস্তার লাভ করেছিল?

৮. দক্ষিণ-পূর্ব এশিয়ার তিনটি ভারতীয় রাজ্য কি কি? ঐগুলো সম্পর্কে যা জান লেখ।

৯. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও :

[ক] আমাদের দেশের শাস্ত্রকাররা কি বলতেন? [খ] মধ্য-এশিয়ার সভ্যতার কেন্দ্রগুলোর নাম কর। [গ] কোথায় কোথায় মহাযান বৌদ্ধপন্থা প্রসার লাভ করেছিল? [ঘ] মধ্য-এশিয়ায় কোন্ ভারতীয় লিপি প্রচলিত হয়? [ঙ] খোটান-এর কোন্ বৌদ্ধ-বিহার সবচেয়ে প্রসিদ্ধ ছিল? [চ] 'শ্বেত অশ্বের বিহার' কোথায় স্থাপিত হয়? [ছ] 'হাজার বুদ্ধের গুহা'র দেওয়াল-চিত্র কি প্রমাণ করে? [জ] কোন্ তিব্বতী রাজার আমলে সেই দেশে বৌদ্ধধর্ম প্রচলিত হয়? [ঝ] দীপংকর শ্রীজ্ঞান তিব্বতে কি নামে পরিচিত ছিলেন? [ঞ] প্রাচীনকালে ভারতীয় বণিকরা দক্ষিণ-পূর্ব এশিয়ার কোথায় ব্যবসা-বাণিজ্য করতে যেতেন?

১০. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :


[ক] কিভাবে মধ্য-এশিয়ার সঙ্গে ভারতের যোগসূত্র স্থাপিত হয় তা চারটি লাইনে লেখ। [খ] 'মহাযান' ও 'হীনযান' পন্থার পার্থক্য কি তা দু-চারটি কথায় বল। [গ] ব্যবসায়ী সম্প্রদায় কিভাবে বৌদ্ধধর্মের প্রসারে সাহায্য করেছিল? [ঘ] কুমারজীব কে ছিলেন? [ঙ] হিউয়েন সাঙ্ খোটান সম্পর্কে কি বলেছেন? [চ] চীনদেশে

ভারতীয় সভ্যতা সংস্কৃতি কি প্রভাব বিস্তার করেছিল? [ছ] দীপঙ্কর শ্রীজ্ঞান সম্পর্কে যা জান লেখ। [জ] দক্ষিণ-পূর্ব এশিয়ায় গড়ে ওঠা স্বাধীন রাজ্যগুলো কি ভারতেরই অংশ ছিল? [ঝ] 'আঙ্কর-টোম' কোথায় এবং কেন বিখ্যাত? [ঞ] শৈলেন্দ্র রাজারা কোথায় রাজত্ব করতেন? [ট] চম্পা রাজ্য কোথায় অবস্থিত ছিল? [ঠ] বরবুদুরের মন্দির কোথায় এবং কেন বিখ্যাত?

১১. সঠিক শব্দ বসিয়ে নিম্নলিখিত শূন্যস্থানগুলি পূরণ কর :

[ক] —— রাজাদের আমলেই মধ্য-এশিয়ার নানা জাতি ও দেশের সঙ্গে ভারতের ঘনিষ্ঠতা বৃদ্ধি পায়। [খ] —— মধ্য-এশিয়ার সবচেয়ে সমৃদ্ধিশালী ও জনবহুল রাজ্য ছিল। [গ] কুষান রাজাদের আমলে —— ও —— নামে দুইজন দূত চীনদেশে উপস্থিত হন। [ঘ] রাজা ——'র আমলে তিব্বতে সংস্কৃত ভাষা প্রচলিত হয়। [ঙ] ভারতীয় বণিকরা প্রাচীনকালে দক্ষিণ-পূর্ব এশিয়ার '——'তে ব্যবসা-বাণিজ্য করতে যেতেন। [চ] —— নামে জনৈক ভারতীয় ব্রাহ্মণ কম্বোজ রাজ্যের প্রতিষ্ঠা করেন।

১২. পৃথিবীর একটি রেখা-মানচিত্রে দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশগুলি চিহ্নিত কর।



দিল্লীর সুলতানী আমল

(১) তুর্কী-আফগান মুসলমানদের ভারত-আগমন : আগমনের উদ্দেশ্য ও প্রকৃতি : হূন আক্রমণের পরবর্তী কালে দীর্ঘদিন পর্যন্ত ভারতের মানুষ কোন বড় রকমের বৈদেশিক আক্রমণের সম্মুখীন হয় নি। অষ্টম শতাব্দীর প্রথমে আরবের মুসলমানরা উত্তর-পশ্চিম ভারতে আক্রমণ চালালেও ভারতীয়দের পক্ষে সেই আক্রমণ প্রতিহত করা মোটেই শক্ত হয় নি। কিন্তু তুর্কী-আফগান আক্রমণ ভারতের ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছিল।

একাদশ ও দ্বাদশ শতাব্দীতে তুর্কী-আফগান জাতীয় মুসলমানরা ভারতের ওপর ব্যাপক আক্রমণ চালায়। তুর্কী জাতিভুক্ত মুসলমানরা আফগানিস্তানে বসবাস করত। ভারত আক্রমণকারী এইসব তুর্কী মুসলমানের সঙ্গে অনেক আফগান সৈন্যেরাও এসেছিল। তাই এদের 'তুর্কী-আফগান' বলা হয়। যাই হোক, আফগানিস্তানের গজনী রাজ্যের সুলতান মামুদ প্রায় সতেরোবার ভারতবর্ষ আক্রমণ করেন। প্রতিবারই তিনি এদেশ থেকে প্রচুর ধনসম্পদ লুট-পাট করে নিজ দেশে নিয়ে যেতেন। সুলতান মামুদের প্রায় দেড়শো বছর পরে মহম্মদ ঘোরী ভারতবর্ষ আক্রমণ করেন।


মহম্মদ ঘোরী উত্তর-পশ্চিম ভারতের গোমাল গিরিপথের মধ্য দিয়া ভারতে প্রবেশ করেন। মহম্মদ ঘোরী কিন্তু সুলতান মামুদের মতো লুট-পাট করেই ফিরে যান নি। তিনি এসেছিলেন ভারতবর্ষে স্থায়ী রাজ্য স্থাপনের বাসনা নিয়ে। তরাইনের দ্বিতীয় যুদ্ধে (১১৯২ খ্রী) তিনি রাজপুত বীর পৃথ্বীরাজকে পরাজিত করে দিল্লী, আজমীর প্রভৃতি দখল করেন। মহম্মদ ঘোরী স্বদেশে প্রত্যাবর্তন করলেও তাঁর সেনাপতি ও সৈন্যদের অনেকে এদেশে রয়ে যান। ঘোরীর মৃত্যুর সঙ্গে সঙ্গে তাঁর সেনাপতি কুতুবুদ্দিন আইবক নিজেকে ভারতের মুসলিম-অধিকৃত অঞ্চলের 'সুলতান' বলে ঘোষণা করেন (১২০৬ খ্রী)। প্রসঙ্গতঃ উল্লেখ্য, হিন্দুরা রাষ্ট্রপ্রধানকে যেমন 'রাজা' বলে, তুর্কী মুসলমানরা রাজ্যের অধিপতিকে তেমনি বলে 'সুলতান'। ভারতবর্ষে তুর্কী-আফগান

মুসলমান সুলতানদের রাজত্বকালকে তাই 'দিল্লীর সুলতানী আমল' বলা হয়। কুতুবুদ্দিন আইবকই সেই সুলতানী যুগের সূত্রপাত করেন।

ভারতের অতুল ঐশ্বর্য ও সম্পদ তুর্কী-আফগান মুসলমানদের আকৃষ্ট করেছিল। ভারতের হিন্দু মন্দিরগুলোতে প্রচুর ধনসম্পদ গচ্ছিত থাকত। তাই সুলতান মামুদের আক্রমণের লক্ষ্য ছিল মথুরা, থানেশ্বর, কনৌজ ও সোমনাথ-এর মন্দিরগুলো। তুর্কী-আফগান মুসলমানদের এদেশ আক্রমণের পেছনে ধর্মীয় প্রেরণাও ছিল। গোঁড়া মুসলমানরা দেবমূর্তি ধ্বংস করাকে পবিত্র কাজ বলে মনে করত। তাছাড়া তুর্কী-আফগান মুসলমানদের কাছে নিজেদের অনুর্বর ও পার্বত্য অঞ্চলের তুলনায় ভারতের সমভূমি আরও লোভনীয় ও শস্য-শ্যামল বলে মনে হয়েছিল। মহম্মদ ঘোরী তাই এদেশে এসেছিলেন রাজ্য স্থাপনের বাসনা নিয়ে।

তুর্কী-আফগানরা ঘোড়ার পিঠে চড়ে হালকা অস্ত্রশস্ত্র নিয়ে দ্রুতগতিতে এদেশের বিভিন্ন জায়গায় আক্রমণ চালায়। সুলতান মামুদ তো বটেই, এমনকি মহম্মদ ঘোরীও এদেশে যে ধরনের আক্রমণ চালিয়েছিলেন তাতে ইসলাম সম্পর্কে ভারতীয়দের মনে আতঙ্ক ও ঘৃণার সঞ্চার করেছিল। বিশেষতঃ হিন্দু মন্দিরের ওপর মুসলমান সৈন্যের উন্মত্ত আক্রমণ ভারতীয় হিন্দুরা দীর্ঘদিন পর্যন্ত ভুলতে পারে নি। অবশ্য ক্রমে একসঙ্গে বসবাস ও পরস্পরের বোঝা-পড়ার মাধ্যমে হিন্দু-মুসলমান সম্প্রীতি গড়ে উঠেছিল।

(২) **সুলতানী আমলে ভারতের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বৈশিষ্ট্য :** কুতুবুদ্দিনের সময় থেকে পরবর্তী তিনশো বছর পাঁচটি সুলতান-বংশ দিল্লীতে রাজত্ব করেছিল, যেমন : দাস বংশ, খলজী বংশ, তুঘলক বংশ, সৈয়দ ও লোদী বংশ। প্রথম দিকের দিল্লীর সুলতানরা ভারতের সবটা জায়গা জুড়ে সাম্রাজ্য গঠনের স্বপ্ন দেখতেন। বেশ কয়েকজন সুলতান রাজ্যজয়ের উদ্দেশ্যে নানা দিকে সৈন্যবাহিনীও পাঠিয়েছিলেন। তবে খলজী বংশের আলাউদ্দিনের আগে কোন সুলতানই সুদূর দক্ষিণ পর্যন্ত বিজয়াভিযান চালাতে পারেন নি।


আলাউদ্দিন খলজী

দাস বংশের ইলতুৎমিস ও গিয়াসউদ্দিন বলবন, খলজী বংশের আলাউদ্দিন খলজী, তুঘলক বংশের মহম্মদ-বিন-তুঘলক প্রমুখ ছিলেন দিল্লীর কয়েকজন উল্লেখযোগ্য সুলতান। ইলতুৎমিস-এর মৃত্যুর পরে তাঁর কন্যা সুলতান রাজিয়া দিল্লীর সিংহাসনে আরোহণ করেন। তবে দিল্লীর প্রভাবশালী

মুসলমান অভিজাতদের বিরোধিতার ফলে যোগ্যতা থাকা সত্ত্বেও তিনি বেশী-দিন রাজত্ব করতে পারেন নি। যাই হোক, গিয়াসউদ্দিন বলবন দিল্লী সুলতানীর ভিত্তিকে দৃঢ়রূপে প্রতিষ্ঠা করেছিলেন। খলজী বংশের আলা-উদ্দিন খলজী শাসক ও বিজেতা হিসাবে ছিলেন একজন খ্যাতিমান সুলতান। তাঁর আমলেই সুলতানী সাম্রাজ্য বিস্তৃতির চরম সীমায় পৌঁছেছিল। সেই সময় সুলতানী সাম্রাজ্য সুদূর দক্ষিণ-ভারতের মাদুরা পর্যন্ত বিস্তৃত হয়। আলাউদ্দিনের দাক্ষিণাত্য-অভিযানে নেতৃত্ব দিয়েছিলেন তাঁরই বিশ্বস্ত সেনা-পতি মালিক কাফুর।

দিল্লীর সুলতানদের মধ্যে সবচেয়ে বিতর্কিত হলেন মহম্মদ-বিন-তুঘলক। নানা অভিনব কার্যকলাপের জন্য মহম্মদ-বিন-তুঘলককে অনেকে 'খামখেয়ালী সুলতান' বা 'পাগলা রাজা' বলে অভিহিত করেছেন। তবে আধুনিক ঐতি-হাসিকরা তাঁর সবকটি কার্যকলাপকেই অদ্ভুত ধরনের বলে মনে করেন না। বরঞ্চ ঐগুলোকে তাঁরা খুবই যুক্তিসঙ্গত বলে মনে করেন।


মহম্মদ-বিন-তুঘলকের সময় থেকেই দিল্লী সুলতানীর পতন শুরু হয়। পরবর্তী সুলতানদের অকর্মণ্যতা ও দুর্বলতার সুযোগে সুলতানী সাম্রাজ্যের সর্বত্র বিদ্রোহ দেখা দেয়। সুলতানী শাসনের ভিত্তি ছিল সামরিক শক্তি। জনসাধারণের সমর্থন ও সহযোগিতার ভিত্তিতে তা গড়ে ওঠেনি। এর পরি-ণতি হিসাবে দুর্বল সুলতানদের আমলে শাসনের লাগাম আলগা হয়ে যেত। তখন সুযোগ-সন্ধানী প্রাদেশিক শাসনকর্তা ও সামরিক নেতারা হয় বিদ্রোহী হয়ে উঠতেন নতুবা স্বাধীনতা ঘোষণা করতেন। চতুর্দশ শতাব্দীতে তাই দেখা যায়, সুলতানী সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চল বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এমন সময় আবার মধ্য-এশিয়ার তৈমুর লঙ্ ভারতবর্ষের ওপর আক্রমণ চালালে দিল্লী সুলতানীর পতন অনিবার্য হয়ে ওঠে। মুঘল বা মোগল-নেতা বাবর লোদী বংশের শেষ সুলতান ইব্রাহিম লোদীকে পানিপথের প্রথম যুদ্ধে (১৫২৬ খ্রী) পরাজিত করলে আনুষ্ঠানিকভাবে ভারতে সুলতানী শাসনের অবসান ঘটে।



মহম্মদ-বিন-তুঘলক

মধ্যযুগে ভারতবর্ষীয় সমাজ-ব্যবস্থার প্রধান বৈশিষ্ট্য ছিল সামাজিক

অসমতা। এই অসমতা হিন্দু-সমাজের চেয়ে মুসলিম-সমাজে আরও ব্যাপক ছিল। মুসলমানরা শহরাঞ্চলে বসবাস করত বলে তাদের সমাজে উচ্চ-নীচ, ক্রীতদাস-মালিক প্রভৃতি ভেদাভেদ মানুষের চোখে পড়ত বেশী। হিন্দু-সমাজে সেই সময় মানুষে মানুষে ভেদাভেদ যে ছিল না তা নয়। তবে হিন্দুদের অধিকাংশই গ্রামাঞ্চলে বসবাস করত বলে তাদের মধ্যে সামাজিক অসমতা ততটা প্রকট হয়ে দেখা দেয়নি।



সুলতানী যুগে এদেশের মানুষের অর্থনৈতিক অবস্থা সম্পর্কে আমরা বিশেষ কিছু জানতে পারিনি। মোটামুটিভাবে বলা যেতে পারে যে, শহরে বসবাসকারী মুসলিম অভিজাত এবং অল্পসংখ্যক হিন্দু বিলাসপূর্ণ জীবনযাপন করত। সাধারণ মানুষ, সে শহরবাসী হোক বা গ্রামবাসীই হোক সাধা-

সিধে ধরনের জীবন যাপনে অভ্যস্ত ছিল। অনেক সময়ই তাদের অভাব-অনটন ও দুঃখ-কষ্টের মধ্যে জীবন কাটাতে হত। সুলতানরা অ-মুসলমানদের কাছ থেকে 'জিজিয়া' কর আদায় করতেন। এই করের পরিমাণ নির্দিষ্ট ছিল না, সুলতানের মর্জির ওপর তা নির্ভর করত। মুসলমানদের কাছ থেকেও নানা ধরনের বিশেষ কর আদায় করার রেওয়াজ ছিল।

(৩) **হিন্দু-মুসলমান সাংস্কৃতিক সমন্বয়ঃ শিল্প-সংস্কৃতিঃ ভক্তি-আন্দোলনঃ** প্রাচীনকাল থেকে ভারতবর্ষ বরাবরই বিদেশী জাতির দ্বারা আক্রান্ত হয়েছে। গ্রীক, শক, হূন প্রভৃতি বৈদেশিক জাতি ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দীর্ঘদিন ধরে রাজত্ব করেছিল। এইসব জাতি বিদেশী হিসাবে ভারতবর্ষে এলেও শেষ পর্যন্ত তারা ভারতীয়দের সঙ্গে মিশে যায়, ভারতীয় সমাজের অঙ্গীভূত হয়ে পড়ে। কিন্তু মুসলমান আক্রমণকারীদের ক্ষেত্রে এর ব্যতিক্রম হয়েছিল।

মুসলিম আক্রমণকারীরা এদেশে যে ধ্বংসলীলা চালিয়েছিল তা ভারতীয়রা সহজ মনে নিতে পারেনি। বিশেষতঃ হিন্দু ও বৌদ্ধ মন্দিরগুলোর ওপর আক্রমণ ভারতবাসীর মনে মুসলমানদের প্রতি ঘৃণা ও বিদ্বেষেরই সঞ্চার করেছিল। তাছাড়া ইসলামের সঙ্গে এদেশে এক নতুন জীবনধারা এসে উপস্থিত হয়, যার সঙ্গে ভারতীয় জীবনধারার কোন মিলই ছিল না। এইসব কারণে সুলতানী শাসনের গোড়ার দিকে ভারতে হিন্দু ও মুসলমান পরস্পর ছিল বিচ্ছিন্ন। কিন্তু দীর্ঘকাল পাশাপাশি বসবাসের ফলে ক্রমে উভয়েরই মধ্যে পরস্পর ধর্ম, সমাজ ও সংস্কৃতি সম্পর্কে শ্রদ্ধাবোধ জাগতে থাকে। সনাতন হিন্দু সভ্যতা-সংস্কৃতির ধারার সঙ্গে নবাগত মুসলিম সভ্যতা-সংস্কৃতির এক অপূর্ব সমন্বয় ঘটে। হিন্দু-মুসলমান এই মিলন বা সমন্বয় মধ্যযুগের ধর্ম, ভাষা, সাহিত্য, শিল্প, সামাজিক চিন্তা—সর্বক্ষেত্রেই লক্ষ্য করা যায়।

সুলতানী যুগে ভারতীয় ও ইসলামীয় স্থাপত্য-রীতির সমন্বয়ে এক নতুন শিল্প-রীতির সৃষ্টি হয়েছিল। মুসলমানদের সমাধি-মন্দির ও মসজিদ অলংকরণে ভারতীয় প্রতীক, যেমন পদ্মফুল স্থান পেল, তেমনি ভারতের প্রথাগত স্থাপত্য-রীতিতে যুক্ত হল ইসলামীয় অলংকরণের নক্সা—জ্যামিতিক আকৃতি, লতাপাতা প্রভৃতি।

সুলতানী যুগের সামাজিক আচার-অনুষ্ঠানেও হিন্দু-মুসলমান দুই ভিন্ন সংস্কৃতির মিলনের পরিচয় পাওয়া যায়। ইসলামীয় অনুষ্ঠানের কোন কোনও বিষয় হিন্দুদের অনুষ্ঠানের ওপর তাদের ছাপ ফেলেছিল। আবার তুর্কী-আফগানরা খাবার-দাবার, পোষাক-পরিচ্ছদ ও অন্যান্য ব্যাপারে ভারতীয় রীতি গ্রহণ করায় নিজেদের স্বাতন্ত্র্য হারিয়ে ফেলেছিল।

ভারতীয় ও ইসলামীয় সংস্কৃতির মিলনের পরিচয় পাওয়া যায় সাহিত্যেও।

সুলতানী আমলে ভারতীয় বিষয়বস্তু নিয়ে ফারসী সাহিত্য রচনা শুরু হয়। আবার অনুবাদের মাধ্যমেও ভারতীয় সাহিত্যের সঙ্গে মুসলমানদের পরিচয় ঘটে। ফিরোজ শাহের রাজত্বকালে সংস্কৃত ভাষায় রচিত সঙ্গীত ও চিকিৎসা বিষয়ক গ্রন্থের ফারসী অনুবাদ হয়। কাশ্মীরের জুইন-উল-আবেদিন 'মহাভারত' ও 'রাজতরঙ্গিণী' নামক প্রাচীন গ্রন্থ দুইটির সংস্কৃত থেকে ফারসী অনুবাদ করিয়েছিলেন। তাছাড়া বাংলার সুলতান নসরৎ শাহ্‌ ও হুসেন শাহ্‌'র উদ্যোগে ভাগবত, রামায়ণ, মহাভারত ও অন্যান্য গ্রন্থ বাংলা ভাষায় অনূদিত হয়।



শ্রীচৈতন্য

হিন্দু-মুসলমানের মধ্যে ধর্মের ব্যবধান দূর করে উভয়ের মিলনের পথ প্রশস্ত করতে মধ্যযুগের ভক্তি-আন্দোলন এক উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছিল। শ্রীচৈতন্য, নানক, কবীর প্রভৃতি ভক্তি-প্রচারকরা বলতেন: একমাত্র সেবা ও ভক্তির দ্বারাই ভগবানকে পাওয়া যায়। হিন্দুর ভগবান বা মুসলমানের ভগবান বলে আলাদা কিছু নেই—ঈশ্বর এক ও অদ্বিতীয়। মহাপুরুষদের এই ভক্তিবাদ, অর্থাৎ ভক্তির দ্বারা ঈশ্বর লাভের আদর্শ জাতি-ধর্ম-নির্বিশেষে ভারতবাসীর মধ্যে এক আলোড়নের সৃষ্টি করেছিল।



কবীর

বাংলায় শ্রীচৈতন্য বা শ্রীকৃষ্ণচৈতন্য প্রচার করেন, ঈশ্বর-ভক্তিতে হিন্দু-

মুসলমান, স্পৃশ্য-অস্পৃশ্য বলে কিছু নেই। সব মানুষই ঈশ্বর-ভক্তির অধিকারী। যে রাম সে-ই রহিম, আল্লাহ্ ও ঈশ্বর একই। সারাদেশে ঘুরে ঘুরে তিনি বৈষ্ণবধর্ম প্রচার করেন। শ্রীচৈতন্যের প্রচারিত ধর্মের মাহাত্ম্য উপলব্ধি করে হিন্দু-মুসলমান-নির্বিশেষে বহু লোক তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিল।

ভক্তি-আন্দোলনে নানক ও কবীরের অবদান সবচেয়ে বেশী। কারণ তাঁরা শহরের মানুষ এবং গ্রামের যেসব লোকের সঙ্গে শহরাঞ্চলের কারিগরদের যোগাযোগ ছিল তাঁদের কাছে ধর্মপ্রচার করেছিলেন। কবীরের অনুগামীরা 'কবীর-পন্থী' নামে পরিচিত; এবং নানক যে ধর্মীয় সম্প্রদায়ের প্রতিষ্ঠা করেন তাঁরা 'শিখ' নামে পরিচিত। কবীর ও নানক মানুষের সামনে সহজ ও সরল জীবনযাত্রার যে আদর্শ তুলে ধরেন তা-ই তাঁদের জনপ্রিয়তার প্রধান কারণ।



গুরু নানক

(৪) **সুলতানী আমলে বাংলাদেশ: সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অবস্থা:** সেকালে রাস্তাঘাটের অভাব ও অনুন্নত যোগাযোগ ব্যবস্থার দরুন এক জায়গা থেকে অন্য জায়গায় সহজে যাতায়াত করা যেত না। শাসন-ব্যবস্থার কার্যকারিতা অনেকখানি নির্ভর করে যাতায়াত ব্যবস্থার ওপর। এই অসুবিধের ফলে দিল্লীর সুলতানদের পক্ষে দূরবর্তী প্রদেশগুলোকে সব সময় অনুগত রাখা সম্ভব হত না। বাংলাদেশ ও দিল্লীর দূরত্ব অনেক, পথঘাটও সুগম ছিল না। এই সুযোগে সুলতানী যুগের শেষ দু'শো বছর বাংলাদেশ দিল্লীর কর্তৃত্ব থেকে স্বাধীনতার স্বাদ উপভোগ করেছিল।

সামসুদ্দিন ইলিয়াস শাহ্ (১৩৪২ খ্রীস্টাব্দে) দিল্লীর সুলতানের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করে বাংলাদেশে নিজ শাসন সুপ্রতিষ্ঠিত করেন। সেই সময় থেকে পরবর্তী দু'শো বছর বাংলার সুলতানরা স্বাধীনভাবেই রাজত্ব করছিলেন। সেই আমলে আজম শাহ্, বারবক শাহ্, আলাউদ্দিন হুসেন শাহ্ প্রমুখ সুলতানের পৃষ্ঠপোষকতায় বাংলার নিজস্ব সংস্কৃতি পল্লবিত হয়ে উঠেছিল।

মধ্যযুগে বাঙালী সমাজের বৈশিষ্ট্য ছিল জাতিভেদ ও ক্রীতদাস-প্রথা। হিন্দু সমাজে জাতিভেদের প্রভাব মুসলিম সমাজেও দেখা যায়। তবে হিন্দুদের মত মুসমমানদের মধ্যে জাতিভেদ-প্রথা ততটা কঠোরভাবে পালিত হ'ত

না। সেই যুগে বাংলাদেশে দাস-ব্যবসা খুব প্রচলিত ছিল। "বহু বালক-বালিকা এবং বয়স্ক পুরুষ ও স্ত্রীলোক অপহৃত হইয়া দাসরূপে বিক্রীত হইত"।*

বাংলার স্বাধীন সুলতানী আমলে বাংলা ও সংস্কৃত ভাষা, স্থাপত্য শিল্প ও সংস্কৃতির অন্যান্য ক্ষেত্রে চরম উৎকর্ষ সাধিত হয়েছিল। প্রসিদ্ধ বাংলা সাহিত্যিক মালাধর বসুকে সুলতান বারবক শাহ্ 'গুণরাজ খাঁ' উপাধি দিয়ে সম্মানিত করেছিলেন। সুলতান আলাউদ্দিন হুসেন শাহ্ আরবী, ফারসী ও বাংলা সাহিত্য-সৃষ্টিতে উৎসাহ দিতেন। তাঁর রাজত্বকালেই শ্রীকর নন্দী মহাভারত-এর বাংলা অনুবাদ করেন। সাহিত্য ব্যতীত সংস্কৃতির অন্যান্য ক্ষেত্রেও বাঙালীরা কৃতিত্বের সাক্ষ্য রেখে গেছে। পাণ্ডুয়ার আদিনা মসজিদ প্রভৃতি সেই আমলের হিন্দু-মুসলমান সংস্কৃতির মিলন তথা স্থাপত্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন।

স্বাধীন সুলতানী আমলে বাংলাদেশ ধন-সম্পদে সমৃদ্ধ ছিল। সেই যুগে বাংলার সমৃদ্ধির কথা চীনদেশের মিঙ্ সম্রাটদের ঐতিহাসিক বিবরণী থেকে জানা যায়। বাঙালী সওদাগররা ভারতের সর্বত্র ব্যবসা-বাণিজ্য করতেন। এদেশে জিনিসপত্রের দাম সস্তা হলেও সাধারণ কৃষক ও প্রজাদের দুঃখ-দুর্দশার সীমা ছিল না। সমসাময়িক বাংলা সাহিত্যে বিত্তশালী ব্যক্তিদের পাশাপাশি দরিদ্রদের দুঃখ-কষ্টের কথা বর্ণনা করা আছে।

(৫) সুলতানী আমলের শাসন-ব্যবস্থা: সুলতানী শাসন-ব্যবস্থায় 'সুলতান' ছিলেন সম্পূর্ণ স্বাধীন এবং সর্বক্ষমতাসম্পন্ন ব্যক্তি। তাঁর নির্দেশই ছিল দেশের আইন। তিনি আবার ছিলেন প্রধান সেনাপতি ও সর্বোচ্চ বিচারক। তা সত্ত্বেও দিল্লীর সুলতানরা ভারতে তাঁদের সাম্রাজ্যকে সমগ্র মুসলিম জগতেরই একটি অংশ বলে মনে করতেন।

সুলতানের ক্ষমতা নিরঙ্কুশ হলেও তিনি একেবারে স্বেচ্ছাচারী হয়ে উঠতে পারতেন না। কারণ শেষ পর্যন্ত তাঁকে ইসলামের রীতি-নীতি ও আইন-কানুন মেনে চলতে হ'ত। সুলতানী শাসনের ভিত্তি ছিল সামরিক শক্তির উপর নির্ভরশীল।

সুলতানী শাসন দু'ভাগে বিভক্ত ছিল: কেন্দ্রীয় ও প্রাদেশিক। সুলতান নিজে ছিলেন কেন্দ্রীয় শাসনের সর্বোচ্চে। তিনি একজন প্রধানমন্ত্রী বা 'উজীর' এবং কয়েকজন মন্ত্রীর সাহায্যে কেন্দ্রীয় শাসনকার্য পরিচালনা করতেন। 'উজীর' প্রধানতঃ রাজস্ব আদায় ও ব্যয়ের ভারপ্রাপ্ত ছিলেন।

* বাংলাদেশের ইতিহাস (২য় খণ্ড): রমেশচন্দ্র মজুমদার, ২৮৯ পৃঃ।

প্রাদেশিক শাসন 'মুফ্‌তী' ও অন্যান্য সরকারী কর্মচারীদের দ্বারা পরিচালিত হ'ত। 'মুফ্‌তী' ও 'ইক্‌তাদার' সুলতানের জন্য সৈন্য-সামন্ত সংগ্রহ করতেন। 'ইক্‌তাদার'দের বেতনের পরিবর্তে 'ইক্‌তা', অর্থাৎ ভূমিদান করা হ'ত। প্রত্যেক প্রদেশ আবার কয়েকটি 'পরগণা' এবং প্রতিটি পরগণা অনেকগুলো 'গ্রাম'-এ বিভক্ত থাকত। প্রসঙ্গত উল্লেখ্য, সুলতানী আমলে পরগণা ও গ্রামের কর্মচারীদের অধিকাংশই ছিলেন হিন্দু।

স্মৃতি-সহায়

১. একাদশ-দ্বাদশ শতাব্দীতে তুর্কী জাতীয় মুসলমানরা ভারতবর্ষ আক্রমণ করেছিল।

২. সুলতান মামুদ এদেশে লুট-পাট চালিয়েছিলেন। কিন্তু মহম্মদ ঘোরী এদেশে এসেছিলেন স্থায়ী রাজ্য স্থাপনের উদ্দেশ্য নিয়ে।

৩. ভারতে তিনশো বছরের সুলতানী শাসনে পাঁচটি রাজবংশ দিল্লীর সিংহাসনে আসীন হয়েছিল।

৪. সুলতান মহম্মদ বিন তুঘলকের সময় থেকেই দিল্লী সুলতানীর পতন শুরু হয়েছিল।

৫. সুলতানী আমলে এদেশের হিন্দু-মুসলমান মিলনের পথ যাঁরা প্রশস্ত করেছিলেন তাঁদের মধ্যে শ্রীচৈতন্য, কবীর, নানক প্রভৃতি মহাপুরুষের নাম উল্লেখযোগ্য।

৬. সুলতানী আমলে বাংলা দেশ প্রায় অর্ধ-স্বাধীন রাজ্যে পরিণত হয়। ঐ সময়ে সাহিত্য ও সংস্কৃতিতে বাংলা দেশ যথেষ্ট কৃতিত্ব দেখিয়েছিল।

অনুশীলনী

১. 'তুর্কী-আফগান' কাদের বলা হ'ত? ভারত-আক্রমণে তাদের উদ্দেশ্য কি ছিল?

২. তুর্কী-আফগান মুসলমানদের ভারত-আক্রমণের কাহিনী বিবৃত কর। তাদের ভারত-আক্রমণের ধরন কি ছিল?

৩. কিভাবে ভারতে তুর্কী-আফগান শাসন প্রতিষ্ঠিত হয় তা বিবৃত কর।

৪. সুলতানী আমলে ভারতের রাজনৈতিক ইতিহাস বিবৃত কর।

৫. সুলতানী আমলে ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা কিরূপ ছিল?

৬. ভারতে হিন্দু-মুসলমান সমন্বয়ের কাহিনী সংক্ষেপে লেখ।

৭. সাহিত্য ও সংস্কৃতিতে হিন্দু-মুসলমান মিলনের পরিচয় দাও।

৮. 'ভক্তিবাদ' এর মূল কথা কি? ভারতে ভক্তি-আন্দোলনের কাহিনী লিপিবদ্ধ কর।

৯. সুলতানী আমলে বাংলা দেশ কিভাবে দিল্লী থেকে বিচ্ছিন্ন হয়? সেই যুগে বাংলার সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অবস্থা কিরূপ ছিল?

১০. সুলতানী শাসন-ব্যবস্থার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১১. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও।

[ক] কোন্ সময় তুর্কী-আফগান মুসলমানরা ভারত-আক্রমণ করে? [খ] তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে কার কাছে পরাজিত হন? [গ] কে ভারতে সুলতানী যুগের সূত্রপাত করেন? [ঘ] সুলতান মামুদ কোন্ কোন্ মন্দির লুট করেছিলেন? [ঙ] কাকে 'খামখেয়ালী রাজা' বলা হয়? [চ] কোন্ সময় সুলতানী শাসনের অবসান ঘটে? [ছ] কাশ্মীরের কোন্ সুলতান 'মহাভারত'-এর ফারসী অনুবাদ করান? [জ] 'কবীরপন্থী' কাদের বলা হয়? [ঝ] মালাধর বসুকে কে কি উপাধিতে ভূষিত করেন?

১২. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] কে ভারতবর্ষ থেকে প্রচুর ধনসম্পদ লুট-পাট করে নিয়ে যান? [খ] মহম্মদ ঘোরীর ভারত-আক্রমণের উদ্দেশ্য কি ছিল? [গ] 'দিল্লীর সুলতানী আমল' বলতে কি বোঝ? [ঘ] তুর্কী-আফগান মুসলমানরা কেন হিন্দু মন্দির-গুলোর ওপর আক্রমণ চালিয়েছিল? [ঙ] কোন্ কোন্ সুলতানী বংশ ভারতে রাজত্ব করেছিল? [চ] কিভাবে দিল্লী সুলতানীর পতন হয়? [ছ] ভারতে হিন্দু ও ইসলামের সাংস্কৃতিক সমন্বয়ের পরিচয় দাও। [জ] বাংলার শ্রীচৈতন্য কি ধর্মের প্রবর্তন করেন? তিনি কি বলতেন? [ঝ] কবীর ও নানকের জনপ্রিয়তার কারণ কি? [ঞ] কোন্ সময় থেকে এবং কেন বাংলায় স্বাধীন সুলতানী আমল শুরু হয়? [ট] স্বাধীন সুলতানী আমলে বাংলার সামাজিক জীবনের পরিচয় দাও। [ঠ] দিল্লীর সুলতানকে কা'রা সৈন্য-সামন্ত যোগাত? [ড] 'মুফ্‌তী' ও 'ইক্‌তাদার' কাদের বলা হ'ত?

১৩. বন্ধনীর মধ্যে দেওয়া শব্দগুলো থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে শূন্য-স্থানগুলো পূরণ কর ঃ

[ক] তরাইনের দ্বিতীয় যুদ্ধে —— পরাজিত হন (সুলতান মামুদ/পৃথ্বীরাজ/মহম্মদ ঘোরী)।

[খ] সুলতান ——ই সুলতানী সাম্রাজ্যকে সুদূর দাক্ষিণাত্য পর্যন্ত বিস্তৃত করেছিলেন (বলবন/ইলতুৎমিস/আলাউদ্দিন)।

[গ] সুলতানী আমলে ——দের জিজিয়া কর দিতে হ'ত (মুসলমান/তুর্কী-আফগান/অ-মুসলমান)।

[ঘ] আলাউদ্দিন হুসেন শাহ্-এর আমলে —— মহাভারতের বাংলা অনুবাদ করেন (গুণরাজ খাঁ/মালাধর বসু/শ্রীকর নন্দী)।


১৪. নিম্নলিখিত বক্তব্যের মধ্যে যেটি তুমি সঠিক বলে মনে কর তার পাশে (√) চিহ্ন দাও ঃ

[ক] তরাইনের প্রথম যুদ্ধে সুলতান মামুদ পৃথ্বীরাজকে পরাজিত করেন ( )।

[খ] পাঁচটি সুলতানী বংশ দিল্লিতে রাজত্ব করেছিল ( )।

[গ] সুলতানী আমলে ভারতীয় ও ইসলামীয় স্থাপত্য-রীতির সমন্বয়ে এক নতুন শিল্প-রীতির সৃষ্টি হয় ( )।

[ঘ] দিল্লীর সুলতানরা ইসলামীয় রীতি-নীতি মেনে চলতেন না ( )।



চতুর্দশ অধ্যায়

মধ্যযুগের প্রান্তে : নতুন যুগের ভোরে

(১) কনস্টান্টিনোপল-এর পতন : 'রেনেসাঁস' বা নবজাগরণে তার প্রভাব : ৪৭৬ খ্রীস্টাব্দে পশ্চিম রোমান সাম্রাজ্যের পতন ঘটলেও কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে পূর্ব রোমান সাম্রাজ্য একটানা আরও প্রায় এক হাজার বছর টিঁকেছিল। পঞ্চদশ শতাব্দীতে অটোমান তুর্কীজাতীয় মুসলমানরা পর পর দুইবার কনস্টান্টিনোপল আক্রমণ করতে গিয়ে ব্যর্থ হয়। কিন্তু দ্বিতীয় মহম্মদের নেতৃত্বে তৃতীয়বারের বার তারা কনস্টান্টিনোপল অধিকার করে নেয় (১৪৫৩ খ্রী)। তুর্কী মুসলমানরা কনস্টান্টিনোপলের অনেক মঠ ও গীর্জা ধ্বংস করে। এমনকি, বিখ্যাত সেণ্ট সোফিয়া গীর্জার ওপর তারা ইসলামের প্রতীক 'অর্ধচন্দ্র' লাগিয়ে দিয়েছিল। এইভাবেই কনস্টান্টিনোপলের পতন হয়েছিল। সাধারণভাবে বলা হয়, এই কনস্টান্টিনোপলের পতনের সঙ্গে সঙ্গে ইতিহাসের মধ্যযুগ শেষ হয়ে আধুনিক যুগ শুরু হয়েছে।

কনস্টান্টিনোপলের পতন ঐতিহাসিক দিক দিয়ে খুবই গুরুত্বপূর্ণ। কারণ, এর পতন ইওরোপে এক মানবিক আন্দোলনের সূচনা করেছিল। ব্যাপারটা একটু বুঝিয়ে বলা যাক। কনস্টান্টিনোপলে যখন তুর্কী আক্রমণের আশঙ্কা দেখা দিয়েছিল তখন থেকেই সেখানকার বহু শিল্পী, সাহিত্যিক ও জ্ঞানী-গুণী মানুষ ইওরোপের বিভিন্ন জায়গায়, বিশেষতঃ ইতালিতে এসে আশ্রয় নেন। এই সব পণ্ডিত ব্যক্তিরা সঙ্গে করে অনেক ভুলে যাওয়া প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, মূল্যবান পুঁথি প্রভৃতি নিয়ে এসেছিলেন। ইতালির মানুষ আশ্রয়প্রার্থী এইসব পণ্ডিত ব্যক্তিকে তাদের বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসাবে নিযুক্ত করে। স্বভাবতঃই এঁদের উদ্যোগে ইতালিতে আবার নতুন করে গ্রীক ও ল্যাটিন প্রাচীন সাহিত্য, শিল্প প্রভৃতির চর্চা শুরু হয়। এইসবের চর্চা থেকেই 'রেনেসাঁস' বা নবজাগরণের সৃষ্টি। প্রাচীন গ্রীক

ও রোমান সাহিত্যের চর্চা ইতালিতেই প্রথম শুরু হয়েছিল বলে ইওরোপের ইতালিতেই রেনেসাঁসের সূত্রপাত হয়।

মধ্যযুগের শেষদিকে ইতালি ও ইওরোপের অন্যত্র যে নতুন চেতনা জেগে-ছিল তাতে কোনই সন্দেহ নেই। আমরা দেখেছি, সেই সময় ইওরোপের নানা জায়গায় বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছে। বিশ্ববিদ্যালয়গুলোতে বিখ্যাত পণ্ডিতরা সমবেত হতেন। ঐসব জায়গায় শিল্প-সাহিত্য, জ্ঞান-বিজ্ঞান, দর্শন প্রভৃতি সম্পর্কে রীতিমত আলোচনা হত। মধ্যযুগের বিশ্ববিদ্যালয়গুলোতে যে শিক্ষাচর্চা হ'ত তা-ই নবজাগরণের ভিত্তি রচনা করেছিল।

(২) 'রেনেসাঁস' বা নবজাগরণ ঃ 'রেনেসাঁস'-এর বৈশিষ্ট্য ঃ ফরাসী শব্দ 'রেনেসাঁস'-এর অর্থ নবজাগরণ বা পুনর্জন্ম। মধ্যযুগের শেষ দিকে ইতালিতে প্রাচীন গ্রীক ও রোমান শিক্ষা, সাহিত্য ও শিল্প সম্পর্কে জানবার এক অদম্য আগ্রহ দেখা দেয়। এই আগ্রহের ফলে পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে ইওরোপে যে নতুন কৃষ্টি ও সভ্যতা জন্মলাভ করেছিল তাকেই 'রেনেসাঁস' বলা হয়।* আরও ব্যাপক অর্থে, 'রেনেসাঁস' হল মধ্যযুগ থেকে আধুনিক যুগে উপনীত হবার উত্তরণকাল।

মধ্যযুগে মানুষের চিন্তাধারা ও জীবনযাত্রা ক্ষুদ্র গণ্ডীর মধ্যে আবদ্ধ ছিল। মানুষের জীবন ছিল ধর্মের কঠোর নিয়মে বাঁধা। তাছাড়া সেই সময় নতুন কোন চিন্তাকে বিন্দুমাত্র প্রশ্রয় দেওয়া হত না। তখন মানুষ স্বাধীনভাবে কোন কিছু চিন্তা করতে পারত না—যুক্তি-তর্ক বা স্বাধীন মতামত প্রকাশের কোন সুযোগই ছিল না তখন। মধ্যযুগের মানুষ প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য-শিল্পকলার কথা প্রায় ভুলেই গিয়েছিল।

পঞ্চদশ শতাব্দীতে প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, দর্শন, বিজ্ঞান ও শিল্পকলার কথা পড়ে ও জেনে ইওরোপের মানুষ এক নতুন ঐশ্বর্যের সন্ধান পায়। পৃথিবীকে নতুন করে জানবার, সবকিছুকে যুক্তির দ্বারা বোঝাবার উৎসাহ মানুষকে যেন পেয়ে বসেছিল। এই উৎসাহ থেকে মানুষ আবার জ্ঞান-বিজ্ঞান চর্চা শুরু করে। নানা বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষার ফলে নতুন নতুন বৈজ্ঞানিক তথ্য আবিষ্কৃত হতে থাকে।

'রেনেসাঁস'-এর অন্যতম বৈশিষ্ট্য হল মানুষের অজানাকে জানবার আগ্রহ। অজানা পৃথিবীকে জানবার জন্য উৎসাহী নাবিকরা সেই সময় সমুদ্র পাড়ি দিয়েছিলেন। এর ফলে ইওরোপের মানুষ জলপথে নতুন নতুন দেশ আবিষ্কার করেছিল। অবশ্য 'ক্রুসেড'-এর সময় ইওরোপের মানুষের যে ভৌগোলিক জ্ঞান বৃদ্ধি পেয়েছিল তার দরুন ভৌগোলিক আবিষ্কার আরও সহজ হয়েছিল।

(৩) মধ্যযুগের সমাপ্তি ও নতুন যুগের সূচনা ঃ বৈশিষ্ট্যের তারতম্যের

* Medieval History : Mayers : p. 324.

জন্যই ইতিহাসে যুগের সৃষ্টি। অর্থাৎ রাজনীতি, সমাজ, অর্থনীতি—সবদিক দিয়েই এক যুগের সঙ্গে অন্য যুগের পার্থক্য থাকে। আর সেইজন্যই ইতিহাসের এক একটি যুগকে আলাদাভাবে চেনা যায়।

আজকের দিনে পৃথিবীতে অনেকগুলো জাতি ও রাষ্ট্রের উদ্ভব হয়েছে। যেমন ঃ আমরা নিজেদের বলি ভারতীয়, ফ্রান্সের লোকেরা তাদের বলে ফরাসী, এই রকম সব। মধ্যযুগে কিন্তু এরূপ 'জাতি' ও 'রাষ্ট্রে'র পরিচয় ছিল না। সেই সময় লোকেরা বলত, আমি অমুক নগরীর বাসিন্দা। মধ্যযুগেরই শেষদিকে ক্রমে এই অবস্থার পরিবর্তন ঘটে—নানা জাতির সৃষ্টি হয় এবং অনেকগুলো জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে।

মধ্যযুগের শেষদিকে ইওরোপেই প্রথম শক্তিশালী রাজাকে কেন্দ্র করে জাতীয়-রাষ্ট্রের সৃষ্টি হয়। এখন প্রশ্ন হল, কিভাবে এই জাতীয়-রাষ্ট্রের সৃষ্টি হয়েছিল ? নানা কারণের সমষ্টিগত ফল হিসাবেই জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে। মধ্যযুগে রাজা দুর্বল হয়ে পড়েছিলেন। তিনি ছিলেন সামন্তদের ওপর নির্ভরশীল। কিন্তু ক্রুসেড-এর পরবর্তী কালে সেই সামন্তপ্রভুরা দুর্বল হয়ে পড়লে রাজা ক্রমশঃ শক্তিশালী হয়ে ওঠেন। সামন্তপ্রভুদের বিরুদ্ধে রাজাকে শক্তিশালী হয়ে উঠতে সাহায্য করেছিল ব্যবসাদার, শিল্পপতি প্রভৃতি নিয়ে গঠিত মধ্যবিত্ত সম্প্রদায়। ফরাসী ভাষায় এই মধ্যবিত্তদের 'বুর্জোয়া' বলা হয়। এই 'বুর্জোয়া'রা চাইত, সামন্তপ্রভুদের অত্যাচার ও খামখেয়ালীপনা দূর করে সুশৃংখল শাসনব্যবস্থার প্রবর্তন—যাতে তাঁদের সুবিধে হয়, ব্যবসা-বাণিজ্য ভালভাবে চলে। এইভাবে শক্তিশালী রাজাকে কেন্দ্র করে এক একটি জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে। এই সময়ে অঞ্চল বিশেষে জাতীয় ভাষা এবং সাহিত্যেরও প্রসার ঘটেছিল। তার ফলে এক একটি অঞ্চলে বসবাসকারী ও একই ভাষাভাষী মানুষের মধ্যে ঐক্যবোধও জাগ্রত হয়। এইসব কারণেই জাতীয়-রাষ্ট্রের সৃষ্টি হয়েছিল।

ইংলণ্ড ও ফ্রান্সেই প্রথম জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে। ক্রমে স্পেন, পর্তুগাল এবং ইওরোপের অন্যান্য জায়গায়ও জাতীয়-রাষ্ট্রের সৃষ্টি হয়। এইসব জায়গায় সামন্তপ্রভুদের ক্ষমতা লুপ্ত হয়ে যে রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয় তার পেছনে প্রধান ভূমিকা ছিল ঐ বুর্জোয়া সম্প্রদায়ের। অর্থাৎ মধ্যযুগের সমাজে যেসব সামন্তপ্রভু কর্তৃত্ব করতেন তাঁদের দিন ফুরিয়ে আসে এবং তার পরিবর্তে নতুন সমাজে বুর্জোয়ারা প্রতিষ্ঠা লাভ করে। এই বুর্জোয়া সম্প্রদায় যে কত শক্তিশালী হয়ে উঠেছিল তার প্রমাণ পাওয়া যায় হল্যাণ্ড-এ (বা ডাচ্) 'বুর্জোয়া বিপ্লব'-এর সাফল্যের দৃষ্টান্ত থেকে।

ষোড়শ শতাব্দীতে ব্যবসা-বাণিজ্য ও শিল্পে ইওরোপীয় দেশগুলোর মধ্যে হল্যাণ্ডই ছিল সবচেয়ে উন্নত। এর ফলে সেখানে বুর্জোয়া শক্তি প্রাধান্য লাভ করেছিল। হল্যাণ্ড সেই সময় ছিল স্পেনের অধীন। স্পেনের রাজা দ্বিতীয়

ফিলিপের আমলে ওলন্দাজদের (হল্যাণ্ডবাসীদের 'ওলন্দাজ'ও বলা হয়) ওপর অত্যাচারের মাত্রা চরমে পেঁছালে ওরা বিদ্রোহী হয়ে ওঠে। স্পেনের বিরুদ্ধে ওলন্দাজ বিদ্রোহীদের নেতৃত্ব দিয়েছিলেন বুর্জোয়া নেতা—বিত্তশালী উইলিয়াম অফ অরেঞ্জ। বুর্জোয়া নেতৃত্বে অনুষ্ঠিত এই বিপ্লব সফল হয়েছিল। ওলন্দাজরা স্পেনের অত্যাচার থেকে মুক্ত হয়ে স্বাধীনতা লাভ করে। ওলন্দাজদের বিদ্রোহই পৃথিবীর সর্বপ্রথম সফল 'বুর্জোয়া বিপ্লব'। স্পেনের অধীন যে হল্যাণ্ড ছিল একটি পশ্চাৎপদ দেশ, স্বাধীনতা-যুদ্ধের মধ্য দিয়ে সেই হল্যাণ্ড ইওরোপের সবচেয়ে শিল্পোন্নত দেশ হিসাবে আত্মপ্রকাশ করে।

জাতীয়-রাষ্ট্র গঠনের সময় থেকে ঐগুলোর প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায় নিজ নিজ স্বার্থ সিদ্ধি করা। অর্থাৎ প্রত্যেক জাতি চাইত নিজ রাষ্ট্রের উদ্দেশ্যকে সার্থক করে তুলতে। এই মনোভাবের দরুন রাষ্ট্রগুলো সর্বদাই পরস্পরের মধ্যে ঝগড়া-বিবাদে লিপ্ত থাকত। এশিয়া বা আমেরিকায় কে আগে গিয়ে পেঁছুবে, কে আগে তা দখল করবে, সেখান থেকে কে কত সম্পদ লুটবে তাই নিয়ে ইওরোপীয় দেশগুলো তীব্র প্রতিদ্বন্দ্বিতায় লিপ্ত হয়। এইসব উদ্দেশ্য নিয়ে ইওরোপীয় দেশসমূহ ক্রমে পৃথিবীর বিভিন্ন অঞ্চল দখল করবার ফলে ইওরোপ মহাদেশটাই যেন আরও প্রসারিত হয়েছিল।

ব্যবসা-বাণিজ্য ও তার সাথে লাভের অঙ্ক যত বাড়তে লাগল বুর্জোয়াদের ক্ষমতা ততই বেড়ে চলল। বুর্জোয়ারা সামন্তদের প্রভুত্ব থেকে রাজাকে কিভাবে মুক্ত করেছিল এবং কিভাবে হল্যাণ্ডের স্বাধীনতা ছিনিয়ে এনেছিল তা আমরা দেখেছি। সপ্তদশ শতাব্দীতে ইংলণ্ডে যে বিপ্লব অনুষ্ঠিত হয় তার মাধ্যমে বুর্জোয়া শক্তি সামন্ততন্ত্রের শেষ চিহ্নটুকুও নিশ্চিহ্ন করে দেয়। সেই সময় এই বুর্জোয়া সম্প্রদায় আবার রাজার শক্তিকে খর্ব করে রাজনৈতিক ক্ষমতাও দখল করে নেয়।

সপ্তদশ শতাব্দীতে গৃহযুদ্ধ ও গৌরবময় বিপ্লবের (১৬৮৮ খ্রী) মাধ্যমে ইংলণ্ডে বুর্জোয়া সম্প্রদায়ের ক্ষমতার কেন্দ্র 'পার্লামেণ্ট' সর্বেসর্বা হয়ে ওঠে। এখন থেকে রাজার নিজস্ব কোন ক্ষমতা আর রইল না। পার্লামেণ্টে যেসব আইন পাশ হবে রাজা তাতে সই দেবেন মাত্র। ইংলণ্ডের এই 'বুর্জোয়া বিপ্লব'-এর মাধ্যমে সামন্ত-সমাজের পরিবর্তে যে নতুন সমাজ-ব্যবস্থা জন্ম নেয় তার নাম—ধনতন্ত্র। বাস্তবিকপক্ষে গৌরবময় বিপ্লবের পর থেকেই ইংলণ্ড ব্যবসা-বাণিজ্য ও উপনিবেশ স্থাপনের মাধ্যমে অর্থনৈতিক দিক দিয়ে একটি সমৃদ্ধিশালী দেশে পরিণত হয়। এইভাবে আধুনিক ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থা ইংলণ্ডেই প্রথম আত্মপ্রকাশ করে। আধুনিক ঐতিহাসিকদের মতে, এই ধনতান্ত্রিক সমাজব্যবস্থা বিকাশের সময় থেকেই আধুনিক যুগের সূচনা হয়েছে। কারণ মধ্যযুগের সামন্ত-সমাজ থেকে ধনতান্ত্রিক সমাজ-ব্যবস্থা মানব-সমাজের ইতিহাসে একটি অগ্রবর্তী পদক্ষেপ।

স্মৃতি-সহায়

১. ১৪৫৩ খ্রীস্টাব্দে তুর্কী মুসলমানদের আক্রমণে কনস্টান্টিনোপলের পতন ঘটলে ইতিহাসের মধ্যযুগের পরিসমাপ্তি ঘটেছে বলে গণ্য করা হয়।

২. রেনেসাঁস-এর মাধ্যমে ইওরোপ মধ্যযুগ থেকে আধুনিক যুগে পদার্পণ করেছিল। রেনেসাঁসের সূচনা হয় ইতালিতে।

৩. মধ্যযুগের শেষভাগ থেকে ইওরোপের মানুষের জাতিগত সত্তা ও জাতীয়-রাষ্ট্রের বিকাশ ঘটে।

৪. ইংলণ্ড ও ফ্রান্সেই প্রথম জাতীয়-রাষ্ট্র গড়ে উঠেছিল।

অনুশীলনী

১. কা'রা কনস্টান্টিনোপল-এর পতন ঘটিয়েছিল? কা'রা সেই আক্রমণের সময় কনস্টান্টিনোপল ছেড়ে চলে যান? তাঁদের সম্পর্কে কি জান?

২. কনস্টান্টিনোপলের পতনের ফলাফল কি হয়েছিল?

৩. 'রেনেসাঁস' কাকে বলে? 'রেনেসাঁস'-এর বৈশিষ্ট্য কি?

৪. 'জাতীয়-রাষ্ট্র' বলতে কি বোঝ? ইওরোপে জাতীয়-রাষ্ট্র কিভাবে গড়ে ওঠে?

৫. কিভাবে সামন্ত-সমাজের অবসান ঘটায় ধনতান্ত্রিক-সমাজ জন্মলাভ করে তা বুঝিয়ে বল।

৬. নিম্নলিখিত প্রশ্নের মৌখিক উত্তর দাও ঃ

[ক] সেন্ট সোফিয়া গীর্জা আক্রমণ করে তুর্কীরা সেখানে কি লাগিয়ে দিয়েছিল? [খ] কনস্টান্টিনোপলের পতন ঐতিহাসিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ কেন তা দু-একটি কথায় বল। [গ] 'রেনেসাঁস' প্রথম কোথায় শুরু হয়েছিল? [ঘ] 'রেনেসাঁস' কথাটির অর্থ কি? [ঙ] সামন্তপ্রভুদের ক্ষমতা খর্ব করতে রাজাকে কে সমর্থন ও সহযোগিতা করেছিল? [চ] 'বুর্জোয়া' কাদের বলে? [ছ] পৃথিবীর সবচেয়ে প্রথম 'বুর্জোয়া বিপ্লব' কোন্‌টি? [জ] কোন্ সময় থেকে আধুনিক যুগ শুরু হয়েছে? এই যুগের সমাজ-ব্যবস্থার বৈশিষ্ট্য কি?

৭. নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ

[ক] কিভাবে কনস্টান্টিনোপলের পতন হয়? [খ] কিভাবে এবং কেন ইতালিতে প্রাচীন গ্রীক ও রোমান সাহিত্য, শিল্পকলা প্রভৃতির চর্চা শুরু হয়? [গ] 'রেনেসাঁস'-এর দু'টি বৈশিষ্ট্যের উল্লেখ কর। [ঘ] রেনেসাঁস কিভাবে ভৌগোলিক আবিষ্কারে সাহায্য করেছিল? [ঙ] 'বুর্জোয়া' বলতে কি বোঝ? তাঁরা কেন সামন্তপ্রভুদের ক্ষমতা খর্ব করতে চেয়েছিল? [চ] হল্যাণ্ডবাসী কার কাছ থেকে এবং কিভাবে স্বাধীনতা ছিনিয়ে এনেছিল? [ছ] জাতীয়-রাষ্ট্রগুলোর উদ্দেশ্য কি? [জ] কিভাবে ইংলণ্ডে 'বুর্জোয়া বিপ্লব' সফল হয়েছিল?

৮. নিম্নলিখিত শূন্যস্থানগুলো সঠিক শব্দ বসিয়ে পূরণ কর ঃ

[ক] কনস্টান্টিনোপল থেকে পণ্ডিত ব্যক্তিরা —তে চলে আসেন। [খ] ইতালিতেই '—'এর সূত্রপাত হয়। [গ] মধ্যযুগের শেষদিকে —'এ জাতীয়-রাষ্ট্র গড়ে ওঠে। [ঘ] হল্যাণ্ডবাসীরা —'এর কাছ থেকে স্বাধীনতা ছিনিয়ে আনে। [ঙ] হল্যাণ্ডবাসীদের স্বাধীনতা-যুদ্ধে নেতৃত্ব দিয়েছিলেন —।

পাঃ - ১২৫ - ৫ লাইন - প্রথম [illegible]
" - ১৩৭ - [illegible] হিন্দু [illegible] [illegible] ... [illegible]
" - ১৪০ - [illegible] হিন্দু ও বৌদ্ধ [illegible] ... [illegible]